



# ব্যাপতবার্বিক-সংখ্যাপ্য

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

# অনুশাসনপবৰ্ব

৩৯

দর্শনাচার্য্য-শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-সমাধ্যয়া টাকয়া

শহামহোপাধ্যায়-ভারভাচার্য্য-মহাকবি-পদ্মস্থবণেন শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া ভারতকোমুদীসমাধ্যয়া টীকয়া তৎকৃত-বঙ্গামুবাদেন চ সহিত্তম্

বিশ্ববাণী প্রকাশনী

ৰ্দিকাডা-৭০০০১

# প্রথম প্রকাশ ঃ ১৩৪৫ বঙ্গান্দ দ্বিতীয় (বিশ্ববাণী) সংস্করণ ঃ কলিকাতা পুস্ককমেলা ১৪০০ বঙ্গান্দ

প্রকাশক ঃ ধীরা মণ্ডল বিশ্ববাণী প্রকাশনী ৭৯/১ বি, মহাদ্মা গান্ধী রোড কলিকাতা - ৭০০ ০০৯

মুদ্রক ঃ
হরাইজন প্রিন্টার্স
১৪৮৮ পতৌদি হাউস
দরিযাগঞ্জ
নিউ দিল্লী - ১১০ ০০২

मृनाः ३७०.००

#### প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পর্ভূহণ শ্রীমৃদ্
হরিদান নিবান্ধবাসীশ মহাশরের তপভালর অমৃত্যর ফল। সে আশ্চর্য্য
তপশ্চর্যার কাহিনী আব্দ নকলেই জানেন। প্রার একুশ বছর তিনি
ছিলেন 'মহাভারতম্'-এর তপভার মর—এবং নে একক ও তুশ্চর
তপভার তাঁর পাণ্ডিত্য ও প্রজার সঙ্গে মিলিড হয়েছিল অনীম ধৈর্য্য,
অশেব নির্চা ও অলৌকিক আরান। ফলে তিনি আমাদের জন্ম রেখে
গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্ব্য়। 'মহাভারতম্'-এর
বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীর ঐশ্ব্য
সংরক্ষণের এবং ক্রমশতবর্ষপৃত্তি উপলক্ষে কবি হরিদাসের প্রতি শ্রবান্ধনি
নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়ান। স্থবীজনের সানক্ষ সমর্থনে
আহাদের প্রয়ান সার্ব্য হোক—এইবান্ধ কামনা।

# পঞ্চত্রিংশোহধ্যায়ঃ

#### 

# বুধিন্তির উবাচ।

ইমে বৈ মানবা লোকে স্ত্রীয়ু সজ্জন্তাভীক্ষণঃ।
মোহেন পরমাবিকী দেবস্থকৈন পার্থিব!॥১॥
স্ত্রিয়শ্চ পুরুষেত্বেব প্রভ্যক্ষং লোকসাক্ষিকম্।
অত্র মে সংশয়স্তীত্রো হৃদি সম্পরিবর্ততে ॥২॥
কথমাসাং নরাঃ সঙ্গং কুর্বতে কুরুনন্দন!।
স্ত্রিয়ো বা কেয়ু রজ্যন্তে বিরজ্যন্তে চ তাঃ পুনঃ॥০॥

# ভারতকোমুদী

ইন ইভি। অতীক্রশ: পূন: পূন:। দেবসটেন বিধাত্বিহিতেন ॥১॥ বির ইভি। বিরশ্চ পূরুবের্ সক্ষতীত্যসূত্তি:। এতচ প্রত্যক্ষমেব লোকসাক্ষিকমেব চ ॥২॥ কথমিতি। নরা: পূরুবা:। কেয়ু নিমিতেয়ু, পূরুবেয়ু রজ্যন্তে ॥৩॥

#### ভারতভাবদীপঃ

কাঠে: ॥২৫—২৮। অন্তকাদিবং সভোনাশকা ইতার্থ: ॥২২॥ বত ইতি। বছৌঞাবং বাভাবিকা এতে ব্রীণাং দোষা ইতার্থ:। বথোক্তং নীতৌ—"অনুতং সাহসং মানা মূর্যবমতিলোভতা। অশৌচং নির্দয়বঞ্চ দ্বীণাং দোবাং বভাবজা" ইতি , "কামশ্চাইগুণ: স্বৃত" ইতি চ ॥৬ ॥ ইতি শ্রীমহাভারতে অন্থাসপর্কণিদানধর্ষে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে চতুদ্বিংশোহধ্যায়: ॥৩৪॥

দেবর্ষি নারদ! বিধাতা যেমন পঞ্চমহাভূত ও সমস্ত লোক সৃষ্টি করিয়াছেন এবং স্থীও পুরুষ নির্মাণ করিয়াছেন; তেমন বিধাতাই ন্ত্রীলোকদিগের দোষ-সকল সৃষ্টি বা নির্মাণ করিয়াছেন ॥৩০॥

#### ----

ষ্থিছির বলিনেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! জগতে এই পুক্ষেবা বিধাভৃবিহিভ মোহে অভায় জাবিষ্ট হইয়া, সর্বদা জীলোকে আসক্ত হয় ॥১॥

দ্রীলোকেরাও পুরুষে আসক্ত হইয়া থাকে; ইহা প্রত্যক্ষ এবং ইহার সাক্ষী সমস্ত লোক; এবিষয়ে আমার মনে গুরুতর সংশয় রহিয়াছে ॥২॥

কৌরবনন্দন ! পুরুবেরা কিনিমিত ত্রীলোকদিগের সংসর্গ করে, আবার শ্রীলোকেরাই বা কিজ্ঞ পুরুবে অনুরক্ত হয়; আবাব বিবক্ত হইয়া যায় ? ॥৩॥ ইতি তাঃ পুরুষব্যান্ত ! কথং শক্যান্ত রক্ষিতৃম্ ।
প্রমদাঃ পুরুষেণেই তন্মে ব্যাখ্যাতৃমর্হসি ॥৪॥
এতা হি রমমাণান্ত বঞ্চয়ন্তীই মানবান্ ।
ন চাসাং মুচ্যতে কন্চিৎ পুরুষো হস্তমাগতঃ ।
গাবো নবতৃণানীব গৃহস্ত্যেতা নবং নবম্ ॥৫॥
শক্ষরম্য চ যা মায়া মায়া যা নমুচেরপি ।
বলেঃ কুন্তীনসেন্চেব সর্বান্তা যোষিতো বিতঃ ॥৬॥
হসন্তং প্রহুসন্ত্যেতা রুদন্তং প্ররুদন্তি চ ।
অপ্রিয়ং প্রিয়বাক্যৈন্চ গৃহুতে কালযোগতঃ ॥৭॥
উশনা বেদ যচ্ছান্ত্রং যচ্চ বেদ রহস্পতিঃ ।
স্ত্রীবৃদ্ধ্যা ন বিশিষ্যেতে তান্ত রক্ষ্যাঃ কর্থং নরৈঃ ॥৮॥

# ভারতকৌমুদী

ইভীতি। প্রমণা: দ্রিম:, ব্যাখ্যাত্ং বক্তুম্ ॥৪॥ এতা ইভি। নবং নবং পুরুষম্। ষট্পাদ: শ্লোক: ॥৫॥

শম্বক্তেতি। মাযা বিবিধক্টকৌশলম্॥৬॥

হদন্তমিতি। হদন্তং পুরুষং লক্ষীকৃত্য। গৃহুতে বশীকুর্বন্তি ॥৭॥

উশনেতি। উশনা শুক্র:, শারং নীতিবিষয়া, শ্বীবৃদ্ধাঃ স্ত্রীণাং বৃদ্ধিতঃ, ন বিশিল্পেতে তৌ শুক্রবৃহস্পতী নাধিকীভবতঃ, তাঃ শ্বিষঃ ॥৮॥

নবশ্রেষ্ঠ ! পুক্ষ কিপ্রকাবে সেই স্থ্রীলোকদিগকে বক্ষা কবিতে সমর্থ হয় ; ভাহা আপনি আমাব নিকট বলুন ॥৪॥

এই বমণীবা অমুবক্ত থাকিয়াই পুক্ষগণকে বঞ্চনা কবে, কোন পুক্ষই ইহাদেব হস্তে আসিয়া মুক্ত হইতে পাবে না। গোগণ যেমন নৃতন নৃতন তৃণ গ্রহণ কবে; তেমন জীগণও নৃতন নৃতন পুক্ষ গ্রহণ কবিয়া থাকে ॥৫॥

শম্বাস্থ্রেব যে মায়া ছিল এবং নমুচি, বলি ও কুম্ভীনসিব যে সকল মায়া বিভ্যমান ছিল; জীলোকেবা সে সমস্ত মাযাই জানে এ৬॥

পুক্ষ হাসিলে ইহাবা হাস্ত কবে, পুরুষ বোদন করিলে, ইহাবা বোদন করে এবং ইহাবা অবসবক্রমে প্রিয় বাক্যদ্বাবা অপ্রিয় পুক্ষকে বশীভূত করিয়া থাকে ॥৭॥

শুক্রাচার্য্য যে নীতিশাস্ত্র জানেন এবং বৃহস্পতি যে নীতি অবগত আছেন; জ্রীলোকেরা সে সমস্তই জানে। অতএব শুক্র ও বৃহস্পতি জ্রীবৃদ্ধি হইতে অধিক বৃদ্ধিশালী নহেন। স্থতনা পুক্ষেন। কিপ্রকাবে সেই স্ত্রীলোকদিগকে বক্ষা ক্রিবে । ॥৮॥

অনৃতং সত্যমিত্যান্থং সত্যং চাপি তথানৃত্য।
ইতি যাস্তাঃ কথং বীর! সংরক্ষ্যাঃ পুরুষৈরিই ॥৯॥
স্ত্রীণাং বৃদ্ধার্থনিকর্ষাদর্থশাস্ত্রাণি শক্রহন্!।
বৃহস্পতিপ্রভৃতিভিন্মতে সদ্ভিঃ কৃতানি বৈ ॥১০॥
সম্পুজ্যমানাং পুরুষৈর্বিকুর্বন্তি মনো নৃপ!।
অপাস্তাম্চ তথা রাজন্! বিকুর্বন্তি মনঃ স্ত্রিয়ঃ ॥১৯॥
ইমাঃ প্রজা মহাবাহো! ধান্মিক্য ইতি নঃ শ্রুত্য ।
দংকৃতাসংকৃতাশ্চাপি বিকুর্বন্তি মনঃ সদা ॥১২॥
কস্তাঃ শক্তো রক্ষিতুং স্থাদিতি মে সংশয়ো মহান্।
তথা ক্রহি মহাভাগ! কুরুণাং বংশবর্দ্ধন!॥১৩॥

## ভাবতকৌমুদী

অনুতমিতি। অনৃতং মিধ্যা, যা আছবিতি সম্বন্ধঃ ॥२॥
দ্বীণামিতি। বৃদ্ধার্থানাং বৃদ্ধিবিষয়াণাং নিদ্ধাদাকর্ষণাং ॥১০॥
সম্পুন্ধাতি। বিকুর্বস্তি কামবিকারযুক্তং কুর্বস্তি। অপান্তা নিরাক্তাঃ ॥১১॥
ইমা ইতি। প্রজাঃ দ্বীজনাং, শ্রুতং সীতাসাবিত্রীপ্রভূত্যুপাখ্যানে ॥১২॥
ক ইতি। কঃ পুরুষঃ, তাঃ শ্বিষঃ বক্ষিতৃং স্বম্যানাযাং চিরং স্থাপ্যিতুম্ ॥১৩॥
ভাবতভাবদীপঃ

ইম ইতি। এবং স্বভাবত্টা অণি শ্বিষ: পরেভ্যো ছ:সংরক্ষ্যা ইত্যাখ্যাযিকাতাৎপর্যাম্ ॥১-৯।

বীব! যাহাবা মিখ্যাকে সত্য বলে এবং সত্যকে মিখ্যা বলিয়া থাকে; এই জগতে পুক্ষেবা কিপ্সকাবে সেই স্ত্রীলোকদিগকে বক্ষা কবিবে ॥৯॥

শক্রহন্তা পিতামহ! আমি মনে কবি বৃহস্পতি প্রভৃতি পশ্তিতেরা স্ত্রীলোক-দিগেব বৃদ্ধিব বিষয়গুলি আকর্ষণ কবিযা আনিযা নীতিশাস্ত্রসকল বচনা কবিয়াছেন ॥১০॥

ক্ষত্রিরশ্রেষ্ঠ ! পুক্ষেবা সম্মান কবিলেও বমণীবা তাহাদেব মন বিকৃত করে এবং প্রত্যাখ্যান কবিলেও কামিনীবা তাহাদেব মন বিকাবযুক্ত কবিয়া থাকে ॥১১॥

মহাবাছ! আমবা সীভাও সাবিত্রী প্রভৃতিব উপাখ্যানে শুনিযা থাকি যে, এই স্ত্রীলোকেবা ধার্দ্মিক। কিন্তু, ইহাবা আদৃত বা অনাদৃত হইলেও সর্ব্বদাই পুক্ষের মন বিকৃত কবিয়া থাকে ॥১২॥

কোন্ পুক্ষ সেই দ্রীলোকদিগকে বক্ষা কবিতে সমর্থ হয়; ইহাই আমার শুরুতব সংশয়। সতএব কুকবংশবর্দ্ধন! মহাভাগ! আপনি ভাহা বলুন ॥১৩॥ যদি শক্যা কুরুশ্রেষ্ঠ ! রক্ষা তাসাং কদাচন। কর্ত্তুং বা কৃতপূর্বং বা তথ্যে ব্যাখ্যাতুমর্হসি,॥১৪॥ ভীষ্ম উবাচ।

এবমেব মহাবাহো। নাত্র মিধ্যান্তি কিঞ্চন।
যথা ত্রবীষি কোরব্য। নারীং প্রতি জনাধিপ।॥১৫॥
অত্র তে বর্ত্তরিয়ামি ইতিহাসং পুরাতনম্।
যথা রক্ষা কৃতা পূর্বাং বিপুলেন মহাত্মনা॥১৬॥
প্রমদাক্ষ যথা স্ফা ত্রক্ষণা ভরতর্বভ!।
যদর্থং তচ্চ তে তাত! প্রক্ষ্যামি নরাধিপ।॥১৭॥
ন হি স্ত্রীভ্যঃ পরং পুত্র! পাপীয়ঃ কিঞ্চিদন্তি বৈ।
ভারিহি প্রমুদ্রা দীপ্রো মায়াক্ষ্য ময়জা বিভো!॥১৮॥

## ভাৰতকৌমুদী

বদীতি। কৃতপূর্বং বা রক্ষণং কেনচিদিতি শেষ: ॥১৪॥ এবমিতি। অত তব বাক্যসমূহে। নারীং প্রতি স্থীবিষয়ে ॥১৫॥ অত্তেতি। বর্ত্তবিয়ামি উপস্থাপবিয়ামি। বিপুলেন তদাধ্যেন মুনিশিয়েন ॥১৬॥ প্রমদা ইতি। প্রমদা: শ্বিয়: ॥১৭॥

নহীতি। গাপীযো গুক্তরপাপাধিতং বস্ত। ময়জা ম্যদানবাজ্জাতাঃ ॥১৮॥ ভাবতভাবদীপঃ

স্থীণামিতি। স্থীবৃদ্দিমস্কত্তাৰ বৃহস্পত্যাদিভিৰ্মঞ্নাশাস্থ প্ৰবৰ্ষিতমিতৃাক্তিঃ #১০॥ এতাঃ পৃঞ্জিতা ধিক্কতা বা তুল্যবিদ্ধান্ধং জনষম্ভীত্যৰ্থ: #১১॥ এতদেবাহ—ইমা ইতি। ইমাঃ স্থীন্ধপাঃ ধাৰ্মিক্য ইতি শ্ৰুতিমাত্ৰং সাবিত্র্যাদিয় দৃষ্টম্। অস্তবন্ধ ন তথেত্যাহ—সংক্তেতি ॥১২—১৪॥

কৌববপ্রেষ্ঠ ! পুরুষেবা যদি জ্ঞীলোকদিগকে বক্ষা কবিতে পাবে, কিংবা পূর্বেক কোন সময়ে, তাহাদিগকে বক্ষা কবিয়া থাকে; তবে ভাহা আপনি আমাব নিকট বনুন ॥১৪॥

ভীম বলিলেন—'মহাবাহু! ইহা এইনপই বটে; কৌরবনন্দন! নবনাথ! শ্রীলোকবিষয়ে তুমি সাহা বলিলে, তাহাব কোন অংশই মিধ্যা নহে ॥১৫॥

যুধিষ্ঠিব! পূর্বকালে মহাত্মা বিপুল যে ভাবে স্ত্রীলোককে রক্ষা কবিযা ছিলেন; সেই প্রাচীন রন্তাস্ত এখন ভোমাব নিকট বলিভেছি ॥১৬॥

বংস! ভরতশ্রেষ্ঠ বাজা! ব্রহ্মা যেভাবে এবং যে জন্ম স্ত্রীলোক সৃষ্টি কবিয়াছিলেন; তাহা তোমাব নিকট বলিভেছি ॥১৭॥

<sup>(</sup>১৪) স্নোকাৎ পরং স্থীসভাবকথনে ' এংকান্চন্ধারিং শাহ্ধ্যায়ং'—বঙ্গ বর্দ, ' চতুং-সংগতিতমোহ্ধ্যায়ং'—নি ।

ক্ষুরধারা বিষং সর্পো বহ্নিরিত্যেকতঃ দ্রিয়ঃ।
প্রজা ইমা মহাবাহে। ধামিক্য ইতি নঃ প্রুতম্ ॥১৯॥
স্থাং গচ্চন্তি দেবত্বং ততো দেবানিয়াদ্ভয়ম্।
অথাভ্যগচ্ছন্ দেবাস্তে পিতামহমরিন্দম!॥২০॥
নিবেগ্য মানসং চাপি তুষ্ণীমাসমধোমুখাঃ।
তেষামন্তর্গতং জ্ঞাত্ব। দেবানাং স পিতামহঃ॥২১॥
মানবানাং প্রমোহার্থং কুত্যা নার্য্যোহস্কর প্রভুঃ।
পূর্বসর্গে তু কৌল্ডেয়! সাধ্যো নার্য্য ইহাভবন্॥২২॥ (মুগ্মকম্)
অসাধ্যান্ত্ত সমূৎপর্মাঃ কুত্যাঃ সর্গাৎ প্রজাপতেঃ।
তাভ্যঃ কামান্ যথাকামং প্রাদান্ধি স পিতামহঃ॥২০॥

# ভাৰতকোমুদী

ক্বেভি। একতঃ ক্রধারাদয়:, একভণ্চ প্রিয়:, ক্রধারাদিবদেব প্রিয়ো বিষমা ইডি ভাবঃ ॥১৯॥

স্বন্ধ। তিয়া স্বাং দেবসং গছাজিক ধার্মিক ছাদেব। ততো ভায়ং কর্তু দেবান্ ইয়াৎ অসম্ভেই স্পরাভবসম্ভবাই। আভ তে দেবাঃ পিতামহং ক্রন্ধাণ্মভাগ্রুন্ ॥২০॥

নিবেছেতি। মানশং মনোভাবম্। আসন্ দেবা ইত্যন্ত্রন্তি:। ক্বতা আভিচাবিক-দেবতারূপাঃ, নার্যঃ নারীঃ। পূর্বদর্গে আদিস্টো ॥২১—২২॥

অসাধ্যা ইতি। প্রজাণতের শ্বণ: সর্গাৎ তাদৃগ্ভাবেনৈর স্কটিকরণাৎ, কৃত্যা আভি-চারিকদেবতারপা:, অসাধ্যা: অসত্যো নার্য: সমূৎপন্না:। যথাকামং বথেষ্টম্ ॥২৩॥

পুত্র। বাজা। জীলোক হইতে অধিক পাপিষ্ঠ বস্তু কিছুই নাই। কারণ, স্ত্রীলোকেরা প্রজ্জলিত অগ্নিস্বরূপ এবং সাক্ষাৎ ময়দানবকৃত মায়ার তুল্য ॥১৮॥ ক্ষুবধারা, বিষ, সর্প ও অগ্নি একদিকে, আব একমাত্র স্ত্রীলোক একদিকে। অথচ মহাবাত্ত। এই জ্রীলোকেবাই ধার্মিক, ইহাও আমবা শুনিয়াছি ॥১৯॥

শক্রদমন বাজা। দ্রীলোকেরা ধার্মিক বলিয়া নিজেরাই দেবতথাপ্ত হইত; তাহাব পর দেবগণের ভয় উপস্থিত হইয়াছিল; তদনস্কর সেই দেবতারা ব্রহ্মার নিকট সমন কবিয়াছিলেন ॥২০॥

কুস্তিনন্দন! ক্রমে দেবতারা ইঙ্গিতে মনের ভাব জানাইয়া অধােমুখ হইয়া নীরবে বহিলেন। তখন প্রভাবশালী ব্রহ্মা সেই দেবগণের মনােভাব জানিয়া মানবগণের মােহের জন্ত আভিচারিক দেবতারাপে নারীগণকে স্বষ্টি কবিলেন। প্রথম স্প্রিতে এই জগতে নারীরা সাক্ষী ছিল ॥২১—২২॥

তদবধি ব্রহ্মাব সেই স্থান্টির শুণে নাবীরা আভিচাবিক দেবতার স্থায়

তাঃ কামলুকাঃ প্রমদাঃ প্রবাধন্তে নরান্ সদা।
ক্রোধং কামশ্র দেবেশঃ সহায়ং চাস্থজৎ প্রভূঃ ॥২৪॥
অসজ্জন্ত প্রজাঃ সর্বাঃ কামক্রোধবশঙ্গতাঃ।
ন চ স্ত্রীণাং ক্রিয়া কাচিদিতি ধর্মো ব্যবস্থিতঃ।
নিরিন্দিয়া হুশাস্ত্রাশ্চ স্ত্রিয়োহনৃত্যিতি প্রুতিঃ ॥২৫॥
শয্যাসনমলক্ষারমমপানমনার্যভাম।
হুর্বাগ্ভাবং রতিং চৈব দদৌ স্ত্রীভ্যঃ প্রজাপতিঃ ॥২৬॥
ন তাসাং রক্ষণং শক্যং কর্ত্তুং পুংসা কথঞ্চন।
অপি বিশ্বকৃতা তাত! কুতন্ত পুরুষেরিহ ॥২৭॥

# ভারতকৌমুদী

তা ইতি। প্রবাধকে পীড়য়ন্তি কামতৃপ্তার্থমেবেতি ভাব: ॥২৪॥

অসজ্জ ইতি। অসজ্জ নোহাৎ স্ত্ৰীৰ আসকা অভবন্, প্ৰজা: পুৰুষা:। ক্ৰিযা: পুৰুষাকৰ্ষণাৰ্থং কাৰ্য্যন্। ইদিভাদিকং বিনাপি স্বৰূপতঃ স্ত্ৰীঙিৱাক্সান্তে পুৰুষা ইতি ভাবঃ।
নিবিল্লিয়া অপ্ৰশন্তমনসঃ, অশাস্ত্ৰাঃ শাস্ত্ৰবিহিত্নিযমশুক্তা অনৃতং মিধ্যাবাদিকঃ। ষট্পাদঃ
স্বৌকঃ ৪২৫॥

শব্যেতি। অনার্যাতামদাধূতাম্, ছ্র্বাগ্ভাবং কটুভাবিছম্ ॥২৬॥
নেতি। বিশক্তা জগৎস্টিকারিণা বন্ধণাপি ॥২৭॥

অসাধীরূপে জন্মিতে লাগিল। কারণ, ব্রহ্মা তাহাদিগকে যথেষ্ট কামপ্রবৃত্তি দান করিয়াছিলেন ॥২৩॥

মতএব সেই নারীবা কামে লুক্ক হইয়া সর্ব্বদাই পুক্ষগণকে উৎপীড়ন করিতে লাগিল; পরে প্রভাবশালী ব্রহ্মা কামের সহায্কপে ক্রোধকে স্থিটি করিলেন ॥২৪॥

সেই সময় চইতে সকল পুক্ষই কাম ৪ ক্রোধেব বশীভূত হইয়া নাবীগণে আসক্ত হইতে থাকিল; কিন্তু এই আসক্তিবিষয়ে নাবীগণেব কোন ক্রিয়া বহিল না। ব্রহ্মা এইকাপ নিয়মই প্রবর্ত্তিত করিয়াছিলেন। আমাদেব শুন। আছে যে তদবধি গ্রীলোকদের মন অপ্রশস্ত, কার্য্য অশান্তীয় এবং বাক্য ও ব্যবহার মিথ্যা হইয়া আসিতেছে ॥২৫॥

ব্রুগা স্ত্রীলোকদিগকে শ্যা, আসন, অলঙ্কান, অল, পানীয়, অসাধুতা, কটুভাষিত্ব ও রতিশক্তি দান কবিয়াছিলেন ॥২৬॥

বংস! পুরুষ কোন প্রকাবেই স্ত্রীলোকদিগকে বক্ষা কবিতে সমর্থ হয় না;
এমন কি, ভগংস্টিকর্ত্রা বক্ষাও ভাহাদিগকে বক্ষা কবিতে পারেন না;
মান্ত্রেবা আব পাবিবে কিপ্রকাবে ? মংগা

বাচা চ বধবদৈর্কা ক্লেশৈর্বা বিবিধৈন্তথা।
ন শক্যা রক্ষিতৃং নার্যন্তা হি নিত্যমসংঘতাঃ ॥২৮॥
ইদং তু পুরুষব্যান্ত। পুরস্তাচ্ছুতবানহম্।
যথা রক্ষা কৃতা পূর্বং বিপুলেন গুরুক্তিয়ঃ ॥২৯॥
ঋষিরাসীমহাভাগো দেবশর্মেতি বিশ্রুতঃ।
তক্ষ ভার্যা রুচির্নাম রূপেণাসদৃশী ভুবি ॥০০॥
তক্ষা রূপেণ সংমত্তা দেবগন্ধর্বদানবাঃ।
বিশেষেণ তু রাজেন্দ্র। রত্তহা পাকশাসনঃ ॥০১॥
নারীণাং চরিতজ্ঞাচ দেবশর্মা মহামুনিঃ।
যথাশক্তি যথোৎসাহং ভার্যাং তামভ্যরক্ষত ॥০২॥
পুরন্দরঞ্চ জানীতে পরস্ত্রীকামচারিণম্।
তক্মান্বলেন ভার্যায়া রক্ষণং স চকার হ ॥০০॥

# ভারতকৌমূদী

বাচেতি। . অনংখতা অসংবৃতকানবেগা: ॥২৮॥
ইদমিতি। গুক্লিয় ইতি বহুবচনং গৌরবাদেব ॥২৯॥
ঋবিরিতি। বিশ্রতঃ প্রসিদ্ধঃ। অসদৃশী অতুলনীয়া ॥৩০॥
ভক্ষা ইতি। সংমন্তাঃ কামেনোক্সন্তাঃ। বৃত্তহা বৃত্তাহ্বরহন্তা ॥৩১॥
নারীণামিতি। উৎসাহমুম্বননতিক্রম্যেতি ধ্যোৎসাহমু ॥৩২॥
পুরন্দরমিতি। পরস্থীয় কামেন চরতি গছতীতি তম্॥৩৩॥

বাক্য, বধ, বন্ধন এবং নানাবিধ ক্লেশছারাও স্বীগণকে রক্ষা করিছে পারা যায় না। কারণ, ডাহাবা সর্ব্বদাই অসংরভকামবেগা ॥২৮॥

নবশ্রেষ্ঠ ৷ আমি ইহা পূর্ব্বে শুনিয়াছি যে, পূর্ব্বকালে মুনিশিয়া বিপুল শুরুত্রীকে রক্ষা করিয়াছিলেন ॥২৯॥

'দেবশর্মা' নামে প্রসিদ্ধ এক মহাস্থা ঋষি ছিলেন এবং ভূমগুলে রূপে অভূল-নীয়া 'রুচি'নামে তাঁহার ভার্য্যা ছিল ॥৩০॥

রাজশ্রেষ্ঠ ! দেবগণ, গন্ধর্বগণ ও দানবগণ রুচির রূপে উন্মন্ত ছিলেন ; কিন্তু বুত্রহন্তঃ ইন্স বিশেষভাবেই কামোন্মন্ত হইয়া পড়িয়াছিলেন ॥৩১॥

এদিকে নারীচরিত্রাভিজ্ঞ মহর্ষি দেবশর্মা শক্তি ও উৎসাহ অমুসাবে সেই ভার্য্যা রুচিকে রক্ষা করিতেন ॥৩২॥

দেবশর্মা, ইন্সকেও পবস্ত্রীকামুক বলিয়া জানিতৈন। স্বতরাং তিনি বল-পূর্বক ভার্যাকে বন্ধা কবিতেছিলেন ॥৩৩॥ স কদাচিদ্বিস্তাত ! যজ্ঞং কর্ত্ত্ব্যুনাস্তদা । ভার্য্যাসংরক্ষণং কার্য্যং কথং স্থাদিত্যচিন্ত্রয়ুৎ ॥৩৪॥ রক্ষাবিধানং মনসা স সঞ্চিন্ত্য মহাতপাঃ । আহুয় দয়িতং শিষ্যং বিপুলং প্রাহ ভার্গবম্ ॥৩৫॥

দেবশর্মোবাচ।

যজ্ঞকারো গমিয়ামি রুচিং চেমাং স্থরেশ্বরঃ।
যতঃ প্রার্থযতে নিত্যং তাং রক্ষম্ব যথাবলম্ ॥৩৬॥
অপ্রমত্তেন তে ভাব্যং সদা প্রতি পুরন্দরম্।
স হি রূপাণি কুরুতে বিবিধানি ভূগৃত্তম ! ॥৩৭॥

ভীম্ম উবাচ।

ইত্যুক্তো বিপুলস্তেন তপস্বী নিয়তে ক্রিয়ঃ।
সদৈবোগ্রতপা রাজন্ ! অগ্নর্কসদৃশত্যুতিঃ ॥৩৮॥
ধর্মজ্ঞঃ সত্যবাদী চ তথেতি প্রত্যভাষত।
পুনশ্চেদং মহারাজ ! পপ্রচ্ছ প্রস্থিতং গুরুষ্ ॥৩৯॥ (যুগ্মকম্)

# ভাৰতকোমুদী

স ইতি। বজ্ঞং কর্ত্তুমনা, অতএব স্থানান্তরগমনাভিলাধীত্যাশ্ব: ॥ ৩৪॥

রক্ষেতি। দন্ধিতং প্রিয়ম্, ভার্গবং ভৃগুগোতাম্ । ৩৫।

যজেতি। হুরেখর ইন্দ্র:। অভন্তাং রক্ষা এচছা

অপ্রেতি। অপ্রমন্তেন সাবধানেন, তে তয়া ॥৩৭॥

ইতীতি। নিয়তেন্দ্রিয় সংযত্চিত্তোপন্থঃ। প্রস্থিতং প্রস্থাসমানম্ ॥৬৮—৬৯॥

বংস! কোন সমযে সেই ঋষি দেবশর্মা যজ্ঞ কবিবাব ইচ্ছা কবিলেন।
তথন তিনি চিন্তা কবিলেন যে, কিপ্রকাবে ভার্যাকে বক্ষা কবা হইবে'॥১৪॥

সেই মহাতপা দেবশর্মা ভার্য্যাকে কক্ষা করার বিষয় মনে মনে চিন্তা করিয়া প্রিযশিশ্ব ভৃগুগোত্র বিপুলকে ডাকিয়া বলিলেন ॥৩৫॥

দেবশর্মা বলিলেন—'বংস! আমি ষজ্ঞ কবিবাব জ্বন্থ যাইব, কিন্তু এদিকে যেহেতু ইন্দ্র সর্ব্বদাই এই কচিকে প্রার্থন। করে, অতএব তুমি শক্তি অনুসাবে তাহাকে বক্ষা কবিতে থাক ॥৬৬॥

ভৃগুশ্রেষ্ঠ ! তুমি সর্ব্বদাই ইন্দ্রের বিষয়ে সাবধান থাকিবে। কারণ, সে নানাবিধকপ ধাবণ কবিষা থাকে ॥৩৭॥

ভীম বলিলেন—'বাজা! দেবশর্মা এইকপ বলিলে—তপস্বী, জিতে ক্রিয়, সর্ব্বদাই উগ্রতপা, অগ্নি ও সূর্য্যেব তুল্য তেজস্বী, ধর্মজ্ঞ এবং সত্যবাদী বিপুল

# বিপুল উবাচ।

কানি রূপাণি শক্রস্থ ভবস্ত্যাগচ্ছতো মুনে !।
বপুত্তেজশ্চ কীদৃগ্বৈ তুমো ব্যাখ্যাতুমর্হসি॥৪০॥
ভীম্ম উবাচ।

ততঃ স ভগবান্ তদ্মৈ বিপুলায মহাত্মনে। আচচক্ষে যথাতত্ত্বং সায়াং শক্রম্ম ভারত ! ॥৪১॥

দেবশর্ম্গোবাচ।

বহুমায়ঃ স বিপ্রার্থে। ভগবান্ পাকশাসনঃ।
তাংস্তান্ বিক্রুতে ভাবান্ বহুনথ মৃত্যু ভঃ ॥৪২॥
কিরীটা বজ্পগ্ধনী মৃক্টা বদ্ধক্ওলঃ।
ভবত্যথ মূহুর্তেন চণ্ডালসমদর্শনঃ ॥৪৩॥
শিখী জটা চীরবাসাঃ পুনর্ভবিত পুত্রক!।
রহচ্ছরীরশ্চ পুনশ্চীরবাসাঃ পুনঃ কৃশঃ।
গৌরং শ্যামঞ্চ কৃষ্ণঞ্চ বর্ণং বিক্রুতে পুনঃ॥৪৪॥

# ভারতকৌমুদী

কানীতি। বপুতেজঃ শারীরিকং বলস্। ব্যাখ্যাতৃং বজুস্ ॥৪০॥ তত ইতি। আচচকে উবাচ, ধ্থাতত্তং সত্যাস্সারেণ ॥৪১॥ বহিবতি। ভগবান্ মাহাত্ম্যবান্। ভাবান্ আকারান্ ॥৪২॥ কিরীটীতি। মুক্টী ভিরপ্রকারকিরীট্যুক্তঃ ॥৪০॥

প্রত্যুত্তর করিলেন, 'তাহাই হইবে'। মহাবাজ। প্রস্থিত গুরুর নিকট তিনি পুনবায় এইরূপ প্রশ্ন কবিলেন ॥৩৮—৩৯॥

বিপুল বলিলেন—'মুনি! আগত ইচ্ছেব কি কি কপ হয় ? শরীরেব তেজই বা কিপ্রকার ? তাহা আপনি আমাব নিকট বলুন ॥৪০॥

ভীম বলিলেন – 'ভবতনন্দন। তাহাব পর ভগবান্ দেবশন্মা মহাত্মা বিপুলেব নিকটে যথার্থকপে ইন্দ্রেব মায়া বলিতে লাগিলেন ॥৪১॥

দেবশর্মা বলিলেন—'ব্রন্মবি বিপুল। প্রভাবশালী ইন্দ্র বছবিধ মায়াযুক্ত। স্থতবাং তিনি মুক্তমুক্ত বছবিধ আকাবধাবণ করিয়া থাকেন ॥৪২॥

কখনও কিবীট, বজ্ঞ ও ধমুধাবণ কবেন, কখনও ভিন্ন প্রকারেব কিরীট ও কুণ্ডলযুক্ত হন, আবাব মুহুর্ত্তকালমধ্যেই চণ্ডালেব তুল্য আকৃতিধারণ করিয়া থাকেন ॥৪৩॥ বিরূপো রূপবাংশ্চৈব যুবা রুদ্ধস্তথৈব চ।
ব্রাক্ষণঃ ক্ষত্রিয়শ্চেব বৈশ্যঃ শুদ্রস্তথৈব চ॥৪৫॥
প্রতিলোমোহসুলোমশ্চ ভবত্যথ শতক্রতুঃ।
শুকবায়সরূপী চ হংসকোকিলরপবান্॥৭৬॥
সিংহব্যাত্রগজানাঞ্চ রূপং ধারয়তে পুনঃ।
দৈবং দৈত্যমথো রাজ্ঞাং বপুর্দ্ধারয়তেহপি চ॥৪৭॥
অরুশো বায়ুভগাঙ্গঃ শকুনির্বিকৃতস্তথা।
চতুষ্পাত্বহুরূপশ্চ পুনর্ভবতি বালিশঃ॥৪৮॥
মক্ষিকামশকাদীনাং বপুর্দ্ধারয়তেহপি চ।
ন শক্যমশ্য গ্রহণং কর্ত্তুং বিপুল! কেনচিৎ॥৪৯॥

# ভাৰতকৌমূদী

শিখীতি। চীরবাসাং কৌপীনবন্ধ:। ষট্পাদং শ্লোক: 1881
বিরূপ ইতি। বিরূপঃ কুংসিতঃ, রূপবান্ স্থলর: ॥৪৫॥
প্রতীতি। প্রতিলোমঃ প্রতিকুলঃ, অন্থলোমঃ অন্নকুলন্ড ॥৪৬॥
সিংহেতি। দেবক্রেদং দৈবন্, দৈত্যকোং দৈত্যন্ ॥৪৭॥
অরুশ ইতি। বাহ্না ভয়ানি জলানি যত্ত সং, শক্নিঃ পক্ষী। বালিশো মুর্থ: ॥৪৮॥
মক্ষিকেতি। অতা ইশ্রন্ত, গ্রহণং রূপাবধারণন্ ॥৪৯॥

পুত্র! কখনও তিনি শিখা, জটাও কৌপীনধারণ করেন; আবাব বিশাল শ্রীর হন, পুনরায় কৌপীনধাবী কুশ হইয়া যান এবং তিনি একবার গৌর, আবার শ্রাম, পুনরায় কৃষ্ণবর্ণ গ্রহণ করেন ॥৪৪॥

কখনও বিরূপ, কখনও রূপবান্, কোন সময়ে যুবা, কোন সময়ে যুদ্ধ, আবার ক্ষেত্রবিশেষে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুক্ত হইয়া থাকেন ॥৪৫॥

ইন্দ্র, অমুকৃল এবং প্রতিকৃল হইতে পাবেন; আর তিনি শুকবাপী, কাকরূপী, হংসবাপী এবং কোকিলবাপীও হইয়া খাকেন 18৬॥

আবাব তিনি সিংহ, ব্যাম ও হস্তীর কপধারণ করেন; কিংবা দেব, দৈত্য ও রাজার মূর্ত্তিধারণ করিয়া থাকেন ॥৪৭॥

ইশ্র সুল ও বায়্ভগ্নগাত্র, বিকৃত পক্ষী হন ; আবার চতুষ্পাদ পশু, অক্স বছরূপী, কিংবা মূর্থ মানুষ হইযা থাকেন ॥৪৮॥

কখনও মক্ষিকা ও মশকপ্রভৃতির মূর্ত্তিধারণ কবেন। অতএব বিপুল। কোন লোকই ইন্দ্রেব স্বরূপ নিরূপণ কবিতে সমর্থ হয় না ॥৪৯॥ অপি বিশক্তা তাত! বেন শ্যুমিদং জগং।
প্নরস্থহিতঃ শক্রো দৃশ্যতে জানচকুষা ॥৫০॥
বায়ুভূতশ্চ স পুনর্দ্দেবরাজাে ভবভূতে।
এবং রূপাণি সভতং কুরুতে পাকশাসনঃ ॥৫১॥
তত্মান্বিপুল! যত্মেন রক্ষেমাং তত্মধ্যমাম্।
যথা রুচিং নাবলিহেদেবেক্রো ভ্রুসন্তম!।
ক্রতাবুপহিতে যাস্তং হবিঃ শ্বেব ছুরাত্মবান্॥৫২॥
এবমাখ্যায় স মুনির্বজ্ঞকারোহগমন্তদা।
দেবশর্মা মহাভাগস্ততাে ভরতসন্তম!॥৫০॥
বিপুলস্ত বচঃ শ্রুমা গুরোন্টিস্তামূপেবিবান্।
রক্ষাঞ্চ পরমাং চক্রে দেবরাজান্মহাবলাৎ॥৫৪॥

# ভাবতকোমুদী

ষ্পীতি। বিশক্তা বন্ধণা, দৃষ্ঠতে বোগিনা ॥ ৫০॥ বাৰি,ভি। দেববাৰত্তৰৎ কিবীটকুওলাদিশান্॥ ৫১॥

ভন্মানিভি। ভন্মধ্যমাং কৃশকটাদেশাস্। নাবলিছেৎ নাৰকেভ। ক্ৰতো বজে উপত্তিভ অন্ত্ৰিভে, ন্যতঃ স্থাপিভং হবিশ্বভাদিকস্, খা কুক্ ইব, ছ্বাশ্ববান্ হুইচিভঃ। বট্পাদঃ লোকঃ ॥৫২॥

এবনিভি। স্বাধ্যায় উক্তা। ডড: স্বগৃহাৎ ॥৫০॥ বিপুল ইভি। উপেৰিবান্ প্ৰাপ্তবান্, বক্ষাং গুরুপদ্যাঃ ॥৫৪॥

বংস! যিনি এই জগৎ সৃষ্টি করিয়াছেন, সেই বন্ধাও ইন্দ্রের রূপনির্ণয় করিছে পারেন না। আবার তিনি অন্তর্হিত হন; তখন যোগী জ্ঞানদৃষ্টি-দারা ভাঁহাকে দর্শন করেন ॥৫০॥

তিনি বাষুরূপী হইয়া আ্বাব দেবরাজ হন। ইন্দ্র সর্বদা এই প্রকার রূপ-ধাবণ করিয়া থাকেন ॥৫১॥

অতএব ভ্গুশ্রেষ্ঠ বিপুল। তুমি যদ্পূর্বক এই কুশকটাদেশা রুচিকে রক্ষা কর; কুকুর যেমন আরক্ষযক্ষে স্থাপিত হবি লেহন করে; সেইরূপ হ্বাত্মা ইন্দ্র যাহাতে ইহাকে লেহন করিতে না পারে' ॥৫২॥

ভরতখেষ্ঠ ! মহাত্মা দেবশর্মা এইকণ বলিয়া যক্ত করিবার জন্ম তখনই নিজগৃহ হইতে চলিয়া গেলেন ১৫৩১

এদিকে বিপুল, গুরুর বাক্য শুনিয়া চিস্তাঘিত হইয়া মহাবল ইন্দ্র হইতে বিশেষভাবে গুরুপদ্বীকে বক্ষা করিছে লাগিলেন ॥৫৪॥ কিঃকু: শ্কারিন্য। কর্তু । গুরুর্দারাভিরকণে।

মারাবিচ হিলেরেরেনেরেরেনে) ছের্র্রদারাভিরকণে।

নাপিধায়াঞ্জের শক্রেনারিক্রিল্প । গার্ডাক্রানারির্যার নি ॥৫৫॥

নাপিধায়াঞ্জের শক্রেনারির্যার প্রিত্যানারির্যার প্রিতা ॥৫৬॥

বায়্র প্রেণান্র ভশক্রেনার গ্রের্যার প্রার্থিক ।

তত্মারির পিংকু শুরুর্বিশ্বার কিন্তার বিশ্বর্ত্ত ।

বহুরপো। স্থি ভগরান্। ভারতে চি গ্রিক্রিল্প যা।

বহুরপো। স্থি ভগরান্। ভারতে চি প্রক্রিল্প যা।

বহুরপো। স্থি ভগরান্। ভারতে চি প্রক্রিল্প যা।

বহুরপো। স্থি ভগরান্। ভারতে চি প্রক্রিল্প । ৫৬॥

বার্রারির্গি সিট্রের শ্বিক্রিল্প নিক্রির্সারার প্রিক্রিল্প ॥৫৯॥

মার্লাকির সিট্রের শ্বির্নার বিশ্বরাজ্বানা বহাতপাঃ ॥৬০॥

শক্ষাত্য সংশ্বং ক্রেপ্রাদ্বির্জ্বানা বহাতপাঃ ॥৬০॥

শক্ষাত্য সংশ্বং ক্রেপ্রাদ্বির্জ্বানা বহাতপাঃ ॥৬০॥

া৷ দুভাগ্যিদক্ষিপ্ৰাছে।

কিশিতি। বীর্য্যবান, অতো বলেনা গ্রির্মিন্তুর সম্পিকা ইতি ভাব: ॥৫৫॥
ত্যাল্লিতিয়াদ পাশেষং । তলোবনান্ধ উটজিং গার্ণশালাং শর্মিজি শিষা অনাজ্যাল পাকশালন ইন্তঃ,
রাক্তিত্ব বানি মিত্রিক নুশাক্য গান্ত ভ্রাহি ক্লিভাই জ্ঞানী নিবিদ্ধ রপতা বাষ্থভ্তিবহরপধারণ
বোগ্যতা বর্ততে ॥৫৬॥

বাষ্টি। ইমাং গুৰুপত্নীম্, অক্তান্ধারীর্মিভার্রভারি। দৃদ্ অধবেতি। ভগবান্ দেরবাদক্ষেনংমাহাক্ষ্যবান্ মুধ্দা । দু

ভিনি তখন এইবাপ চিন্তা কবিষাছিলেন যে, আমি গুকপত্নীর রক্ষাবিষয়ে কি করিছে পারিব ইক্ষার্থ এইক মায়ারী, ছর্ম্ব ও বলবান্ ॥৫৫॥

এই আশ্রম ও পর্ণশালা আরত না কবিয়া ইলুকে বাবণ কবিতে পাবা যাইবে রালিক কারণ করিছে দুলারি বিল্লালিক কারণ করিছে দুলারি বিল্লালিক কারণ করিছে দুলারি বিল্লালিক কারণ করিছা দুলারি বিল্লালিক কারণ কারিছা ক্রিয়া ক্রিছে পাবিব না। কাবণ, প্রভাবশালী ইক্রকে বহুবালী বলিয়া শুনিতে প্রাষ্ট্রাক্রিতে পাবিব না। কাবণ, প্রভাবশালী ইক্রকে বহুবালী বলিয়া শুনিতে প্রাষ্ট্রাক্রিয়া ক্রিয়া ক্

उर्ज्ञा अपनाना देशन व्यक्ष क्ष्य क्

ন চেযং রক্ষিত্বং শক্যা যথান্তা প্রমদা নৃভিঃ।

মায়াবী হি স্থরেন্দ্রেশ্বসাবহা প্রাপ্তোহিন্দ্র সংশয়য়।

অবশ্রকরণীয়ং হি গুরোরিই হি শাসনম্॥৬১॥॥

যদি জেতদহং কুর্য্যামাশ্চর্য্যং স্থাৎ কুতং ময়া।

যোগেনাথ প্রবেশো হি গুরুপক্সাঃ কলেবরে॥৬২॥

এবমেব শরীরেহস্তা নিবৎস্তামি সমাহিতঃ।

অসক্তঃ পদ্মপত্রস্থো জলবিন্দুর্যথা চলঃ॥৬৩॥

নিন্দুক্তস্ত রজোরপান্নাপরাধে। ভবেন্মম।

যথা হি শৃন্তাং পথিকঃ সভামধ্যাবসেৎ পথি॥৬৪॥

তথাভাবাসয়য়্রামি গুরুপজ্যাঃ কলেবরম্।

এবমেব শরীরেহস্তা নিবৎস্তামি সমাহিতঃ॥৬৫॥ (যুগ্মকম্)

# ভাবতকোমুদী

নেতি। হি ৰক্ষাৎ। সংশয়ং রক্ষাসন্দেহম্। শাসনমাদেশপালনম্। বট্পাদঃ শ্লোকঃ ॥৬১॥
যদীতি। কুর্যাং কর্ত্ব্ং শরুয়াম্। প্রবেশঃ কর্ত্ব্য ইতি শেষঃ ॥৬২॥
এবমিতি। সমাহিতঃ সমাধিমান্। চলশ্চঞ্জঃ ॥৬৩॥

নিমূক্ত ইতি। রজোরপাৎ আর্ত্রকভাবাৎ নিমূক্তিশু নির্গতিশু মম। আবাদযিয়ামি অধ্যব্ৎ-শ্বামি ॥৬৪—৬৫॥

দিব্যজ্ঞানী ও মহাতপা আমাব গুক্দেব যদি আজ এই পদ্বীকে প্রত্তুজা দর্শন কবেন; ভাহা হইলে নিশ্চয়ই ক্রোধ্বশতঃ আমাকে অভিসম্পাত ক্রিবেন ॥৬০॥

পুক্ষেবা অশু জীকে যেভাবে বক্ষা কবে; আমি সেইভাবে এই শুরু-পদ্দীকে বক্ষা করিতে পাবিব না। কাবণ, ঐ ইন্দ্র মায়াবী। হায়! শুরু-পদ্দীকে বক্ষা কবিবাব বিষয়ে সন্দিশ্ধ হইযা পড়িলাম। সে যাহা হউক, এখন শুরুর আদেশপালন, আমাব অবশ্য কর্ত্তব্য ॥৬১॥

যদি আমি ইহা কবিতে পাবি, ভাহা হুইলে আমাব অদ্ভুত কার্য্যই কবা হুইবে; আমি যোগবলে গুৰুপদ্বীব দেহে প্রবেশ কবিব ॥৬২॥

তাবপৰ পদ্মপত্ৰস্থিত চঞ্চল জলবিন্দু যেমন অসংলগ্ন অবস্থায় থাকে, আমিও তেমনই গুৰুপত্নীৰ শৰীৰে সমাহিত হইয়া থাকিব ॥৬৩॥

পবে বজোকপে নির্গত হইষা আসিলে আমাব কোন অপবাধ হইবে না। স্থতবাং পথিক যেমন পথিমধ্যে কোন শৃষ্য মহাগৃহে বাস কবে; তেমন আমি আজ গুকপত্নীব দেহে বাস কবিব। এইভাবে আমি সমাহিত হইষা গুকপত্নীব দেহে থাকিব ॥৬৪—৬৫॥

ইত্যেবং ধর্মমালোক্য বেদবেদাঙ্গপারগঃ।
তপশ্চ বিপুলং দৃষ্ট্ব। গুরোরাত্মন এব চ ॥৬৬॥
ইতি নিশ্চিত্য মনসা রক্ষাং প্রতি স ভার্গবঃ।
অন্তর্গুছ পরং যত্মং যথা ভচ্ছৃ পু পার্থিব!॥৬৭॥ (যুগ্মকম্)
গুরুপত্মীমুপাসীনো বিপুলঃ স মহাতপাঃ।
উপাসীনামনিন্দ্যাঙ্গীং কথাভিঃ সমলোভরং ॥৬৮॥
নেত্রাভ্যাং নেত্রয়োরস্থা রশ্মিং সংযোজ্য রশ্মিভিঃ।
বিবেশ বিপুলঃ কায়মাকাশং পবনো যথা॥৬৯॥
লক্ষণং লক্ষণেনৈব বদনং বদনেন চ।
অবিচেইঃমভিষ্ঠদৈ ছায়েবান্তর্হিতো মুনিঃ॥৭০॥

# ভারতকোমুদী

हेजीकि। धर्मार खायम्। तकार खक्रभक्ताः १७७-७१।

গুর্বিচি। মহাতপা: স বিপ্ল:, উপাদীনাং সমীপোপবিটাং অনিন্যানীং শুরুপদ্ধীং, উপাদীন: সম্ভোবয়ন্ সন্, ক্থাভি: সমলোভয়ৎ ॥৬৮॥

নেত্রাভ্যামিতি। বিপ্লো নেত্রাভ্যাং নিজনেত্রয়ো; বশ্মিভি: কিরণৈ: অক্সা গুরুপড়্যা নেত্রয়ো: রশ্মিং সংযোজ্য, রথা পবন আকাশম্, তথা তক্তাঃ কায়ং শ্রীরং বিবেশ ॥৬৯॥

नक्षणिति । भूनिविश्वः ছाय्यतं, श्रक्तभन्नीत्तरः सञ्चिष्टः मन्, नक्ष्यन स्तन्हित्स्न, नक्ष्यः श्रुक्तभन्नीत्तर्हिस्म, नित्सन वर्तन्त ह श्रुक्तभन्ना वर्तनम्, स्वितिहेन् सर्क्त्रभन्निष्ठिरं ॥१०॥

বাজা। বেদ-বেদাঙ্গ-পারদর্শী ভৃগুবংশীয় বিপুশ, এইরূপ স্থায্য বিষয় আলোচনা করিয়া, গুরুব ও নিজের প্রচুব তপোবল দেখিয়া গুরুপত্নীর রক্ষা-বিষয়ে মনে মনে এইরূপ নিশ্চয় কবিয়া, যেভাবে প্রম যত্নের অনুষ্ঠান কবিয়া-ছিলেন, তাহা তুমি প্রবণ কব ॥৬৬—৬৭॥

একদা অনিন্দাস্থলবী গুকপত্নী নিকটে উপবিষ্ট ছিলেন তখন মহাতপা বিপুল তাহার সেবা করিতে যাইয়া তাহাকে নানা কথায় লুক কবিতে লাগিলেন ॥৬৮॥

তখন বিপুল নিজনেত্রযুগলেব কিবণের সহিত গুক্পত্নীর নেত্রযুগলেব কিরণ সংযুক্ত কবিযা, বাষু যেমন আকাশে প্রবেশ করে, তেমন গুরুপত্নীর শরীবে প্রবেশ করিলেন ॥৬৯॥

ক্রমে বিপুল গুৰুপত্নীব শবীবে অন্তহিত থাকিয়া, ছায়াব স্থায় নিজ্লকণ-

<sup>(</sup>७७) द्यमद्यमाः मर्समः यत्र दर्भ।

<sup>(</sup>৬৮) গুরুপতীং সমাদীনঃ ষপার্পে সমলোভষং-বঙ্গ বর্ষ।

ততো বিষ্টভা বিপুলো গুরুপত্নাঃ কলেবরম্। উবাস রক্ষণে মুক্তো ন চ শা তমবুধ্যত ॥৭১॥ যং কালং নাগতো রাজন্ ! গুরুস্তত্ত মহাত্মনঃ। ক্রভুং সমাপ্য স্বগৃহং তং কালং সোহভারক্ষত ॥৭২॥

ভীশ্ব উবাচ।
ততঃ কদাচিক্দেবেশো দিব্যরূপবপূর্ধ রঃ।
ইদমস্তর্মিত্যেবমভ্যগান্তমথাশ্রমম্ ॥৭০॥
রূপমপ্রতিমং কৃষা লোভনীয়ং জনাধিপঃ।
দর্শনীয়তমো ভূষা প্রবিবেশ তমাশ্রমম্ ॥৭৪॥

# ভারতকোমুদী

ভন্ত ইভি। বিষ্টভা অধিষ্ঠায়। যুক্তো নিবজঃ ॥१১॥
ধমিতি। যং বাবস্তম্। তং তাবস্তম্, স বিপূলঃ ॥१২॥
ভক্ত ইভি। দেবেশ ইব্র:। অস্তরমবসরঃ ॥৭৩॥
রূপমিতি। জনাধিপঃ স্বর্গলোকাধিপতিরিব্র:॥৭৪॥

#### ভারতভাবদীপ:

এবমেবেত্যধারত তাংপর্য্য—নানারপেচ্যে। বিটেড্যো ঘোগবলেনৈর বভাবচপলাঃ রিরঃ
সংরক্ষিতৃং পক্যা নাজপেতি ॥১৫—৭২॥ বিপুলবিত্যধারত তাৎপর্য্যয়—পরপ্রাত্ত্বদশলভাশি বোগিনো মাতৃর্গি স্পর্শমারাক্ষেব্যে ভবতীতি গুরাবভ্তমণি কর্মানিবেড ন ছাতব্যদারা গুরুপত্নীর লক্ষণের এবং নিজসুখন্বারা গুরুপত্নীর মুখের অমুকরণ করিছে
থাকিয়া অবস্থান করিতে থাকিলেন ॥৭০॥

ভাহার পর বিপুল, গুরুপদ্বীর দেহ আশ্রয় করিয়া তাহার রক্ষায় নিরভ থাকিয়া, বাস করিতে লাগিলেন; কিন্তু গুরুপদ্বী তাহাকে ব্ঝিডে পারিলেন না ॥৭১॥

বাজা। মহাত্মা বিপুলেব গুরু দেবশর্মা যজ্ঞ সমাপ্ত করিয়া যাবংকাল গৃহে আগমন না কবিলেন; ভাবংকাল বিপুল গুরুপদ্বীকে রক্ষা করিছে থাকিলেন॥৭২॥

ভাহার পর কোন সময়ে 'ইহাই অবসব' এইরূপ ভাবিয়া দেববাজ অলৌকিক রূপযুক্ত দেহধাবণ কবিয়। সেই আশ্রমে আগমন কবিলেন ॥৭৩॥

ইন্দ্র, নিরূপম ও লোভনীয় কপধারণ করিয়। প্রম স্থান হইয়া সেই আশ্রমে প্রবেশ কবিয়াছিলেন ॥৭৪॥

<sup>(</sup>৭২) শ্লোকাং পরং বিপুলোপাখানে ' চদারিংশোইখ্যায়ঃ'। ভীম উবাচ। বঙ্গ বর্দ্ধ, '…পঞ্চমপ্ততিভমোইধ্যারঃ'। ভীম উবাচ—নি।

স দদর্শ তদাসীনং বিপুলস্থ কলেবরম্।
নিশ্চেষ্টং স্তব্ধনয়নম্ যথালেখ্যগতং তথা ॥৭৫॥
ক্রচিঞ্চ ক্রচিরাপাঙ্গীং পীনশ্রোণিপযোধরাম্।
পদ্মপত্রবিশালাক্ষীং সম্পূর্ণেন্দুনিভাননাম্॥৭৬॥ (য়ুথ্যকম্)
সা তমালোক্য সহসা প্রত্যুখাতুমিয়েষ হ।
ক্রপেণ বিস্থাতা কোহসীত্যথ বক্তুমিবেচ্ছতী ॥৭৭॥
উখাতুকামা তু সতী বিষ্ট্রনা বিপুলেন সা।
নিগৃহাতা মনুয়েক্ত । ন শশাক বিচেষ্টিতুম্ ॥৭৮॥
তামাবভাষে দেবেক্রং সাল্লা পরসবন্ধণা।
ছদর্থমাগতং বিদ্ধি দেবেক্রং মাং শুচিস্মিতে । ॥৭৯॥

ক্লিশ্যমানমনঙ্কেন ছৎসক্ষমভবেন হ।

তৎ সম্প্রাপ্র হি মাং স্ক্রজ। পুব। কালোহতিবর্ত্ততে ॥৮-০॥ (যুগাকম্)

# ভাৰতকৌমুদী

স ইতি। আসীনম্পবিষ্টম্। নিশ্চেষ্টং নিজিষম্। ক্লচিরাপাদ্দীং স্থলরনয়নপ্রাস্তাং, পীনাঃ স্থলাঃ প্রোণিপযোধবা নিভস্বস্তন। যস্তান্তাম্, পদ্মপত্রবং বিশালে অকিণী নযনে যস্তা-ভাম্, সম্পূর্ণেন্দুনিভাননাং পূর্ণচক্রতুলাবদনাম্, ক্লচিঞ্চ দদর্শ ইত্যধয়ঃ ॥৭৫——৭৬॥

সেতি। ইচ্ছতীতি নকারলোপ আর্ব: ॥৭৭॥

উত্থাতিতি। বিষ্টকা অধিষ্টিতা। নিগৃহীত। নিক্ষ। বিচেষ্টিতৃং পাদাদিকং চালয়িতুম্॥৭৮॥

## ভাৰতভাবদীপঃ

মিতি চ ॥৭৩--- ৭৬॥ আদীয়তেহস্মিন্ বান্ধবৈদ্ভম্ উপায়নাদিকং ভদাদানং বিবাহাত্যৎসবঃ,

তখন তিনি দর্শন কবিলেন—'চিত্রপটে চিত্রিত মূর্ত্তিব স্থায় নিজ্ঞিয় ও নিশ্চলনয়ন বিপুলেব দেহটী তখন সেই স্থানে উপবিষ্ট আছে এবং স্থূলব-ন্যনা, পীবব নিতম্বস্তনী, পদাদলবিশালনেত্র। ও পূর্ণচন্দ্রভূল্যবদন। কচিও সেখানে উপবিষ্ট বহিষাছেন ॥৭৫—৭৬॥

রুচি সহস। ইন্দ্রকে দেখিয়। তাহার বপে বিশ্বিত হইয়া "আপনি কে" ইহা বলিবাব ইচ্ছা কবিয়াই যেন প্রত্যুত্থান কবিবাব ইচ্ছা করিলেন ॥৭৭॥

নবনাথ ৷ বিপুলকর্ত্ক অধিষ্ঠিতা কচি গাত্রোখান কবিবাব ইচ্ছা করিবামাত্রই বিপুল তাহাকে নিকদ্ধ কবিলেন, স্তবাং কচি সাব অঙ্গসঞ্চালন কবিতে সমর্থ হইলেন না ॥৭৮॥

<sup>(</sup>৮০) তং সমাপ্তং হি মাং বন্ধ বৰ্ষ, ডং পৰ্যাপু হি মাং—নি।

তবেবজাদিনক শুক্তী। শুঞ্জাল বিপ্রক্রোন্দিন নান্দিন । দি তবংগালিক বিদ্যালিক বিদ্যালিক

म देखि । त निर्द्धाः प्रायमा वार्**निमूर्यकोळील**ारम् नगरत

ভামিতি। সামা মধুরবাকোন, পর্মবল্ঞা। অতি ফুলিরেনি িউচি উর্লি বিভং মান্টি জি: যন্তান্তং সংখাবনম্। অনকেন কামেণ, তংসহক্ষতবেন তংকামনান্ধাতেন । তং উন্মিই, মিধি সম্প্রাপ্তির মনাধাবলম্ব। পুরা আগামী কালঃ, অতিবর্ত্ততে অনর্থকমতিকামতি ৪৭৯—৮০॥

ভিনিত। শক্তং শক্তব্চন্ম। বিধশাধিগমিন্তম্ ॥৮১॥
নিতি। অনিশিতা রূপে। বিইনা অধিষ্টিতা ॥৮২॥
আকারমিতি। আকাবং কামেন রোমাঞ্চিতামাকৃতিম্। বলবং সাভিশ্যম্ ॥৮৩॥
ববদ্ধেতি। বব্দ্ধ নিরুরোধ, বোগবদ্ধৈর্ধোগ্রলপ্পকাশৈঃ। ব্রীভিতো লচ্ছিতঃ ॥৮৪—৮৫॥

তখন দেববাজ অতি স্থলব ও মধুববাক্যে কচিকে বলিলেন—'শুলু মন্দ-হান্তো! আমি তোমাব কামনাজাত কামে ক্লিষ্ট হইয়া তোমাব জন্মই আসিয়াছি। তুমি আমাকে দেবরাজ বলিয়া অবগত হও; অতএব তুমি আমাকে আশ্রয় কর। সূক্র! কাল অনর্থক চলিয়া যাইতেছে ॥৭৯—৮০॥

ইন্দ্র এইরপ বলিতে লাগিলে, শুকপদ্বীব শ্বীবস্থিত বিপুলম্নি, তাহার বাক্য শুনিলেন এবং তাহাকে দেখিলেন ॥৮১॥

রাজা। বিপুল দেহে অবিষ্ঠান কবায় অনিন্যাস্থলবী কচি গাত্রোখান করিতেও পাবিলেন না, কিছু বলিতেও সমর্থ হইলেন না ॥৮২॥

নবনাথ ! মহাতেজা ও ভৃগুকুলশ্রেষ্ঠ বিপুল গুকপদ্বীব আকৃতি দেখিয়া যোগবলে গুরুতবভাবে তাঁহাকে নিক্দ্ম কবিলেন ॥৮৩॥

বিপুল যোগবলে ফতিব সমস্ত ইন্দ্রিয় নিরুদ্ধ কবিলেন। তখন ইক্স ফুতিকে যোগবলে মোহিত হওয়ায় নির্বিকার দেখিয়া, লক্ষিত হইয়া ভাঁহাকে স তাং বাচং গুরোঃ পদ্মা বিপুলং পর্যাবর্তয়ৎ।
ভোঃ! কিমাগমনে কৃত্যমিতি তন্সাস্ত নিঃস্তা।
বন্তাচ্ছশাঙ্কসদৃশাদ্বাণী সংস্কারভূষণা ॥৮৬॥
ত্রীড়িতা সা ভূ তদ্বাক্যমৃত্যা পরবশা তদা।
পুরন্দরশ্চ তত্রস্থো বভূব বিমনা ভূশম্ ॥৮৭॥
স তবৈক্তমালক্ষ্য দেবরাজো বিশাম্পতে!।
অবৈক্ষত সহস্রাক্ষ্যকা দিব্যেন চক্ষ্যা॥৮৮॥
স দদর্শ মুনিং তন্সাঃ শরীরান্তরগোচরম্।
প্রতিবিশ্বমিবাদর্শে গুরুপত্যাঃ শরীরগম্ ॥৮৯॥

## ভারতকৌমূদী

স ইতি। স বিপুলঃ, তামেবং বাচং এফ্েহীতি বাক্যমেব পর্যাবর্ত্তরং যোগবলেন বিপরীতাং ক্রতবান্। কীদৃক্তয়া পর্যাবর্ত্তয়দিত্যাহ ভো ইতি। ভোঃ হে ইক্র ! তব আগমনে কিং ক্রতাং কার্যাং ভবেং। স্বামহং নেজামীতি ভাবং। তক্তা গুরুপত্যান্ত শশাবসদৃশাং চক্রতুল্যাং বন্ধানু বাহ, সংস্কারভূষণা ব্যাকরণসংস্কাবালকারা বাণী নিংস্টে। ষট্পানঃ শ্লোকঃ দেওল

বীড়িতেতি। তদা পরবশা শিক্সাধীনা সা গুরুপন্নী তদ্বাক্যমূক্রা বীড়িতা কজিতা অভবং, পরপুরুবেণ সহ সংলাপাদিতি ভাব.। তত্রস্থ: পুরন্দর ইক্রন্ট ভূশং বিমনা বিষণ্ণচিত্তো বভূব, তয়া প্রত্যাধ্যান।দিত্যাশ্য: ॥৮৭॥

স ইতি। তম্মা বৈশ্বতং বৈপরীত্যম্ ॥৮৮॥

দ ইতি। স সহস্রাক্ষঃ, তক্তা গুরুপদ্মাঃ, শরীরান্তরং গোচরো বিষয়ো বক্ত তম্, আদর্শে দর্শণে প্রতিবিষমিব, শরীরগং মুনিং বিপুলং দদর্শ ৮৯॥

বলিলেন – 'আইদ আইস'; তাহার পব কটি ইন্দ্রের কথায় প্রত্যুত্তর করি-বাব ইচ্ছা কবিলেন ॥৮৪ – ৮৫॥

গুরুপদ্বী রুচিও 'আসুন আসুন' এইনপ বাক্য বলিবার ইচ্ছা করিয়াছিলেন; কিন্তু বিপুল সেই বাক্য পবিবর্ত্তিত করিয়া ফেলিলেন। অর্থাৎ মহাশয়! আপনাব এখানে আগমনে কি কার্য্য হইবে !' এইনপ গুরুপদ্বীর চম্রুত্ন্য মুখ হইতে ব্যাকরণসংস্কাবে অলম্বত বাক্য নির্গত হইল ॥৮৬॥

তখন পৰাধীনা গুৰুপত্মী সেই বাক্য বলিয়া লচ্ছিতা হইলেন এবং তং-স্থানস্থিত ইন্দ্ৰও অত্যস্ত বিষয়চিত্ত হইয়া গেলেন ॥৮৭॥

নরনাথ! তখন দেববাজ ইন্দ্র রুচির সেই বৈপরীত্য লক্ষ্য করিয়া দিব্য-চক্ষুদ্বাবা দেখিতে লাগিলেন ॥৮৮॥

তিনি দেখিলেন, দর্পণের ভিতরে প্রতিবিষের স্থায় বিপুল মূনি, গুরুপদ্বীর শরীরের ভিতরে রহিয়াছেন ॥৮৯॥ স তং বোরেণ তপসা যুক্তং দৃষ্ট্ব। পুরন্দর:। প্রাবেপত স্থসন্ত্রক্তঃ শাপভীতস্তদা বিভো!॥৯০॥ বিমৃচ্য গুরুপত্নীং তু বিপুলঃ স্থমহাতপাঃ। স্বকলেবরমাবিশ্য শক্রং ভীতমথাত্রবীৎ॥৯১॥

বিপুল উবাচ।

অজিতে ক্রিয় । তুর্দ্ধ । পাপাত্মক । পুরন্দর । ।
ন চিরং পূজ্মিয়ন্তি দেবাস্তাং মানুষান্তথা ॥৯২॥
কিংমু তদ্বিশ্বতং শক্র । ন তন্মনসি তে স্থিতম্ ।
গোতমেনাসি যমুক্তো ভগাঙ্কপরিচিহ্নিতঃ ॥৯৩॥
জানে স্থাং বালিশমতিমকৃতাত্মানমন্থিরম্ ।
ময়েয়ং রক্ষ্যতে মৃঢ় । গচ্ছ পাপ । যথাগতম্ ॥৯৪॥
নাহং স্থামত মূঢ়াত্মন্ । দহেয়ং হি স্বতেজসা ।
কুপায়মাণস্ত ন তে দক্ষ্মিচ্ছামি বাসব । ॥৯৫॥

## ভারতকৌমূদী

ৰ ইন্ডি। প্ৰাবেণত অভিশয়েনাকম্পত ॥>৽॥

বিমুচ্যেতি। স্বকলেবরং সন্নিহিতং নিজদেহম্।১১।

পৰিভেতি। হে পৰিভেক্তিয়। প্রদারেষ্ প্রবৃত্তেরিতি ভাব: ॥১২॥

কিমিভি। মূক: অহল্যাগমনানম্ভরং ত্যক্ত: ॥>৩॥

খান ইতি। বাণিশমতিং মৃচ্বু কিম্, অক্কাঝানম,শি কিডচিভ্ৰম্ ॥১৪॥

রাজা। তখন ইন্দ্র বিপুলমুনিকে ভীষণ তপস্থাযুক্ত দেখিয়া, শাপভয়ে ভীত ও অন্থির হইয়া অত্যস্ত কম্পিত হইতে লাগিলেন ॥১০॥

অতিমহাতপা বিপুল, গুৰুপদ্বীর দেহ পরিত্যাগপুর্বক নিজদেহে প্রবেশ করিয়া, ভীত ইন্দ্রকে বলিভে লাগিলেন ॥১১॥

বিপুল বলিলেন—'অজিতেন্ত্রিয় ছবুঁদ্ধি পাপিষ্ঠ ইন্দ্র । দেবগণ ও মহুয়ুগণ আর দীর্ঘকাল ভোমার পূজা কবিবেন না ॥১২॥

ইন্দ্ৰ! মহৰ্ষি গৌতম যে ভোমাকে ভগচিছে চিহ্নিত কবিয়া ছাড়িয়া দিয়া-ছিলেন; তাহা কি তুমি ভূলিয়া গিয়াছ? তাহা কি তোমার মনে নাই? ॥১০॥

আমি জানি বে, তুমি মৃত্যতি, অণিকিড চিত্ত ও অস্থিরপ্রকৃতি। মৃতৃ।
আমি ইহাকে রক্ষা করিতেছি। অতএব পাপিষ্ঠ। তুমি যেমন আসিয়াছ,
তেমন চলিয়া যাও ॥১৪॥

স চ বোরতমো ধীমান্ গুরুমে পাপচেতসম্।
দৃষ্ট্বা স্থাং নিদ হৈদত্ত কোধদীপ্তেন চলুষা ॥৯৬॥
মৈবং তু শক্র ! কর্ত্তব্যং পুনর্মান্তাশ্চ তে দ্বিজাঃ।
মাগমঃ সম্রতামাত্যঃ ক্ষয়ং ব্রহ্মবলাদ্বিতঃ ॥৯৭॥
অমরোহস্মীতি যদ্বৃদ্ধিং সমাস্থায় প্রবর্ত্তমে।
মাবমংস্থা ন তপদা ন সাধ্যং নাম কিঞ্চন ॥৯৮॥

ভীম্ম উবাচ।

এতচ্ছুত্বা বচঃ শক্রো বিপুলস্থ মহাত্মনঃ।
অকিঞ্চিত্তব্বা ত্রীড়ার্তস্ত ত্রৈবান্তরধীয়ত ॥৯৯॥
মুহূর্ত্বাতে তঙ্গিংস্ত দেবশর্মা মহাতপাঃ।
কুত্বা যজ্ঞং যথাকামমাজগাম স্বমাশ্রমম্॥১০০॥

## ভারতকৌমুদী

নেতি। তে ভবোপরি ক্লপাষমাণ: ক্লপাং কুর্বন্ ॥ २०॥

স ইতি। ক্রোধদীপ্তেন কোপজ্জ,লভেন ॥১৬॥

মেতি। ক্ষাং ধ্বংসম্, বন্ধবলার্দিতো বান্ধণপ্রভাবপী,ডিডঃ ॥১৭॥

অমর ইতি। অমরো মৃত্যুহীনো দেব:। মাবমংস্থা ব্রাক্ষণং নাবজানীহি, তপদা কিঞ্চন নাম ন সাধ্যমিতি ন, কিন্তু তপদা সর্কমেব সাধ্যিত্ং শক্যমিত্যুর্থ:। তেন চামরোহণি মিয়েখ। ইতি ভাব: ॥৯৮॥

এতদিতি। বীড়ার্তো বজাপী,ড়তঃ ॥>>॥

মূচ্মতি। আমি আজ নিজ ভেজে ভোমাকে দগ্ধ কবিব না। কাবণ, ইন্দ্র! ভোমার উপরে দয়া কবিয়া ভোমাকে দগ্ধ কবিতে ইচ্ছা কবি না॥৯৫॥

পাপিষ্ঠ ! অতি ভীষণ ও জ্ঞানী আমাব দেই গুকদেব, ভোমাকে দেখিয়া ক্রোধজ্জলিত নয়নদ্বাবা নিশ্চয়ই আজ দশ্ধ কবিবেন ॥৯৬॥

ইন্দ্র ! তুমি আব একপ কবিও না। কাবণ, ব্রাহ্মনেরা ভোমাব মাননীয়। স্থাবাং ব্রাহ্মণের ভেব্নে অভিভূত ইইয়া, পুত্র ও আমাতাবর্গেব সহিত ধ্বংস-প্রাপ্ত হইও না ॥১৭॥

'আমি অমব' এইরপ বৃদ্ধি অবলম্বন করিয়া তৃনি যে, ছ্ছার্য্যে প্রবৃত্ত হইতেছ, তাহা সঙ্গত নহে। তুনি ব্যাহ্মাণগণকে অবজ্ঞা কবিও না; জগতে তপস্থার অসাধ্য কিছুই নাই' ॥৯৮॥

ভীয় বলিলেন – 'ইন্দ্ৰ, মহামা বিপুলেব এই সকল বাক্য গুনিয়া লজ্জিত হইয়া কিছু না বলিয়া, সেই স্থানেই অন্তৰ্হিত হইলেন ॥৯৯॥ আগতেহথ গুরো রাজন্! বিপুলঃ প্রিয়কর্মক্র ।
রিক্ষিতাং গুরবে ভার্যাং অবেদয়দনিন্দিতাস্॥১০১॥
আভিবাস্ত চ শান্তাত্মা স গুরুং গুরুবৎসলঃ।
বিপুলঃ পর্যুপাতিষ্ঠদ্ যথাপূর্ববমশন্ধিতঃ॥১০২॥
বিশ্রান্তায় ততন্তম্ম সহাসীনায় ভার্যয়া।
নিবেদয়ামাস তদা বিপুলঃ শক্রকর্ম তৎ॥১০০॥
তচ্ছ ত্মা স মুনিশ্রেষ্ঠে। বিপুলশ্র প্রতাপবান্।
বস্থব শীলয়ভাভ্যাং তপসা নিয়মেন চ ॥১০৪॥
বিপুলশ্র গুরেগ রভিং ভিন্সমান্ত্রনি তাং প্রভূঃ।
ধর্মে চ স্থিরতাং দৃষ্ট্রা সাধুসাধ্বিত্যভাষত ॥১০৫॥
প্রতিলভ্য চ ধর্মাত্মা শিয়ং ধর্মপরায়ণম্।
বরেণ চ্ছন্দয়ামাস দেবশর্মা মহামতিঃ॥১০৬॥

#### ভাবতকোমুদী

মূহুর্ব্রেভি। তশিরিক্তে মূহুর্ব্বয়তে কিমংকালপ্রস্থিতে সভি ॥> ০ ০ ।
আগত ইভি। প্রিযকর্মকৃথ তৎপত্মা বক্ষণাদেবেভি ভাব: ॥> ০ ১ ।
অভীভি। শাস্তাব্যা কাষ্যকরণাথ স্কৃষ্চিত্তঃ। পর্যুপাভিষ্ঠৎ সমীপে স্থিতবান্ ॥> ০ ৩ ।
বিশ্রান্তাব্যাতি । আপীনাযোগবিষ্টাম। শক্ষকর্ম ইক্সকার্য্য ॥> ০ ৩ ।
ত্তি । শীলং স্বভাব: বৃত্তং ব্যবহারক্ষ ভাভ্যাং বহুব সম্ভষ্ট ইভি শেষঃ ॥> ০ ৪ ॥
বিপ্রভেতি। বৃত্তিং ব্যবহারম্, আস্থানি সংপ্রতি ॥> ০ ৫ ॥

ইন্দ্র চলিয়া গেলে, সূতুর্ত্তকাল পবে, মহাতপা দেবশর্মা ইচ্ছানুসারে ফ্রন্ত সমাপ্ত কবিয়া নিজেব আগ্রমে আগমন কবিলেন ॥১০০॥

বাজা। গুৰু আগমন কবিলে প্ৰিয়কাৰ্য্যকাৰী বিপুল গুৰুব নিকটে তাঁহার অনিন্দিতা ভাৰ্য্যার বন্ধাব বিষয় জানাইলেন ॥১০১॥

ক্রমে গুকবংসল বিপুল সুস্থচিষ্টে গুককে অভিবাদন করিয়া ভাঁহার নিকটে পূর্ব্বেব স্থায় অশঙ্কিতভাবে অবস্থান কবিলেন ॥১০২॥

তাহাব পব গুৰুদেব বিশ্রাম কবিয়া ভার্য্যার সহিত উপবিষ্ট থানিলে, তখন বিপুল ইন্দ্রেব সেই কার্য্যেব বিষয় জানাইলেন ॥১০৩॥

প্রতাপশালী মুনিশ্রেষ্ঠ দেবশর্মা, বিপুলেব সেই কথা শুনিয়া স্বভাব, ব্যবহার, তপস্থা ও নিয়মেব শুনে বিপুলের 'উপরে সম্বন্ধ ইইলেন ॥১০৪॥

প্রভাবশালী গুরু বিপুলের গুকর প্রতি ভক্তিও ব্যবহার এবং ধর্মবিষয়ে স্থিতা দেখিয়া 'সাধু সাধু' এই কথা বলিলেন ॥১০৫॥ স্থিতিক ধর্মে জগ্রাহ স তন্মাদ্ গুরুবৎসলঃ।
অনুজ্ঞাতশ্চ গুরুণা চচারানুত্নং তপঃ॥১০৭॥
তথৈব দেবশর্মাপি সভার্য্যঃ স মহাতপাঃ।
নির্দ্রয়ো বলর্ত্রমাচ্চচার বিজনে বনে॥১০৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ববি দানধর্মে বিপুলোপাখ্যানে পঞ্চত্রিংশোহধ্যায়ঃ॥০॥

--343---

# बह्जिः स्था २४ गां १३

--°

# ভীম্ম উবাচ। বিপুলত্ত্বরোদ্রীত্রং তপঃ কৃত্বা গুরোর্ব্বচঃ। তপোযুক্তমথাক্মানমনম্মত স বীর্য্যবান্॥১॥

# ভারতকোমুদী

প্রতীতি। প্রতিবভা হতেন মন্তবে সংস্পৃষ্ঠ। ছন্দ্রণানাস সন্তোধয়ানাস ॥১০৬।
বিভিমিতি। ছগ্রাহ বরত্বেন, স বিপুলং, তত্মাং গুরোঃ ॥১০৭॥
তবেতি। বলর্ত্রয়াদিক্রাং, নির্ভবং বিপুলশাসনেন তত্ত পুনরাগমনাসম্ভবাং ॥১০৮॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাহার্চার্য্য শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টার্চার্য্যবির্হিতায়াং মহাভারতিবিসাং ভারতকৌমুদীসমাধ্যায়ামহশাসনপর্কনি দানধর্মে পঞ্জি শোহধ্যায়ঃ ॥০॥

--:\*:--

#### বিপুল ইতি। কথা শ্বতিপথগতং বিধায় ॥১॥

পবে ধর্মাত্মা ও মহামতি দেবশর্মা হস্তদ্বাবা ধর্মপরায়ণ শিষ্ম বিপুলের মস্তক স্পর্শ করিয়া বর দানদ্বারা ভাহাকে সম্ভষ্ট কবিলেন ॥১০৬॥

তখন গুরুবংসল বিপূল গুরুদেব দেবশশাব নিকট হইতে চিরদিন ধর্মে স্থিতিরূপ বরগ্রহণ করিলেন এবং গুরুকর্তৃক অমুজ্ঞাত হইয়া সর্কোন্তম ভপস্থা করিতে লাগিলেন ॥১০৭॥

সেইরপই মহাতপা দেবশর্মাও ভার্য্যাব সহিত ইন্দ্র হইতে ভয়শৃষ্য হইয়া নির্ক্তন বনে বিচরণ কবিতে থাকিলেন ॥১০৮॥

বিপুলোপাখ্যানে ' ··একচছা,বিংশোইগায়:'—বঙ্গ বর্ছ, '·· ষটুসপ্তভিত্রে।ইধ্যায়:'—য়।

দ তেন কর্মণা স্পর্ধন্ পৃথিবীং পৃথিবীপতে!।
চচার গতভাঃ প্রীতো লব্ধকীর্ত্তিবরো নৃপ!॥২॥
উভো লোকো জিতো চাপি তথৈবামন্তত প্রভুঃ।
কর্মণা তেন কোরবা! তপদা বিপুলেন চ॥॥
অথ কালে ব্যতিক্রান্তে ক্মিংশ্চিৎ ক্রুনন্দন!।
রুচ্যা ভগিন্তা আদানং প্রভূতধনধান্তবৎ ॥৪॥
এতস্মিমেব কালে তু দিব্যা কাচিদ্বরাঙ্গনা।
বিত্রতী পরমং রূপং জগামাধ বিহায়দা॥৫॥
তস্তাঃ শরীরাৎ পুস্পানি পতিতানি মহীতলে।
তস্তাশ্রমস্তাবিদুরে দিব্যগদ্ধানি ভারত!॥১॥

# ভারতকৌমুদী

শ ইতি। স্পর্কন্ তপস্থাগর্কং কুর্কন্। গতভীনির্ভন্ন: ॥২॥
উভাবিতি। উভো লোকৌ ধর্গমর্ক্তো। বিপুলেন প্রচুরেণ ॥৩॥
অবেতি। আদানং পা, বিগ্রহণম্, তত্বংসব আগত ইন্দি শেবঃ ॥৪॥
এতবিদ্যিতি॥ দিব্যা ধর্গীয়া। বিহায়দা আকাশপথেন ॥৫॥
ভারতভাবদীপঃ

বিপুলবিত্যধায়ত তাংপধ্যম্—পদ্মপত্রাধ্বদসক্তাপি বোগিনো মাতুরপি
স্পর্শমাত্রাকোষো ভবতীতি গুরাবণ্ডমণি কন্মানিবেছ ন স্থাতব্যমিতি চ ঃ১—জ স্পাদীয়ত্তেংশিন্ বায়বৈধ্যমে উপায়না দকং তদাদানং বিবাহাত্যংসবং, প্রভৃতং বহধনাদিকং

ভীম বলিলেন—'ক্রমে শক্তিশালী বিপুল গুরুবাক্য মারণ করিয়া গুরুতর তপস্তা করিলেন, তাহাতে তিনি আপনাকে তপস্বী বলিয়া মনে করিতে লাগিলেন ॥১॥

পৃথিবীপতি রাজা! বিপুল সেই তপস্তাদারা মনে মনে গর্ব করিতে থাকিয়া এবং নির্ভয়, সম্ভষ্ট ও লব্ধকার্তি হইয়া পৃথিবী বিচরণ করিতে থাকিলেন ॥২॥

কৌরবনন্দন ! প্রভাবশালী বিপুল সেই প্রচুব তপস্থাদারা ইহলোক ও পরলোক জয় করিয়াছেন বলিয়া মনে করিতে থাকিলেন ॥৩॥

কৌববনন্দন। ভাহাব পর কিছুকাল অভীত হইলে, রুচির ভগিনীর পাণি-গ্রহণোৎসব উপস্থিত হইল; ভাহাতে প্রচুর ধন ও ধাস্থ যৌতুক ছিল ॥৪॥

এই সময়েই কোন দিব্যা বরবর্গিনী প্রমরূপ ধারণ করিয়া আকাশপথে গমন করিল ॥৫॥ তায়গৃহ্লান্ততো রাজন্! রুচির্ললিতলোচনা।
তদা নিমন্ত্রকস্তম্যা অঙ্গেভ্যঃ ক্ষিপ্রমাগমং॥৭॥
তম্যা হি ভগিনী তাত! জ্যেষ্ঠা নাম্না প্রভাবতী।
ভার্যা চিত্ররথম্যাথ বভূবাঙ্গেশ্বরম্য বৈ ॥৮॥
পিনহু তানি পুপ্পাণি কেশেয়ু বরবর্ণিনী।
আমন্ত্রিতা ততোহগচ্ছক্রচিরঙ্গপতেগৃহম্॥৯॥
পুস্পাণি তানি দৃষ্ট্বা তু তদাঙ্গেক্রবরাঙ্গনা।
ভগিনীং চোদয়ামাস পুস্পার্থে চারুলোচনা॥১০॥
সা ভত্রে সর্কমাচফ ক্রচিঃ স্করুচিরাননা।
ভগিন্যা ভাষিতং সর্বম্বিস্তচ্চাভ্যনন্দত॥১১॥

## ভাবতকোমুদী

তক্ত। ইতি। অবিদূরে সরিধানে ॥৬॥

তানীতি। ললিতলোচনা স্থলবন্ধনা। নিমন্ত্রক পাব্ধাধকো দৃত , তক্তা ক্লচে: সমীপে, অক্সেন্ডা: অঙ্গদেশাং এ৭।

তত্যা ইতি। চিত্ররথম্ম তনাখ্যম, অদেশরম্ম অন্ধবান্ধস্ম।৮৫

পিনছেতি। । পিনস্থ বন্ধা। আমব্রিতা তেন নিমন্ত্রকেনাছুতা।মা

পুশাণীতি। অদেক্তত অধ্বাজত ব্রাগনা প্রধানা স্ত্রী প্রভাবতী, ভগিনীং কচিম, চোন্মানান আদিদেশ ॥১০॥

সেতি। ঋষির্দেবশর্মা, অভ্যননত আনন্দেনায়সোদত ॥১১॥

# ভাৰতভাৰদীপঃ

ব্য 18— । নিমন্ত্রক: বাকারণার্থং দৃতঃ ॥৭— ১॥ চোদ্যাগাদ মদর্থমপ্যেতানি ভবতনন্দন! অলোকিক সৌবভযুক্ত বহুতব পূষ্প সেই আকাশগামিনী মহিলাব শবীব হইতে সেই আশ্রমেব নিকটে ভূতলে পতিত হইল ॥৬॥

রাজা! তাহাব পব স্থলবনয়না কচি সেই পূষ্পদকল গ্রহণ কবিলেন। সেই সময়ে নিমন্ত্রণকাবী একজন দৃত সহব কচিব নিকটে অঙ্গদেশ হইতে আগমন করিল ॥৭॥

বংস! রুচিব জ্যেষ্ঠ। ভগিনী প্রভাবতী সঙ্গরাজ চিত্রবথেব ভার্যা ছিলেন। (তিনিই রুচিকে নিমন্ত্রণ কবিবাব জন্ম দৃত পাঠাইযাছিলেন) ॥৮॥

ভাহার প্রসেই দৃত নিময়ণ কবিলে ব্রবর্ণিনী কচি, সেই সকল পুষ্প আপন কেশে বন্ধন করিয়া অঙ্করাফেব ভবনে গমন করিলেন ॥॥

তথন অ্বরাভেন ভার্য্যা স্থলবনয়না প্রভাবতী সেই পুষ্পাসকল দেখিয়া, ভাহা আনিবার জন্ম ভগিনী ক্ষচিকে আদেশ করিলেন ॥১০॥ ততে। বিপুল্যানায্য দেবশর্মা মহাতপাঃ।
পুল্পার্থে চোদয়ামাদ গচ্ছ গচ্ছেতি ভারত!॥১২॥
বিপুল্স্ত গুরোর্বাক্যমবিচার্য্য মহাতপাঃ।
স তথেত্যত্রবীদ্ রাজন্! তঞ্চ দেশং জগাম হ ॥১০॥
যন্মিন্ দেশে তু তান্সাদন্ পতিতানি নভস্তলাৎ।
অমানান্যপি তত্রাসন্ কুস্থমান্যপরান্যপি ॥১৪॥
স ততন্তানি জ্বত্রাহ দিব্যানি ক্লচিরাণি চ।
প্রাপ্তানি স্বেন তপদা দিব্যগন্ধানি ভারত।॥১৫॥
সম্প্রাপ্য তানি প্রতান্ধা গুরোর্বচনকারকঃ।
তদা জগাম তুর্ণং চ চম্পাং চম্পক্যালিনীম্॥১৬॥

# ভাবতকোমুদী

তত ইতি। অন্তেন শিক্ষেন আনাষ্য। চোদ্যামাদ প্রেবয়ামাদ ॥১২॥
বিপুল ইতি। তথা পূজামানেতৃং গচ্ছামীতার্থ: ॥১৩॥
যামিরিতি। নভন্তলাদকোশাং। অমানানি অপযুত্তিবিভানি ॥১৪॥
দ ইতি ॥ দিব্যানি স্বগীষানি। দিব্যগদ্ধানি অলোকিকদোরভাগি ॥১৫॥
দক্ষাপ্যেতি। চপ্পাং তদাখ্যামক্ষ্যাক্ষ্যানীষ্, চম্পক্ষালিনীং বছত্রচম্পক্পুক্ষাম্॥১৬॥

স্থাবিদনা কচি ভগিনীৰ কথাগুলি সমস্তই ভর্তাৰ নিকট বলিলেন; ভর্তা দেবশর্মাও আনন্দেব সহিত সেই সমস্ত অমুমোদন কবিলেন ॥১১॥

ভরতনন্দন। তাহাব পব মহাতপা .দেবশর্মা বিপুলকে আনাইয়া, সেই পুষ্পোব জন্ম 'যাও যাও' বলিয়া প্রেবণ কবিলেন ॥১২॥

রাজা। তখন মহাতপা বিপুল গুৰুবাক্যেব কোন বিচাব না কবিয়া বলিলেন—'তাহাই হইবে' পৰে বিপুল সেই স্থানে গমন ক্রিলেন ॥১৩॥

যে স্থানে সেই সকল পুষ্প আকাশ হইতে পতিত হইয়াছিল; সেই স্থানে অম্লান অক্সও সেই পুষ্প বহুতবই ছিল ॥১৪॥

ভবতনন্দন। তাহাব পব বিপুল স্বর্গীয়, স্থানর সেই সকল পুশাগ্রহণ কবিলেন। তিনি নিজেব তপস্থাব ফলেই দিব্যুগদ্ধ সেই পুশাসকল পাইয়া-ছিলেন ॥১৫॥

গুৰুব আদেশকাৰী বিপুল সেই পুষ্পসকল পাইয়া সম্ভুষ্ট হইয়া, তখনই চম্পকপুষ্পসমূহযুক্ত চম্পানগৰীতে সম্ব গমন কবিলেন ॥১৬॥

স বনে নির্জ্জনে তাত! দদর্শ মিথুনং নৃণাম্।
চক্রবৎ পরিবর্ত্তস্থং গৃহীত্ব। পাণিনা করম্ ॥১৭॥
তব্রৈকস্তৃণ্মগমত্তৎপদে চ বিবর্ত্তয়ন্।
একস্তু ন তদা রাজংশ্চক্রতুঃ কলহং ততঃ ॥১৮॥
তং শীদ্রং গচ্ছসীত্যেকোহত্রবীমেতি তথাপরঃ।
নেতি নেতি চ তৌ রাজন্! পরস্পরমথোচতুঃ ॥১৯॥
তয়োব্বিস্পর্জতোরেবং শপথোহয়মভূত্তদা।
সহসোদ্দিশ্য বিপুলং ততো বাক্যমথোচতুঃ ॥২০॥

# ভাবতকোমৃদী

দ ইতি। দ বিপুল:, বনে গমনমার্গস্থে, মিথ্নং স্ত্রীপুরুষরূপযুগ্লম্। পরিবর্জস্তং ঘূর্ণ-মানম্ ॥১ १॥

তত্ত্বেতি। এক: পুরুষ:, তৎপদে হিভীয়স্ত চরণে, বিবর্ত্তরন্ স্বপদেন ঘট্টনয়। ব্যথয়ন্। এক্স বিতীয়: স্ত্রীন্দন: তথা ন তুর্ণসগসদিতি শেব: ॥১৮॥

ত্ববিভি। ন গচ্ছাথি ॥১৯॥

ভয়োরিভি। বিম্পর্কতো: ম্পর্কয়া বিবদভো:, অষং বক্ষ্যমাণ: ॥২০॥

## ভাবতভাবদীপঃ

পুশাণ্যানমেতি প্রেরিভবতী ॥> ০—>৬॥ পনিবর্জস্বাতি পুংস্কর্মাত্মনেপদাভাবশ্বার্ম ॥> १॥। তৎপদে ইভরক্ত পদে পাংগুরু ব্যক্তে আকর্ষণেন বিবর্ত্তবন্ধ বিষমতাং নয়ন্॥>৮॥ নেতি নেত্যনোক্তবচনং দ্বয়ন্তাবিত্যবাঃ। আয়ং ভাবং—মিথুনস্থেংকে শীশ্রং গচ্ছনী বাত্তিমহর্দেবতা শীশ্রং গচ্ছনীতি লোকদৃষ্টা। পর্যাহ্যযুক্তকে, রাত্তিশ্ব স্মানেনৈবাহং

বংস! বিপুল গমন কবিবাব সময়ে পথে নির্জন বনে দেখিলেন—ছুইটী মামুষ একজনেব হাত অপব জন হাত দিয়া ধবিয়া চক্রেব স্থায় ঘূবিতেছে ॥১৭॥

তাহাদেব মধ্যে একজন নিজেব পদদার। অন্তেব পদে আঘাত করিয়া সম্ব গমন কবিতে লাগিল; কিন্তু অপর জন সেইকপ পারিল না। রাজা! তাহার পব তাহারা ছুইজনে বিবাদ কবিতে লাগিল ॥১৮॥

বাজা! তাহাদেব মধ্যে একজন বলিল—'তুমি সম্ব যাইতেছ ? অপর জন বলিল—'তাহা নহে! এইভাবে তাহারা 'না—না' বলিয়া পরস্পর কলহের বাক্য বলিতে লাগিল ॥১৯॥

তখন তাহার। স্পদ্ধাপূর্বক বিবাদ কবিতে থাকিল; ক্রমে বিপুলকে লক্ষ্য কবিয়া তাহাদের এইকপ শপথ হইল। পরে তাহারা এইবাক্য বলিল ॥২০॥ ভাবয়েরনৃতং প্রাহ যন্ত ভাতৃদ্দ্দ্দ্দ্দ্র বি ।
বিপুলন্ত পরে লোকে যা গতিঃ সা ভবেদিতি ॥২১॥
এতচ্ছ দ্বা চ বিপুলো বিষশ্ববদনোহভবৎ ।
এবং তীব্রতপাশ্চাহং কফশ্চাযং পরিপ্রায়ঃ ॥২২॥
সিথুনস্তান্ত কিং মে স্থাৎ কৃতং পাপং ষণাগতিঃ ।
অনিষ্টা সর্বভ্তানাং কীর্ত্তিতানেন মেহল্ল বৈ ॥২৩॥
এবং সঞ্চিন্তানের বিপুলো রাজসত্তম ।
ভবাগ্মুখো দীনসনা দধ্যে ছফ্কতসাল্মনঃ ॥২৪॥
ততঃ ষড়ন্তান্ পুরুষানক্ষৈঃ কাঞ্চনরাজতৈঃ ।
অপশ্যাদ্দীব্যমানান্ বৈ লোভহ্বান্বিতাংস্তথা ॥২৫॥
কুর্বতঃ শপথং তেন যঃ কৃতো মিথুনেন তু ।
বিপুলং বৈ সমুদ্দিশ্য তেহপি বাক্যমথাক্রবন্ ॥২৬॥ (যুগ্মকম্)

#### ভাবতকোমুদী

আবমোরিতি। আবমোর্যধ্যে, য: অনুভং মিগ্যা, প্রাহ ববীতি, তম্ম বিজ্ঞা বিপুল্ফা পরে লোকে বা গতিনিন্দিষ্টাভূৎ, সাগতির্তবেৎ। ইতি শকো বাক্যসমাপ্তার্থ: ॥২১॥

এতদিতি। বিষশ্লবদনো বিষাদেন মানমুখ:। অবং তপশ্চরণবিষ্যক: পরিপ্রম:, ক্ট: ক্টকরো বর্ত্ততে ॥২২॥

মিথ্নতেতি। মে ময়। অস্ত মিথ্নত সাহ্যহয়ত সহছে কিং পাপং কৃতং ভাং, হথা, অনেন মিথুনেন সর্বস্থানামনিটা মে গতিবস্থ কীৰ্চিতা ॥২৩॥

এবমিতি। আত্মনো হৃষ্কুতং পাপং দধ্যৌ চিস্কুষামান ॥২৪॥

## ভাবতভাবদীপঃ

গচ্ছামি ন শীদ্রমিতি পরিহরতি। এবমূভাবপি সভ্যবাদিনো নার্ভং শপণং চক্রত্রিতি।।১৯— ২১॥ অযং মিপুনক্ত পরিশ্রমঃ কষ্ট ইত্যাধ্যঃ। গতিরনিষ্টেতি সার্দ্ধঃ।।২২—২৪॥ বড্ঋতবো

'ব্রাহ্মণ বিপুলেব পবলোকে যে গতি নিন্দিষ্ট হইযাছে, আমাদেব মধ্যে যিনি মিখ্যা বলিভেছেন, ভাহাব সেই গতি হইবে'॥২১॥

বিপুল এই কথা শুনিয়া বিষাদে মানমুখ হইলেন এবং ভাবিলেন আমি এইরূপ শুক্তব তপস্থা কবিতেছি; ভাহা হইলে কি এই তপস্থা কবাব পবিশ্রম কষ্টমাত্রই হইল ? ॥২২॥

আমি এই মামুষ ছুইটীব সাক্ষাতে কি পাপ কবিলাম ? যে, আজ আমাব সম্বন্ধে সমস্ত প্ৰাণীব অনিষ্ট গতিব কথা ইহারা বলিল' ॥২৩॥

বাজশ্রেষ্ঠ ! বিপুল এইকাপ ভাবিযাই অংশামুখ ও বিষয়চিত হইযা নিজের ছক্ষতিব বিষয় চিন্তা কবিতে লাগিলেন ॥২৪॥ লোভমান্থায় যোহস্মাকং বিষমং কর্ত্তু মুৎসহেৎ।
বিপুলস্থা পরে লোকে যা গতিস্তামবাপ্নু য়াৎ ॥২৭॥
এতচ্ছু ছা তু বিপূলো নাপশ্যদ্ধর্গসঙ্করম্।
জন্মপ্রভৃতি কৌরব্য! কৃতপূর্বমথাত্মনঃ ॥২৮॥
স প্রদধ্যে তথা রাজন্! অগাবাগ্রিরিবাহিতঃ।
দহ্যমানেন মনসা শাপং শ্রুছা তথাবিধম্ ॥২৯॥
তম্ম চিন্তয়তস্তাত! বহ্ব্যো দিননিশা যয়ঃ।
ইদ্যাসীন্মনসি চ ক্লচ্যা রক্ষণকারিতম্ ॥৩০॥

# ভাবতকৌমুদী

ভত ইতি। অকৈ: পাশকৈ:, কাঞ্চনরান্ধতি: স্বর্ণরোপ্যময়ৈ:। দীব্যমানান্ ক্রীডভ:। তেন মিথ্নেন বিপুলং সমৃদ্দিশ্ব য: শপথ: কুড:, ভমেব শপথং কুর্বত: অক্তান্ ষট্পুক্বানপশ্ত-দিতি সম্বন্ধ: ॥২৫—২৬॥

লোভমিতি। লোভং জ্যেন ধনলিপাম, বিষমং নিষমবৈপরীত্যম্ ॥২ १॥ এতদিতি। ধর্মসম্বরং পাপেণ সহ ধর্মস্থা মিশ্রণম্, ॥২৮॥

স ইতি। প্রদধ্যে নিজকর্ম চিন্তবামাদ, অগ্নে নিদাঘোত্তাপে আহিতঃ স্থাপিতঃ, শগধ-শ্রবণেন চিন্তোপ্তাপকঃ সন্। শাপং শগধ্ম ॥২৯॥

তত্তেতি। কচ্যান্তদাপ্যগুরুভাব্যাযা:॥৩০॥

#### ভাবতভাবদীপঃ

দীব্যমানান্ অক্সোন্ত: জেতুমিচ্ছন্ত: বসন্তাদমো হি ব্যাদীন্ সমরাশীনভিসদ্ধায়ামং মদীযোধ্যং মদীয় ইতি বিবদন্তে তেহিপি মতভেদানানুতবাদিন:। মীনাদির্ব্বসন্ত ইতি পক্ষে হি বৃশে। গ্রীমান্তর্গতঃ, মেধাদিপক্ষে বসন্তান্তর্গত ইতি॥২৫—২৯॥ ক্ষতা গুক্ষভ্যার্যায়াঃ॥৩০॥

তাহাব পব বিপুল আবাব দেখিলেন, লোভ ও হর্ষযুক্ত অক্স ছয়টী পুক্ষ স্বর্ণময় ও বৌপ্যময় পাশকদারা খেলা কবিতেছে; পূর্ব্বে সেই মানুষ ছইটী যে শপথ করিয়াছিল, সেই ছয়টী পুক্ষও বিপুলকে লক্ষ্য কবিয়া সেই শপথই কবিতেছে। তাহাবাও এইবাপ বাক্য বলিল ॥২৫—২৬॥

'আমাদের মধ্যে যিনি লোভ অবলম্বন কবিয়া খেলাব নিযমেব বৈপবীত্য করিবার ইচ্ছা কবিবেন; তিনি, পবলোকে বিপুলেব যে গতি হইবে; সেইকপ গতিলাভ কবিবেন ॥২৭॥

কৌরবনন্দন ! বিপুল এই কথা শুনিয়া জন্মাবধি পূর্ববকৃত নিজেব পাপেব সহিত ধর্মের মিশ্রুং দেখিতে পাইলেন না ॥২৮॥

রাজা। বিপুল সেইকপ শপথ শুনিষা গ্রীম্মোন্তাপে স্থাপিত অগ্নিব স্থায দ্বদ্যোত্তাপক স্ট্রয়া সমুগুচিত্তে চিন্ত। কবিতে লাগিলেন ॥২৯॥ লক্ষণং লক্ষণেনৈৰ বদনং বদনেন চ।
বিধায় ন ময়া চোক্তং সত্যমেতদ্ গুরোস্তথা ॥৩১॥
এতদান্থনি কোরব্য !. তুদ্ধতং বিপুলস্তদ।।
অমন্তত মহাভাগ! তথা. তচ্চ ন সংশয়ঃ ॥৩২॥
গ চম্পাং নগরীমেত্য পুষ্পাণি গুরুবে দদৌ।
পুজয়ামাস চ গুরুং বিধিবৎ স গুরুপ্রিয়ঃ ॥৩০॥
তমাগতমভিপ্রেক্য শিষ্যং বাক্যমথাত্রবীৎ।
দেবশর্মা মহাতেজা ষত্তচ্বু জনাধিপ! ॥৩৪॥

(मवगटर्मावाह।

কিং তে বিপুল! দৃষ্টং বৈ তস্মিন্ শিশ্ব। মহাবনে। তে ছাং জানন্তি বিপুল! আত্মা চ রুচিরেব চ ॥৩৫॥

# ভাবতকৌমুদী

লক্ষণমিতি। বিধায় গুৰুতায়া বক্ষিতা ইতি। গুবো: সমীপে ॥৩১॥
এতদিতি। সত্যানভিধানক মিধ্যাভিধানতুল্যম্বাদিতি ভাব: ॥৩২॥
স ইতি। গুরুবে বিবাহেংশবদর্শনার্থং গভায় দেবশর্মণে ॥৩৩॥
ভমিতি। তং বিপুলম্, অভিপ্রেক্য আলক্ষ্য ॥৩৪॥
কিমিতি। তে ঘ্যা। তে বনহা জনাঃ, আত্মা হ্যং ফচিশ্চ আ্বামপি জানম্ভীত্যর্থ: ॥৩৫॥
ভাবতভাবদীপঃ

লক্ষণং শ্বীপুংসয়ে।বসাধারণং চিহ্নম্, বিধায়ৈকীকত্য, পিধাষেতি পাঠেহপি স এবার্থ: ॥৩১—৩०॥

বংস! বিপুল নিজেব চরিত্র চিন্তা কবিতেছিলেন। এমন অবস্থায় বছ-দিন ও বাত্রি সভীভ হইল। পবে একদা কচিকে বক্ষা কবাব বিষয় ভাঁহাব মনে পড়িল ॥৩০॥

'আমি চিহ্নছাবা গুৰুপত্নীৰ চিহ্ন এবং মুখৰারা তাহার মুখ করিযা তাহাকে বক্ষা কবিয়াছিলাম, এই সভ্য বাক্য আমি গুৰুদেবেৰ নিক্ট বলি নাই ॥৩১॥

মহাভাগ! কৌববনন্দন! তখন বিপুল উক্ত সত্য বাক্য 'ন। বলাই' নিজেব পাপ বলিয়া মনে কবিলেন; এবিষয়ে কোন সন্দেহ নাই॥৩২॥

ক্রমে গুরুপ্রিয় বিপুল চম্পানগরীতে যাইয়া ফুলগুলি গুরুকে দিলেন এবং যথাবিধানে তাঁহার পূজা করিলেন ॥৩৩॥

নবনাথ! তখন মহাতেজা দেবশর্মা শিশ্য বিপুলকে আগত দেখিয়া যে বাক্য বলিয়াছিলেন; তাহা তুমি শ্রবণ কব ॥৩৪॥ -

<sup>(</sup>৩৩) শ্লোকাং পরং ' ছিচছারিংশোইণ্যায়:'—বঙ্গ বর্দ্ধ, ' সপ্তসপ্ততিতমোইণ্যায়:'—

# বিপুল উবাচ।

ব্রহ্মর্বে! মিপুনং কিং তৎ কে চ তে পুরুষা বিভো!।
যে মাং জানন্তি তত্ত্বেন যন্মাং স্থং পরিপৃচ্চসি॥৩৬॥
দেবশশ্মোবাচ।

যদৈ তন্মিপুনং ব্রহ্মন্ ! অহোরাত্রং হি বিদ্ধি তং ।
চক্রবং পরিবর্ত্তেত তত্তে জানাতি ত্রহ্মতম্ ॥৩৭॥
যে চ তে পুরুষা, বিপ্রা: অক্ষেদীব্যন্তি হাইবং ।
খাভূংস্তানভিজানীহি তে তে জানন্তি ত্রহ্মতম্ ॥৩৮॥
ন মাং কশ্চিদ্বিজানীত ইতি কৃষা ন বিশ্বনেং ।
নরো বহসি পাপাত্মা পাপকং কর্মা বৈ দ্বিজ্ञ ! ॥৩৯॥
কুর্বাণং হি নরং কর্মা পাপং রহসি সর্বাদা ।
পশ্যন্তি খাতবশ্চাপি তথা দিননিশেহপ্যন্তু ॥৪০॥

## ভাবতকোমুদী

ব্ৰহ্ণেতি। মিথুনং স্থীপুরুষযুগম্, তে বটুপুরুষা: ।৩৬।

ষদিতি। সহক বাজিকেতি সহোরাজন্তম্। পরিবর্ত্তেত মূর্বেত কর্নেত মা

ৰ ইতি। তে ষটুপুক্ষা:, তে তব ।ঞ।

নেতি। বৃহদি নির্জনে, শাপকং কর্ম কুর্বন্ধিতি শেষঃ।৩৯।

क्सानाविछ । मिननित्य मिनवाबी, यह नर्समा 1801

দেবশর্ম। বলিলেন — 'শিশ্ব বিপুল। তুমি কেই মহাবনে কি দেখিলে?' বিপুল। তাঁহাবা তোমাকে, আমাকে ও কচিকে জানেন ॥৩৫॥

বিপুল বলিলেন—'প্ৰভূ বন্ধৰি! সেই স্থ্ৰী ৪ পুৰুষ চুইটা কাহাবা এবং সেই ছয়টা পুৰুষেবাই বা কাহাবা ? যাহাবা যথাৰ্থভাবে আমাকে ভানে এবং আপনি যাহাদেব বিষয় ভিজ্ঞাসা কবিতেছেন' ॥৩৬॥

দেবশর্মা বলিলেন—'ব্রাহ্মণ! সেই যে স্ত্রী ও পুরুষ ছুইটী--ভূমি ভাহাদিগকে বাত্রি ও দিন বলিয়া অবগত হও; তাহাবা চক্রেব স্থায় পরিবর্ত্তিত হয় এবং ভোমাব পাপ ভানে ॥৬৭॥

ৰাহ্মণ! সেই যে ছযটা পুৰুষ মানন্দিতেব স্থায় অক্ষক্ৰীড়া কবিতেছে, তুমি তাহাদিগকে ছযটা অভু বলিয়া অবগত হও; ভাহাবা ভোমার পাপ ভানে ॥৬৮॥

সূত্ৰাং ত্ৰান্ধ। পাপাত্মা মামুষ নির্জনে পাপকর্মা করিতে থাকিয়া 'কেহ আমাকে জানিতেছে না' ইহা ভাবিষা বিশ্বাস কবিবে না ॥৩৯॥ তথৈব হি ভবেয়ুন্তে লোকাঃ পাপকৃতো যথা।
কৃষা নাচক্ষতঃ কর্ম মম তচ্চ যথাকৃতম্ ॥৪১॥
তে ষাং হর্ষাম্বিতং দৃষ্ট্বা গুরোঃ কর্মানিবেদকম্।
স্মারয়স্তপ্তথা প্রান্তন্তে যথা শ্রুতবান্ ভবান্ ॥৪২॥
অহোরাত্রং বিজানাতি ঋতবন্চাপি নিত্যশঃ।
পূরুষে পাপকং কর্ম শুভং বা শুভক্মিণঃ ॥৪৩॥
তত্ত্বয়া মম যৎ কর্মা ব্যভিচারাদ্ভয়াত্মকম্।
নাখ্যাতমিতি জানস্তন্তে স্থামান্তন্তথান্তিজ! ॥৪৪॥

## ভাৰতকোমুদী

তথেতি। পুণ্যং বা পাশং বা কর্ম কথা অনাচক্ষতঃ শুশ্রবোরভিকে অকথয়তে। জনতা, পাপকৃতো জনতা বথা লোকা ভবেষুং, তত্তাপি তথৈব লোকা ভবেষুং। মমাভিকে ছয়া বথা ভচ্চ কৃতম্ ॥৪১॥

ত ইতি। তে মিপুনাদয়: আকুনা কৃতপ্ত কৰ্মণ: স্মনিবেদকমণি স্বাং হ্যান্তিং দৃষ্ট্য তং স্থারমুক্তঃ, তে তব সমীপে তথা প্রাছঃ ক্রান্তি স্, ভবান্ মধা শ্রুতবান্ ॥৪২॥

অহবিতি। শুভং পুণ্যং বা শুভকশ্বিণঃ পুণ্যকৃতঃ ॥৪৩॥

#### ভাবতভাবদীপঃ

তমাগতমিত্যখ্যাবেন পুনোক্তার্থবিবরণপূক্ষকমাখ্যাষিকার্থমৃপসংহরতি ॥৩৪॥ তে তথা ॥৩৫-৪০॥
তথা বধা গুরুপত্নীরক্ষণং কৃতং তথা ন কল্লিতমিতি পাপকৃতো যথা লোকান্তথা তব ভবিশ্বন্তী-

কাবণ, মানুষ নির্জনে পাপকর্ম কবিলেও ঋতু, দিন ও বাত্রি সর্বদাই তাহাকে দেখিতে পায় ॥৪০॥

বিপুল! তুমি কার্য্য কবিষা তাহা যেমন আমাব নিকট বল নাই, সেইবপ কর্ম কবিয়া তাহা জিজ্ঞাত্ম্ব নিকটে যে না বলে, পাপকাবীব যেমন লোক হয়: তাহাবও তেমনই লোক হইয়া থাকে ॥৪১॥

তুমি কাৰ্য্য কৰিয়া ভাহ। গুৰুৰ নিকট জানাও নাই; অথচ গৰ্কে হৰ্ষান্বিত হইয়াছ, ইহা দেখিয়া সেই খ্ৰীপুক্ষ যুগলপ্ৰভৃতি ভোমাকে ভাহা স্মৰণ কৰাইয়া দিবাৰ জন্ম, তুমি যেমন গুনিয়াছ, ভেমন বলিয়াছেন ॥৪২॥

দিন, বাত্তি ও ঋতুসকল পুরুষেব পাপকার্য্য ও পুণ্যকাবীর পুণ্যকার্য্য সর্বদা অবগত হইয়া থাকেন ॥৪৩॥

ব্রাহ্মণ ! ব্যজিচাব করায় ভয়জনক যে কার্য্য ভূমি কবিয়াছ, তাহা ভূমি আমাব নিকট বল নাই; ইহা জানিয়াই সেই স্ত্রীপুরুষযুগলপ্রভৃতি তোমাকে সেইকপ বলিয়াছেন ॥৪৪॥ তেনৈব হি ভবেয়ুস্তে লোকাঃ পাপকৃত্যে যথা।
কৃষা নাচক্ষতঃ কর্মা সম যচ্চ ছয়। কৃতম্ ॥৪৫॥
ছয়াশক্যা চ ছবু ত্ত্যা রক্ষিত্বং প্রমদা দ্বিজ !।
ন চ ছং কৃতবান্ কিঞ্চিদেনঃ প্রীতোহিস্ম তেন তে ॥৪৬॥
যদি ছহং ছাং ছবু তিমদ্রাক্ষং দ্বিজসত্তম !।
শপেযং ছামহং ক্রোধান্ন মেহত্রাস্তি বিচারণা ॥৪৭॥
সজ্জন্তি পুরুষে নার্য্যঃ পুংসাং সোহর্থন্চ পুরুলঃ।
অত্যথারক্ষতঃ শাপোহভবিয়তে মতিশ্চ মে ॥৪৮॥

#### ভাবতকৌমুদী

তদিতি। হে বিজ্ঞ ব্যভিচারাৎ পরস্থীদেহসংসর্গাৎ, ভ্যাত্মকং ভ্যজনকম্ যৎ কর্ম ত্যা কুতসিতি শেষ:, তৎ কন্ম ত্থা মম সমীপে নাখ্যাতমিতি জানন্তত্তে মিধুনাদ্য: তাং তথ। আহ: ॥৪৪॥

তেনেতি। ত্বা মধান্তিকে বচ্চ গোপনং ক্বতম্, তথা কর্ম ক্বতা অনাচক্ষতো জনজ, পাপ-ক্বতো বথা লোকা তবেরু:। তথৈব তেনৈব অনাখ্যানেনৈব হেতুনা, তে লোকা ভবেরু:॥৪৫॥ ত্বতি। হে বিজ্ঞা ত্বা ত্বা প্রহারাদিত্ব্যবহারেণ প্রমদা মধ্যী বক্ষিত্বশক্যা গীৎ ইক্স মহাবলত্বাৎ। অতএব তং তদ্বেগুবেশেনাপি ন কিঞ্চিদেনঃ পাপং ক্বতবান ॥৪৬॥

यमौতি। ত্ব্ বিং রক্ষার্থতাং বিনা সদ্ভাষ্যাদেহসংসর্গরপত্ব্যবহারিণম্ ॥৪ ৭॥

সজ্জীতি। অর্থ: সজ্জনত্বপনিষয়, পূত্তল: পব্যাপ্তঃ। স্বস্তুপ। কটুভাষণাদিন। স্বর্গতো মন্ত্রায়াং বক্ষিত্যশক্ষুব্তঃ। স্তিঃ শাপদানেচ্ছা॥৪৮॥

#### ভাৰতভাৰদীপঃ

ত্যাহ—তথৈবেতি ॥৪১॥ হর্ষস্মিত: হর্ষেণ গব্দিতম্ ॥৪২—৪৪॥ উপসংহারমুখেনাহ—তেনেতি ।

গুরু নিভি । শিক্সো গোপ্রদানে শুকং বর্ষে গ্রহণায় প্রার্থিয়ে। তথা সতি স শিক্সা নিয়তং নিশ্চিত্রনের স্বর্গং গতা এব গোত্যাগং, গোদানক্স নিবিক্সানাং স্ব্যহান্ ধর্মঃ। স্বত্যকা বিশয়ণ্চ আত্যং বেদপ্রতিপাত্মবিধিং সংবিশ,ন্তি অন্ত্যবৃত্তি। অতঃ স্বৃত্যক্তবিদিন।পি গৌর্দেষেডি ভাবঃ গ্রহণ

ইণ্নিতি। ভাষলকং ভাষলকগোৰনিব্যবন্। তথ্য থাং পৰীকা পাত্ৰে গাং দ্বা তাং ভাৰতভাৰদীপঃ

কণ্ডুয়নানিকং কর্তুং ন এতি নাহস্বতি ie ২—৫৩। গবাং সুর্যাব্দ্মিদাম্যান্গোদঃ সুর্যা ইতাহ— প্রাপ্তোতি 128। ৃবিনিং গুর্বাবাননপ্রম্, বিন্যো গোদান ব্যয়ং সংবিশস্থীতি পুণাদৈগুণ্য-

যে লোক সাধু ব্রাহ্মণকে সহস্র, শত, দশ বা পঞ্চসংখ্যক গো উত্তম বংসেব সহিত দান কবে কিংবা একটী গৰুও দান কবে; সেই গরু পবলোকে ভাহাব পুণ্যতীর্থা নদী হয় ॥৫৩॥

পৃথিবীতে গোসকল পবিত্রতা, পৃষ্টি ও বক্ষা কবিয়া সূর্য্য কিবণেব তুল্য হয় এবং এক 'গো' শব্দেই ধেন্ন ও সূর্য্য কিবণ বুঝায়; আব গো হইতে সন্তান ও বহুবিধ উপভোগ হয়; অতএব গোদাতা সূর্য্যেব স্থায় তেজম্বী হইয়া থাকেন ॥৫৪॥

শিষ্য গোদান কবিবাব সময়ে গ্রহণ কবিবার জন্ম গুৰুকে প্রার্থনা কবিবে; তিনি গ্রহণ কবিলে সেই শিষ্য নিশ্চয়ই স্বর্গে যাইয়া থাকে, এই গোদান বিধিজ্ঞ লোকদিগেব পক্ষে গুৰুতব ধর্মজনক। তাবপব স্মৃত্যুক্ত বিধিসকল বেদবিধিবই অনুগামী হয় ॥৫৫॥

ইত্যুক্তোহহং ধর্মরাজং দ্বিজর্মে। ধর্মাজানং শিরসাভিপ্রণম্য। অসুজ্ঞাতন্তেন বৈবস্বতেন প্রত্যাগমং ভগবৎপাদমূলম্ ॥৫০॥ ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামনুশাসন-পর্বাণি দানধর্ম্মে দানধর্মকথনেইউপঞ্চাশভ্রোহধ্যায়ঃ॥০॥ #

## ভাৰতকোমুদী

পাত্রগৃহে প্রাপনেধা: প্রেরনে:। আশংসন্ধি গোদান।দিবর্ষকার্যাসভিলম্ভি। প্রাস্থতে ধর্ম-প্রবৃত্তে ।ধ্যা

ইতীতি। বৈবস্বতেন ব্যেন, ভগবতো ভবতঃ পাদমূলং চবণস্মীপম ।৫ ৭॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসদিকাস্থবাগীশভট্যচার্য্যবিরচিতাযাং
মহাভারতটীকাষাং ভারতকোম্দীসমাপ্যাযামস্থাসনপর্বাণি
দানধর্ষ্থেইপঞ্চাশত্তমোইগ্যায়ঃ ॥ ॥

#### ভাবতভাবদীপঃ

মুক্তম্ । ৫৫। বিজেভ্যদ্রৈবর্টিকেভ্যো ভাষলকং দক্তা সমর্প্য প্রাণযেথা ন তু পোষণমাত্রার্থং প্রাপ-বেখা ইত্যর্থ: ॥৫৬—৫ १॥

> ইতি শ্রীমহাভাবতে অমুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীযে ভারতভাবদীপে অষ্টপধাশত্তমোহধ্যাম: ॥৫৮॥

মুনিকুমাব। বাহ্মণগণকে এই স্থাযলন্ধ গোধন দান কর্ত্তব্য আপনি পাত্রেব গুণ পবীক্ষা পূর্বেক উাহাকে গোদান কবিষা সেই গো উাহাধ গৃহে প্রেবণ কবিবেন। আপনি পুণাশীল ও পুণকার্য্যে প্রবৃতিশালী; স্কুতবাং আমবা দেবভাবা এবং মন্থ্যবা আপনাব নিকট এইরপ ধর্মকার্য্যেব আশা কবিয়া থাকি"॥৫৬॥

ব্দ্ধবি! যম এইকপ বলিলে, আমি মন্ত্ৰদাবা সেই ধৰ্মাত্মা ধৰ্মবাজকে নমস্কাব কবিয়া তাঁহাৰ অনুসতিক্ৰমে আপনাৰ চৰণসমীপে ফিবিয়া আসিয়াছি' ॥৫৭৬

 <sup>&#</sup>x27; अक्मश्रिक्टियांश्यांगः' तक वर्ष, ' यष्टिंवियं इत्यांश्यांगः'—िन ।

# উন্ষষ্টিতমোহধ্যায়ঃ।

<del>---</del>0%0---

যুধিঠির উবাচ।

উক্তং তে গোপ্রদানং বৈ নাচিকেত্যুষিং প্রতি।

মাহাত্ম্যাপি চৈবোক্তমুদ্দেশেন গবাং প্রভো!॥১॥

নৃগেণ চ মহদ্তুঃখমনুভূতং মহাত্মনা।

একাপরাধাদজ্ঞানাৎ পিতামহ! মহামতে!॥২॥

দারবত্যাং যথা চামো নিবিশন্ত্যাং সমুদ্ধৃতঃ।

মোক্ষহেতুরভূৎ কৃষ্ণস্তদপ্যবপ্ধতং ম্যা ॥১॥

কিং ছস্তি ম্য সন্দেহো গবাং লোকং প্রতি প্রভো!।

তত্ত্বতঃ প্রোত্মিচ্ছামি গোদা যত্র বসস্ত্যুত॥।।

ভীয় উবাচ।

অত্রাপ্যদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্। যথাপৃচ্ছৎ পদ্মবোনিমেতদেব শতক্রতুঃ ॥৫॥

## ভাৰতকৌমূদী

উক্তমিতি। তে ত্বা। প্রতি লক্ষ্যীকুতা ॥১॥

মূগেণেতি। নৃগেণ ভদাখ্যেন বাজা। একাপবাধাং প্ৰকীয়গোদানাং ॥২॥

বীরেতি। নিবিশস্তা: দাগবগঠে ডিষ্ঠস্তাম্, অব্যুত্ত: শ্রুতম্ ।আ

কিমিতি। গ্ৰাং লোকং প্ৰতি গোলোক বিষয়ে। গোদাগোদাতাবঃ ॥৪॥

অত্তেতি। পদ্যোনিং ব্লাণ্য্। শতক্ত্বিলঃ ॥ ॥

যুধিষ্ঠিব বলিলেন—'প্ৰভাবশালী পিতামহ। আপনি নাচিকেত মুনিকে লক্ষ্য কবিয়া গোদান বলিলেন এবং গৰুব মাহাস্থ ও বহিলেন ॥১॥

মহামতি পিতামহ ৷ মহাসা নুগৰাজা না জানিয়া একটী অপবাধ কৰিয়া গুৰুতৰ তুঃখ ভোগ কৰিয়াছিলেন ॥২॥

তাবপৰ সমুজগর্ভস্থিত দাবকানগবে সেই নুগৰাজা যে উদ্ধাৰ পাইয়াছিলেন এবং কৃষ্ণই যে তাঁহাৰ মুক্তিৰ হেতু হইয়াছিলেন, ভাহাও আমি শুনিলাম ॥৩॥

কিন্তু প্রভু! গোদাভাবা যেস্থানে বাস কবেন, সেই গোলোকেব বিষয়ে আমাব সন্দেহ আছে; স্মৃতবাং ভাহা আমি যথার্থন্দে শুনিতে ইচ্ছা কবি'॥॥॥

#### শক্ত উবাচ।

স্বর্লোকবাসিনাং লক্ষীমভিভূয স্বযাচিষা।
গোলোকবাসিনঃ পশ্যে বদতাং সংশ্যেহত্ত মে ॥৬॥
কীদৃশা ভগবল্লোকা গবাং তদ্ব্রুহি মেহনঘ!।
যানাবসন্তি দাতার এতদিচ্ছাসি বেদিভূম্॥৭॥
কীদৃশাঃ কিংফলাঃ কিংস্থিৎ পরমন্তত্ত কো গুণঃ।
কথঞ্চ পুরুষান্তত্ত গচ্ছন্তি বিগতজ্বরাঃ॥৮॥
কিয়ৎকালং প্রদানস্ত দাতা চ ফলমশ্বতে।
কথং বহুবিধং দানং স্তাদল্লমপি বা কথম॥২॥

#### ভাবতকোমুদী

ষরিতি। লক্ষীং দৌন্দর্য। দিসম্পদন্। পঞ্চে পঞ্চামি ॥৬॥

কীদৃশা ইভি। প্রাং লোকা গোলোকা:। দাভারো গোদাভার: ॥৭॥

কীদৃশা ইতি। বিগতজরান্তিরোহিতদর্মদন্তাপা: ॥৮॥

किइति । कथर किर श्रकात्रम् ॥ ॥

#### ভাৰতভাবদীপঃ

উক্তমিতি ॥১—৫॥ পশ্চে পশ্চামি ॥৬—৭॥ কো গুণ: স চ কিংস্থিং প্রম: কা জন্মা: প্রা

ভীম বলিলেন—'পূর্বক।লে ইচ্ছ বেন্মাব নিকট এই বিষ্যই যে জিজ্ঞাস। কবিষাছিলেন, সেই প্রাচীন বৃত্তাস্ত এই বিষয়েও পগুতেবা উল্লেখ কবেন' ॥৫॥

ইন্দ্র বলিলেন—'ভগবন্। আমি দেখিতে পাইযে, গোল্যোকবাসী লোকেরা আপন তেজে অশু স্বর্গবাসী লোকদিগেব তেজ অভিভূত করিখা অবস্থান করে; এই বিষয়ে আমাব সন্দেহ আছে, অতএব আপনি তাহার উত্তব বলুন ॥৬॥

ভগবন্ নিষ্পাপ! গোদাতাবা যে লোকে বাস কবেন, সেই গোলোক কি প্রকাব, ইহা আমি জানিতে ইচ্ছা কবি; অতএব আপনি তাহা আমার নিকট বলুন ॥৭॥

সেই গোলোক কিপ্ৰকাব, সেখানে গোলে কি কল হয়; সে স্থানে প্ৰধান গুণই বা কি এবং মানুষ কিপ্ৰকাবেই বা সম্ভাপশৃষ্ট হইয়া সেই স্থানে গমন কবে ? ॥৮॥

দাতা দানেব ফল কতকাল ভোগ কবেন, বছবিধ দান কিপ্রকাব, অল্প দানই বা কিপ্রকাব ? ॥১॥

<sup>(</sup>৬) ব্রজত: সংশয়োহত মে—বৃদ্ধ পি।

বহুবীনাং কীদৃশং দানমল্লানাং বাপি কীদৃশম্।
আদত্ত্বা গোপ্রদাঃ সন্তি কেন বা তচ্চ শংস মে ॥১০॥
কথং বা বহুদাতা স্থাদল্লদাত্রা সমঃ প্রভা !।
আলপ্রদাতা বহুদঃ কথং স্থিৎ স্থাদিহেশ্বর ! ॥১১॥
কীদৃশী দক্ষিণা চৈব গোপ্রদানে বিশিষ্যতে।
এতত্তথ্যেন ভগবন্! মম শংসিতুমইসি ॥১২॥ #

পিতামহ উবাচ।

যোহযং প্রশ্নস্থযা পৃষ্টে। গোপ্রদানাদিকারিতঃ।
নান্তি প্রফাস্থ লোকেহস্মিংস্তভোহস্যো হি শতক্রতো ! ॥১॥
সন্তি নানাবিধা লোকা যাংস্তং শক্র! ন পশ্য দি।
পশ্যামি যানহং লোকানেকপত্মশ্চ যাঃ স্ত্রিয়ঃ॥১৪॥
কর্মাভশ্চাপি সুশুভৈঃ স্বত্রতা ঋষযন্তথা।
সশবীরা হি তান্ যান্তি ব্রাহ্মণাঃ শুভবুদ্ধয়ঃ॥১৫॥

#### ভাবতকোমূদী

বহ্নীনামিতি। বহ্নীনাং গৰাম্। অদৰা গা ইতি শেষ: ॥১০॥
কথমিতি। বহুদো বহুদাভূত্ন্য:। স্থিং প্রশ্নে ॥১১॥
কীদৃশীতি। বিশিশ্বতে প্রশক্তে। শংসিতৃং বকুম্॥১২॥
য ইতি। পৃষ্টা কৃতা, গোপ্রদানাদৌ কারিতো মনসা ॥১৩॥
সন্তীতি। এক: পতির্যাসাং তা:, বা: স্থিয়তাশ্চ বান্ পশ্চন্তি ইতার্থ: ॥১৪॥

বহু গোদান কি প্রকাব, অল্প গোদানই বা কি প্রকাব; মামুষ গোদান না কবিয়াও কি প্রকাবই বা গোদাতা হয়, ভাহাও আপনি আমাব নিকট বলুন ॥১০॥ প্রভু। জগদীশ্ব । বহুদাতা মামুষই বা কি প্রকাবে অল্পাতাব সমান হইয়া

যায়: আবাব অল্পদাতাই বা কি প্রকাবে বহু দাতাব তুল্য হয় ॥১১॥

ভগবন্! গোদানে কিপ্ৰকাব দক্ষিণা প্ৰশস্ত ৈ এই সকল বিষয় আপনি আমাৰ নিকট বলুন' ॥১২॥

ব্ৰহ্মা বলিলেন—'ইন্দ্ৰ! তুমি গোদান বিষয়ে এই যে প্ৰশ্ন কবিলে, তুমি ভিন্ন এই জগতে এই বিষয়েব অন্য প্ৰশ্নকৰ্তা কেহ নাই ॥১৩॥

ইন্দ্র ! তুমি ষে সকল লোক দেখিতে পাও না, সেই প্রকাব নানাবিধ লোক আছে এবং আমি ও সতী স্ত্রীগণ আমবা যে সকল লোক দেখি, তাহাও তুমি দেখিতে পাও না ॥১৪॥

<sup>(</sup>১২) ইতঃ পরং '…ছিনগুতিত্তমোহধ্যায়ः' বন্ধ বর্ছ, ' …সপ্তাধিকশততমোহধ্যায়ः'—নি।

শরীরত্যাসনোকেণ মনসা নির্মালেন চ।
স্থাসূতাংশ্চ তালোঁ কান্ পশুস্তীহাপি স্থাতাঃ ॥ ২৬॥
তে তু লোকাঃ সহস্রাক্ষ ! শূণু যাদৃগ্ গুণাধিতাঃ ।
ন তত্র ক্রমতে কালো ন জরা ন চ পাবকঃ ॥ ১৭॥
তথা নাস্তাশুভং কিঞ্চিন্ন ব্যাধিস্তত্র ন ক্রমঃ ।
যদ্যচ্চ গাবো মনসা তত্মিন্ বাঞ্জি বাসব ! ॥ ১৮॥
তৎ সর্বং প্রাপ্তান্ত্র স্থা মম প্রত্যক্ষদর্শনাৎ ।
কামগাঃ কামচারিণ্যঃ কামাৎ কামাংশ্চ ভুঞ্জতে ॥ ১৯॥ (যুগাক্য)
বাপ্যঃ সরাংদি সরিতে। বিবিবানি বনানি চ।
গৃহাণি পর্বতাংশ্চব যাবদ্দ্রাঞ্চ কিঞ্চন ॥ ২০॥

#### ভাবতকৌমুদী

কর্মভিরিভি। শুভে শুভন্ধনকে ধর্মে বুদ্ধির্ঘেং তে ॥>৫॥
শরীরেভি। শরীরেহণি ভাগো বৈরাগাং তেন যো মোকন্তেন স্বপ্নভূতাং স্বপ্নরূপান্।
ইহ লেংকে স্বত্তাশ্চান্তায্বাদিবতানাং স্কুভাবেন কাবকাঃ ॥>৬॥

ত ইতি। ক্রমতে আক্রামতি, কালো বম:, পাবকো তু ধানল: ॥১৭॥

তথেতি। ক্লমো শ্লানিং। প্রত্যক্ষর্শনাথ মনেষণ্জিরিতি শেবঃ। কামগাঃ পুরুষাঃ, কাম-চারিণ্যঃ থ্রিমন্চ কামাদভিলাষমাত্রাদেব কামানভাষ্টপদার্থান্ ভূপ্পতে ॥১৮—১৯॥ বাপ্য ইতি । বাবং সকলম্। "যাব্ভাবক্ত সাকলাে" ইত্যমরঃ ॥২০॥

#### ভাবতভাবদীপঃ

কাঠেতার্থ: ॥৮—১৫॥ শরীবক্ত ক্তাদ: দমাধিকালে মোক্ষ:, মরণে নির্দাদন মনদা যোগিনো বঙনিষ্ঠ ঋষিবা এবং ধর্মবৃদ্ধি ব্রাহ্মণেবা অভি শুভ কর্মদ্বাবা সম্বীবেই সেই সকল লোকে যাইযা থাকেন ॥১৫॥

ইহলোকে যাঁহাবা স্থৃতাবে ত্ৰত কবেন, তাঁহাবা বৈবাগ্যনিবন্ধন মুক্তি ও নিৰ্মাণ চিত্তেব গুণে স্বপ্নেব তুল্য সেই গোলোক দৰ্শন কবিয়া থাকেন ॥১৬॥

দেববাজ ! সেই গোলোক যাদৃশ গুণসম্পন্ন, তাহা তুমি প্রাবণ কব—দেই লোকে যম কাহাকেও আক্রমণ কবেন না এবং কাহাবও জবা বা কোন ছঃখ-সম্ভাপ হয় না ॥১৭॥

ইন্দ্র। আমি প্রত্যক্ষ দেখিয়া বলিতেছি যে, সেই গোলোকে কোন অমঙ্গল, রোগ বা গ্লানি নাই এবং সেই গোলোকে অধিবাসীবা মনে যাহা যাহা কামনা কবে, সে সমস্তই পাইয়া থাকে; আব সকল পুক্ষই কামচাবী এবং সকল স্ত্রীই কামচাবিশী; ভাহারা ইচ্ছা কবিবামাত্রই সমস্ত অভীষ্ট বস্তু লাভ কবে ॥১৮-১৯॥ মনোজ্ঞং সর্বভূতেভ্যঃ সর্বতন্ত্রং প্রদৃশ্যতে।

ঈদৃশাদ্বিপুলাল্লোকামান্তি লোকস্তথাবিধঃ ॥২১॥

তত্ত্র সর্বসহাঃ ক্ষান্তা বৎস্লা গুরুবর্ত্তিনঃ।

অহঙ্কারৈবিরহিতা যান্তি শক্র ! নরোন্তমাঃ ॥২২॥

যঃ সর্বমাংসানি ন ভক্ষয়তি পুমান্ সদা ভাবিতো ধর্মযুক্তঃ।

মাতাপিত্রোরচিত। সত্যযুক্তঃ শুক্রাষিতা ব্রাহ্মণানামনিন্দ্যঃ ॥২০॥

অক্রোধনো গোয়ু তথা দিজেয়ু ধর্মো রতো গুরুশুক্রাষকন্চ।

যাবজ্জীবং সত্যবুক্তে রতন্চ দানে রতো যঃ ক্ষমী চাপরাধে ॥২৪॥

মৃত্রদান্তো দেবপরায়ণন্চ সর্বাতিথিন্চাপি তথা দয়াবান্।

ঈদৃগ্গুণো মানবস্তং প্রযাতি লোকং গবাং শাশ্বতং চাব্যয়ঞ্চ ॥২৫॥(বিশেষকম্)

## ভাৰতকোমুদী

মনোজমিতি। সর্বভূতেভাঃ সর্বেধামেব প্রাণিনাম্, মনোজ্ঞং সর্ববিজ্ঞান্তত্ত্ব প্রদৃষ্ঠতে। অতএব ঈদৃশাবিপুলাল্লোকাৎ অপরস্তথাবিধাে লোকো নান্তি ॥২১॥

ভত্তেতি। সর্বাং তপংক্লেশং সহস্ত ইভি তে, ক্ষান্তাঃ ক্ষমাশীলাঃ, বংগলাঃ সর্বাদ্তব শ্লেছবন্তঃ, শুরুষু অধীনতরা বর্ত্তন্ত ইভি তে ॥২২॥

ষ ইতি। ভাবো ভগবস্তক্তিরশু সঞ্চাত ইতি ভাবিতঃ। অচিতা দেবক:। পরভাগরাধে ক্মী ক্মাবান্। দান্ত ইন্দ্রিবদমনশীলঃ, সর্ব্ধ এব অতিথবো যশু সঃ। গবাং লোকং গোলকম্, শাখতং প্রবম্, অব্যযমবিনশ্বর্ক ॥২৩—২৫॥

দীর্ঘিকা, সবোৰৰ, নানাবিধ বন, গৃহ, পর্বেভ এবং অক্সাম্য যে কিছু জব্য সেই লোকে আছে ॥২০॥

সেই গোলোকে সমস্ক প্রাণীরই মনোহব সমস্ক পরিচ্ছদ দেখা যায়; অতএব এই প্রকাব বিশাল লোক ভিন্ন তাদৃশ অক্ত লোক নাই ॥২১॥

ইন্দ্র ! সর্বপ্রকাব তপস্থাব ক্লেশসহিষ্ণ্, ক্ষমাশীল, লোকবংসল, গুরুজনের বশবর্তী এবং অহঙ্কাবশৃন্থ উত্তম মন্থুম্বগণই সেইগোলোকে যাইয়া থাকেন ॥২২॥

যে মানুষ সর্বপ্রকাব মাংস ভক্ষণ কবে না, সর্বদা ভগবস্তক্ত, ধাশিক, মাতা ও পিতাব সেবক, সত্যপবায়ণ, ব্রাহ্মণগণেব শুঞাষাকাবী ও অনিন্দনায় হয়; যে লোক গো ও ব্রাহ্মণেব প্রতি ক্রোধ করে না, ধর্মকার্য্যে নিবত থাকে, গুরুজনেব শুঞাষা কবে, যাবজ্জীবন সত্য ব্যবহারে প্রবৃত্ত ও দানে নিরত থাকে এবং কেহ অপবাধ কবিলেও তাহার উপবে ক্ষমা কবে; আব যে লোক কোমলস্বভাব, জিতেক্রিয়, দেবতাপবাষণ, দয়ালু ও সর্ব্বপ্রকার অতিথিসেবক হয়, সেই প্রকার মানুষই গ্রুব ও নিত্য সেই গোলোকে গমন করে ॥২৩—২৫॥

ন পারদারী পশ্যতি লোকমেতং ন বৈ গুরুদ্মো ন ম্যাসম্প্রলাপী।
সদা প্রবাদী ব্রাহ্মণেম্বান্তবৈরো দোষৈরৈতৈর্য চুরাত্মা ॥২৬॥
ন মিত্রপ্রস্কৃতিকঃ কৃতত্মঃ শঠোংনৃজ্র্থ র্মবিদ্বেষকশ্চ।
ন ব্রহ্মহা মনসাপি প্রপশ্যেদ্গবাং লোকং পুণ্যকৃতাং নিবাসম্ ॥২৭॥

এততে সর্বমাখ্যাতং নিপুণেন স্থরেশ্বর।।
গোপ্রদানরতানান্ত ফলং শৃণু শতক্রতো।॥২৮॥
দায়াগুলবৈরথির্যো গাঃ ক্রীত্বা সম্প্রয়ছতি।
ধর্মাচ্ছিতধনৈঃ ক্রীতান্ স লোকানাপ্ন তেহক্ষরান্॥২৯॥
যো বৈ দ্যুতে ধনং জিত্বা গাঃ ক্রীত্বা সম্প্রয়ছতি।
স দিব্যমযুতং শক্র। বর্ষাণাং ফলমশ্বুতে॥৩০॥
দায়াগ্যাঃ স চ বৈ গাবো স্থাযপূর্বৈরুপার্ছিছতাঃ।
প্রদেগ্যান্তাঃ প্রদাতৃণাং সম্ভবন্তাপি চ প্রবাঃ॥৩১॥

#### ভাবতকোমুদী

নেতি। মুবাসপ্রকাপী মিধ্যাবাদী। প্রবাদী বৃহতাধী, আত্মবৈর: শক্রতাপন্ন: ॥২৬॥
নেতি। মিত্রপ্রক্ মিত্রপ্রেছী, নৈক্ষতিকশ্হলকারী, অনৃজ্: কুটন: ॥২৭॥
এতদিতি। নিপুণেন ভাবেন ॥২৮॥
দাবেতি। দান্নাভানি পৈতৃকাদীনি প্রতিগ্রহাদিনা লকানি চ তৈ: ॥২৯॥
ব ইতি। দিব্যং স্বর্গীবং দেবপরিমাণেন পরিমিত্যিত্যর্থ: ॥৩০॥

পরদারগামী, শুরুব অনিষ্টকারী, মিখ্যাবাদী, সর্বদা বহভাষী, বাহ্মণের শত্রুতাকাবী এবং যে ছ্বাত্মা চৌর্য্যাদি দোষযুক্ত, তাহাবা এই গোলোক দর্শন করিতে পাবে না ॥২৬॥

মিজজোহী, বঞ্চক, কৃতন্ত্ৰ, শঠ, কুটিলধর্মছেষী ও ব্রহ্মহত্যাকাবী সামুষ মনোদ্বাবা ও পুণ্যবানদিগেব বাসস্থান গোলোক দর্শন কবিতে সমর্থ হয় না ॥২৭॥ দেববাজ। এই আমি ভোমাব নিকট নিপুণভাবে সমস্ত বলিলাম। ইন্দ্র। এখন গোদাননিবত লোকদিগেব ফল প্রবণ কব ॥২৮॥

যে লোক পৈতৃক ধন বা স্থায়লব্ধ ধনদাবা ক্রয় কবিয়া গোদান করে কিংবা স্থায়ার্জিত ধনদারা ক্রীত অস্থাস্থ জব্য বিতৰণ করে, স্টে লোক অক্ষয গোলোক লাভ কবিয়া থাকে ॥২৯॥

ইন্দ্র । যে মাহ্য দ্যুতক্রীড়াষ ধন জয় কবিয়া তাহাদ্বাবা ক্রয়পূর্বক গো দান কবে, সে লোকও দেবপরিমাণে দশ সহস্র বংসর তাহার ফল ভোগ কবে ॥৩০॥ প্রতিগৃহ্য তু যো দত্যাদ্গাঃ সংশুদ্ধেন চেতসা।
তত্যাপীহাক্ষযাল্লে কান্ প্রবান্ বিদ্ধি শচীপতে! ॥৩২॥
জন্মপ্রভৃতি সত্যক্ষ যো জ্যাদ্মিয়তেন্দ্রিয়ঃ।
গুরুদ্ধিজসহঃ ক্ষান্তস্তত্য গোভিঃ সমা গতিঃ ॥৩৩॥
ন জাতু ত্রাক্ষণো বাচ্যো যদবাচ্যং শচীপতে!।
মনসা গোষু ন ক্রন্থেদ্ গোর্ডির্গোহ্মুকল্পকঃ ॥৩৪॥
সত্যে চ ধর্ম্মে নিরতস্তত্য শক্র । ফলং শৃগু।
গোদহত্রেণ সমিতা তত্য ধেমুর্ভবত্যুত॥৩৫॥

#### ভাবতকোমুদী

দাযাভা ইতি। দাযাভাঃ পিতৃতঃ প্রাপ্তপ্রভৃতীঃ, ভাষপূর্বৈরূপাগৈঃ উপার্চ্ছিতা বা, গাবো গার্হ প্রদভাৎ। তাক্ত গাবঃ প্রদাতুণাং ধ্রুবা নিশ্চিতফ্লদাঃ সম্ভবস্থি ॥৩১॥

প্রতীতি। লোকান্ স্বর্গান্, বিদ্ধি জানীহি ॥৩২।

জনেতি। গুকং দিগান্ ব্ৰাদ্যনাংশ্চ সহতে আক্রোশতোহপি ক্ষমত ইতি সঃ, গোভি-র্গোদাতৃতিঃ ॥৩০॥

নেতি। গোরিব বৃত্তি: স্বযং গ্রহণং বস্তু সং, গ্রাষ্ অন্ত্রক্ত খাভূপানীয়াদীনাং সংগ্রাহক: ১৩১॥

ৰভা ইতি। একাপি দেহঃ গোদহত্ৰেণ দমিতা তুল্যা ।৩৫।

#### ভাবতভাবদীপঃ

ভাবে মোকে চ ার্নোকান্পশুস্থি॥১৬—২৬॥ নৈক্তিকো বঞ্চঃ, শঠঃ সমর্থোহপি দারিদ্রাভাষী। ।২৭—২২॥ গুরুণাং দিছানাং বাপবাবং সহতে ইতি গুক্ষিল্লসহঃ ।৩০॥ গোর্ত্তিরসংগ্রহপরঃ

মানুষ পৈক্তৃক বা স্থাযানুসাবে অৰ্জিড গোসকল দান কবিবে; ডাহা হইলে সেই গোসকল দাভাদেব নিশ্চিত ফলজনক হয় ॥৩১॥

দেববাজ। যে সামুষ প্রতিগ্রহ কবিষা বিশুদ্ধ চিত্তে গোদান করে, ভাহাবও সক্ষম ও নিশ্চিত স্বর্গদকল হয জানিবে ॥৩২॥

যে লোক জন্মাববি জিভেন্দ্রিয় হট্যা সভ্য বলে, গুক ও ব্রাহ্মণগণকে সহ কবে এবং ক্ষমাশীল হয়, ভাহাব গোদাভাদেব সমান গভি হট্যা থাকে॥৩৩॥

ইন্দ্র মানুষ কখন ৪ যাগা বক্তব্য নহে, ভাগা প্রাহ্মণকে বলিবে না ; মনে মনেও গকব অপকাব কবিবে না, গকব স্থায় নিছেই খাল সংগ্রহ কবিবে এবং গকব খাল ও পানীয় দিতে থাকিবে ॥৩৪॥

ইন্দ্ৰ । যে লোক সভ্যে ও ধর্মে নিবত থাকে, ভাহাব ফল **শ্রবণ কব**; ভাহাব একটা ধেনুও সহস্র ধেনুব তুল্য হয় ॥৩৫॥ ক্ষত্তিযক্ত গুণৈরেতৈরপি তুল্যফলং শৃণু।
তক্তাপি দ্বিজ্বল্যা গোর্ভবতীতি বিনিশ্চয়ঃ ॥৩৬॥
বৈশ্যক্তিতে যদি গুণাস্তক্ত পঞ্চশতং ভবেৎ।
শূদ্রক্তাপি বিনীতক্ত চতুর্ভাগং ফলং স্মৃতম্ ॥৩ ॥
এতকৈনং যোহমুতিষ্ঠেত যুক্তঃ সত্যে রতো গুরুগুশ্রুষয়া চ।
দক্ষঃ ক্ষান্তো দেবতার্থী প্রশান্তঃ শুচির্ছা ধর্মশীলোহনহংবাক্ ॥৩৮॥
মহৎ ফলং প্রাপ্যতে সদ্দ্রিজায় দত্তা দোগ্ খ্রীং বিধিনানেন ধেমুম্।
নিত্যং দত্তাদেকভক্তং সদা চ সত্যেন্থিতো গুরুগুশ্রুষিতা চ ॥৩৯॥ (যুগাকম্)
বেদাধ্যায়ী গোষু যো ভক্তিমাংশ্চ নিত্যং দৃষ্ট্রী যোহভিনন্দেত গাশ্চ।
আজাতিতো যশ্চ গবাং নমেত ইদং ফলং শক্ত । নিবোধ তক্তা ॥৭০॥

#### ভাবতকৌমূদী

ক্রিয়াক্ত । এতৈ: সভ্যাদিভি:। একাপি গৌ:, বিশ্বত্ন্য। বাল্লণক্ষেব গোসহস্রমা । ১৬। বৈশ্বক্তে । পঞ্চতম্ একাপি গৌ: পঞ্চতগোত্ন্যা। চতুর্ভাগং পঞ্বিংশভ্যধিক-শভগোদানতুল্যম্ ॥৩৭॥

এতদিতি। যুক্ত একাগ্রচিত্তঃ। দেবতার্থী দেবভক্তঃ, বুদ্ধো জ্ঞানবান্ অনহংবাক্ বাক্যে-নাগর্ককারী। সন্ধিজাঘ সাধুরান্ধণাম, দোগ্রীং বছক্ষীরাম্ ॥৩৮—৩৯॥

বেদেতি। অভিনন্দেত আ্রিয়েত। আঞ্চাতিতো জন্মাবণিঃ ॥৪•॥

এই সকল গুণ থাকিলে ক্ষত্রিয়েবও ব্রাহ্মণের সমান ফল হয় ইহা শ্রবণ কব অর্থাং পুর্বেবাক্ত গুণ সকল থাকিলে ক্ষত্রিয়েবও একটা গক সহস্র গরুব সমান হয় ইহা নিশ্চয় ১৩৬।

বৈশ্যেব যদি এই সকল গুণ থাকে, ভাহা হইলে ভাহাব একটা গৰু অন্তেব গাঁচশত গৰুব সমান হইবে এবং শিক্ষিত শুদ্রেবও উক্ত গুণগুলি থাকিলে, ভাহাবও একটি গৰু অন্তেব একশত পঁচিশটা গৰুব সমান ফল উৎপাদন কবে ॥৩৭॥

সভ্যে নিবভ, গুৰুগুঞাষাপবায়ণ, কাৰ্য্যদক্ষ, ক্ষমাশীল, দেবভক্ত, শাস্তুচিন্ত, পবিত্ৰ, জ্ঞানবান, ধাৰ্শ্মিক ও অহস্বাবশৃষ্ম যে মানুষ একাগ্ৰচিন্ত হইয়া এই চারে এই দানকার্য্যের এই অনুষ্ঠান করেন এবং এই বিধানে সদ্বাক্ষণকে চ্গ্মবভী একটী ধেনুদান করেন, ভিনি গুৰুভব ফল প্রাপ্ত হন, অভএব সভ্যপবায়ণ ও গুৰুগুঞাষাকারী মানুষ সর্বদা ভক্তিযুক্ত হইয়া প্রভাহ দান কবিবেন ॥৩৮—৩৯॥

ইন্দ্র ! যে লোক বেদ অধ্যয়ন কবেন ও গরুব উপরে ভক্তি কবিয়া থাকেন, যে লোক গৰু দেখিয়াই তাহাব অভিনন্দন কবেন এবং যে লোক জ্মাবিধি গরুকে নমস্কাব কবেন, তাঁহাবই এই ফল হয় জানিবে ॥৪০॥ যৎ স্থাদিন্ট্বা রাজসূয়ে ফলস্ত যৎ স্থাদিন্ট্বা বহুনা কাঞ্চনেন।
এতন্ত ল্যাং ফলমপ্যাহুরগ্রাং সর্বের সন্তস্তর্ধয়ো যে চ সিদ্ধাঃ ॥৪১॥
যোহগ্রাং ভক্তং কিঞ্চিদপ্রাশ্য দ্যাদ্গোভ্যো নিত্যং গোব্রতী সত্যবাদী।
শান্তোহলুকো গোসহস্রস্থ পুণ্যং সংবৎসরেণাপ্লু য়াৎ সত্যশীলঃ ॥৪২॥

যদেকভক্তমশ্লীয়াদগোদেকং গবাঞ্চ যৎ।
দশবর্ষাণ্যনন্তানি গোব্রতী গোহতুকম্পকঃ ॥৪০॥
একেনৈব চ ভক্তেন যঃ ক্রীত্বা গাং প্রয়ন্ততি।
যাবন্তি তস্থা রোমাণি সম্ভবন্তি শতক্রতো! ॥৪৪॥
তাবৎ প্রদানাৎ স গবাং ফলমাপ্লোতি শাশ্বতম্।
ভাক্ষণস্থ ফলং হীদং ক্ষত্রিয়ন্ত তু বৈ শৃণু ॥৪৫॥ (যুগ্মকম্)

#### ভাবতকোমুদী

বদিতি। ইট্রা দেবান্ পৃঞ্দিখা। সম্ভ: পণ্ডিভা: ॥৪১॥

ৰ ইতি। বো জন: কিঞ্চিৎ অগ্ৰ্যামৃত্তমমণি ভক্তমন্নং অপ্ৰাশ্ত অভূজ্বা গোভ্যো দ্যাৎ খান্তং পানীয়ঞ্চেতি শেবঃ। গোসহস্ৰশ্ৰ গোসহস্ৰদানত ॥৪২॥

বিণিতি। যদ্ভূতং বো জন ইত্যৰ্থ:, একভক্তম্ একবারমন্নমন্দীয়াৎ , যচ্চ গ্রামেক্ম একাং গাং দভাৎ, যশ্চ গোৱতী গোসেবক:, যশ্চ গবি অন্তক্ষপকো দ্যাবান্, স দশবর্ষাণি যাবং অনস্তানি স্বৰ্গস্থানি লভত ইতি শেষঃ ॥৪৩॥

একেনেতি। যো জনঃ, একেনৈব ভজেন একভজত্রতেন। গবাং প্রদানাৎ তাবং ফলম্ 188—8৫।

বাজস্থায়তে যে ফল হয় কিংবা বহু স্বর্ণব্যয়ে যজ্ঞ কবিয়া যে ফল লাভ করা যায়, উক্তকপে গোসেবা কবিলে তাহাব তুল্য উত্তম ফল হইয়া থাকে; ইহা পণ্ডিতগণ, ঋষিগণ এবং যাঁহাবা সিদ্ধপুক্ষ, তাহাবা বলেন ॥৪১॥

গোসেবী ও সত্যবাদী যে লোক কোন উত্তম অন্নও ভোজন না কৰিয়া প্রত্যহ গোদিগকে খান্ত ও পানীয় দান কবে, সেই শাস্ত, অলোভী ও সত্য-স্বভাব লোক এক বংসরে সহস্র গোদানেব পুণ্য লাভ কৰিয়া থাকে ॥৪২॥

যে মামুষ প্রত্যহ একবাব অন্ন ভোজন কবে, যে লোক একটী গব্দ দান করে, যে লোক গোসেবা কবে এবং যে লোক গরুব প্রতি দয়া করে, তাহারা সকলেই দশ বংসব যাবং অনস্ত স্বর্গস্থ লাভ কবিয়া থাকে ॥৪৩॥

ইস্ত্র ! যে মানুষ গক কিনিয়া একাহাবে থাকিয়া সেই গকদান কবে ; সেই লোক—সেই গকব যত লোম থাকে, তত ফল লাভ কবে । এই ফল ব্রাহ্মণেব । ক্ষত্রিয়ের ফল শ্রবণ কব ॥৪৪—৪৫॥ পঞ্চবার্ষিকমেবং তু ক্ষত্রিয়স্ত ফলং স্মৃত্য ।
ততোহর্দ্ধেন তু বৈশ্যস্ত শুদ্ধা বৈশ্যদ্ধিতঃ স্মৃতঃ ॥৪৬॥
যশ্চাত্মবিক্রযং কৃষা গাঃ ক্রীষা সম্প্রয়ক্ষতি ।
যাবৎ সন্দর্শবেদ্গাং বৈ স তাবৎ ফলমগুতে ।
রোম্ণি রোম্ণি মহাভাগ ! লে।কাশ্চাস্তাক্ষয়ঃ স্মৃতাঃ ॥৪৭॥
সংগ্রামেম্বর্জ্জয়িষ্বা তু যো বৈ গাঃ সংপ্রয়ক্ষতি ।
আত্মবিক্রয়তুল্যাস্তাঃ শাশ্বতা বিদ্ধি কৌশিক । ॥৪৮॥
অভাবে যো গবাং দন্তাভিলধেকুং যতত্রতঃ ।
তুর্গাৎ স তারিতো ধেয়া ক্ষীরনন্তাং প্রমোদতে ॥৪৯॥
ন স্বোসাং দানমাত্রং প্রশস্তং পাত্রং কালো গোবিশেষো বিধিশ্চ ।
কালজ্ঞানং বিপ্রগবান্তরং হি তুঃখং জ্ঞাতুং পাবকাদিত্যভূতম্ ॥৫০॥

#### ভাৰতকৌমূদী

পঞ্চেতি। বৈশ্বাদ্ধত: ফলবান্॥৪৬॥

य ইতি। গাং সন্দর্শযেৎ বিধাতা, পৃথিব্যাং যাবদ্গোতিঠেদিতার্থ:। বট্পাদ: শ্লোক: ॥৪ १॥ সংগ্রামেদিতি। আত্মবিক্রযত্ন্যা আত্মবিক্রযকীতগোসমানা:॥৪৮॥

অভাব ইতি। তিলধেয়ং ধেয়াকারস্থিততিলরাশিমিতি মহান্ত:, ম্বতধেয়জলধেয়ােরলি ভবৈধার্থসন্তবাং। পদ্মপুরাণে তু পারিভাষিকী তিলধেয়রভিহিতা।।৪৯॥

নেতি। আসাং গ্রাম্। বিপ্রগ্রান্তরং বিশেষেণ প্রকর্ষেণ চ গোভেদঃ, পাবকাদিত্যভূতম্ অন্নিস্থ্যতুল্যতেজ্বি পাত্রম্, জাতুং ছঃবং ছ্ছরম্।।৫০।।

ক্ষত্রিয়েব ফল পঞ্চবর্ষব্যাপী, বৈশ্রেব ফল ভাহার অর্দ্ধ এবং শৃত্তেব ফল ভাহারও অর্দ্ধ ॥৪৬॥

যে লোক আত্মবিক্রেয় কবিয়া গৰু কিনিয়া তাহা দান করে, সে লোক— যতকাল পৃথিবীতে গরু থাকে, ততকাল সেই ফল ভোগ কবে। আব মহাভাগ ইন্দ্র । সেই গরুব প্রত্যেক লোমকূপে তাহাব অক্ষয় স্বর্গসকল থাকে ॥৪৭॥

যে মানুষ যুদ্ধে গরু অর্জন কবিয়া তাহা দান কবে, সেই গক আত্মবিক্রয়-লব্ধ গরুব তুল্য নিত্য ফল উৎপাদন কবে জানিবে ॥৪৮॥

যে লোক ধেমুব অভাবে নিয়মনিষ্ঠ হইয়া তিলধেমু দান করে, সেই লোক সেই ধনুদানেব ফলে তুর্গম নবক হউতে উত্তীর্ণ হইয়া, ক্ষীবনদীতে আনন্দ অমুভব কবে ॥৪৯॥

গোদানমাত্রই প্রশস্ত নহে , কিন্তু তাহাব পাত্র, কাল, গোবিশেষ ও বিধি-গ্রহণ কবিতে হয়। কাল, গোবিশেষ এবং অগ্নি ও সূর্য্যেব ভূল্য ভেজস্বী পাত্র জানা স্ক্রন ॥৫০॥ স্বাধ্যায়াত্যং শুদ্ধযোনিং প্রশান্তং বৈতানস্থং পাপভীরুং বহুজ্ঞম্।
গোরু ক্ষান্তং নাতিতীক্ষ্ণং শরণ্যং বৃত্তিপ্রানং তাদৃশং পাত্রমাহুঃ ॥৫১॥
বৃত্তিপ্রানে সীদতি চাতিমাত্রং কৃষ্যর্থে বা হোম্যহেতোঃ প্রসূতেঃ।
গুর্বর্থং বা বালসংবৃদ্ধযে বা ধেনুং দছাদ্দেশকালে বিশিষ্টে ॥৫২॥
অন্তর্জাতাঃ সক্রয়জ্ঞানলক্ষাঃ প্রাণঃ ক্রীতান্তেজসা যোতকাশ্চ।
কুচ্চ্যোৎস্টাঃ পোষণাভ্যাগতাশ্চ ছারেরেতৈর্গোবিশেষা প্রশন্তাঃ॥৫০॥
বলান্থিতাঃ শীলবয়োপপন্নাঃ সর্বাঃ প্রশংসন্তি স্থগদ্ধবত্যঃ।
যথা হি গঙ্গা সরিতাং বরিষ্ঠা তথার্জ্জ্ননীনাং কপিলা বরিষ্ঠা॥१৪॥

## ভারতকৌমূদী

ষেতি। স্বাধান্যং বেদপাঠান্বিতম্। বৈতানস্থং শ্রেভিহোমকারিণম্, ক্ষান্তং ক্ষমাবন্তম্, শরণ্যং গোরক্ষকম্, বৃত্ত্যা ষাজনাদিনা মানং দারিদ্র্যানপগমাদবসন্নম্, তাদৃশং পূর্ব্বোক্তগুণমূক্তং ব্রাহ্মণম্ ৪৫১॥

বৃত্তীতি। অতিমাত্রং সীদতি ধনাভাবেনাবদরে, হৌম্যহেতোর্হোম্পাধনম্বতনিমিত্তম প্রস্তেরপত্যঙ্গনক্যাঃ পানার্থম্ ॥৫২॥

অন্তরিতি। অন্তর্গর্ভে কাত্মপত্যং বাসাং তাং, ক্রেবণ সহেতি সক্রমং যদ্ধ্রানং পাণ্ডিত্যং তেন লক্ষাং, প্রাণেঃ প্রাণরক্ষণৈঃ তেজ্বদা বলেন চ ক্রীতাঃ প্রাপ্তাঃ যৌতকা বিবাহকালে সম্ভব্য-দিছ্যো লক্ষাং, ক্লেন্ড্রণ পালনকট্টেন উৎস্টাঃ স্বামিনা হ্যক্তাং পোষণায় আত্মভর্নাযাভ্যাগতাক গোবিশেষাং, এতৈরস্কর্জাতম্বাদিভিঃ, দ্বাবৈঃ কার্যনাঃ প্রশন্তাঃ ॥৫৩॥

বলেতি। শীলেন ব্যসা চোপপন্না:। ব্যস: সলোপ আর্থ:। স্থগন্ধব্ডা: শরীরসৌরভব্তী: অর্জুনীনাং গ্রাম্। "অর্জুন্মন্তেক।" ইত্যমন্ত:।।৫৪॥

বেদপাঠী, নির্দ্দোষ বংশোৎপন্ন, শান্তস্বভাব, বেদবিহিত হোমকাবী, বছ-দর্শী, গোসমূহেব প্রতি ক্ষমাশীল, অনতিভীক্ষ্ণ, গোবক্ষক ও যাজনাদি বৃত্তিদ্বারা অবসন্ন সেই প্রকাব ব্রাক্ষণকেই মুনিবা পাত্র বলেন ॥৫১॥

বৃত্তিগ্নান ও অত্যন্ত অবসন্ধ বাক্ষণকে বিশুদ্ধ দেশে ও কালে গোদান করিবে কিংবা কৃষিকার্য্যেব জন্ম, হোমেব নিমিত্ত, সন্তানজননীব পোষণার্থ, গুরুদক্ষিণাব নিমিত্ত অথবা শিশুপোষণেব জন্ম বিশুদ্ধ দেশে ও কালে ধেমুদান করিবে ॥৫২॥

গর্ভবভী, ক্রয়লব্ধা, পাণ্ডিভ্যপ্রাপ্তা, প্রাণবক্ষা করায় বা বলপ্রকাশে লব্ধা, যৌতুকভাবে প্রাপ্তা, পালনে কষ্ট হয় বলিয়া স্বামিকর্তৃক পবিভ্যক্তা অববা আত্মপোষণেব জন্ম আগভা ধেনু এই সকল কারণে দানে প্রশস্তা ॥৫৩॥

বলবতী, সুশীলা, বয়স্থা ও সৌরভযুক্তা সমস্ত গরুকেই মুনিরা প্রশংসা

তিন্দ্রো রাত্রীস্বৃদ্ধিরুপোয় ভূমো ভূপা গাবন্তর্গিতেভাঃ প্রদেখাঃ।
বহুদেং পুর্টেঃ ক্ষারপেঃ মুপ্রচারাস্ত্র্যহং দত্ত্বা গোরদৈর্বর্ত্তিতব্যম্ ॥৫৫॥
দত্ত্বা ধেকুং মুব্রতাং সাধুদোহাং কল্যাণবংসামপলাযিনীঞ্চ।
যাবন্তি রোমাণি ভবন্তি তন্সান্তাবন্তি বর্ষাণি ভবন্ত্যমূত্র ॥৫৬॥
তথানভাহং ব্রাক্ষণায় প্রদায় ধূর্য্যং যুবানং বলিনং বিনীতম্।
হলস্থ বোঢ়ারমনন্তবীর্য্যং প্রাপ্রোতি লোকান্ দশধেমুদস্থ ॥৫৭॥
কান্তারে ব্রাক্ষণান্ গাশ্চ যঃ পরিত্রাতি কৌশিক।।
কান্তারে ব্রাক্ষণান্ গাশ্চ যঃ পরিত্রাতি কৌশিক।।
কান্তার বিপ্রমুচ্যেত তন্ত্র পুণ্যফলং শৃণু ॥৫৮॥

ভাবতকৌমুদী

তিম ইতি। অন্তির্জনৈর্জনমাত্রপানৈং, তিম্রো রাত্রীকপোয় ভূমো শবিতেন জনেন, ভোলনাদিনা তর্গিতেভ্যো ব্রাহ্মণেভ্যঃ, ক্ষীরপৈঃ পুষ্টেঃ বংলৈঃ সহ, স্থপ্রচারান্ত্রপাচ্চ গাবঃ প্রদেষাঃ। দলা চ ত্রাহং গোরনৈর্গোত্রস্কমাত্রপানৈর্বর্ভিত্যাং স্থাতব্যম।।৫৫॥

দৰেতি। স্বতাং স্থালাম্, সাধ্নিক্ষংপাডো দোহো দোহনং ৰক্ষান্তাম্, কল্যাণঃ পুটো বংসো ৰক্ষান্তাম্। অমৃত্ৰ বৰ্গে স্থিতা ভৰম্ভি ॥৫৬॥

তথেতি। অনজ্বাহং বৃষম্, ধূর্বাং ভারবহনক্ষমম্, বিনীতম্ অচঞ্লম্। দশধেহদক্ত দশধেহদাতুঃ, লোকান্ বর্গান্ প্রাপ্তোতি ॥৫ ৭।

কান্তার ইতি। কান্তারে মহারণ্যে ফুর্গমপথে বা পরিত্রাতি পরিত্রায়তে। বিপ্রমূচ্যেড পাপাৎ ॥৫৮॥

কবেন, ভাবপবে আবাব নদীব সধ্যে যেমন গঙ্গা শ্রেষ্ঠা, তেমন ধেমুব মধ্যে কপিলা শ্রেষ্ঠা ॥৫৪॥

মামুষ তিন দিন যাবং কেবল জলপান ও ভূতলে শয়ন করিয়া থাকিয়া ছ্মপায়ী ছাষ্টপুষ্ট বংসেব সহিত তৃপ্তা ও স্থাও বিচৰণসমৰ্থা ধেলু ভৃপ্তিযুক্ত বাহ্মণকে দান কবিবে, ভাৰপৰ আবাৰ তিন দিন যাবং কেবল ছ্মপান কৰিয়া থাকিবে ॥৫৫॥

সুশীলা, সুখদোহনা, পুষ্টবংসা ও অপলায়িনী ধেরুদান কবিযা—ভাহাব গাত্রে যত লোম থাকে, তত বংসব মানুষ স্বর্গে বাস কবে ॥৫৬॥

আব ভাববহনযোগ্য, যুব্ক, বলবান, বিন্ধী, হলবাহী ও অসীম শক্তি বুষ ব্ৰাহ্মণকে দান কবিয়া মামুষ দশ ধেমু দাতাৰ স্বৰ্গ লাভ কবে ॥৫৭॥

ইন্দ্ৰ! যে লোক মহারণ্যে বা তুর্গমস্থানে গোও ব্রাহ্মণকে বক্ষা করে, সেই লোক তৎক্ষণাৎ সমস্ত পাপ হইতে মুক্ত হয় এবং তাহাব পুণ্যফল প্রবণ কব ॥৫৮॥ অশ্যেধক্ততোস্তল্যং ফলং ভবতি শাশ্বতম্।
মৃত্যুকালে সহস্রাক্ষ! যাং বৃত্তিমনুকাক্ষতে ॥ १ ৯॥
লোকনি বহুবিধান্ দিব্যান্ যচ্চাম্ম হৃদি বর্ত্ততে।
তৎ সর্বাং সমবাপ্নোতি কর্মণানেন মানবং ॥ ৬০॥ (যুগ্যকম্)
গোভিশ্চ সমনুজ্ঞাতঃ সর্বত্ত চ মহীয়তে।
যন্ত্রেতেনৈব কর্মেন গাং বনেমনুগচ্ছতি ॥ ৬ ১॥
তৃণগোময়পর্ণাশী নিস্পৃহো নিয়তঃ শুচিঃ।
অকামং তেন বস্তব্যং মুদিতেন শতক্ততো!।

মম লোকে স্থারেঃ দার্দ্ধং লোকে যত্রাপি চেচ্ছতি ॥ ১২॥ (যুগাকম্) \*
ইস্ত উবাচ।

জানন্ যো গামপহরে বিক্রীয়াচ্চার্থকারণাৎ। এত বিজ্ঞাতু মিচ্ছামি ক মু তম্ম গতির্ভবেৎ॥৬০॥

# ভারতকোমূদী

অবেতি। বৃত্তিং স্থিতিম্। অনেন গোত্রান্ধণরক্ষণেন ॥৫৯—৬০॥
গোভিরিতি। দর্বত্র স্বর্গে, মহীয়তে দ মানবঃ অবতিষ্ঠতে। অকামস্থগচ্ছতীতি দম্ব:।
মম লোকে ব্রন্ধলোকে। বট্পাদঃ শ্লোকঃ ॥৬১—৬২॥
স্থানপ্রিতি। স্থাননু পরকীয়ত্বেন, বিক্রীয়াৎ বিক্রীণীয়াৎ ॥৬৩॥

সহস্রনয়ন! মামুব এই কার্য্যের গুণে অশ্বমেধ যজ্ঞেব সমান চিবস্থায়ী ফল লাভ কবে এবং মৃত্যুকালে যে স্বর্গে অবস্থান কামনা করে কিংবা ভাহাব মনে অশু যে কামনা থাকে, সেই সমস্ত এবং অশু বহুবিধ স্বর্গ লাভ কবিতে পারে ॥৫৯—৬০॥

এবং সেই মানব গোগণেব অনুমতিক্রমে সকল স্বর্গে অবস্থান কবিতে পাবে। দেববান্ধ। যে লোক তৃণ, গোময ও পত্রভোজী হইয়া এবং নিম্পৃহ, সংযত ও পবিত্র থাকিয়া এই কল্পে নিম্নামভাবে বনে গকব অনুগমন করে, সেই লোক আনন্দিত হইয়া আমাব লোকে কিংবা যে কোন লোকে ইচ্ছা কবে, সেই লোকে দেবগণেব সহিত বাস কবিতে পাবে' ॥৬১—৬২॥

ইন্দ্র বলিলেন—'যে লোক জানিষা পবেব গক অপহবণ কবে কিংবা অর্থেব জন্ম বিক্রেয় কবে, তাহাব কোথায় গতি হয়; ইহা আমি জানিতে ইচ্ছ। কবি'॥৬৩॥

<sup>(</sup>৬২) ইতঃ পরং ' - বিদপ্ততিভমোহধ্যামঃ' বন্ধ বর্দ্ধ, ' - অষ্টাধিকশতভমোহধ্যায়ঃ'—নি।

#### পিতামহ উবাচ।

ভক্ষার্থং বিক্রেয়র্থং বা যেহপহারং হি কুর্বতে।
দানার্থং ব্রাহ্মণার্থায় তত্ত্বদং শ্রেয়তাং ফলম্ ॥৬৪॥
বিক্রেযার্থং হি যো হিংস্থান্তক্ষয়েরা নিরস্কুশঃ।
ঘাত্যানং হি পুরুষং যেহনুমন্থেয়ুরর্থিনঃ॥৬৫॥
ঘাতকঃ থাদকো বাপি তথা যশ্চানুম্যতে।
যাবন্তি ভস্থা রোমাণি তাবদ্বর্যাণ মজ্জতি॥৬৬॥ (যুগ্মকম্)
যে দোষা যাদৃশাশৈচব দ্বিজ্বজ্রোপদাতকে।
বিক্রেযে চাপহারে চ তে দোষা বৈ স্মৃতাঃ প্রভা । ॥৬৭॥
অপহত্য তু যো গাং বৈ ব্রাহ্মণায় প্রয়ন্ত্রতি।
যাবদ্দানফলং তস্থাস্তাবন্ধিরয়মুক্ততি॥৬৬॥

#### ভারতকৌমুদী

ভকার্থমিতি। অপহারং গোরপহরণম্ ॥৬৪॥

বিজয়ার্থমিতি। বিজযার্থং মাংসবিজ্ঞযার্থস্, হিংস্তাৎ গাং হস্ভাৎ, নিরস্কুশঃ শান্ধনিবেধ-মবজানন্, ঘাতরানং গাং ঘাতরমানম্, জর্থিনো মাংসাথিনঃ। তস্তা গোঃ, মজ্জতি নরক ইভি শেষঃ ॥৬৫—৬৬॥

ৰ ইতি। বিক্ৰয়ে চাপহারে চ গোরিতি প্রক্রণায়ভাতে ॥৬৭॥ ভাবতভাবদীপঃ

গবাং ঘালাদেরস্করক: সম্পাদকো গোইত্করক: ॥৩৪—৪৬॥ সন্দর্শয়েৎ পশ্ভেৎ যাবদ্রহ্মাণ্ডে গোজাতীযমন্তি তাবত্তক বলেদিত্যর্থ: ॥৪৭—৫৩॥ অর্চ্জুনীনাং গবাম্ ॥৫৪—৬৩॥ বিক্রয়ার্থং যো নিযুত্তকে ইতি শেব: ॥৬৪—৭৭॥

> হাত প্রীমহাভারতে অহুশাসনপর্মণি দানধর্মে নৈলক্ষীষে ভারতভাবদীপে উনষষ্টিতমোহধ্যায়: ।৫১॥

ব্ৰহ্মা বলিলেন—'যাহাবা ভক্ষণেব জন্ম বা বিক্ৰযেৰ নিমিত্ত অথবা বাহ্মণকে দান কৰিবাৰ উদ্দেশ্যে পৰেব গক অপহৰণ কৰে, ভাহাদেৰ এই ফল শ্ৰবণ কৰ ॥৬৪॥

যে মানুষ শান্ত্রীয় নিষেধ অগ্রাহ্য কবিয়া মাংস বিক্রয়েব জ্বস্থা বেধ কবে কিংবা গো-মাংস ভক্ষণ কবে অথবা যাহাবা মাংসার্থী হইয়া গোবধেব জ্বস্থা গোঘাতককে অনুমতি কবে; ভাহাদেব মধ্যে ঘাতক, খাদক ও অনুমতিদাতা সেই গক্ব যতগুলি লোম থাকে, ভত বংসব নরকে নিমগ্ন থাকে ॥৬৫—৬৬॥

দেবরাজ ় ব্রাহ্মণেৰ যজ্ঞনাশে যে প্রকাব যে সকল দোষ হয়, গোবিক্রয়ে এবং গো-অপহরণেও সেই প্রকারই সেই সকল দোষ হইয়া থাকে ॥৬৭॥ স্থবৰ্ণং দক্ষিণামাহুৰ্গোপ্ৰদানে মহাত্মতে !। স্থবর্ণং পরমিত্যুক্তং দক্ষিণার্থমসংশয়ম্ ॥৬৯॥ গোপ্রদানাতারয়তে সপ্ত পূর্বাংস্তথা পরান্। স্থবৰ্ণং দক্ষিণাং কৃষা তাবদৃদ্বিগুণমূচ্যতে ॥৭০॥ ञ्चर्वर भत्रमः मानः ञ्चर्वरः मिक्का भन्ना। স্থবর্ণং পাবনং শক্ত ! পাবনানাং পরং স্মৃত্যু ॥৭১॥ কুলানাং পাবনং প্রাহর্জাতরূপং শতক্তো।। এষা মে দক্ষিণা প্রোক্তা সমাসেন মহাত্যুতে ! ॥৭२॥

ভীম্ম উবাচ।

এতৎ পিতামহেনোক্তমিক্রায় ভরতর্বভ।। ইন্দ্রো দশরথায়াহ রামায়াহ পিতা তথা ॥৭৩॥

#### ভাবতকৌমুদী

অপেতি ৷ দানফলং স্বর্গম্, নির্মং নরক্ম্, ঋচ্ছতি গচ্ছতি ॥৬৮॥ স্বৰ্ণমিতি। পরং শ্রেষ্ঠম, উক্তং মূনিভি: ॥৬৯॥ গবিভি। সপ্ত পুরুষান্, তথা সপ্ত পুরুষান্॥१०॥ ख्वर्गमिछि । भावनामाः खवाागाः मस्य ख्वर्गः भवः भावनः च्रुष्ठम् ॥१८॥ কুলানামিতি। জাতরূপং স্থ্বর্ণম্। মে ম্যা, স্মাসেন সংক্ষেপের্ণ ॥ १२॥ এডদিতি। পিতামহেন বন্ধণা। পিতা দশর্থঃ ॥৭৩॥

যে লোক গৰু অপহবণ কৰিয়া ভাহা আবার ব্রাহ্মণকে দান করে, সেই লোক যাবংকাল সেই গোদানেব ফলে স্বৰ্গ ভোগ কবে, ভাবংকালই গো অপ-হবণেব ফল নরকভোগ করিয়া থাকে ॥৬৮॥

गशास्त्रका रेख ! मूनिया शामात्म सूयर्ग मिक्न विवाहिन ; धमन कि সমস্ত কার্য্যেই দক্ষিণার্থ স্বর্ণ ই শ্রেষ্ঠ, ইহাও তাঁহাবা বলিয়াছেন; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৬১॥

মানুষ গোদান কবিয়া পূর্ববর্তী সাত পুকষ এবং পরবর্তী সাত পুকষকে উদ্ধাব করে; তাহাতে আবাব স্থবর্ণ দক্ষিণা দিয়া তাহার দ্বিগুণ ফল পায় ॥৭০॥

ইম্র ৷ স্থবর্ণদান উত্তম দান, স্থবর্ণ উত্তম দক্ষিণা এবং স্থবর্ণ পবিত্রভাব্দনক জব্যেব মধ্যে শ্রেষ্ঠ পবিত্রতাজনক ॥৭১॥

মহাতেজা ইন্দ্র। মুনিরা বলেন—স্কুবর্ণ বংশেবই পবিত্রতা উৎপাদন করে। আমি সংক্ষেপে এই দক্ষিণা বলিলাম'॥৭২॥

ভীম বলিলেন—ভরতভাষ্ঠ! ব্রহ্মা এই সকল বাক্য ইম্রকে বলিয়াছিলেন,

রাঘবোহপি প্রিয়ন্তাত্ত্বে লক্ষ্মণায যশস্থিনে।
খাষিভ্যো লক্ষ্মণেনোক্তমরণ্যে বসতা প্রভো! ॥৭৪॥
পারম্পর্য্যাগতং চেদমুষয়ঃ সংশিতব্রতাঃ।
ছর্দ্ধরং ধারযামাসূ রাজানক্ষৈব ধার্ম্মিকাঃ।
উপাধ্যায়েন গদিতং মম চেদং মুধিষ্ঠির!॥৭৫॥
য ইদং ব্রাক্ষণো নিত্যং বদেদ্ব্রাক্ষাণসংসদি।
যক্তেমু গোপ্রদানেমু দ্বোরপি সমাগমে॥৭৬॥
তস্ম লোকাঃ কিলাক্ষ্য্যা দৈবতৈঃ সহ নিত্যদা।
ইতি ব্রক্ষা স ভগবানুবাচ পরমেশ্বরঃ॥৭৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈ্যাসিক্যামনুশাসন-পর্বণি দানধর্ম্মে দানধর্ম্মকথনে ভনষ্টিতমোহধ্যায়ঃ॥০॥ #

#### ভাবতকৌমুদী

রাঘব ইতি। রাঘবো রাম:। প্রভো। রাজন্ যুধিষ্টির। ॥१৪॥
পারম্পর্যেতি। ইনং পিতামহবাক্যম্। ষটুপাদ: শ্লোক: ॥१৫॥

য় ইতি। ব্যোরপি সমাগমে সম্মেলনে। লোকা: স্বর্গা: ॥१৬—११॥

ইতি মহামহোপাধ্যাদ্ব-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগী শভট্টাচার্য্যবিরচিতাষাং

মহাভারতটীকাষাং ভারতকৌম্দীসমাধ্যাদ্বামহশাসনপর্বাণি

দানধর্মে উন্বৃষ্টিতমোহধ্যাদ্ব: ॥०॥

ইন্ত্র দশবথকে কহিষাছিলেন, দশবথ আবাব বামেব নিকট ইহা প্রকাশ কবিয়া-ছিলেন ॥৭৩॥

বাজা। বাসচক্রও যশস্বী প্রিয়ল্রাতা লক্ষ্মণকে বলিয়াছিলেন, লক্ষ্মণ আবার বনবাসকালে ঋষিগণেব নিকট কহিয়াছিলেন ॥৭৪॥

যুধিষ্ঠির ! দৃঢত্রত ঋষিরা এবং ধার্ম্মিক রাজাবা পবস্পবাক্রমে আগত এই ছর্দ্ধব ব্রহ্মবাক্য মনে ধাবণ করিয়াছিলেন। পবে আমার অধ্যাপক আমার নিকট বলিয়াছিলেন ॥৭৫॥

যে বাহ্মণ বাহ্মণসভাষ, যজে, গোদানে, এমন কি ছুইটী লোকেবও সম্মেলনে সর্বদা এই দানধর্ম বলেন; তাহাব দেবগণেব সহিত সতত অক্ষয স্বৰ্গসকল হয়। প্ৰমেশ্বর ভগবান্ ব্রহ্মাই এই কথা বলিযাছেন'॥৭৬—৭৭॥

 <sup>&#</sup>x27; · · চতৃ: সপ্ততিত্বোহধ্যায়:'—বদ বদ, ' · · নবাধিকশতত্বোহধ্যায়:'—নি।

# ষষ্টিতমোহধ্যায়ঃ।

-----

# যুধিষ্ঠির উবাচ।

বিশুস্তিতোইহং ভবতা ধর্মান্ প্রবদতা বিভো!।
প্রবক্ষ্যামি তু সন্দেহং তন্মে ক্রহি পিতামহ!॥১॥
ব্রতানাং কিং ফলং প্রোক্তং কীদৃশং বা মহাত্যুতে!।
নিয়মানাং ফলং কিঞ্চ স্বধীতস্ত চ কিং ফলম্॥২॥
দমস্তেহ ফলং কিঞ্চ বেদানাং ধারণে চ কিম্।
অধ্যাপনে ফলং কিঞ্চ সর্বমিচ্ছামি বেদিতুম্॥৩॥
অপ্রতিগ্রাহকে কিঞ্চ ফলং লোকে পিতামহ!।
তস্ত্যুকিঞ্চ ফলং দৃষ্টং শ্রুতং যস্তু প্রয়ন্থতি॥৪॥
স্বকর্মনিরতানাঞ্চ শ্রাণাঞ্চাপি কিং ফলম্।
শৌচে চ কিং ফলং প্রোক্তং ব্রহ্মচর্য্যে চ কিং ফলম্॥৫॥

#### ভাবতকৌমুদী

বিশ্রন্থিত ইতি। বিশ্রন্থিতো ধর্মে বিশ্বাসং প্রাণিতঃ স প্রমাণাভিধানাৎ। "সমৌ বিশ্রন্থ বিশ্বাসৌ" ইত্যমরঃ ॥১॥

ব্রতানামিতি। ব্রতানাং সাস্তগনাদীনাম্। নিষ্মানাম্ একাদভাগবাসাদীনাম্, স্থীড স্থ স্ফু বেদাধ্যমনস্য ॥২॥

দমস্রোত। দমস্র ইন্দ্রিমদমনস্ত IVI অপ্রতীতি। অপ্রতিগ্রাহকে প্রতিগ্রহণরিত্যাগিনি IBII

যুধিন্তিব বলিলেন—'প্রভাবশালী পিতামহ! আপনি ধর্ম বলিতে থাকিয়া ধর্মে আমার বিশ্বাস জন্মাইযাছেন। এখন আমি সন্দিশ্ধ বিষয় সকল বলিতেছি, তাহা আমাব নিকট বলুন ॥১॥

মহাতেজা! মুনিবা ব্ৰভের কিপ্ৰকাব কি কল বলিয়াছেন এবং নিয়মেরই বা কি ফল ও সমীচীনভাবে বেদাধ্যয়নেবই বা কি ফল ? ॥২॥

ইন্দ্রিয়দমনেব কি ফল; বেদ মনে বাখাবই বা কি ফল এবং অধ্যাপনেরই বা কি ফল—এই সমস্ত আমি জানিতে ইচ্ছা করি ॥৩॥

পিতামহ! জগতে প্রতিগ্রহ না কবায় কি ফল হয় এবং যে দান করে, তাহাবই বা কি ফল দেখিয়াছেন ও শুনিয়াছেন ॥৪॥

পিতৃশুজাবণে কিঞ্চ মাতৃশুজাবণে তথা।
আচার্য্যগুরুশুজাবাস্বস্কোশাসুকম্পনে ॥৬॥
এতৎ সর্বব্যশেষেণ পিতামহ! যথাতথম্।
বৈজু মিচহামি ধর্মজ্ঞ! পরং কোতৃহলং হি মে॥৭॥
ভীষ্ম উবাচ।

যো ব্রন্থং বৈ যথোদিন্টং তথা সম্প্রতিপদ্মতে।
অথগুং সম্যগারভ্য তম্ম লোকাঃ সনাতনাঃ ॥৮॥
নিযমানাং ফলং রাজন্। প্রত্যক্ষমিহ দৃশ্যতে।
নিযমানাং ক্রন্থাঞ্চ স্থাবাপ্রমিদং ফলম্ ॥৯॥
স্থীতস্থাপি চ ফলং দৃশ্যতেহমুত্র চেই চ।
ইহ লোকে চ বা নিত্যং ব্রহ্মলোকে চ মোদতে ॥১০॥

#### ভাবতকৌযুদী

খেতি। শ্রাণাং বীরাণাম, বীরক্প্রকাশ ইতাভিপ্রায়: ॥ ।।

শিক্তি । কিঞ্ ফলমিতান্তর্তি: । অন্ধ্রেনশো দ্যা অন্কম্পনক দ্যবোপকারত্ত্র ॥ ।।

এতদিতি । অশেষেণ শেষাক্রমণেন । বেজুং বেদিতুর্ ॥ ৭ ॥

ইতি । উদ্দিষ্টং শাল্পে উক্তম, সম্প্রতিপদ্ধতে সম্যাগন্তি ।। চা

নির্মানামিতি । ইদং রাজ্যন্থাদিকম্ ॥ ১ ॥

#### ভাবভভাবদীপ:

বিশ্রম্ভিত ইতি ॥১—৫॥ অন্ধক্রাশঃ পরত্রথেন ত্রংখিতত্বন্, অন্ধক্ষণা তৎপ্রতীকারকরণন্
॥৬—१॥ বতন্ একভক্তাদিনিয়নন্ ॥৮॥ বলমৈখর্যানেব প্রত্যক্ষন্ ॥৯—৪২॥
ইতি শ্রীনহাভারতে অনুশাসনপর্কানি দানধর্শ্বে নৈলক্ষীযে
ভারভভাবদীপে ষ্টিভনোহধ্যায়ঃ ॥৬০॥

নিজকার্য্যে ব্যাপৃত বীৰগণেৰ কি ফল এবং মুনিৰা শৌচ ও ব্রহ্মচর্য্যে কি ফল বৈলিয়াছেন ? ॥৫॥

পিতা, মাতা. আচার্য্য ও অক্ত গুকজনেব শুক্রাবায় এবং পবেব প্রতি দ্যায় ও দয়ানিবন্ধন পবেব উপকাব কবায় কি ফল হয় ? ॥৬॥

ধর্মজ্ঞ পিতামহ। এই সমস্ত আমি যথাযথভাবে জানিতে ইচ্ছা কবি। কাবণ, এই সমস্ত জানিবাব জন্ম আমাব গুৰুতৰ কৌতুক জন্মিয়াছে'॥৭॥

ভীম বলিলেন—'যে লোক সমীচীনভাবে ব্রড আবস্ক কবিয়া শাস্ত্রোক্ত-ভাবে ও পূর্ণরূপে তাহাব অনুষ্ঠান কবে; তাহাব চিবস্থায়ী স্বর্গ হয় ॥৮॥

রাজা! এই জগতে নিযমেব ফল প্রত্যক্ষ দেখা যায়; তুমিই নিয়ম ও যজের এই সকল ফল পাইযাছ।১॥ দমশ্য তু ফলং রাজন্ ! শৃণু ছং বিস্তরেণ মে।
দান্তাঃ সর্বত্র স্থানো দান্তাঃ সর্বত্র নির্বৃতাঃ ॥১১॥
যত্রেচ্ছাগামিনো দান্তাঃ সর্বশক্রনিষ্দনাঃ।
প্রার্থন্তি চ যদ্দান্তা লভন্তে তম সংশয়ঃ ॥১২॥
যুজ্যন্তে সর্বকামৈহি দান্তাঃ সর্বত্র পাণ্ডব ।।
স্বর্গে যথা প্রমোদন্তে তপসা বিক্রমেণ চ ॥১৩॥
দানৈর্যক্রেশ্চ বিবিধৈন্তথা দান্তাঃ ক্ষমান্বিতাঃ।
দানাদ্দমো বিশিক্টো হি দদ্ধ কিঞ্চিদ্দ্রিজাত্বে ॥১৪॥
দাতা কুপ্যতি নো দান্তক্তস্মাদ্দানাধ পরং দমঃ।
যস্ত দভাদকুপ্যন্ হি তস্ত লোকাঃ সনাত্রনাঃ ॥১৫॥ (বিশেষকম্)

## ভাবতকোমূদী

স্বধীতত্মেতি। অমূত্র পরলোকে, ইহ লোকে চ ॥১০॥
দমত্মেতি। দান্তা ইন্দ্রিযদমনশীলাং, নির্হৃতাং শান্তিমন্তঃ ॥১১॥
দত্তেতি। যত্র ইচ্ছা বর্ত্ততে, তত্র গামিনঃ ॥১২॥

যুদ্ধান্ত ইতি। তপদা স্বৰ্গে থথা প্ৰমোদন্তে, তথা ইহ লোকে বিজমেণ বিবিধৈদানৈৰ্যক্তেন্দ প্ৰমোদন্তে। দাতা বিলাত্যে কিঞ্চিদ্দং কদাচিৎ কুণ্যতি, কিন্তু দান্তন্ত নে। কুণ্যতি ॥১৩—১৫॥

সমীচীনভাবে বেদাধ্যয়নেব ফলও ইহলোকে দেখা যায় এবং পবলোকে জানা যায। কারণ, বেদাধ্যায়ী লোক ইহলোকে ও ব্রহ্মলোকে সর্বাদা আনন্দ অমুভব কবেন॥১০॥

বাজা। তুমি, ইন্দ্রিয়দমনেব ফল বিস্তবক্রমে আমাব নিকট শ্রবণ কব। ইন্দ্রিয়দমনশীল লোকেবা সর্বত্র সুখী হন এবং সর্বত্র শাস্তিতে থাকেন ॥১১॥

জিতেন্দ্রিয় লোকেরা যে স্থানে ইচ্ছা সেই স্থানে যাইতে পাবেন, সকল শক্রকে দমন কবিতে সমর্থ হন এবং যাহা প্রার্থনা কবেন, তাহাই লাভ কবিতে পাবেন; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১২॥

পাত্নন্দন। জিতেন্দ্রিয় লোকেবা সর্বত্র সমস্ত কামনা সফল কবিতে পাবেন, তপস্থাব ফলে স্বর্গে যেমন আনন্দ অমুভব কবেন, ইংলোকেও তেমনই বিক্রম, দান ও নানাবিধ যজ্জদ্বাবা আনন্দ অমুভব করিয়াথাকেন, আর তাঁহারা ক্রমাশীল হন। ইন্দ্রিয়দমন দান হইতে শ্রেষ্ঠ। দাতা ব্রাহ্মণকে কিছু দান ক্রিয়া কদাচিং কুদ্ধ হন; কিন্তু জিতেন্দ্রিয় ব্যক্তি কুদ্ধ হন না; অতএব ইন্দ্রিয়দমন দান অপেক্ষা শ্রেষ্ঠ। যিনি কুদ্ধ না হইযা দান কবেন, তাঁহাব চিরস্থায়ী স্বর্গ হয় ॥১৩—১৫॥ কোথো হন্তি হি যদানং তন্মাদানাৎ পরং দমঃ।
অদশ্যানি মহারাজ! স্থানাভযুতশো দিবি ॥১৬॥
ঋষীণাং সর্বলোকের যানীতো যান্তি দেবতাঃ।
দমেন যানি নূপতে! গচ্ছন্তি পরমর্ষযঃ।
কাময়ানা মহৎ স্থানং তন্মাদানাৎ পরং দমঃ॥১৫॥
অধ্যাপকঃ পরিক্রেশাদক্ষয়ং ফলমন্ধুতে।
বিধিবৎ পাবকং ছন্থা ব্রহ্মলোকে নরাধিপ!॥১৮॥
অধীত্যাপি হি যো বেদান্ন্যায়বিদ্ভঃ প্রয়ন্তে॥১৯॥
অফ্রকর্মপ্রশংসী ভু সোহপি স্বর্গে মহীয়তে॥১৯॥
ক্ষব্রিযোহধ্যয়নে যুক্তো যজনে দানকর্মণি।
যুদ্ধে যশ্চ পরিত্রাতা সোহপি স্বর্গে মহীয়তে॥২০॥

### ভাবতকোমূদী

काथ हेकि। यन्यनाप, नग हे खिश्रमथनम् ॥> ।।

ঋষীণামিতি। হে নুপতে। পরমর্বরো দমেন বানি গচ্ছন্তি, সর্ববোকের সমন্তন্তর্গের্ বানি স্থানানি ঋষীণাম, দেবতাশ্চ বানি ইতো মর্ত্যাদ্ বান্তি, তানি স্থানানি কাময়ানা মহৎ স্থানং লভন্ত ইতি শেবঃ। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥১ १॥

অধ্যাপক ইতি। পরিক্লেশাধ্যাপনাশ্রমাৎ ॥১৮॥ অধীত্যেতি। জ্ঞাযবিদ্যা: শিক্সেন্ডাঃ। গুরুকর্মণা প্রশংসাহস্তান্তীতি সং ॥১৯॥ ক্ষত্রিয় ইতি। যঃ ক্ষত্রিয় ইতি সম্বন্ধঃ, যুক্তো নিরতঃ ॥২০॥

ক্রোধ যেহেতু দানেব ফল নষ্ট কবে, সেই হেতু দান অপেক্ষা দম শ্রেষ্ঠ। মহারাজ। অর্গে সহস্র অদৃশ্য স্থান রহিয়াছে ॥১৬॥

বাজা। মহবিরা ইন্দ্রিয়দমনের ফলে যে সকল স্থানে গমন করেন, সমস্ত স্বর্গে ঋষিদের যে সকল স্থান আছে এবং দেবতাবা এই স্থান হইতে যে সকল স্থানে গমন করেন, জিতেন্দ্রিয়েরা সেই সকল স্থান ও অক্সাক্ত মহং স্থান কামনা করিয়া থাকেন; অতএব ইন্দ্রিয়দমন দান অপেক্ষা শ্রেষ্ঠ ॥১৭৪

নবনাথ! অধ্যাপক, অধ্যাপনাব ক্লেশে অক্ষয ফল লাভ কবেন এবং বাহ্মণ যথাবিধানে অগ্নিতে হোম কবিয়া ব্রহ্মলোকে গমন করেন ॥১৮॥

যিনি বেদ অধ্যয়ন করিয়া স্থায়বান্ শিশুদিগকে তাহা দান করেন, তিনি সেই গুকুকর্শ্যেব জন্ম প্রশংসায়িত হইয়া স্বর্গে অবস্থান কবেন ॥১৯॥ বৈশ্যঃ স্বকর্মনিরতঃ প্রদানাল্লভতে মহৎ।
শৃদ্রঃ স্বকর্মনিরতঃ স্বর্গং শুক্রাময়াদ্রু তি ॥২১॥
শ্রা বছবিধাঃ প্রেনাক্তান্তেষামর্থাংস্ত মে শৃণু।
শ্রাম্বয়ানাং নিদ্দিষ্টং ফলং শ্রুস্থ চৈব ছি ॥২২॥
যজ্ঞশ্রা দমে শ্রাঃ সত্যশ্রাস্তথাপরে।
যুদ্ধশ্রাস্তথৈবোক্তা দানশ্রাশ্চ মানবাঃ ॥২৩॥
সাংখ্যশ্রাশ্চ বহুবো যোগশ্রাস্তথাপরে।
সার্বাস্ত্রাশ্চ বহুবো যোগশ্রাস্তথাপরে।
স্বাদ্রাস্তথিবাত্যে ক্ষমা শ্রাস্তথাপরে।
আর্জবে চ তথা শ্রাঃ শমে বর্তন্তি মানবাঃ ॥২৫॥
তৈক্তৈশ্চ নিয়মঃ শ্রা বহুবঃ সন্তি চাপরে।
বেদাধ্যমনশ্রাশ্চ শ্রাশ্চাধ্যাপনে রতাঃ ॥২৬॥

## ভাবতকৌমুদী

বৈশ্য ইতি। মহৎ স্থানং স্বর্গম্। অচ্ছ তি গছতে ॥২১॥
শ্বা ইতি। অত্ত শ্বতং দক্ষত্মেবাভিপ্রেডম্। তেষাং শ্বশকানাম্॥২২॥
যজেতি। দমে ইন্দ্রিদমনে ॥২৩॥
সাংখ্যেতি। সাংখ্যে সাংখ্যশাস্ত্রজানে শ্বাং, বোগে যোগাফ্ঠানে শ্বাং ॥২৪॥
বৃদ্ধীতি। বৃদ্ধৌ ঐহিকোনতৌ শ্বাং। আর্জবে সরলভায়াম্, শমে অস্তবিন্দ্রি দমনে ॥২৫॥

যে ক্ষত্রিয় অধ্যয়ন, ষজন ও দানে নিবত থাকিয়া যুদ্ধে ভীতকে পবিত্রাণ কবেন, তিনিও স্বর্গে যাইয়া-থাকেন ॥২০॥

কৃষি-বাণিজ্যপ্রভৃতি স্বকার্য্যে নিবত বৈশ্য দানেব ফলে প্রশস্ত স্থান লাভ কবেন এবং দ্বিজাতিসেবায ব্যাপৃত শৃত্র তাঁহাদেব শুক্রাঘাদাবাই স্বর্গ লাভ কবিয়া থাকেন ॥২১॥

বহুবিধ শূব বলা হইযাছে, সেই শ্রশন্দ সকলের অর্থ এবং শুরবংশ ও শূবেব নির্দিষ্ট ফল আমাব নিকট প্রবণ কব ॥২২॥

মানুষকে যজ্ঞগুব, ইন্দ্রিয়দমনশ্র, সভ্যশ্ব, যুদ্ধশূব ও দানশুর বলা হইয়াছে ॥২৩॥

বহুলোক সাংখ্যজ্ঞানে শ্ব, অনেকে যোগান্ধুগানে শ্ব এবং কেহ বনবাসে, কেহ গৃহবাসে ও কেহ ত্যাগে শ্ব হয় ॥২৪॥

বহু মানুষ সমৃদ্ধিসাধনে শ্র, অনেকে ক্ষমাকরণে শ্র, কেহ কেহ সবলতার শ্ব এবং অনেক মানুষ অন্তরি ক্রিয়দমনে শ্র আছেন ॥২৫॥ গুরুশুশ্রেষয়া শ্রাঃ পিতৃশুশ্রুষয়া পরে।
মাতৃশুশ্রেষয়া শ্রা ভৈক্ষ্যশ্রান্তথা পরে ॥২৭॥
অবণ্যে গৃহবাসে চ শ্রাশ্চাতিথিপূজনে।
সর্বে যান্তি পরান্ লোকান্ স্বকর্মফলনির্জ্জিতান্॥২৮॥
ধারণং সর্ববেদানাং সর্বতীর্থাবগাহনম্।
সত্যঞ্চ ব্রুবতো নিত্যং সমং বাস্থান্ন বা সমম্॥২১॥
অখনেধ্দহত্রক্ষ সত্যঞ্চ তুলয়া ধ্বতম্।
অখনেধ্দহত্রাদ্ধি সত্যমেব বিশিষ্যতে॥৩০॥
সত্যেন স্থ্যন্তপতি সত্যেনাগ্রিঃ প্রদীপ্যতে।
সত্যেন মকতো বান্তি সর্বং সত্যে প্রতিষ্ঠিতম্॥৩১॥

#### ভাবতকোমুদী

रेजिबिज। रेजरेजिनियरेगरक्षभन्नापनापिकिर्विभिष्ठाः ॥२७॥

গুর্বিতি। ভক্ষো ভিকাকরণে শ্রা দকা: ॥२ १॥

অরণ্য ইতি। অরণ্যে বনবাসে। লোকান্ স্বর্গান্ ॥২৮॥

ধারণমিতি। সর্কবেদানাং ধারণং সর্কতীর্থাবগাহনকৈতত্বযম্, নিত্যং স্ত্যং ক্রব্ডোজনক্ত ভংশত্যবচনেন সমং সমানফলজনকং স্থাৎ, ভ্যোক্সভয়োরশ্রদাপূর্কক্ষে সমং ন বা স্থাৎ। অধিকফলজনক্ষেব ভ্রেদিতি ভাবঃ ॥২৯॥

আখেতি। ধৃতং তুলনার্থিভির্দেবৈরিতি শেবঃ ॥৩০॥ সভ্যেনেতি। সভেন সভ্যক্ষেন। মক্ষতো বাষবঃ ॥৩১॥

অক্স বহুলোক সেই সেই নিষমসম্পন্ন থাকিয়া শৃব বলিয়া অভিহিত হইতেছেন; অনেকে বেদাগায়নে শৃব, আবাব অনেকে বেদাধ্যাপনে শৃব হইয়া থাকেন ॥২৬॥

বহুলোক গুৰুগুঞ্জাষায় শৃব, অনেক লোক পিডাব পৰিচৰ্য্যায় শৃব, অনেকে মাডাৰ গুঞাষায় শৃব, আবাৰ বহুলোক ভিক্ষায় শৃব হইষা থাকেন ॥২৭॥

কেহ কেহ বনবাসে শ্ব, অনেকে গৃহস্থধ্যে শ্ব এবং বছলোক অতিথি-সেবায় শ্র হইযা থাকেন, উাহাবা সকলেই আপন কর্মফলে বিজিত উত্তম স্বর্গে গমন কবেন ॥২৮॥

সমস্ত বেদ ধাবণ ও সমস্ত তীর্থে অবগাহন—এই তুইটী কার্য্য সর্ব্বদা সভ্য-বাদীর সভ্য বলার তুল্য হয়ও, নাও হয় ॥২৯॥

একদা দেবতাবা সহস্র অশ্বমেধ্যজ্ঞ এবং সত্যকে তুলাদণ্ডে ধবিয়াছিলেন ; তথন সত্য, সহস্র অশ্বমেধ্যজ্ঞ হইতে অধিক হইয়াছিল ॥৩০॥ দত্যেন দেবাঃ প্রীয়ন্তে পিতরো ব্রাহ্মণান্তথা।
সত্যমাহুঃ পরো ধর্মস্তম্মাৎ সত্যং ন লক্ষ্মেথ ॥৩২॥
মূনয়ঃ সত্যনিরতা মূনয়ঃ সত্যবিক্রমাঃ।
মূনয়ঃ সত্যশপথান্তম্মাৎ সত্যং বিশিষ্যতে ॥৩৩॥
সত্যবন্তঃ স্বর্গলোকে মোদন্তে ভরতর্বভ!।
দমঃ সত্যফলাবান্তিরুক্তা সর্বাহ্মনা ময়া ॥৩৪॥
অসংশয়ং বিনীতাত্মা স বৈ স্বর্গে মহীয়তে।
ব্রহ্মচর্যাস্ত চ গুণং শৃণু ছং বস্থধাধিপ!॥৩৫॥
ভাজনামরণাদ্যস্ত ব্রহ্মচারী ভবেদিহ।
ন তস্ত কিঞ্চিদপ্রাপ্যমিতি বিদ্ধি নরাধিপ!॥৩৬॥

## ভাবতকোমুদী

সভ্যেনেতি। সভ্যং পর: শ্রেষ্ঠো ধর্ম ইতি মূন্য আহ: ॥৩২॥ মূন্য ইতি। তত্মাৎ মূনীনামাদর্শকপত্মাৎ ॥৩৩॥

সভ্যেতি। तम ই क्षियतमनम्, সভ্যকলাবাপ্তিভংকাবণম্ ॥०८॥

অসংশয়মিতি। বিনীতাত্মা থকো শিক্ষিতবৃদ্ধি:। অষ্টবিন্থৈপুনবর্জনং ব্রহ্মচর্য্যম্। তথা চ দক্ষঃ—"স্মরণং কীর্ত্তনংকেলিঃপ্রেক্ষণং গুপ্তভাষণম্। সকল্লোহধ্যবসাযশ্চ ক্রিয়ানিম্পপ্তিরেব চ।। এতন্মৈপুনমন্তাক্ষং বিষ্টিঃ পরিকীর্ত্তিতম্। বিপরীতং ব্রক্ষচর্য্যমতদেবাইলক্ষণম্" ॥৩৫॥

षाङ्गत्मि । षाङ्गममत्रगार ङ्गाविधमवनभर्षाञ्चम् ॥०७॥

সূর্য্য সত্যেব ফলে ভাপ দান কবিতেছেন; অগ্নি সত্যেব গুণে প্রজ্ঞালত হইতেছেন এবং বাযু সত্যেব প্রভাবে বহিত হন; সতএব সমস্তই সত্যে প্রতিষ্ঠিত বহিয়াছে॥৩১॥

দেবগণ, পিতৃগণ ও ব্রাহ্মণগণ সত্যব্যবহাবে সম্বন্ধ হন এবং ম্নিরা সত্যকে প্রম ধর্ম বলেন; অতএব মানুষ সত্যকে অতিক্রম কবিবে না ॥৩২॥

মুনিবা সত্যে নিরত থাকেন, মুনিদেব বিক্রম সত্য এবং মুনিদেব শপথও সত্য ; অতএব সত্য সমস্ত হইতে শ্রেষ্ঠ ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ ! সত্যশালী লোকেবা স্বর্গে আমোদ অনুভব করেন ; কিন্তু ইন্দ্রিয়দমন সেই সত্যফল প্রাপ্তিব কাবণ হয ; ইহা আমি সর্বপ্রথড়ে বলিয়াছি ॥৩৪॥

যাঁহার বৃদ্ধি ধর্মশিক্ষাব গুণে পরিমার্জিড হয, তিনি নিশ্চয়ই সর্গে অবস্থান কবেন। বাজা! এখন তুমি ব্রহ্মচর্য্যেব গুণ শ্রবণ কব ॥৩৫॥ বহন্যঃ কোট্যন্ত বীণাঞ্চ ব্রহ্মলোকে বসস্তাত ।

সত্যে রতানাং সততং দান্তানামূদ্ধ রেতসাম্ ॥৩৭॥

ব্রহ্মচর্যাং দহেদ্রাজন্ ! সর্বপাপামূপাসিতন্ ।

ব্রাহ্মণেন বিশেষেণ ব্রাহ্মণো হুগ্লিরুচ্যতে ॥৩৮॥

প্রত্যক্ষং হি তথা হেতদ্ব্রাহ্মণের তপস্থির ।

বিভেতি হি যথা শক্রো ব্রহ্মচারিপ্রধর্ষিতঃ ॥৩৯॥

তদ্বেক্মচর্যাস্থ কলমুষীণামিহ দৃশ্যতে ।

মাভাপিত্রোঃ পূজনে যো ধর্মস্তমপি মে শৃণু ॥৪০॥

শুজারতে যঃ পিতরং ন চাসূরেৎ কদাচন ।

মাতরং ভ্রাতরং বাপি গুরুমাচার্যামেব চ ॥৪১॥

তম্ম রাজন্ ! ফলং বিদ্ধি স্বর্লোকে স্থানমন্চিতন্ ।

ন চ পশ্যেত নরকং গুরুশুজার্যাত্মবান ॥৪২॥ (যুগাক্ম)

ইতি শ্রীম্হাভারতে শতদাহস্র্যাং সংহিতাযাং বৈযাদিক্যামকুশাসন পর্বাণ দানধর্ম্মে দানধর্মকথনে ষষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥ \*

#### ভারতকৌমুদী

বহন ইতি। দান্তানাং জিতেব্রিরাণান্ ॥৩৭॥
বন্দেতি। বাদ্দেশন উপাদিতমন্ত্রিতন্ ॥৩৮॥
প্রভাক্ষমিতি। এতদ্রক্ষচর্বান্। বন্দচারিণা প্রধ্বিত আ্ক্রান্তঃ॥৩৯॥
তদিতি। পূক্ষনে সগৌরবন্তপ্রবারান্ ॥৪০॥

নরনাথ। যিনি জন্ম হইতে মৃত্যু পর্যাস্ত ব্রহ্মচাবী থাকেন, তাঁহার এই জগতে কিছুই অপ্রাপ্য নহে; ইহা তুমি অবগত হও ॥৩৬॥

সর্বদা সভ্যে নিরভ, জিভেন্তিয়ে এবং উর্দ্ধরেতা বহুকোটি ঋষি ব্রহ্মলোকে বাস করেন ॥৩৭॥

রাজা। বাহ্মণকর্ত্ত বিশেষভাবে অনুষ্ঠিত ব্রহ্মচর্য্য সমস্ত পাপ দগ্ধ করে। কারণ, সেই জাতীয় বাহ্মণকে অগ্নি বলা হয় ॥৩৮॥

তপস্বী বান্ধণে এই বন্ধচৰ্য্য সেইৰূপ প্ৰত্যক্ষ দেখা যায়; যাহাতে স্বয়ং দেবরাজ বন্ধচারিকর্তৃক আক্রান্ত হইয়া ভীত হন ॥৩৯॥

এই জগতে ঝবিদেব সেই ব্রহ্মচর্ষ্যেব ফল প্রত্যক্ষ দেখা যায়; যুধিষ্ঠিব! মাতা ও পিতাব সেবায যে ধর্ম হয়, তাহাও তুমি এখন আমাব নিকট প্রবণ কব ॥৪০॥

পঞ্চপপ্ততিভয়ে। ২খায়: বদ বর্ছ, ' দশাধিকশতভ্যোহধায়:'—নি।

# একষ্টিতমোহধ্যায়ঃ।

<del>--</del>8\*8---

# যুধিষ্ঠির উবাচ।

বিধিং গবাং পরং শ্রোভূমিছামি নৃপ ! তত্ত্তঃ। যেন তান্ শাখতালেঁ কান্থিনাং প্রাপ্নু য়াদিহ ॥১॥ ভীম্ম উবাচ।

ন গোদানাৎ পরং কিঞ্চিন্বতে বস্থধাধিপ !।
গোহি আয়াগতা দত্তা সহস্তারয়তে কুলম্ ॥২॥
সতামর্থে সম্যগুৎপাদিতো যঃ স বৈ ক্লুগুঃ সম্যগাভ্যঃ প্রজাভ্যঃ।
তত্মাৎ পূর্বং হাদিকালপ্রবৃত্তং গোদানার্থং শৃণু রাজন্ ! বিধিং মে ॥৩॥

#### ভাবতকোমুদী

শুশ্রবত ইতি। গুরুং পিতৃব্যাদিগুরুজনম্। আত্মবান্ ষত্মবান্ ॥৪১—৪২॥
ইতি সহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং

মহা ভারতটীকাযাং ভাব ভকৌমূদীসমাধ্যাযাসহৃশাসনপর্বাণি

দানধ্যে ষষ্টিত্যোহ্যাযঃ ॥০॥

--:4:---

বিধিমিতি। বিধিং দানপ্রকারম্। অর্থিনাং কাম্যানিতি শেষং ॥১॥
নেতি। কিঞ্চিদ্ধর্মং কর্ম। স্তাযেনাগতা প্রাপ্তা ॥২॥
সভামিতি। উৎপাদিতো ম্নিতিঃ কৃতঃ। প্রজাত্যো জনেতাঃ। তাদর্থ্যে চতুর্থী ॥খা

বাজা। যে লোক মাতা, পিতা, জ্যেষ্ঠপ্রাতা, আচার্য্য ও অক্সান্ত গুকজনের গুঞাষা কবে; কিন্তু কখনও তাঁহাদেব অস্য়া কবে না; স্বর্গলোকে উৎকৃষ্ট স্থানই তাহার সেই কার্য্যের ফল বলিয়া তুমি অবগত হও; তারপর গুক-শুঞাষায় যত্নবান লোক কখনও নবক দর্শন করে না'॥৪১—৪২॥

--:#:---

যুধিষ্ঠিব বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! গোদানের প্রধান বিধি আমি যথার্থ-কপে শুনিতে ইচ্ছা করি; যাহাতে মানুষ এই জগতে প্রার্থিগণেব অভীষ্ট সেই চিরস্থায়ী স্বর্গ লাভ কবিবে' ॥১॥

ভীম বলিলেন—'বাজা! গোদান অপেকা প্রধান কোন ধর্মকার্য্য নাই। কারণ, স্থায়লকা ও দত্তা ধেমু সম্ভই বংশকে উদ্ধাব করে ॥২॥ পুরা গোষ্পনীতাম্ব গোষু সন্দিয়দর্শিনা।

মান্ধাত্রা প্রকৃতং প্রশ্নং রহস্পতিরভাষত ॥৪॥

দ্বিজাতিমতিসংকৃত্য শ্বঃ কালমভিবেত চ।

গোদানার্থং প্রযুঞ্জীত রোহিণীং নিযতত্রতঃ ॥৫॥

আহ্বানঞ্চ প্রযুঞ্জীত সমঙ্গে বহুলেতি চ।

প্রবিশ্য চ গবাং মধ্যমিমাং শ্রুতিমুদাহরেৎ ॥৬॥

গোর্মে মাতা র্ষভঃ পিতা মে দিবং শর্মা জগতী মে প্রতিষ্ঠা।
প্রপত্যৈবং শর্কারীমুশ্য গোষু পুনর্কাণীমুৎস্তজেদ্গো প্রদানে। ৭॥

#### ভাবতকৌমূদী

পুরেতি। উপনীতাত্ম দানার্থমানীতাত্ম। মান্ধাত্রা বাজা ॥॥।
বিজাতিমিতি। খা পর্যাদন এব কালং মৃত্যুসময়ম্। গোদানার্থমান্থবৈতি শেবঃ, রোহিণীং
লোহিতবর্ণাং গাং প্রযুঞ্জীত দভাং ॥॥

আহ্বানমিতি। সম্যক্ হিতানি অঙ্গানি বস্তাং সা সমন্বা, বছলা বছললোকোপকারিণী তবোং সংখ্যনম্। বছলেতি সন্ধিরার্বং। ইতি পদব্বেন গ্রামাহ্বানং প্রযুঞ্জীত। শ্রুতিং বেদ্বছাক্যম্ ॥৬॥

গৌরিতি। মে মম প্রতিষ্ঠা আশ্রেষীভূতা জগতী পৃথিবীকণা গোঃ, দিবং স্বর্গং শর্ম ঐহিকস্থঞ্চ দদান্থিতি শেবঃ। এবং জনেন মন্ত্রেণ প্রণাভ গোষ্ঠং গলা, গোর্ মধ্যে শর্মবীমেকাং রাত্রিম্ উদ্ভ স্থিলা পরদিনে গোপ্রাদানে গোদানকালে বাণীং গৌর্মে মাতা ইত্যাদিবাক্যং পুনক্রুম্ব্রেণ্ডেই উচ্চারয়ের ধ্বন

#### ভাবতভাবদীপঃ

বিধিমিতি ॥১—২॥ যো বিধিক্ষৎপাদিত: ১৩—৪॥ স্বকালমিতি পাঠে স্বকালং স্বস্তু মৃত্যুমাকন্মিকং জ্ঞাত্বা, রোহিণীং লোহিতবর্ণাম্ ॥৫॥ বহুলে ইতি চ্ছেদঃ , সন্ধিরার্যঃ ॥৬॥

রাজা। মুনিবা সজ্জনেব নিমিত্ত সমীচীনভাবে যে বিধি স্থষ্টি কবিযাছেন, তাহা এই সকল লোকেব জন্ম সমীচীনভাবেই কল্পিত হইয়াছে, অতএব সেই আদিকাল হইতে প্রবৃত্ত গোদানবিধি প্রথমে আমাব নিকট প্রবণ কর ॥৩॥

পূর্বকালে দানেব জন্ম গো আনয়ন করিলে সেই গো বিষয়ে সন্দেহকারী মান্ধাতা যে প্রশা কবিয়াছিলেন; বৃহস্পতি তাহাব উত্তব বলিযাছিলেন ॥৪॥

'আগামীকল্য মৃত্যু হইবে' ইহা জানিয়া মানুষ নিযমনিষ্ঠ হইষা গোদানের নিমিত্ত ব্রাহ্মণকে আহ্বানপূর্বক বিশেষ সম্মান কবিষা বক্তবর্ণা গোদান কবিবে ॥৫॥

সামুষ 'সমঙ্গে! বহুল।' এই সকল বলিয়া গরুব সম্বোধন কবিবে, তৎপরে গরুর মধ্যে প্রবেশ কবিয়া এই মন্ত্রপাঠ করিবে—॥৬॥ দ তানেকাং নিশাং গোভিঃ দমদখ্যঃ দমত্ৰতঃ।

প্ৰকান্ম্যগমনাৎ দত্যঃ কলুষাদ্বিপ্ৰমূচ্যতে ॥৮॥
উৎস্ফীর্ষবৎদা হি প্রদেষ। দূর্য্যদর্শনে।
ত্রিদিবং প্রতিপত্তব্যমর্থবাদাশিষম্ভব ॥১॥

উর্জ্জবিশ্য উর্জ্জনেধাশ্চ যজে গর্ভোহয়তত্ত্ব জগতোহত্ত প্রতিষ্ঠা। ক্ষিতে রোহঃ প্রবহঃ শশ্বদেব প্রাজাপত্যাঃ দর্বমিত্যর্থবাদাঃ॥১০॥

## ভারতকৌমুদী

ন ইতি। ঐকাষ্যাগমনাৎ তুল্যাবস্থানাদিনা তুল্যরূপতা প্রাপ্তে: ॥৮॥

উৎস্টেতি। স্থাদর্শনে প্রদিনে প্রভাতকালে, উৎস্টঃ প্রস্তর্যবংসো ষয়া তাদৃশী গৌত্ত্বমা প্রদেয়া। এবঞ্চ দতি ছয়া ত্রিদিবং স্বর্গং প্রতিপত্তব্যং গন্তব্যম্। "কাং দিশং গন্তব্য"-মিত্যাদিবং কর্মণি দ্বিতীয়ান্থিতিঃ পূর্বাং সমর্থিতা। তথা তব অর্থবাদরপা "গোদাতা স্বর্গ-মৃচ্ছতি" ইত্যাদিবপম্বত্যর্থবাদান্মিকা আশিষো ভবিশ্বন্তীতি শেষঃ । ।।

উৰ্জ্জিক্স ইতি। উৰ্জ্জিবিক্তো বলবতাং, উৰ্জ্জিমেধাং প্ৰবলবৃদ্ধয়ক গাবং। বজ্ঞে অমৃতক্ত ঘুক্তক্স গৰ্ভো ধাৰ্বমিত্ৰী, অক্ত জগতং প্ৰতিষ্ঠা কৃষ্ণানেন আশ্ৰয়ীভূতা, ক্ষিতেভূমিং, বোহং শক্ষাত্মংপাদনহেতৃং শশ্বং সৰ্বদৈব প্ৰবহং ক্ষীরধারা প্ৰবাহন্দক গোপদার্থং, সর্বং তৃষ্ণেন স্বিপোষকং গোবৃন্দম্, ইতি প্রাজাপত্যা ব্রন্ধনিমিতা অর্ধবাদা গ্রাং স্বত্যর্থবাদাঃ ॥১০॥

#### ভাবতভাবদীপঃ

দিবং স্বৰ্গম্ শৰ্ম ঐহিকং স্থং প্ৰয়ন্ত বিভি শেষং। জগতী গোঃ, "পশবো জগতী" ডি শ্রুডেঃ। এবমনেন মন্ত্রেণ গোষ্ঠং প্রপত্ম গন্ধা মৌনেন তত্র বাসং কথা বিতীয়েহছি গোপ্রাদানকাল এব বাচং বিস্তব্ধেৎ, ইদং গোপ্রাদানতা পূর্বাদ্ধং ব্রতম্ ॥ ।॥ সমস্থো গা অনিবার্যন্, সমব্রতঃ ভ্তলশাযিবদংশাত্মনিবারক বাদিগুণমুক্তঃ ॥ ৮॥ উৎস্টঃ ব্যবৎসো ঘ্যা সার্দ্ধং সা উৎস্টব্যবৎ-দেতি গৌডাঃ। ত্বা দাত্রা প্রদেয়া ত্রিদিবঞ্চ প্রতিপত্তবাং গন্তব্যম্। অর্থবাদমন্ত্রোক্তা আশিষক্ষ তব ভবিষ্কৃতীতি বোজ্যম্॥ ॥ আশিষমেবাহ—উর্ক্তবিত্ত ইতি। "উর্ক্তন্ত কার্তিকোৎ-

'ধেরু আমাব মাতা এবং বৃষ আমাব পিতা; স্থতরাং সকলেব আশ্রয পৃথিবীরূপা ধেরু আমাকে স্বর্গ ও ঐহিক স্থুখ দান ককন' এই মন্ত্র পড়িয়া গোষ্ঠে যাইয়া একবাত্রি গৰুর মধ্যে থাকিযা পরদিন গোদানেব সময়ে পুনবায এই মন্ত্র পাঠ কবিবে ॥৭॥

সামূষ সেই একবাত্রি গব্দর সহিত সৌহাদ্যি কবিয়া এবং গব্দর সমান নিয়মে থাকিয়া, গব্দর একবাপত্বপ্রাপ্তিনিবন্ধন সভাই পাপ হইতে মুক্ত হয় ॥৮॥

রাজা! পরদিন প্রভাতকালে তুমি প্রস্তপৃঙ্গবা ধেমু দান কবিবে; তাহাতে তুমি স্বর্গ লাভ কবিতে পাবিবে এবং তোমার সম্বন্ধে শুভ আশীর্কাদ প্রযুক্ত হইবে ॥৯॥ গাবো মনৈনঃ প্রণুদস্ত সৌর্য্যান্তথা সৌন্যাঃ স্বর্গধানায় সন্ত ।
আত্মানং মে মাতৃবচ্চাপ্রয়ন্ত তথামুক্তাঃ সন্ত সর্বাশিষো মে ॥১১॥
শোষোৎসর্বে কর্মভির্দেহমোক্ষে সরস্বত্যঃ প্রেয়সে সম্প্রস্তাঃ ।
যুবং নিত্যং সর্বপুণ্যোপবাহ্যাং দিশধ্বং মে গতিমিন্টাং প্রসন্ধাঃ ॥১২॥
যা বৈ যুবং সোহহমতাব ভাবো যুম্মান্ দত্বা চাহমাত্মপ্রদাতা।
মনশ্চ্যতা মন এবোপপনাঃ সন্ধৃক্ষধ্বং সৌন্যরূপোগ্ররূপাঃ ॥১৩॥

## ভারতকৌমুদী

গাব ইতি। সৌর্ব্যা: স্ব্যদেবতাকা:, তথা সৌন্যা: সোমদেবতাকান্চ গাব:, মম এন: গাপম্। প্রহুদন্ধ কপরন্ত, স্বর্গবানায় সন্ত সহায়া ভবন্ত, তথা মে আত্মানং মাতৃবদাশ্রমন্ত চ , তথা মে অফুজা: নর্বাশিষ: সন্ত সফলা ভবন্ত ॥১১॥

শোবেতি। সরস্বত্যো নশ্য ইব শ্রেরসে মকলায় সম্প্রান্থ প্রসাঃ সত্যঃ, শোবেণ রোগশোবণেন উৎসর্গে প্রাণত্যাগে দেহমোকে চ, কর্মভিঃ, সর্বৈঃ পুলৈঃ: উপবাহাং লম্পান্থাং মে ইটাং প্রতিং নিতাং শ্রুবং দিশধ্বং সম্পাদয়ত ॥>২॥

ৰা ইতি। বৃন্নং বা:, অহমণি স এব, অভভাব এবা অভিন্নতা ঐক্যধ্যানাং। অভএব ভারতভাবদীপঃ

নাহৰলের প্রাণনেৎপি চে"তি মেদিনী। বলবতা উৎসাহৰত্যো বা উৰ্জ্বস্থিতঃ। উজ্জ মেধা উপগতপ্রজাঃ। বজ্ঞে অমৃতস্ত তৎসাধনতা হবিষো গর্ভ ইব গর্ভঃ ক্ষেত্রভূতাঃ। ক্ষিতেঃ ঐশব্যক্ত রোহঃ। শশ্বৎ শাশ্বতঃ ক্ষিতেঃ প্রবহঃ প্রবাহরূপাশ্চ ॥১০॥ অহুক্তাঃ মন্ত্রম্বরে উক্তাশ্চ আশিষো মে সন্তু ॥১১॥ শোবোৎসর্গে ক্ষর্রোগোপতাপাপন্যে। "শোষো বন্ধবিশোশণে" ইতি মেদিনী। ক্ষয়রোগাদিনিবৃত্তে দেহমোক্ষেচ কর্মছিঃ গঞ্চগব্যাদিছিঃ সেবিতাঃ

গোসমূহ বলবান্ ও প্রবলবৃদ্ধিযুক্ত, গো এই জগতেব আশ্রয় এবং বজ্ঞীয় ছতের হেতু, ভূমিজাত শস্তাদিব উৎপত্তিব কাবণ, সর্ব্বদাই ছগ্ধধাবাসম্পন্ন, আব গোসমূহই সকলের পোষণের কাবণ; ইহাই ব্রহ্মার মুখনির্গত গোসম্বন্ধী স্বত্যর্থবাদ ॥১০॥

পূর্য্য ও চন্দ্র যাহাদেব দেবতা, সেই সকল গো আমার পাপ নষ্ট করুক, স্বর্গসনে সহায় হউক এবং মাতার স্থায় আমাব দেহ আশ্রয করুক; আর পূর্ব্বে অনুক্ত আশীর্বাদ সকল আমাব বিষয়ে সকল হউক ॥১১॥

হে গোগণ! সরস্বতী নদীর স্থায় জগতের মঙ্গলে প্রবৃত্ত তোমবা প্রসন্ন হইয়া রোগবশতঃ আমার প্রাণ ও দেহ ত্যাগেব সমযে, কর্মানুসারে সমস্ত পুণ্য সম্পাদনীয় আমার অভীষ্ট গতি নিশ্চিতরূপে সম্পাদন কব ॥১২॥ এবং তস্থাত্রে পূর্ববর্দন্ধং বদেত গবাং দাতা বিধিবৎ পূর্ববৃষ্টম্।
প্রতিক্রয়াচ্ছেষমর্দ্ধং দ্বিজাভিঃ প্রতিগৃহ্নন্ বৈ গোপ্রদানে বিধিজ্ঞঃ ॥১৪॥
গোপ্রদানীতি বক্তব্যমর্ঘ্যবস্ত্রবস্থপ্রদঃ।
উদ্ধাস্থা ভবিতব্যা চ বৈষ্ণবীতি চ চোদয়েৎ ॥১৫॥

#### ভাবতকৌমুদী

অহং যুগান্ দক্তা আত্মপ্রদাতা জাতঃ। বুষঞ্চ মম মনসন্ধ্যুতাঃ পুনরুপকারকতয়া মন উপপন্না এব। পরঞ্চ সৌম্যরূপোগ্ররূপা যুষং সন্ধৃক্ষধং গ্রহীতারং মাং সম্ভোষষত ॥১৩॥

এবমিতি। গবাং দাতা তক্ত গ্রহীত্রগ্রে বিধিবং পূর্ব্বদৃষ্টং পূর্বব্যোকস্ত পূর্ব্বমর্কং বদেত, তথা বিধিজ্ঞো দিলাতিঃ, গাং প্রতিগৃহ্ননু শেষসর্কং প্রতিক্রমাৎ ॥১৪॥

গবিতি। অর্থাং মূল্যং বস্ত্রং বস্থ ধনঞ্চ গোপ্রতিনিধিরপেণ প্রদদাতীতি সঃ, গোপ্রদানী গোদাতেতি বক্তব্যম্। গোশ্চ উদ্ধাস্থা ভবিতব্যা দাত্চেষ্টয়েতি শেষঃ, দাতা চ তদানীং ইয়ং গোর্কৈঞ্বীতি বদন চোদ্যেদ্গাং কিঞ্চিৎ চাল্যেৎ ॥১৫॥

#### ভাৰতভাৰদীপঃ

সত্য:, সরস্বত্যো নছ ইব শ্রেমসে সম্প্রবৃত্তাঃ ॥১২॥ যেতি। গ্রাং স্বস্ত চাভেদেন।গোদানাত্মদানফলং লভ্যমিত্যর্থঃ। মনশ্চ্যতাঃ দাভূর্মমন্থাভিমানাচ্চ্যতাঃ। মন এব উপপদ্ধা মদীয়মমতাস্পদীভূতাঃ। সদ্ধৃক্ষধাং দাতারং মাং চ ইট্রেডেগিঃ প্রকাশমধন্য ॥১৩॥ এবমিতি।
অন্ধ্যং প্রোকো দাত্প্রতিগ্রহীতৃভ্যাং ক্রমেণার্দশঃ পঠনীয ইত্যর্থঃ ॥১৪॥ গোপ্রদানীতীতি।
অর্ঘ্যবন্ধ্রপ্রদোহণি গোপ্রদানীতি বক্রব্যমিতি বোজনা। বো গোঃ প্রতিনিধিন্ধেন অর্ঘ্যং
বন্ধং স্বর্ণং বা প্রযক্ততি সোহণি গোপ্রদানী ভবতীত্যর্থঃ। অর্ঘ্যম্ অর্ঘ্যো ব্যবহারিকঃ
গোম্ল্যম্। বন্ধমণি আধানপ্রকরণে বৌধাযনেন গোপ্রতিনিধিন্ধেনোক্তম্। বাবতীর্গা দ্যাতান
বন্ধি বাসাংসি তাবদোদনান্ বা দ্যাদিতি, স্বর্ণং তু "গোল্প মাত্রা ন বিছত" ইতি শ্রমতরপরিমিতম্ অর্ঘ্যাদিকং বাবছেকি দেযন্। তত্র অর্ঘ্যগোপ্রদানে ইমান্ উদ্ধান্তাং পাঠান্তরে
উধস্তাং তৃভ্যং সম্প্রদদে তং গৃহাণেতি চোদ্বেং। বন্ধধেহং ভবিতব্যেতি পাঠান্তরে নমিত-

গোগণ। তোমবা যাহাবা, আমিও তাহাই; অতএব আজ আমাদেব এই ঐক্যভাব হইয়াছে; স্মৃতবাং আমি তোমাদিগকে দান কবিয়া আত্মদাতাই হইলাম। তোমবা মন হইতে বিচ্যুত হইলে, আবাব মনেই আসিলে; এইক্ষণ শাস্তবাপা ও উগ্রবাপা তোমবা আমাব সম্ভোষ সম্পাদন কৰ ॥১৩॥

গোদাতা গ্রহীতাব সম্মৃথে এইভাবে যথাবিধানে পূর্বশ্লোকেব পূর্বার্দ্ধ বলিবেন এবং গোদানে বিধিবিৎ ব্রাহ্মণ প্রতিগ্রহে প্রবৃত্ত হইযা উক্ত শ্লোকের পরার্দ্ধ কহিবেন ॥১৪॥

গরুব অমুকল্পে মূল্য, বস্ত্র এবং ধনদাতাকেও গোদাতাই বলিতে হইবে; আর গোদানের সময়ে সেই গো, উর্দ্ধমূখী হইবে এবং গোদাতা—'এই গরুবিফ্বী' এই কথা বলিয়া সেই গৰুটীকে একটু সঞ্চালন কবিবে ॥১৫॥

নাম সঙ্কীর্ত্তরেক্তা ষ্পাসংখ্যোত্তরং স বৈ।
ফলং ষট্ ত্রিংশদর্ফো চ সহস্রাণি চ বিংশতিঃ ॥১৬॥
এবমেতান্ গুণান্ বিছ্যাদ্গবাং দানং যথাক্রমম্।
গোপ্রদাতা সমাপ্রোতি সমস্তানফমে ক্রমে ॥১৭॥
গোদঃ শীলী নির্ভযশ্চার্য্যদাতা ন স্থাদ্ত্রংখী বস্থদাতা চ কামম্।
উষ্স্যোতা ভারতে যশ্চ বিদ্বান্ বিখ্যাতান্তে বৈশ্ববাশ্চক্রলোকাঃ ॥১৮॥

## ভাৰতকোমুদী

নামেতি। স দাতা, তন্তা গো:, নাম সৌরভেষীপ্রভৃতিসংঞ্চাং সমীর্জয়েং। তথা সতি
তন্ত দাতুর্বধাসংখ্যাত্তরং পূর্ববিচনোক্তার্ঘ্যাদিসংখ্যাক্রমেণ অর্ঘ্যধেছদানে ঘটুত্রিংশদ্ভাণং
কলম্, বন্ধ্রমেদানে অস্টো অইগুণং কলম্, বন্ধ্রমেদানে চ বিংশতিঃ সহস্রাণি তৎসংখ্যকং কলং
ভাব ॥১৬॥

এবসিতি। গবাং দানং কুর্বতো জনক্ত যথাক্রমং এবমেতান্ গুণান্ ফলানি বিভাৎ। গোপ্রদাতা জন্তমে ক্রমে গ্রহীতৃগৃহি দত্তগবীপ্রেরণাব জন্তমে গদক্ষেপে ক্লতে সতি উক্তান্ সমস্তান্ গুণান্ ফলানি সমাপ্লোভি ॥১৭॥

গোদ ইতি। গোদা সাক্ষাকেমদাতা, শীলী সংস্কভাববান্ আৎ, অর্যাদাতা গোমুল্যদাতা চ নির্ভয়: আৎ বস্থদাতা চ কামং যথেষ্টং ন হুঃখী আৎ। উষলি প্রাতঃকালে ওচা গবে দানাষ বাসাদিভারবাহী, যশ্চ ভারতে ভারতবর্ষমধ্যে বিঘান্ তীর্থাদিপুণ্যস্থানজ্ঞা, তে সর্ব্ধ এব বৈক্ষবাঃ, চক্রত্যেব লোকো দর্শনং যেষাং তে চ বিখ্যাভাঃ ॥১৮॥

#### ভারতভাবদীপঃ

व्यक्तिः वं वश्रवंशः देकवीि कीर्कत्यित्व शंः ॥>६—>७॥ गवालीनाः गोखिजिनिधीनात्मव छ९म्लः खेळाक्त्यात्तात् त्यांखिलगृहीज्गृहः शिक्ष्णा षष्ठत्म शतः छवि किम् छल्धहशमत्म छलीम्रवालकािज्यामिताः विवकालिनीहः हेि छावः ॥>१॥ गोष हेि । मीली मीलवान् षर्यापाठा निर्ध्व हेि तश्रकः । निकृष्ठेषावश्रताञ्चः क्लाः नाक्तम् । धवः वश्रागारेमहिकः क्लम्कः। षाम्मिकः क्लमारः—छवत्आदि । छवत्रः खाळः बालािक कर्ष छेठः खाक्षः देशः । "छवत्थाः न विद्धत्या वश्रत्वाच्याक यः ।" छात्रत्य विद्यान् छात्र्यत्वा देवस्वाः विकृष्णाः क्ष्मिकः ष्रातात्वा त्याम् धवः विशालाः क्षिणा हेि क्विष्टः व्यावाः विकृष्णाः क्ष्मिकः ष्रातात्वा त्याम् धवः विशालाः क्षिणा हेि क्विष्टः व्यावाः विकृष्णाः व

গোদাতা গোদানেব পর গোব নাম কীর্ত্তন কবিবে, পূর্ববিচনের সংখ্যাত্র-সারে গোমূল্য দানে ষট্ত্রিংশং গুণ ফল, বস্ত্র ধেমুদানে অষ্ট গুণ ফল এবং বস্থাধেম্ব দানে বিংশতি সহস্র গুণ ফল হয় ॥১৬॥

গোদানকারীর যথাক্রমে এই দকল ফল হয় বলিযা জানিবে; আর গোদাতা গোদান করিয়া সেই গো গ্রহীতাব গৃহে লইযা যাইবাব সমযে অষ্ট পদক্ষেপ কবিলেই উক্ত সমস্ত ফল লাভ কবিবে ॥১৭॥ গাং বৈ দত্ত্বা গোত্রতী স্থাক্রিরাত্রং নিশাং চৈকাং সংবদেতেই তাভিঃ। কাম্যাফম্যাং বর্ত্তিতব্যং ত্রিরাত্রং রদৈর্বা গোঃ শক্তা প্রস্রবৈর্বা ॥১৯॥ দেবব্রতী স্থাদ্ব্যভপ্রদানে বেদাবাপ্তির্গোযুগস্থ প্রদানে।

তথা গবাং বিধিমাসাত্য যজা লোকানগ্র্যান্ বিন্দতে গোবিধিজঃ ॥२०॥ কামান্ সর্ব্বান্ পার্থিবানেকসংস্থান্ যো বৈ দতাৎ কামত্বাঞ্চ ধেনুম্। সম্যক্ তাঃ স্থাৰ্থব্যক্রোঘবত্যস্তাসামুক্ষাং জ্যাযসাং সম্প্রদানম্॥२১॥

#### ভারতকৌসুদী

গামিতি। মাহমো গাং দন্ধা ত্রিবাত্তং গোরতী স্থাৎ, তথা একাং নিশাঞ্চ তাভির্গোভি: সহ ইহ গোঠে সংবদেত। গোরতীত্যেতদ্ব্যাচটে কাম্যেতি। কাম্যাইম্যাং ক্সাঞ্চিদভীটাযা-মইম্যাস্থিথাবারভোতি শেষ:, গোর্মসূহ হৈঃ, গোঃ শক্বতা গোময়েন গোঃ প্রস্রবৈর্গোম্ত্রৈশ্চ ত্রিরাত্তং বর্তিতব্যং স্থাতব্যম্ ॥১৯॥

দেবেতি। বৃষভপ্রদানে দেবত্রতী দেবসেবী স্থাৎ, গোযুগস্থ প্রদানে বেদাবাপ্তির্বেদবিভা লাভঃ স্থাৎ তথা গরাং বিধিং দানপ্রকারং আসাম্ব জ্ঞাত্বা বজা বাজিকঃ স্থাৎ, তথা গোবিধিকো গোসেবাবিদ্ অগ্রান্ শ্রেষ্ঠান্ লোকান্ স্বর্গান্ বিন্দতে লভতে ॥২০॥

কামানিতি। যো জনঃ, কামমভীষ্টং দোখীতি কামত্যা তাম্ একামপি ধেছং দতাং, দ জনঃ পার্থিবান্ মর্ত্তান্থিতান্, একস্মিন্ স্থানে সংস্থা স্থিতির্বেষাং তান্ সর্বান্ কামান্ গজাখাদীন্ কাম্যপদার্থান্ দতাং। তাদৃশৈক্ষেত্বদানং গজাখাদিবহুদ্রব্যদানত্ব্যমিতি ভাবঃ। বস্চ জ্যায়সাং বয়সানাম্, উল্লাং ব্যাগাং সম্প্রদানং কুর্গ্যাদিতি শেবঃ, তস্ত তা দত্তা গাবঃ হব্যক্রোঘবত্যঃ দেবপিতৃদেযদ্রব্যসমৃত্শালিতঃ প্রলোকে স্থাঃ তাসাং গ্রাং স্প্রসাদদেবেতি ভাবঃ॥২১॥

#### ভাবতভাবদীপঃ

দভাশ্চন্দ্রবদম্ভশ্রবাঃ লোকাঃ বিদো বিভাস্তেহস্মিন্ দ বিদান্ ॥১৮—১৯॥ দেবব্রতী ব্রহ্মচারী

গোদাত। সংস্বভাবসম্পন্ন এবং গোমূল্যদাতা নির্ভয় হয়; আব বস্থধেয়দাতা অধিক তৃঃখী হয় না। যিনি প্রাতঃকালে গকর ঘাসাদি বহন কবেন এবং
যিনি ভাবতবর্ষের পুণ্যস্থান সকল জানেন, তাঁহাবা সকলেই বৈষ্ণব বলিযা
বিখ্যাত ও চক্রেব স্থায় স্থানুষ্ঠা হন ॥১৮॥

মানুষ গোদান কবিয়া তিন দিন গোৱতী হইবে এবং একদিন গোগণেব সহিত গোষ্ঠে বাস কবিবে অর্থাৎ গোদান কবিয়া যে কোন অষ্ট্রমী তিথিতে আবস্ত কবিযা একদিন গোতৃষ, একদিন গোম্য এবং একদিন গোম্ত আহার কবিয়া এইভাবে তিনদিন থাকিবে ॥১৯॥

মানুষ ব্যদানে দেবসেবী হয়, ছুইটা ধেনুদানে বেদবিভা লাভ কবে, গো-দানেব বিধি জানিয়া যাজ্ঞিক হইয়া থাকে এবং গোসেবার বিধি জানিয়া শ্রেষ্ঠ স্বর্গ লাভ কবিতে পাবে ॥২০॥ ন চাশিয়াযাত্রতাযোপকুর্য্যান্ধাঞ্জদধানায ন বক্রবুদ্ধযে।
তথে হৃষ্ণং সর্বলোকস্থ ধর্ম্মো নেমং ধর্ম্মং যত্র তত্র প্রজঙ্গ্লেৎ ॥২২॥
সন্তি লোকেইগ্রুদ্ধানা মনুষ্যাঃ সন্তি শূদ্রা রাক্ষসমানুষেরু।
এষামেতদ্দীযমানং হৃনিষ্টং যে নান্তিকাং চাশ্রুযুত্তেইল্লপুণ্যাঃ ॥২০॥
বার্হস্পত্যং-বাক্যমেতন্নিশম্য যে রাজানো গোপ্রদানানি দল্বা।
লোকান্ প্রাপ্তাঃ পুণ্যশীলাঃ প্রবৃত্তাস্তান্মে রাজন্। কীর্ত্রমানান্ধিবোধ ॥২৪॥

#### ভাবতকোমুদী

নেতি। অশিস্থাষ ন, অত্রতাষ অনিষমনিষ্ঠায় ন, অশ্রেদধানাষ বিশ্বাসহীনাষ ন, বক্রবৃদ্ধয়ে চ ন, উপকুর্য্যাৎ অশু ধর্মশু কথনেন উপকারং ন কুর্য্যাৎ। অয়ং গোলানসম্বন্ধী ধর্মঃ সর্বলোকশু গুকো গোপনীয়:। ইমং ধর্মং বত্ত তত্ত্ব ন প্রজন্মেৎ ন ব্দেৎ ॥২২॥

সন্তীতি। লোকে অপ্রদ্ধানা অবিখাসিনো মন্ত্রাঃ সন্তি রাক্ষ্যা ইব্ মান্ত্রাজের্ শূ্রাঃ
শূর্বদ্ধমান্ত সন্তি, বে চ অল্পপুণ্যা নান্তিক্যমাপ্র্যন্তে, এবাং তেবাং দীন্নমানমেভদ্র্মম্
অস্বাভিরনিষ্টং নিক্ষলত্বাৎ ॥২৩॥

বার্হস্পত্যমিতি। বার্হস্পত্যুক্তম্। দলা ক্বছা, নিবোধ শৃগু ॥২৪॥ ভাবতভাবদীপঃ

স্থ্যমণ্ডলভেন্তা ॥২০॥ একসংস্থানেকাক্কতান্ গজগ্রামাদিসর্বদানতুল্যমেরুধেছদানং কিম্ভ বহ্ব্যো ছ্ব্যাদিমভ্যো দেযাঃ ভাসাং ভাভ্যোহধিকমিভি শেষঃ। উক্লাং ত্রাবরাণাম্ ॥২১॥ উপক্র্যাদেভৎকথনেন ॥২২—৩১॥

> ইতি শ্রীমহাভারতে অন্থাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোহধ্যায়ঃ ॥৬১॥,

যে লোক প্রচুব হ্য়বতী ধেহুদান কবে, সেই লোক একস্থানস্থিত হস্তী ও অশ্বপ্রভৃতি কাম্য পার্থিব সমস্ত বস্তুই দান কবে, আব যে লোক বয়স্থ বছতর বুষ দান কবে, গোগণ পবলোকে তাহাব সমীচীনভাবে আপন অমুগ্রহে হব্য ও কব্য দান কবিয়া থাকে ॥২১॥

যে লোক শাসনযোগ্য নহে, ব্ৰতী নহে, প্ৰদাশীল নহে কিংবা সবল বুদ্ধি নহে; এই ধৰ্ম বলিয়া তাহাদেব উপকাব কবিবে না এবং এই ধৰ্ম যেখানে সেখানে বলিবে না; এই ধৰ্ম সমস্ত লোকেব নিব টই গোপন বাখিবে ॥২২॥

জগতে অবিশ্বাসী বহুতব মামুৰ আছে, বাক্ষসস্থভাব মামুষেব মধ্যে আবাব শৃজেব হ্যায অধম লোকও আছে এবং অল্প পুণ্য যে সকল লোক নাস্তিকতা অবলম্বন কবে, তাহাদিগকে এই ধর্মদান কবা আমার অভিপ্রেত নহে ॥২৩॥

রাজা। যে সকল ধার্শ্মিক বাজা বৃহস্পতিব এই বাক্য শুনিষা গোদান কবিষা স্বৰ্গলাভ কবিষাছেন, আমি ভাহাদেব নাম বলিভেছি, তুমি প্রবণ কর—॥২৪॥ উশীনরো বিশ্বগশ্যে নৃগশ্চ ভগীরথো বিশ্রুতা যৌবনাশ্বঃ।

যান্ধাতা বৈ মুচুকুন্দশ্চ রাজা ভূরিত্যুদ্ধো নৈষধঃ সোমকশ্চ ॥২৫॥

পুররবা ভরতশ্চক্রবর্তী যন্তান্থবায়ে ভরতাঃ সর্ব্ব এব।

তথা বীরো দাশরথিশ্চ রামো যে চাপ্যন্তে বিশ্রুতাঃ কীর্ত্তিমন্তঃ ॥২৬॥

তথা রাজা পৃথুকর্মা দিলীপো দিবং প্রাপ্তো গোপ্রদানৈবিধিজ্ঞঃ।

যজ্জৈদ নিস্তপদা রাজধর্মের্মান্ধাতাভূদ্গোপ্রদানেশ্চ যুক্তঃ ॥২৭॥

তত্মাৎ পার্থ! ক্বমপীমাং মযোক্তাং বার্হস্পতীং ভারতীং ধারম্ব।

দিজাগ্রোভ্যঃ সম্প্রযুদ্ধর প্রীতো গাঃ পুণ্যা বৈ প্রাপ্য রাজ্যং কুরুণাম্ ॥২৮॥

বৈশাম্পায়ন উবাচ।

তথা সর্বাং কৃতবান্ ধর্মরাজো ভীল্মেণোক্তো বিধিবদ্গোপ্রদানে। স মান্ধাতুদে বদেবোপদিষ্টং সম্যগ্ধর্মং ধারয়ামাস রাজা ॥২৯॥

### ভাবতকোমূদী

উশীনর ইতি। বিশ্রতো বিখ্যাত:। নৈষধো নল: ॥২৫॥
পুররবা ইতি। চক্রবর্তী সার্বভৌম:, অন্ববাধে বংশে ॥২৬॥
তথেতি। পৃথ্কর্মা বহুধর্মকর্ম্মকারী ॥২৭॥
তক্ষাদিতি। বার্হস্পতীং বৃহস্পত্যক্তাম্, ভারতীং বাচং মনসি ধারম্ম ॥২৮॥
তথেতি। দেবদেবেন বৃহস্পতিনা ॥২৯॥

উশীনব, বিশ্বগশ্ব, নৃগ, বৈখ্যাত ভগীবথ, যৌবনাশ্ব, মান্ধাতা, মৃচ্কুল, ভূবিছায়, নল ও বাজা সোমক ॥২৫॥

পুৰববা, সম্ভাট ভবত, যে ভবতের বংশে ভোমরা ভবতেরা সকলেই জন্মিয়াছ এবং বীব দশর্থপুত্র বাম, আর অহা যে সকল কীর্ত্তিমান্ রাজা ছিলেন, তাহাবাও গোদানে বিখ্যাত হইয়া গিয়াছেন ॥২৬॥

এবং বহু ধর্মকার্য্যকাবী ও গোদানে বিধিবিং দিলীপ বাজা গোদানের ফলে স্বর্গলাভ কবিয়াছেন, আব মান্ধাতা যজ্ঞ, দান, তপস্থা, রাজ্ধর্ম ও গোদানযুক্ত ছিলেন ॥২৭॥

অতএব পৃথানন্দন ! তুমিও আমাব অভিহিত এই বৃহস্পতির বাক্য মনে বাখ এবং কুকবাজ্য পাইয়া সম্ভুষ্ট থাকিয়া ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে পবিত্র গোসকল দান কবিতে থাক' ॥২৮॥

বৈশস্পায়ন বলিলেন—যথাকালে রাজা ধর্মরাজ যুখিষ্ঠিব গোদান বিষয়ে ভীম্মকর্তৃক উপদিষ্ট হইয়া যথাবিধানে সমস্ত কবিষাছিলেন এবং মান্ধাতাব ইতি নৃপ। সততং গবাং প্রদানে যবশকলান্ সহ গোময়েঃ পিবানঃ। ক্ষিতিতলশ্যনঃ শিখী যতাত্মা বৃষ ইব রাজবৃষন্তদা বভূব ॥৩ ।॥ নরপতিরভবৎ স দৈবতাভ্যঃ প্রযতমনাস্থভিসংস্থবংশ্চ তাঃ স্ম। नृপতিধুরি চ গামযুঙ্ক ভূয়স্তরগবরৈবগমচ যত্র তত্র ॥৩১॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যামনুশাসন-

পৰ্ববিণ দানধৰ্ম্মে দানধৰ্ম্মকথনে একষষ্টিতমোহধ্যায়ঃ ॥•॥ #

# দ্বিষষ্টিতমোহধ্যায়ঃ।

<del>---</del>8#8----

বৈশম্পায়ন উবাচ। ততো যুধিষ্ঠিরো রাজা ভূয়ঃ শান্তনবং নৃপম্। গোদানবিস্তরং ধীমান্ পপ্রচছ বিন্যান্বিতঃ ॥১॥

## ভাবতকোমুদী

ইভীভি। হে নুণ। জনমেজয়। বৰশকলান্ বৰমগুৰগুল, পিবান: পিবন্, ক্ষিতিভলে শয়নং ষশ্ম সং, শিখা শিখাবান, বাজবুৰো রাজভোষ্ঠ: ॥৩০॥

নবেভি। নুপভিধুরি রাজগণাগ্রে বিভ্যান ইভি শেষ:। স নরপভিষু বিভিন্ন: ডা গাঃ, অভিসংস্থবন্ সর্বাথা প্রশংসন্ সদৈব ডাভ্যো গোভ্য: প্রব্যসনাঃ সংব্ডচিত্তঃ অভবং। ভূয়ো वरुनर वंशा फांखशा शाम, मानाय व्ययुक्त कुत्रशयदेवक्र क्टेंद्रेदियर्वक खूब व्यश्यक ॥७১॥

মহামহোপাধ্যায়-ভারভাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটিকায়াং ভারতকৌম্দীসমাখ্যায়ামহশাসনপর্কণি দানধর্মে একষ্টিতমোহধ্যায়ঃ ॥•॥

বাজা। ইহাব পবে গোশ্রেষ্ঠ বৃষেব ক্যায় রাজশ্রেষ্ঠ বৃধিষ্ঠিব গোদানের পূর্বে नर्सनारे शामरात महिल यरमध शान, ज्लाल मयन, भिषा थात्रन ও हिल नियमन করিতেন ॥৩০॥

রাজগণের অগ্রগণ্য যুধিষ্ঠিব গোগণেব প্রশংসা করিতেন, সর্বদা গোগণের প্রতি সংযতচিত্ত থাকিতেন, বহুপবিমাণে গোদান করিতেন এবং উৎকৃষ্ট অখে আরোহণ কবিয়া যেখানে সেখানে যাইতেন' ॥৩১॥

वहेमश्रेष्ठिष्ठरमार्थायः'—वह वर्ष, ' … धकावनाधिकनष्ठिद्यार्थायः'—वि ।

# যুধিষ্ঠির উবাচ।

গোপ্রদানগুণান্ সম্যক্ পুনর্ম্মে ক্রহি ভারত !।
নহি তৃপ্যাম্যহং বীর। শৃথানোহমূতমীদৃশম্॥২॥
বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তো ধর্মরাজেন তদা শান্তনবো নৃপঃ। সম্যগাহ গুণাংস্তম্মৈ গোপ্রদানস্থ কেবলান্॥এ॥

ভীম্ম উবাচ।

বৎদলাং গুণসম্পন্নাং তরুণীং বস্ত্রসংযুতাম্।
দত্ত্বেদৃশীং গাং বিপ্রায় সর্বপাপেঃ প্রমুচ্যতে ॥४॥
অসুর্য্যা নাম তে লোকা গাং দত্ত্বা তান্ ন গচ্ছতি।
গীতোদকাং জগ্ধতৃণাং নফক্ষীরাং নিরিন্দ্রিয়াম্॥৫॥
জরারোগোপসম্পন্নাং জীর্ণাং বাপীমিবাজলাম্।
দত্ত্বা তমঃ প্রবিশতি দ্বিজং ক্লেশেন যোজয়েৎ ॥৬॥ (যুগ্মকম্)

#### ভারতকৌমুদী

তত ইতি। শান্তনবং শান্তমুপ্তং ভীম্ম, নৃপং ক্ষত্রিযশ্রেষ্ঠম্ ॥১॥ গবিতি। শৃধানঃ শৃধন, অমৃতম্ অমৃতত্ল্যং তব বাক্যম্ ॥২॥ ইতীতি। গুণামুৎকর্ধান্, কেবলান্ মৃখ্যান্ ॥৩॥ বৎসলামিতি। বৎসঃ অস্তাতি বৎসলা তাম্ ॥৪॥

অপ্র্যা ইতি। অপুর্যাঃ প্র্যাভাবাদককারাজ্যাঃ। পীতমূদকং বযা তাম্, পুনঃ পানাশকা-মিতি ভাবঃ, জয়ং ভুক্তং তৃণং বয়া তাম্, পুনর্যোজনাসমর্থামিতি ভাবঃ, নইক্ষীরাং লুপ্তত্থাম্,

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব বাদ্ধমান বাজা যুধিছির বিনযযুক্ত হইযা পুনবাষ ক্ষত্রিয়শ্রেষ্ঠ ভীত্মেব নিকট বিস্তরক্রমে গোদানেব বিষয় জিজ্ঞাসা ক্রিলেন ॥১॥

যুধিষ্ঠির বলিলেন—'বীব ভরতনন্দন। আপনি পুনবায় আমার নিকট সমীচীনভাবে গোদানের গুণ বলুন। কারণ, অমৃতেব তুল্য আপনাব এইরপ বাক্য শুনিযা আমি তৃপ্তি লাভ কবিতে পাবিতেছি না'॥২॥

বৈশস্পায়ন বলিলেন—যুধিষ্ঠিব এইকপ বলিলে, তখন ক্ষত্রিযশ্রেষ্ঠ ভীম যুধিষ্ঠিরের নিকটে সমীচীনভাবে গোদানের প্রধান গুণসকল বলিতে লাগিলেন ॥৩॥

ভীন্ম বলিলেন—'মানুষ সবংসা, গুণবভী ও যুবভী এইকপ গো বস্ত্ৰযুক্ত অবস্থায় ব্ৰাহ্মণকে দান করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৪॥ রুষ্টা ব্যাধিতা তুর্বলা বা নো দাতব্যা যাশ্চ মূল্যেরদক্তিঃ। ক্লেশৈর্বিপ্রং যোহফলৈঃ সংযুনজ্ঞি তস্থাবীর্য্যাশ্চাফলাশ্চেব লোকাঃ॥१॥ বালাম্বিতাঃ শীলবযোপপন্নাঃ সর্বে প্রশংসন্তি স্থগন্ধবত্যঃ। যথা হি গঙ্গা সরিতাং বরিষ্ঠা তথার্জ্জ্বনীনাং কপিলা বরিষ্ঠা॥৮॥ যুধিষ্ঠির উবাচ।

কন্মাৎ সমানে বহুলাপ্রদানে সদ্ভিঃ প্রশস্তং কপিলাপ্রদানম্। বিশেষমিচ্ছামি মহাপ্রভাবং শ্রোতুং সমর্থোহস্মি ভবান্ প্রবক্তুম্ ॥৯॥

#### ভাবতকোমুদী

নিবিজিষাং ন্যনাদীজিষশৃস্থাম্, ভমন্তম্পাবৃতং ন্বক্ম্, বিজং গ্রহীতারং ব্রাহ্মণম্পি ক্লেশেন বোজ্বেং তংগালনাদিপরিশ্রমাদিত্যভিপ্রায়ঃ॥৽—-৬॥

ক্ষেতি। অদত্তিমূ লৈয়ক্ হীতাঃ। বিপ্রং গ্রহীতারম্। অবীর্য্যা অন্ধকাবার্তত্বাৎ, দর্শন-শক্তেরবিষ্যাঃ ॥१॥

বালেতি। বালাধিতাঃ সবৎসাঃ। শীলবযোপপন্না ইতি বিসর্গলোপেহণি পুনঃ দক্ষিঃ, স্থপদ্ধবত্য ইতি শম-আদিলোপাভাবকার্বো। অর্জুনীনাং গ্রাম্ ॥৮॥

কন্মাদিতি। বহুলাযাঃ প্রচুরহুগ্ধায়া গোঃ প্রদানে, সমানে সমানফলজনকেহপি, কন্মাৎ কপিলাপ্রদানং সম্ভিঃ প্রশন্তম্। অজ কপিলায়া বিশেষং মহাপ্রভাবং শ্রোভূমিচ্ছামি, অহং শ্রোভূং সমর্থোহন্দি ভবানপি প্রবক্তুং সমর্থোহন্তি ॥১॥

স্ব্যবহিত প্রসিদ্ধ যে সকল লোক আছে, গোদান কবিয়া মানুষ সেই সকল লোকে গমন কবে না। আব, যে গক শেষ জলপান ও শেষ তৃণভক্ষণ কবিয়াছে, জবায ও বোগে জীর্ণ হইয়াছে এবং জলশূন্য দীর্ঘিকাব ন্যায় তৃষ্ধশূন্য ও ইন্দ্রিযবিহীন হইয়া গিয়াছে, সেই গক দান কবিয়া মানুষ অন্ধকাবারত নবকে প্রবেশ কবে এবং প্রতিগ্রহীতা ব্রাহ্মণকেও কন্ট্রসাগবে নিক্ষেপ কবিয়া থাকে॥৫—৬॥

কষ্ঠ, তুষ্ঠ, কগ্ণ, তুর্বল কিংবা মূল্য না দিয়া যে সকল গক গ্রহণ কবা হয়, সেইগুলি দান করিবে না। কাবণ, যে লোক গ্রহীতা ব্রাহ্মণকে কষ্টযুক্ত কবে, ভাহার অন্ধকাবার্ত ও নিক্ষল প্রলোক হইয়া থাকে ॥৭॥

সবংসা, সংস্বভাবা, বযস্থা ও সৌবভযুক্তা গোদিগকে সকলেই প্রশংসা করে। আব গঙ্গা যেমন নদীব মধ্যে শ্রেষ্ঠা, তেমন গোদিগেব মধ্যে কপিলা শ্রেষ্ঠা' ॥৮॥

যুধিষ্ঠিব বলিলেন—'বহুছ্শ্ববতী গোদানেব ফল ও কপিলা দানের ফল সমান হইলেও পণ্ডিতেবা কপিলাদানেব প্রশংসা কবিয়াছেন কেন ? এ বিষয়ে

# ভীম্ম উবাচ।

র্দ্ধানাং ক্রবতাং তাত ! ক্রতং মে যৎ পুরাতনম্।
বক্ষ্যামি তদশেষেণ রোহিণ্যো নির্ম্মিতা যথা ॥১০॥
প্রজাঃ স্থজেতি চাদিষ্টঃ পূর্বাং দক্ষঃ স্বয়স্কুবা।
অস্জদ্রতিমেবাত্রে প্রজানাং হিতকাম্যয়া ॥১১॥
যথা হুমূতমাঞ্রিত্য বর্ত্তয়ন্তি দিবৌকসঃ।
তথা রুত্তিং সমাঞ্রিত্য বর্ত্তয়ন্তি প্রজা বিভো।।১২॥
আচরেভ্যশ্চ ভূতেভ্যশ্চরাঃ শ্রেষ্ঠাঃ সদা নরাঃ।
ব্রাক্ষাণাশ্চ ততঃ শ্রেষ্ঠাস্তেম্ যজ্ঞাঃ প্রতিষ্ঠিতাঃ ॥১০॥
যক্তৈরবাপ্যতে সোমঃ স চ গোমু প্রতিষ্ঠিতঃ।
ততো দেবাঃ প্রমোদন্তে পূর্বাং রুত্তিস্ততঃ প্রজাঃ ॥১৪॥

#### ভাবতকৌমুদী

বৃদ্ধানামিতি। মে ময়া। রোহিণ্যো গাবং ॥>৽॥
প্রজা ইতি। স্বয়ভূবা ব্রহ্মণা, বৃত্তিং জীবিকানির্বাহোপায়য় ॥>>॥
য়েণতি। বর্ত্তমন্তি জীবনং চালমন্তি, দিবৌকসো দেবা: ॥>২॥
স্বচরেন্ড্য ইতি। স্বচরেন্ড্য: স্থাবরেন্ড্য:, ভূতেন্ড্য: প্রাণিড্য: ॥>৩॥
য়িজেরিতি। সোমো নাম রসঃ, স চ মজ্জ:, গোজাতত্বোংপদ্মন্তুতসাধ্যক্ষাৎ ॥>৪॥

কপিলার বিশেষত্ব ও মহাপ্রভাব আমি শুনিতে ইচ্ছা কবি। এ বিষয় আপনিও বলিতে পাবেন আমিও শুনিতে পাবি'॥॥

ভীম বলিলেন—'বংস। বিধাতা গোদিগকে যেকপ স্থাষ্ট কবিয়াছিলেন, সেই বিষয়ে আমি পূর্বে বৃদ্ধদেব মুখে যাহা শুনিয়াছি, তাহা সমস্তই বলিব'॥১০॥

'প্রজা সৃষ্টি কব'—এইভাবে পূর্ব্বকালে ব্রহ্মা আদেশ কবিলে, দক্ষ প্রজা-গণের হিতকামনায় প্রথমে তাহাদেব বৃত্তিই সৃষ্টি কবিয়াছিলেন ॥১১॥

বাজা। দেবতারা যেমন অমৃত অবলম্বন করিয়া জীবনযাপন কবেন, প্রজাবাও তেমন বৃত্তি অবলম্বন কবিয়া জীবনযাপন কবে ॥১২॥

স্থাবৰ প্রাণী হইতে জঙ্গম প্রাণী শ্রেষ্ঠ; তাহাদেব মধ্যে আবাব মায়ুষ শ্রেষ্ঠ, মায়ুষেব মধ্যে আবাব ব্রাহ্মণ শ্রেষ্ঠ। কাবণ, ব্রাহ্মণে যজ্ঞ সকল প্রতিষ্ঠিত আছে ॥১৩॥

ষজ্ঞদারা সোমবস লাভ কবা যায়, সেই যজ্ঞ গোগণে প্রতিষ্ঠিত আছে এবং সেই যজ্ঞ হইতে দেবগণ প্রমুদিত হন। ইহা সত্য যে, প্রথমে বৃত্তি, পবে প্রকা ॥১৪॥ প্রজাতাত্যেব ভূতানি প্রাক্তোশন্ বৃত্তিকাঞ্জযা।
বৃত্তিদং চারপগন্ত তৃষিতাঃ পিতৃমাতৃবৎ ॥১৫॥
ইতীদং সনসা গন্ধা প্রজাসর্গার্থসাত্মনঃ।
প্রজাপতিস্ত ভগবানমূতং প্রাপিবতদা ॥১৬॥
স গতস্তস্তৃত্তিং তু গন্ধং হ্রভিমুদ্গিরন্।
দদর্শোদ্গারসংবৃত্তাং স্থবভিং মুখজাং স্থতাম্ ॥১৭॥
সাহস্কৎ সোরভেয়ীস্ত স্থরভিলোকমাতৃকাঃ।
স্থর্ণবর্ণাঃ কপিলাঃ প্রজানাং বৃত্তিধেনবঃ॥১৮॥
তাসামমূত্বর্ণানাং ক্রন্তীনাং সমস্ততঃ।
বভূবামূতজঃ ফেনঃ প্রবন্তীনামিবোর্মিজঃ॥১৯॥
স বৎসমুখবিভ্রটো ভবস্ত ভূবি তিষ্ঠতঃ।
শিরস্তবাপতৎ ক্রুদ্ধঃ স ত্দৈক্ষত চ প্রভুঃ ॥২০॥

#### ভাবতকৌমূদী

প্রেতি। প্রাক্ষোশন্ আমন্ত্রযন্। অরপক্তত আশ্রয়ন্॥১৫।

ইভীভি। গৰা সমালোচ্য, প্ৰজানাং সৰ্গাৰ্থং স্কটনিমিত্তম্ ॥১৬॥

স ইভি। স প্রজাপতি:, অমৃতপানেন তৃপ্তিং গত: সন্, ভক্ত অমৃতক্ত স্থরভিং গদ্ধমৃদ্-গিরন্, উদ্গারেণ সংবৃদ্তাং সঞ্চাতাং মুধ্বাং স্থতাং স্থরভিং দদর্শ ॥১৭॥

সেতি। লোকমাতৃকা ত্ঝদানেন লোকানাং পোষণাং। বৃত্তিধেনবো জীবিকানির্বাহ-বিষয় গাঃ ॥১৮॥

ভাসামিতি। ক্রন্তীনাং ছ্ঝং নিংশার্যভীনাম্। প্রবন্তীনাং নদীনাম্।১৯।

প্রাণিগণ উৎপন্ন হইষাই বৃত্তিকামনায় আহ্বান কবিতেছিল; তাহাব পব সেই ভৃঞ্চার্ত্ত প্রাণীবা পিতা ও মাতাব স্থায় বৃত্তিদাতাকে প্রাপ্ত হইয়াছিল ॥১৫॥ ভগবান্ প্রজাপতি নিজেব প্রজা স্প্তিব জম্ম মনে মনে এইবাপ আলোচনা করিয়া অমৃত পান কবিলেন ॥১৬॥

ভিনি অমৃত পানে ভৃত্তিলাভ কবিযা, তাহাব স্থমিষ্ট গন্ধ উদ্গার করতঃ সেই উদ্গাবজাত মুখোৎপন্ন কক্সা স্থবভিকে দেখিতে পাইলেন ॥১৭॥

সেই স্থবভি লোকেব মাতৃষকপা, স্বর্ণবর্ণা ও জীবিকানির্ব্বাহিণী সৌবভেয়ী-নামী কপিলা ধেমুদিগকে সৃষ্টি কবিলেন ॥১৮॥

নদীব তবঙ্গজাত ফেনেব স্থায়, অমৃতবর্ণা ছ্গ্ণনিঃসাবিণী সেই ধেমুদিগেব ছ্গ্ণজাত ফেন, সকল দিকে উৎপন্ন হইল ॥১৯॥ ললাটপ্রভবেণাক্রা রোহিণীং প্রদহনিব।
তত্তেজস্ত ততো রোদ্রং কপিলাস্তা বিশাংপতে। ॥২১॥
নানাবর্ণস্থানবদাঘানিব দিবাকরঃ।
যাস্ত তত্মাদপক্রম্য সোমমেবাভিসংশ্রিতাঃ ॥২২॥
যথোৎপন্নাঃ স্বর্ণস্থান্তা নীতাশ্চাত্মবর্ণতাম্।
অথ ক্রুদ্ধং মহাদেবং প্রজাপতিরভাষত ॥২০॥ (কলাপকম্)
অমতেনাবদিক্তস্তং নোচ্ছিন্টং বিভাতে গবাম্।
যথা হাম্তমাদায সোমো বিস্তালতে পুনঃ ॥২৪॥
তথা ক্রীরং ক্রন্ড্যেতা রোহিণ্যোহম্বতসম্ভবম্।
ন হ্যাত্যনিলো নাগ্নির্ন স্থবর্ণং ন চোদধিঃ ॥২৫॥ (যুগাকম্)
নাম্তেনাম্বতং পীতং বৎসপীতা ন বৎসলা।
ই্যান্ লোকান্ ভরিয়ন্তি হবিষা প্রভ্রবেণ চ ॥২৬॥

### ভাবতকৌমূদী

म ইতি। স ফেন:। ভবস্থ শিবস্থ। ক্রুদ্ধ: শিবস্থাচ্ছিষ্টপতনাদিতি ভাব:। অক্লা চক্ষা, রোহিণীং গাম। তত্মাত্তভ্স:, নীতা: প্রাপিতা: ॥২০—২৩॥

সমৃতেনেতি। সমৃতেন ফেনকপেণ। সোমশ্চন্তঃ, পুনবিশুদ্দতে সমৃতমেব নি:সার্যতি। রোহিণ্যো গাবঃ ॥२৪—২৫॥

নেতি। অমৃতেন অমৃতপাযিনা দেবগণেন পীতমপ্যমৃতং ন হয়তি, তথা বংসলা

সেই ফেন বংসেব মুখ হইতে বিচ্যুত হইয়া ভ্তলন্থিত মহাদেবের মন্ত্কে নিপতিত হইল তখন প্রভাবশালী মহাদেব ক্রুদ্ধ হইয়া ললাট-নয়নদ্বাবা দগ্ধ করতই যেন শেই ধেনুকে দর্শন কবিলেন। নবনাখ! তাহাব পব স্থ্য যেমন মেঘদিগকে নানাবর্ণ কবেন; তেমন মহাদেবেব ললাট-নয়নজাত সেই ভীষণ তেজ সেই পিঙ্গলবর্ণা ধেনুদিগকে নানাবর্ণ কবিল। আব যে সকল ধেনু সেই তেজ হইতে নির্গত হইযা চল্রকেই আশ্রেষ কবিল, তাহাবা যেমন উৎপন্ন হইয়াছিল, তেমনই আপন আপন বর্ণবিশিষ্ট থাকিয়া ঐ তেজেব সংশ্রবে অক্যান্ত বর্ণ প্রাপ্ত হইল। তাহাব পব প্রজাপতি ক্রুদ্ধ মহাদেবকে বলিলেন—॥২০—২৩॥

'দেবদেব! আপনি ফেনকপ অমৃতদ্বাবা সংসিক্ত হইষাছেন, কিন্তু গোমুখ-বিচ্যুত ফেন উচ্ছিষ্ট নহে। চক্ৰ ষেমন অমৃত গ্ৰহণ কৰিয়া আবাব তাহা নিঃসাবণ করেন, তেমন এই গোসকল অমৃতজ্ঞাত ত্ত্বক্ষবণ কৰে, স্মৃতবাং বৎসমুখ-নিস্ত ফেন বায়ু, অগ্নি, স্বৰ্ণ ও সমুদ্ৰ উচ্ছিষ্ট হইয়া দৃষিত হয় না॥২৪—২৫॥ আসামৈশ্ব্যমিচছন্তি দর্ক্বেহ্যুত্ময়ং শুভ্মৃ।
র্যভঞ্চ দদো তামে সহ গোভিঃ প্রজাপতিঃ।
প্রসাদ্যামাস মনস্তেন রুদ্রেশ্য ভারত। ॥২৭॥
প্রীতশ্চাপি মহাদেবশ্চকার র্যভং তদা।
ধ্বজঞ্চ বাহনকৈব তত্মাৎ স র্যভধ্বজঃ ॥২৮॥
ততো দেবৈস্হাদেবস্তদা পশুপতিঃ রুতঃ।
ঈশ্বরঃ স গবাং মধ্যে র্যভাঙ্কঃ প্রকীর্তিতঃ ॥২৯॥
এবমব্যগ্রবর্ণানাং কপিলানাং মহোজসাম্।
প্রদানে প্রথমঃ কল্পঃ সর্কাসামেব কীর্তিতঃ ॥৩০॥

#### ভাবতকোমুদী

ধেমুরপি বংশপীতা সতী উচ্ছিষ্টতযা ন হয়তি। তাশ্চ ধেনবো হবিষা দ্বতেন, প্রস্রবেণ ক্ষীর-ক্ষরণে চ ইমান লোকান্ ভরিয়ন্তি ॥২৬॥

আসামিতি। অমৃতসমং চ্শ্বরণম্। তব্যি তবাষ তেন ব্যভদানেন। বট্পাদোইযং শ্লোক: ॥२१॥

প্রীত ইতি। ধ্বন্ধং ধ্বন্ধান্তম্। ব্যভধ্বন্ধ উচ্যত ইতি শেবঃ ॥২৮॥ তত-ইতি। ব্যভ এব অম্বন্দিহ্নং বস্তু সং ॥২৯॥ এবমিতি। অব্যগ্রবর্ণানাম্ অমিশ্রবর্ণানাম্ ॥৩০॥

অমৃতপায়ী দেবগণ পান কবিলেও অমৃত দূষিত হয় না এবং বংসলা ধেরু বংসকর্ত্বক পীত হইয়াও উচ্ছিষ্ট হয় না। এই ধেরু মৃত ও ত্থাদারা মনুম্রাগণকে ভবণ কবিবে ॥২৬॥

ভবতনন্দন। এই জন্মই সমস্ত মামুষ এই ধেরুগণেব তৃগ্ধরূপ সুখসম্পদ্ ইচ্ছা কবে। তাহাব পব প্রজাপতি গোগণেব সহিত একটী বৃষ মহাদেবকে দান কবিলেন এবং তদ্ঘাবা তিনি মহাদেবেব মনকেও প্রসন্ন কবিতে পারিল্বেন ॥২৭॥

তখন মহাদেবও সম্ভষ্ট হইয়া সেই বৃষ্টীকে নিজেব হ্বজ ও বাহন করিলেন; তাহাতেই তাঁহাকে 'বৃষ্ধক্ত' বলা হয় ॥২৮॥

তাহার পব দেবতাবা তখন মহাদেবকে পশুপতি কবিলেন। সেই জন্মই মহাদেব দেবগণেব মধ্যে পশুগণেব অধীশ্বব ও বৃষভাঙ্ক বলিয়া কথিত হইয়া থাকেন ॥২৯॥

এইবাপে সমস্ত ধেমুব মধ্যেই অমিশ্রবর্ণা ও তেজস্বিনী কপিলা ধেমুব দান প্রথম কল্প কথিত হইয়া থাকে ॥৩০॥ লোকজ্যেষ্ঠা লোকর্বতিপ্রবৃত্তা রুদ্রোপেতাঃ সোমবিয়ন্দভূতাঃ।

र्मागाः भूगाः कामनः भागनंक

গা বৈ দত্ত্বা সর্বকামপ্রদঃ স্থাৎ ॥৩১॥

ইদং গবাং প্রভববিধানমূত্তমং পঠন্ সদা শুচিরপি মঙ্গলিপ্রিঃ। বিমৃচ্যতে কলিকলুষেণ মানবঃ শ্রেয়ং স্থতান্ ধনপশুমাপ্র য়াৎ সদা ॥৩২॥ হব্যং কব্যং তর্পণং শান্তিকর্ম যানং বাসো ব্রদ্ধবালক্ত তুষ্টিঃ। এতান্ সর্বান্ গোপ্রদানে গুণান্ বৈ দাতা রাজন্মপ্র য়াহৈ সদৈব ॥৩৩॥

বৈশম্পায়ন উবাচ।

পিতামহস্থাথ নিশম্য বাক্যং রাজা সহ ভাত্ভিরাজমীঢ়ঃ। স্বর্ণবর্ণানভূহন্তথা গাঃ পার্থো দদৌ ব্রাহ্মণসত্তমেভ্যঃ॥৩৪॥

# ভারতকোমুদী

লোকেতি, লোকজোঠা: প্রথমোৎপর্নতাৎ, লোকানাং বৃত্তে জীবনধারণে প্রবৃত্তাং ক্ষম্রং শিবম, দ্রিনেতাঃ স্বামিছেন প্রাপ্তাং, দোমাৎ চক্রাৎ যো বিক্রন্দঃ অমৃতক্ষরণং তং ভূতাঃ প্রাপ্তাঃ। দাতা গ্রহীতুঃ সর্বকামপ্রাদঃ ভাৎ ॥৩১॥

ইদমিতি। প্রভববিধানম্ উৎপত্তাপাখ্যানম্। শ্রিয়ং কান্তিম্ এথ। হব্যমিতি। হব্যং দেবদেষক্রবাদানম্, কব্যং পিতৃদেষক্রবাদানম্, ধানং বাসক্ত তয়োদানম্, তৃষ্টিঃ খাঞ্চাদিদানেন সন্তোষবিধানঞ। গুণান্ তত্তৎফলানি ।৩৩।

পিতামহত্তেতি। আজমীত: অজমীচ্বংশোৎপন্ন:। অন্তুহো বুবান্ ॥৩৪॥

লোকজ্যেষ্ঠা, লোকেব বৃত্তিসম্পাদনে প্রবৃত্তা, মহাদেবাশ্রিতা, চন্দ্র হইতে নির্গত অমৃতপ্রাপ্তা, সৌম্যমূর্ত্তি, পবিত্রা, কামদায়িনী ও প্রাণদায়িকা ধেরু দান কবিয়া মানুষ গ্রহীতাব সমস্ত অভীষ্টদাতাই হয় ॥৩১॥

মানুষ পবিত্র ও মঙ্গলার্থী হইয়া এই উত্তম গোস্ষ্টির উপাখ্যান সর্বাদা পাঠ করিয়া কলির পাপ হইতে মুক্ত হয় এবং সর্বাদা কান্তি, পুত্র, ধন ও প্রশু লাভ করে ॥৩২॥

রাজা! দেবপূজা, পিতৃশ্রাদ্ধ, তর্পণ, শান্তিকার্য্য, যান ও বন্ত্রদান এবং বৃদ্ধ ও বালকগণেব সস্তোষবিধান, এই সমস্ত কার্য্যেব ফলই মানুষ এক গোদান কবিয়া সর্বাদা লাভ করে' ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—অজমীঢ়বংশোৎপন্ন পৃথানন্দন বাজা যুথিছির ভীন্মেব বাক্য শুনিয়া যথাসময়ে ভাতাদের সহিত মিলিত হইয়া ব্যাহ্মাণগণকে স্বর্ণবর্ণ বৃষ ও ধেমুদান কবিলেন ॥৩৪॥ তথৈব তেভ্যোহপি দদৌ দ্বিজেভ্যো গবাং সহস্রাণি শতানি চৈব।
যজ্ঞান্ সমুদ্দিশ্য চ দক্ষিণার্থে লোকান্ বিজেতুং পরমাঞ্চ কীর্ত্তিম্ ॥৩৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ববি দানধর্মে দানধর্মকথনে দ্বিষ্টিতমোহধ্যায়ঃ॥০॥ #

---<u>2#2---</u>

# ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ।

---**%**#%---

ভীম্ম উবাচ।

এত স্মিরেব কালে তু বসিষ্ঠম্বিসত্তমন্।
ইক্ষ্বাকুবংশজো রাজা সোদাসো বদতাং বরঃ ॥১॥
সর্বলোকচরং নিজং জ্রহ্মকোশং সনাতনম্।
পুরোহিতমভিপ্রফী মভিবাজোপচজ্রমে ॥২॥ (যুগাকম্)
সোদাস উবাচ।

ত্রৈলোক্যে ভগবন্! কিংস্থিৎ পৰিত্রং কথ্যতেহনঘ।। যৎ কীর্ত্তযন্ সদা মর্ত্ত্যঃ প্রাপ্ত মুধাৎ পুণ্যমূত্রমম্ ॥৩॥

#### ভারতকৌমুদী

তথেতি। দক্ষিণার্থে, লোকান্ মর্গান্ বিজেতুষ, পরমাং কীর্তিং লর্ঞেতি শেষঃ, দদাবিতি সম্বন্ধঃ ।৩৫॥

ইতি সহামহোপাধ্যার-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটিকায়াং ভারতকৌমুদীসমাধ্যাবামফ্শাসনপর্বাণি
দানধর্শে বিবাইতেমোহধ্যায়ঃ ॥০॥

--{\*:--

এতস্মিরিত। এতস্মিরেব কালে কদাচিদিত্যর্থ:। ব্রন্মকোশং বেদনিধিম্ ॥১—২॥

আর তিনি যজ্ঞেব দক্ষিণাব জ্জ্ঞ এবং স্বর্গ ও প্রম কীর্ত্তি লাভ করিবাব নিমিত্ত সেই ব্রাহ্মণগণকে শতসহস্র গোদান করিতেন ॥৩৫॥

-----

ভীম বলিলেন—'একদা বামিশ্রেষ্ঠ ইক্ষ্বাকুবংশীয রাজা সৌদাস, সর্বব-লোকচারী, সিদ্ধ ও বেদনিধি চিরকালেব পুবোহিত ঋষিশ্রেষ্ঠ বসিষ্ঠকে নমস্কার করিয়া প্রশ্ন করিতে আরম্ভ কবিলেন ॥১—২॥

 <sup>&</sup>quot;-- नश्चमश्चिष्ठिष्ठामार्थगात्रः" — वक् वर्ष, " वामगायिकगण्डामार्थगात्रः" — नि ।

# ভীম্ম উবাচ।

তিমে প্রোবাচ বচনং প্রণতায় হিতং তদা।
গবামুপনিষদ্বিদ্বাম্বমস্কৃত্য গবাং শুচিঃ ॥৪॥
গাবঃ স্থরভিগন্ধিঅস্তথা গুগ গুলুগন্ধয়ঃ।
গাবঃ প্রতিষ্ঠা ভূতানাং গাবঃ স্বস্তায়নং মহৎ ॥৫॥
গাবো ভূতঞ্চ ভব্যঞ্চ গাবঃ পুষ্ঠিঃ সনাতনী।
গাবো লক্ষ্যান্তথা মূলং গোষু দত্তং ন পশ্যতি ॥৬॥
অমং হি পরমং গাবো দেবানাং পরমং হবিঃ।
স্বাহাকারবষট্ কারো গোষু নিত্যং প্রতিষ্ঠিতাঃ।
গাবো যজ্জস্থ হি ফলং গোষু যজ্জাঃ প্রতিষ্ঠিতাঃ।
গাবো ভবিষ্যং ভূতঞ্চ গোষু যজ্জাঃ প্রতিষ্ঠিতাঃ॥৮॥

# ভারতকোমুদী

বৈলোক্য ইভি। কিং বস্তু, স্বিৎ প্রশ্নে। মর্ক্ত্যো মানুষঃ মথা তন্মা ই**ডি**৷ উপনিষ্দ্বিদান্ তত্ত্বজঃ মগা

গাব ইতি। স্থ্রভিত্রণিতর্পণো গদ্ধ আসামন্তীতি তাং, গুগ্গুলোরিব গদ্ধো যাসাং তাং।
স্বস্তায়নং মঙ্গুলারণম্ ॥৫॥

গাব ইভি। ভূতং ভূতফলজনিকা:, ভবাং ভবিষ্তং ফলকারিণ্য:, গাব: সনাতনী পুষ্টি: সর্বদা পুষ্টিজনিকা:, গাবো লক্ষ্যা: সম্পৎকবত্বেন দৃষ্টা:, মূলং অথকারণম্, তথা গোষু দত্তং থাছাং পেষঞ্চ ন নইন্তি নিচ্ছলং ন ভবতি ॥৬॥

অন্নমিতি। অধ্বং শ্বাতং দৃশ্বং ডজ্জনিকাঃ, হবিদ্ব ডিজনিকান্চ ॥१॥

সোদাস বৃষ্টিলেন—'ভগবন্ নিষ্পাপ। ত্রিভ্বনে কোন্ বস্তুকে পবিত্র বলা হয় ? যে বস্তুব কীর্দ্ধন করিয়া মানুষ সর্ববদা উত্তম পুণ্য লাভ কবে'॥॥

ভীম্ম বলিলেন—'গোভম্ববিৎ পবিত্র বসিষ্ঠ তখন গোদিগকে নমস্কাব করিয়া প্রাণ্ড সৌদাসকে এই সকল হিতবাক্য বলিতে লাগিলেন—॥৪॥

'গোসকল স্থমিষ্ঠ গন্ধযুক্ত ও গুগ ্গুলেব স্থায় সৌবভশালী, গোসকল প্রাণি-গণের আশ্রয়স্থান এবং বিশেষ মঙ্গলেব কারণ ॥৫॥

গোসকল অতীতে ফল জন্মাইয়াছিল, ভবিশ্বতে ফল জন্মাইবে, গোসকল স্বৰ্ধদা পুষ্টিব কাবণ, গোসকল আদবের সহিত অষ্টব্য, সোসমূহ সম্পদেব মূল এবং গোদিগকে থাত ও পেয় দান কবিলে তাহা নিক্ষল হয় না ॥৬॥

গোসকল উৎকৃষ্ট খাত উৎপাদন কবে, দেবগণেব উত্তম হবি দিয়া থাকে এবং স্বাহা ও স্বধা সর্বদা গোসমূহে প্রতিষ্ঠিত আছে ॥৭॥ সাবং প্রাতশ্চ সততং হোমকালে মহাত্যতে।।
গাবো দদতি বৈ হোম্যম্বিভাঃ পুরুষর্বভ!॥৯॥
যানি কানি চ তুর্গাণি তুষ্কৃতানি কুতানি চ।
তবন্তি চৈব পাপাানং ধেমুং যে দদতি প্রভো!॥১০॥
একাঞ্চ দশগুদ আদশ দলাচ্চ গোশতী।
শতং সহস্রগুদ লাৎ সর্বে তুল্যফলা হি তে॥১১॥
অনাহিতাগ্রিঃ শতগুরুষত্বা চ সহস্রগুঃ।
সমুদ্ধো যশ্চ কানাশো নার্বমর্হন্তি তে ত্রয়ঃ॥১২॥

#### ভাবতকৌমুদী

গাব ইতি। ভবিশ্বং ভূতঞ্চেতি পূর্ববিদ্যাখ্যেমন্। গোষু বঙ্গাং প্রতিষ্ঠিতা ইতি পুনকজি-বাঁচ্যদৃঢত্বার্থাঃ ॥৮॥

সায়মিতি। হৌম্যং হোম্সাধকং দ্বভম্ ॥ ।॥

ষানীতি। তুর্গাণি তুর্গমস্থানানি,, ত্রন্থতানি ত্রন্থাণি ॥১০॥

একামিতি। একাং গাম্, দশ গাবো যক্ত দ দশগুঃ। এবমক্সত্র। সর্ব্বে হি তে তুল্যফলাঃ "ৰল্পে মহতি বা তুল্যং ফলমাত্যদরিক্রযোঃ" ইতি স্বতেঃ ॥১১॥

অনাহিতেতি। শতং গাবো ষস্থ স শতগুৰ্বো জনঃ, অনাহিতায়িৰ্হোমাৰ অস্থাপিতায়িঃ, সহস্ৰগুচ যো জনঃ অৰজা অৰজকারী, সমুদ্ধো ষশ্চ জনঃ কীনাশঃ কৃপণঃ স্থাৎ, তে এযো জনা এব অৰ্থং লোকসন্থানং নাইস্তি ॥১২॥

গোসমূহ যজ্ঞেব ফল, আবাব যজ্ঞ মকলও গোসমূহে প্রতিষ্ঠিত আছে, গোসমূহ অতীতে ফল জন্মাইযাছিল ও ভবিশ্বতে ফল জন্মাইবে এবং যজ্ঞসমূহ গোসমূহে প্রতিষ্ঠিত বহিষাছে ॥৮॥

মহাতেজা পুক্ষঞ্জেষ্ঠ। গোসমূহ প্রত্যহ সায়ং ও প্রাতঃকর্তব্য হোমেব কালে ঋষিগণকে হোমেব হবি দান কবিয়া থাকে ॥৯॥

বাজা। যাঁহাবা ধেনুদান কবেন, তাঁহাবা যে কোন হুর্গম স্থান, যে কোন কৃত হুন্ধর্ম ও যে কোন পাপ উত্তীর্ণ হুইয়া থাকেন ॥১০॥

যাহাব দশটী গৰুথাকিবে, তিনি একটা গৰু দান কবিবেন, যাহাব একশভ গো থাকিবে, তিনি দশটী গোদান কবিবেন, আব ধাহাব এক সহস্র গো থাকিবে, তিনি একশত গো বিতবণ কবিবেন। ইহাতে তাঁহাদেব সকলেবই সমান ফল হইবে ॥১১॥

যাঁহাব একশত গক থাকে; তিনি যদি হোমেব জন্ম অগ্নি স্থাপন না কবেন; যাঁহাব এক সহস্র গোঁ থাকে, তিনি যদি যজ্ঞ না কবেন এবং যিনি কপিলাং যে প্রয়ছন্তি সবৎসাং কাংস্থাদোহনাম্।
স্থাবান বিদ্রানাম ত্রি লাকে জয়ন্তি তে ॥১০॥
যুবান মিন্দ্রিযোপেতং শতেন সহ যুথপম্।
গবেন্দ্রং ব্রাক্ষণেন্দ্রায় ভ্রিশৃঙ্গনলঙ্কতম্ ॥১৪॥
র্ষভং যে প্রয়ছন্তি শ্রোত্রিয়ায় পরন্তপ!।
প্রথাং তেহধিগছন্তি জায়নানাঃ পুনঃ পুনঃ ॥১৫॥ (যুগ্মকম্)
নাকীর্ত্তিয়ে গাঃ স্থপ্যান্তাসাং সংস্মৃত্য চোৎপতেং।
সায়ংপ্রাতর্ন্যস্তেচ্চ গাস্ততঃ পুষ্টিমাপ্নুয়াং ॥১৬॥
গবাং মৃত্রপুরীষস্তা নোদ্বিজেত কথঞ্চন।
ন চাসাং মাংসমশ্রীয়াদ্ গবাং পুষ্টিং তথাপ্নুয়াং ॥১৭॥

# ভারতকৌমুদী

কপিলামিডি। বঙ্গেণ সংবীতামাবৃতাম্ ॥১%।

যুবানমিতি। ইন্দ্রিবৈ: সর্বৈরুপেতং যুক্তম্, গবাং শতেন সহ। ভূরিশৃকং গোভি: সহ মিলিভত্বাং। ঐশব্যং সম্পদম্ ॥১৪—১৫॥

নেতি। স্বপ্যাৎ নিজাং গচ্ছেৎ, উৎপতেৎ যাত্রাং কুর্যাৎ ॥১৬॥ গবামিতি। নোছিজেত অপবিত্রত্বাশস্ক্যা স্পর্শভ্যং ন কুর্যাৎ ॥১৭॥

সমৃদ্ধিশালী হইয়াও কুপণ হন; তাঁহাবা তিনজনই লোকসমাজে সন্মান লাভ কবেন না ॥১২॥

যাঁহাব। সবৎসা, কাংস্তদোহনা, সুশীলা ও বস্তাবৃতা কপিলা ধেমু দান করেন; তাঁহাবা ইহলোকে ও পবলোকে মহাস্থুখ লাভ কবিতে পাবেন ॥১৩॥

শক্রসম্ভাপক রাজা ৷ বাঁহাবা শ্রোত্রিয় ব্রাহ্মণশ্রেষ্ঠকে যুবক, সমস্ত ইন্দ্রিয়যুক্ত, অক্ষুণ্ণ শৃঙ্গ, অলঙ্ক্ত, যুথপতি ও গোশ্রেষ্ঠ একটা বৃষ, শতংগকুব সহিত
দান কবেন ; তাঁহারা বাব বার জন্মগ্রহণ করিয়া প্রত্যেক জন্মেই সমৃদ্ধি লাভ
কবেন ॥১৪—১৫॥

মানুষ গৰুব নাম কীর্ত্তন না কবিয়া শয়ন কবিবে না, গৰুকে স্মৰণ কবিয়া যাত্রা করিবে এবং সায়ংকালে ও প্রাভঃকালে গোগণকে নমস্কাব করিবে; ভাহা হইলে পুষ্টিলাভ করিতে পাবিবে ॥১৬॥

মানুষ গোম্ত্র ও গোময়েব অপবিত্রত্ব আশক্ষা করিয়া কোন প্রকাবেই ভাহাব স্পর্শে ভয় করিবে না এবং গোমাংস ভক্ষণ কবিবে না; ভাহা হইলে পুষ্টিলাভ করিবে ॥১৭॥ গাশ্চ সংকীর্ত্তবেদিত্যং নাবসত্যেত তান্তথা।
অনিষ্ঠং স্বপ্নমালক্ষ্য গাং নরঃ সম্প্রকীর্ত্তবেৎ ॥১৮॥
গোমযেন সদা স্নাযাৎ করীষে চাপি সংবিশেৎ।
শ্লেম্মযুত্তপুরীষাণি প্রতিঘাতক বর্জ্জযেৎ ॥১৯॥
সার্দ্রে চর্ম্মণি ভূঞ্জীত নিরীক্ষেদ্রারুণীং দিশম্।
বাগ্যতঃ সর্পিষা ভূসো গবাং পুষ্টিং সদাশ্লুতে ॥২০॥
মতেন জুত্ত্যাদগ্লিং মৃতেন স্বস্তি বাচ্যেৎ।
ম্বতং দভাদ্মতং প্রাশেদ্গবাং পুষ্টিং সদাশ্লুতে ॥২১॥
গোমত্যা বিভ্যযা ধেকুং তিলানামভিমন্ত্র্যে যঃ।
সর্ব্রম্প্রম্যীং দভান্ন স শোচেৎ কৃতাকৃতে ॥২২॥

#### ভাবতকৌমূদী

গা ইতি। অনিষ্টম্ অশুভস্চকম্, আলক্ষ্য দৃষ্ট্র। ॥১৮॥
গোমবেনেতি। করিবে গোমবভন্মনি, সংবিশেৎ স্থপ্যাৎ, প্রতিঘাতং প্রহারম্ ॥১৯॥
মার্ক্র ইতি। চর্মানি উপবিশ্রেতি শেষং, বাকনীং পশ্চিমাম্। গবাং সর্গিবা দ্বতেন ॥২০॥
দ্বতেনেতি। প্রাশেৎ প্রাশীবাৎ, পৃষ্টিং দেহেক্রিবোয়তিম্ ॥২১॥

#### ভাবতভাবদীপঃ

একেশিনিভি ॥১—১১॥ কীনাশ: কর্বক: রুপণো বা ॥১২—১৯॥ গোসমৃদ্ধিকরং কর্ম ব্রডপূর্বকিমাহ—সার্দ্রেভি । চর্মণি গোরেব সার্দ্রে প্রোক্ষণেনান্ত্রীক্বভে উপবিশ্রেভি শেষ: ।
ভূমাবিভি কাংশুনিবৃদ্ধি: ॥২০॥ ভূত্যাদ্গোমভ্যেভাপক্কভতে । "গামাঁ। অরোবিমাঁ। অধী"ভি
মন্ত্রো গোমতী ॥২১—২৫॥

ইতি শ্রীমহাভারতে অহশাসনপর্বাণি দানধর্ম্মে নৈলক্ষীয়ে ভারতভারদীপে ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ ॥৬৩॥

মানুষ সর্বদা গৰুব নাম কীর্ত্তন কবিবে; কিন্তু গৰুব প্রতি অবজ্ঞা কবিবে না এবং ছঃঅপ্র দেখিয়া তাহা গৰুব নিকট বলিবে ॥১৮॥

সর্বদা গোম্যে স্থান কবিবে, গোম্যভন্মের উপরে শ্যন কবিবে, আব গৰুব উপরে শ্লেমা, মূত্র ও বিষ্ঠা ত্যাগ বা প্রহাব কবিবে না ॥১৯॥

মানুষ ভূতলে কোন আর্দ্র চর্শ্মেব উপবে উপবেশন কবিয়া, বাগ্যত হইয়া, পশ্চিম দিক্ দর্শন কবিবে এবং ভোজন কবিবে; ভাহা হইলে গোহুতে পুষ্টি লাভ কবিতে পাবিবে ॥২০॥

যে মানুষ গৰুৰ ঘৃতদ্বাৰা অগ্নিতে হোম কৰে, গৰুৰ ঘৃতদান কৰিয়া ব্ৰাহ্মণ-গণকে দিয়া স্বস্থিবাচন কৰায়, গোঘৃত দান কৰে এবং গোঘৃত ভোজন কৰিয়া থাকে, সেই মানুষ পুষ্টি লাভ কৰে ॥২১॥ গাবো মামুপতিষ্ঠস্ত হেমশৃঙ্গাঃ প্যোমুচঃ।

গুরভাঃ সৌরভেষ্যণ্ড সরিতঃ সাগরং যথা ॥২০॥
গা বৈ পশ্যাম্যহং নিত্যং গাবঃ পশ্যস্ত মাং সদা।
গাবোহস্মাকং বয়ং তাসাং যতো গাবস্ততো বয়মৄ॥২৪॥
এবং রাত্রৌ দিবা ঢাপি সমেয়ু বিষমেয়ু ঢ।
মহাভয়েয়ু ঢ নরঃ কীর্ত্তরমূচ্যতে ভ্যাৎ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামনুশাসন-পর্ববি দানধর্ম্মে দানবর্ম্মকথনে ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ॥০॥ \*

### ভারতকৌসৃদী

গোমত্যেতি। যো হৃন:, গোমত্যা বিশ্বধা "নমো গোভাঃ শ্রীমতীভাঃ" ইত্যাদি মহেণ অভিমন্ত্র সর্ববন্ধময়ীং তিলানাং ধেয়ং দভাৎ, স হৃন:, হৃতে পাপে অকৃতে চ পুণ্যে ন শোচেৎ ॥২২॥

গাব ইতি। প্যোম্চো ত্ইনিংশারিণ্য:। স্থরভ্য: সৌগদ্ধাযুক্তা:, সৌরভেষ্য: হ্রভি-বংশজা: ॥২০॥

গা ইতি। বতো ষত্ৰ, ভতন্তত্ৰ ॥২৪॥

**এবমিতি। সমেনু হস্থাবস্থাস্ক, বিষমেনু দৃঃস্থাবস্থাস্থ চ** ॥২৫॥

ইতি মহানহোপাধ্যাৰ-ভারতাচার্য্য-শ্রীহরিদাদিকান্তবাগীপভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাষাং ভারতকৌম্দীসমাধ্যায়ামফ্শাসনপর্কণি দানধর্মে তিবটিতমোহধ্যায়ঃ ১০৪

যে লোক গোমতীবিতা পাঠপূর্বক অভিমন্ত্রিত কবিয়া সর্ববন্ধয়ক্ত ভিলধের দান কবে, সেই লোক কৃতপাপের জন্ম বা অকৃত পুণ্যেব নিমিন্ত শোক করে না ॥২২॥

নদী সকল যেমন সমুদ্রে উপস্থিত হয়, সেইকপ হেমশৃঙ্গা, ছ্ঞ্চনিঃসারিণী ও সৌবভশালিনী স্থ্বভিসস্থান গোসকল, আমাব নিকট উপস্থিত হউক ॥২৩॥

আমি যেন সর্বাদা গোগণকে দেখিতে পাই, গোগণও যেন সর্বাদা আমাকে দেখিতে পায়; গোগণ আমাদের, আমরাও গোগণের এবং গোগণ যেখানে থাকে, আমরাও যেন সেইখানে থাকি ॥২৪॥

মানুষ দিনে, রাত্রিতে, সুস্থাবস্থায়, কষ্টাবস্থায় এবং গুৰুতব ভয়েব সময়ে এই তুইটী শ্লোক পাঠ কবিয়া ভয় হইতে মুক্তি পাইয়া থাকে' ॥২৫॥

 <sup>\* &#</sup>x27;…ড়ষ্টদপ্ততিতমোহধ্যায়ঃ'—বঞ্চ বর্জ, ' · অয়োদশাধিকশততমোহধ্যায়ঃ'—নি ।

# চতুঃষষ্টিতমোহধ্যায়ঃ।

----8#8---

### বসিষ্ঠ উবাচ।

শতং বর্ষদহন্দ্রাণাং তপস্তপ্তং স্বত্নজরগ্।
গোভিঃ পূর্বাং বিস্ফাভিগচ্ছেম শ্রেষ্ঠতামিতি ॥১॥
লোকেইস্মিন্ দক্ষিণানাঞ্চ সর্ব্বাসাং বযসূত্যাঃ।
ভবেম ন চ লিপ্যেম দোষেণেতি পরস্তপ। ॥২॥
জন্মৎপুরীষস্নানেন জনঃ পূষেত সর্ববদা।
শক্তা চ পবিত্রার্থং ক্বর্বীরন্ দেবসান্ত্যাঃ॥৩॥
তথা সর্বাণি ভূতানি স্থাবরাণি চবাণি চ।
প্রদাতারণ্চ লোকামো গচ্ছেযুবিতি মানদ। ॥৪॥ (কলাপকম্)
তাভ্যো বরং দদো ব্রহ্মা তপসোহস্তে স্বযং প্রভূঃ।
এবং ভবন্থিতি প্রভূর্নোকাংস্তার্যতেতি চ॥৫॥

#### ভাবতকোমুদী

শতমিতি। বিস্টান্ডির ন্ধণা উৎপাদিতাতি:। দক্ষিণানার্দাবাণাং স্ত্রীণাম্। অস্থাকং প্রীবেণ গোমবেন বং স্থানং তেন। শক্কতা অস্থাকং বিষ্ঠবা, কুর্বীবন্ লেপনাদ্ধিকম্, নঃ অস্থাকং প্রদাতারো জনাঃ, লোকান্ স্থগান্ গচ্ছেষ্ঃ ॥১—৪॥

ভাভ্য ইতি। প্রভৃ: প্রভাবশালী, পুন: প্রভৃষ্ঠগদীবর: 141

মানদাভা শক্রসন্তাপক বাজা। 'আমবা যেন শ্রেষ্ঠতা লাভ কবি, এই জগতে সমস্ত জ্রীগণেব মধ্যে আমবা যেন উত্তম হই, কোন দোষে যেন লিগু হই না, মান্ত্র আমাদেব গোমযদ্ধাবা স্নান কবিষা যেন সর্বাদা পবিত্র হয়, দেবগণ, মন্ত্র্যুগণ, এমন কি সমস্ত স্থাবব ও জঙ্গম প্রাণিগণ যেন পবিত্রভাব নিমিত্ত আমাদেব গোমযদ্ধাবা লেপনাদি কবেন এবং আমাদেব দাভাবা যেন স্বর্গে গমন কবিষা থাকেন'—এই সমস্ত কামনা কবিষা বিধাতৃস্ট গোসকল প্র্কালে লক্ষ বংসব যাবং অভিত্ত্রব তপস্থা কবিষাছিল ॥১—৪॥

গোসকলেব উক্তৰূপ তপস্থাব অবসানে প্রভাবশালী ও জগদীশ্ব ব্রহ্মা স্বযং আসিয়া গোদিগকে বব দিয়াছিলেন যে—'এইৰূপ হউক এবং ভোমবা লোকদিগকে পাপ হইতে নিস্তাব কব' ॥৫॥ উত্তমুঃ সিদ্ধকামান্তা ভূতভব্যস্ত মাতরঃ।
প্রাতর্গস্তান্তা গাবস্ততঃ পৃষ্টিমবাপ্নু য়াৎ ॥৬॥
তপসোহন্তে মহারাজ! গাবো লোকপরাযণাঃ।
তত্মাদ্গাবো মহাভাগাঃ পবিত্রং পরমুচ্যতে।
তথৈব সর্বভূতানাং সমতিষ্ঠন্ত মূর্দ্ধনি ॥৭॥
সমানবৎসাং কপিলাং ধেনুং দত্তা পয়স্বিনীম্।
স্ব্রতাং বস্ত্রসংবীতাং ব্রহ্মলোকে মহীয়তে ॥৮॥
লোহিতাং ভূল্যবৎসাঞ্চ ধেনুং দত্তা পয়স্বিনীম্।
স্ব্রতাং বস্ত্রসংবীতাং সূর্য্যলোকে মহীয়তে ॥৯॥
সমানবৎসাং শবলাং ধেনুং দত্তা পয়স্বিনীম্।
স্ব্রতাং বস্ত্রসংবীতাং সোমলোকে মহীয়তে ॥১০॥
সমানবৎসাং খেতান্ত ধেনুং দত্তা পয়স্বিনীম্।
স্ব্রতাং বস্ত্রসংবীতাং সোমলোকে মহীয়তে ॥১০॥
সমানবৎসাং খেতান্ত ধেনুং দত্তা পয়স্বিনীম্।
স্ব্রতাং বস্ত্রসংবীতাং মিল্রলোকে মহীয়তে ॥১১॥

#### ভারতকৌমুদী

উত্তমুরিতি। ভ্তভব্যস্থ সন্দংশপাতগ্রাযাৎ বর্ত্তমানস্থাপি প্রাণিগণস্থ ॥৬॥
তপদ ইতি। লোকপরায়ণা মান্ত্রপোষণনিবতাঃ। বটুপাদোহযং শ্লোকঃ ॥१॥
সমানেতি। সমানবৎসাং ধেন্ত্র্বদেব কপিলবর্ণবৎসাম্ ॥৮॥
লোহিতামিতি। লোহিতাং বক্তবর্ণাম্, তুল্যবৎসাং রক্তবর্ণবৎসাম্ ॥>॥
সমানেতি। শ্বলাং নানাবর্ণাম্। বঙ্গেণ সংবীতাম্ আবৃতাম্ ॥>০॥

ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান প্রাণিগণেব মাতা সেই গোসকল সফল মনোরথ হইয়া গাত্রোত্থান কবিল। মনুষ্যগণ প্রাতঃকালে সেই গোগণকে নমস্কার কবিবে; তাহা হইলে পুষ্টি লাভ কবিতে পাবিবে ॥৬॥

মহাবাজ। সেই গোগণ তপস্থার পবে লোকপোষণে নিরত হইয়াছিল। সেই জম্মই মহাভাগ্যযুক্তা গোসকলকে পবম পবিত্র বলা হয় এবং সমস্ত প্রাণীর মস্তকে তাহাবা অবস্থান কবিয়াছিল ॥৭॥

মানুষ কপিলবর্ণবংসা, ছ্শ্ধবভী, সুশীলা ও বস্তাবৃতা কপিলা ধেম দান কবিয়া ব্রহ্মলোকে অবস্থান কবে ॥৮॥

রক্তবর্ণবিৎসা, বক্তবর্ণা, তৃশ্ববর্তী, সুশীলা ও বস্তাবৃতা থেমু দান কবিয়া সূর্য্য-লোকে গমন কবে ॥৯॥

নানাবর্ণ বংসা, ছ্শ্ববতী, সুশীলা, বস্ত্রাবৃতা ও নানাবর্ণা ধেছু দান কবিয়া চল্রলোকে গমন কবিতে পাবে ॥১০॥ गगानवर्गाः कृष्णेख (धनूः पद्मा शयिषिनीम्। श्रुखाः विद्यमःवीण्य् विद्यानां महीयरण ॥>२॥ गगानवर्गाः धृञास्त (धनूः पद्मा श्रुप्तिनीम्। श्रुखाः विद्यमःवीणाः याग्रात्मार्क महीयरण ॥>०॥ व्यभः रक्तमवर्गास्त मवर्गाः काःश्रुर्पाहनाम्। व्यभाय विद्यमःवीणाः वाक्रगः रणाक्रमाश्रुर्ण ॥>८॥ वाण्रत्वभूमवर्गास्त मवर्गाः काःश्रुर्पाहनाम्। व्यभाय विद्यमःवीणाः वायुर्गार्क महीयरण ॥>८॥ विद्रग्रवर्गाः शिश्राक्षीः मवर्गाः काःश्रुर्पाहनाम्। व्यभाय विद्यमःवीणाः रक्तर्वतः र्णाक्रमभूरण ॥>७॥ श्रुष्ताय विद्यमःवीणाः रक्तर्वतः रक्ताक्रमभूरण ॥>०॥ श्रुष्ताय विद्यमःवीणाः रक्तर्वार काःश्रुर्पाहनाम्। विभाय विद्यमःवीणाः रक्तर्वार काःश्रुर्णाहनाम्।

# ভাৰতকৌমুদী

সমানেতি। সমানবৎসাং খেতবর্ণবৎসমূকাম্।১১॥

नमात्नि । नमानवरनाः कृष्क्वर्नवरनममविजाम् ॥>२॥

नमात्निक्ति । नमानवरनार धृञ्जवरनाम् । वात्रात्नादक वमत्नादक ॥১७॥

অপানিতি। অপাং জলভ ফেনেন নমানো বর্ণো বস্তান্তান্ ॥১৪॥

বাতেতি। বাতরেণুভিবাযুর্জোলিতধুলিভিঃ দমানো বর্ণো ষস্তান্তাম্ ॥১৫॥

হিরণ্যেতি। হিরণ্যবর্ণাং স্বর্ণকান্তিম্, পিঙ্গাক্ষীং পিঙ্গলনেত্রাম্ ॥১৬॥

মানুষ শ্বেতবর্ণবংসযুক্তা, ছ্গ্মবতী, সুশীলা ও বন্তা রতা খেতবর্ণা ধেনু দান কবিয়া ইন্দ্রলোকে যাইয়া সম্মানিত হয় ॥১১॥

কৃষ্ণবর্ণবংসযুক্তা, হ্রাবতী, সংস্থভাবা ও বসনাবৃতা কৃষ্ণবর্ণা ধেলু দান করিয়া অগ্নিলোকে যাইয়া পুঞ্জিত হয ॥১২॥

ধুঅবর্ণবৎসসমন্বিতা, প্রচুব ছন্ধা, সুশীলা ও বস্ত্রবেষ্টিতা ধূঅবর্ণা ধেলু দান কবিযা, মানুষ যমলোকে যাইয়া সম্মানিত হইযা থাকে ॥১৩॥

জলেব ফেনেব স্থায় ধবলবর্ণা, সবংসা, কাংস্থানিশ্মিত দোহনপাত্রযুক্তা ও বস্তাবৃতা ধেলু দান কবিযা মানুষ বক্ণলোক লাভ কবে ॥১৪॥

বাষুভোলিত ধূলির স্থায় সলিলবর্ণা, সবংসা, কাংস্থাদোহনা ও ব্জ্ঞাবৃতা ধেনু দান কবিয়া বাযুলোকে যাইয়া পূজিত হইযা থাকে ॥১৫॥

স্বর্ণবর্ণা, পিঙ্গলন্যনা, কাংস্ক্রময় দোহনপাত্রযুক্তা, সবৎসা ও রস্ত্রাবৃতা ধেরু দান করিয়া মারুষ কুবেবলোকে গমন করে ॥১৬॥ मवर्नाः शिवतीः पद्य पृष्ठिकश्रामङ्ग्वाग् ।
रिवयप्तवममः वाधः खानः खानः खानः खानः खानः खानः वाधः खान्याव्य ॥ ३०॥
मगानवर्त्राः (गोतीस्त ध्वः पद्यः पद्य भयस्तिम् ।
ख्वा विद्यमः विष्यः विद्याः वाध्याः ।
अत्राध्यक्तवर्ताः मवर्त्राः काःख्यप्ताः ।
थान्य वद्धमः वीषाः मवर्त्राः वाध्याः ।
विद्राष्ट्रिश्चम् ।
थान्य वद्धमः वीषाः मवंत्र द्वः वाङ्गव्यः ।
थान्य वद्धमः विषयः मवंत्र द्वः वाङ्गव्यः ।
थान्य वद्धमः विषयः मवंत्र द्वः ।
थान्य वद्धमः वीषाः मवंत्र द्वः ।
वद्याभावाः वीषाः मवंत्र द्वः ।
वद्याभावः ।
वद्याभावः विषयः ।

#### ভাবতকৌমুদী

পলালেতি। পলালধ্যক দহুমানবাতকাওধ্যক বৰ্ণ ইব বৰ্ণো ৰক্তান্তাম্ ॥১ १॥

नवरनामिछि। श्रीवरी: चूनाकीम्, पृष्ठिकश्री: नविजनकश्नाम्। व्यनश्रीसः निविन्नम् ॥১৮॥

ममानि । ममानवरमाः भोववर्गवरमाम्, भोजीः भोजवर्गाम् ॥১२॥

পাঙ্বিত। পাঙু কংলবর্ণবং আভা কাতির্বস্থাতাম্ ॥২০।

বৈবাটেতি। বিবাড বিশালমেবতি বৈরাটং পৃষ্টং যক্ত তম্। প্রজ্ঞাদিতাং স্বার্থে অণ। উন্দাণং বৃষম্। সক্তাং বার্নাম্ ।২১॥

ব্য ইতি। ব্যনা যৌবনেনোপপরম্। বিগর্গলোপে২পি সন্ধিরার্ধঃ। নীনা বিনাদবিশেষা অঙ্গের্ ষস্থ তম্, উক্ষাণমিত্যসূত্তিঃ ॥২২॥

দহামান ধানেব নাড়াব ধ্মেব স্থায় ধ্মবর্ণা, সবংসা, কাংস্থাদোহনা ও বসন-বেষ্টিতা ধেয়ু দান কবিয়া মানুষ পিতৃলোকে যাইয়া সম্মানিত হইয়া থাকে ॥১৭॥

স্বৎসা, স্থুলদেহা, লম্বিতগলকম্বলা ও অলম্বতা ধেরু দান কবিয়া মাধুব উপদ্রব্বহীন শ্রেষ্ঠ বিশ্বদেব স্থান লাভ কবে ॥১৮॥

ত্মবতী, স্থালা, বস্তাবৃতা ও গৌববর্ণবংসযুক্তা গৌববর্ণা ধেলু দান করিয়া মানুষ বস্থলোক লাভ কবে ॥১৯॥

পাণ্ড্বৰ্ণ কম্বলেৰ আয় পাণ্ড্বৰ্ণা, কাংস্তদোহনা ও বস্তাব্নতা সৰৎসা ধেছু দান কৰিয়া মানুষ সাধ্যগণেৰ লোক লাভ কৰে ॥২০॥

বাজা। বিশাল পৃষ্ট ও সর্ববত্বদ্বাবা অলম্বত ব্য দান কবিয়া মানুষ বাযুলোক লাভ কবে ॥২১॥

যৌবনসম্পন্ন, সুন্দৰ দেহ ও সর্ববন্ধসমন্বিত বৃষ দান কবিয়া মানুষ গন্ধর্ব-দের ও অপ্সবাদের লোক লাভ কবিয়া থাকে ॥২২॥ দৃতিকণ্ঠমনড্বাহং সর্বরজ্বৈরলঙ্কতম্।

দত্ত্বা প্রজাপতের্লোকান্ বিশোকঃ প্রতিপত্ততে ॥২০॥

গোপ্রদানরতো যাতি ভিত্তা জলদসঞ্চয়ান্।

বিমানেনার্কবর্ণেন দিবি রাজন্! বিরাজতে ॥২৪॥

তা চারুবেষাঃ স্থশ্রোণ্যঃ সহস্রং স্থরযোষিতঃ।

রময়ন্তি নরশ্রেষ্ঠং গোপ্রদানরতং নরম্ ॥২৫॥

বীণানাং বল্লকীনাঞ্চ নূপুরাণাঞ্চ শিঞ্জিতৈঃ।

হাসৈশ্চ হরিণাক্ষীণাং স্থপ্তঃ স্থপ্রতিবোধ্যতে ॥২৬॥

রোমাণি ভবন্তি ধেন্বান্তাবন্তি বর্ষাণি মহীযতে সঃ।

কেন্চাপি ততো নলোকে প্রসয়তে বৈ বিপ্রলে গতে সঃ॥২৭॥

যাবন্তি রোমাণি ভবন্তি ধেশ্বান্তাবন্তি বর্ষাণি মহীযতে সঃ।
স্বর্গচ্যুতশ্চাপি ততো নূলোকে প্রসূত্রতে বৈ বিপুলে গৃহে সঃ॥২৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামমুশাসনপর্ববি দানধর্ম্মে দানধর্ম্মকথনে চতুঃষষ্টিতমোহধ্যায়ঃ॥०॥ \*

# ভাবতকোমূদী

দৃতীতি। দৃতিকণ্ঠং লম্বিভগলকম্বলম্, অনভাচং ব্ৰম্ ॥২৩॥

গবিভি। जनमम्यान् त्यमम्यान् ॥२॥

ভমিতি। স্থােণ্য: স্থাবনিভশাং, স্ববােষিত: স্থাবন: ॥২৫॥

বীণানামিতি। স্থপ্তঃ স্বর্গে নিব্রিতো গোদাতা, স্থপ্রতিবোধ্যতে সম্যগ্জাগর্যতে ॥২৬। ভাবতভাবদীপঃ

শতমিতি ॥১—৬॥ লোকপবাষণা বভূবুরিতি শেষ: ॥৭—১৭॥ দৃতিকণ্ঠাং প্রলম্বনান্
॥১৮—২০॥ বৈরাটং বৃদ্ধং পৃষ্ঠং বস্ত রটতি জন্দত্যনেনেতি রাটং ক্ষতং বিগতং রাটং বৃন্মান্তদিরাটম্, স্বার্থে তদ্ধিতঃ ॥২১॥ নীলাকং বিনসিতাকম্ ॥২২—২৭॥

ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীযে ভারতভাবদীপে চতুঃষষ্টিতমোহধ্যায়ঃ ॥৬৪॥

লম্বিত গলকম্বল ও সমস্ত বত্নে অলঙ্কৃত ব্ৰব দান কবিয়া মানুষ শোকশৃত্য ইইয়া ব্ৰহ্মলোক প্ৰাপ্ত হয় ॥২৩॥

বাজা। গোদাননিবত মাতুষ মৃত্যুব পবে মেঘসমূহ ভেদ কবিয়া, সুর্য্যের স্থায উজ্জ্বল বিমানে উঠিযা স্বর্গে যাইয়া শোভা পায় ॥২৪॥

গোদাননিরত মানুষ শ্রেষ্ঠ ; স্থূন্দববেশা ও স্থানিতমা বহুতব অক্সবা সেই মানুষেৰ সহিত বমণ কৰে ॥২৫॥

হবিণনয়না অঞ্চবাদেব বীণাবল্লকী ও নৃপুবেব ববে এবং হাস্তকোলাহলে স্বৰ্গে নিজিভ গোদাভা নিজা হইতে জাগবিত হন ॥২৬॥

<sup>\* &#</sup>x27;·· একোনাশীতিভনোহধ্যায়ঃ'—বন্ধ বর্জ, ' ··চতুর্জশাধিকশন্তভনোহধ্যায়ঃ'—নি।
১১৪

# পঞ্চষ্টিতমোহধ্যায়ঃ।

#### <del>---</del>8#8---

# বসিষ্ঠ উবাচ।

মৃতকীরপ্রদা গাবো মৃতবোল্যো মৃতোদ্ভবাঃ।
মৃতনত্যো মৃতাবর্ত্তাস্তা মে সস্কু সদা গৃহে ॥১॥
মৃতং মে হৃদবে নিত্যং মৃতং নাভ্যাং প্রতিষ্ঠিতম্।
মৃতং সর্বের্ গাত্তের মৃতং মে মনসি স্থিতম্ ॥২॥
গাবো মমাগ্রতো নিত্যং গাবঃ পৃষ্ঠত এব চ।
গাবো মে সর্বতাশ্চব গবাং মধ্যে বসাম্যহম্ ॥৩॥

# ভাৰতকোসুদী

ষাবন্ধীতি। মহীয়তে স্বর্গে তিষ্ঠতি। স গোদাতা স্বর্গচ্যুতো ভোগেন স্বর্গাদ্রইঃ, প্রস্থাতে উৎপদ্মতে, বিপুলে গৃহে ধনিনো বিশালে ভবনে ॥২৭॥

ইন্তি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিকান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়ামহশাসনপর্কণি দানধর্মে চতুঃবট্টিতমোহধ্যায়: ॥০॥

ম্বভেতি। ম্বতবোক্তো ম্বতহেতবং, ম্বতস্ত্তবত্যাত্য ইতি ম্বতোম্ভবা: ॥১॥ ম্বতমিতি। ম্বন্যে বক্ষমি। সর্বত্য তেব্দোরপত্মানিতি ভাবং ॥২॥ গাব ইতি। সর্বত্র তিঠম্বিতি শেবং ॥৩॥

ধেনুব যতগুলি লোম থাকে, তত বংসব গোদাতা স্বর্গে সম্মানিত হইয়া বাস কবেন; তাহাব পব আবাব তিনি স্বর্গচ্যুত হইয়া মর্ত্যুলোকে আসিয়া ধনবানেব বিশাল ভবনে উৎপন্ন হন' ॥২৭॥

<del>---</del>;#;---

বসিষ্ঠ বলিলেন—'ছত ও ছ্ঝদায়িনী, ছতের কারণ, ছতোৎপত্তির হেতু, ছতেব নদীস্বৰূপা এবং ছতেব আবর্ত্ত-(ঘোলা) ৰূপা সেই গোসকল আমার গৃহৈছ সর্বাদা বিভামান থাকুক ॥১॥

সর্বাদা আমাব বক্ষে মৃত আছে, নাভিতে মৃত প্রতিষ্ঠিত রহিয়াছে, সমস্ত অঙ্গে মৃত আছে এবং আমাব মনেও মৃত বহিয়াছে ॥২॥

গোগণ আমাব সম্মুখে, গো সকল আমাব পৃষ্ঠভাগে এবং গো সমূহ আমার সকল দিকে সর্বদা অবস্থান ককক; আবাব আমিও যেন গোসকলের মধ্যে স্বাস করি ॥৩॥

# পঞ্চপ্তিতমোহধ্যায:।

ইত্যাচম্য জপেৎ সাবং প্রাতশ্চ পুরুষঃ সদা।

যদকা কুরুতে পাপং তত্মাৎ স পরিম্চ্যতে ॥৪॥
প্রাসাদা যত্র সৌবর্ণা বসোধারা চ যত্র সা।
গন্ধর্বাক্ষরসো যত্র তত্র যান্তি সহস্রদাঃ ॥৫॥
নবনীতপঙ্কাঃ ক্ষীরোদা দধিশৈবলসঙ্কুলাঃ।
বহন্তি যত্র বৈ নগন্তত্র যান্তি সহস্রদাঃ ॥৬॥
গবাং শতসহস্রস্ত যঃ প্রয়চ্ছেদ্যথাবিধি।
পরাং রৃদ্ধিমবাপ্যাথ স্বর্গলোকে মহীযতে ॥৭।
দশ চোভযতঃ পুত্রো মাতাপিত্রোঃ পিতামহান্।
দধাতি স্কুতাল্লোকান্ পুনাতি চ কুলং নরঃ ॥৮॥

## ভাবতকৌমূদী

ইতীতি। প্রাতর্জণে চ রাজ্যা যৎ পাপং কুরুতে, তত্মাৎ পরিমূচ্যত ইত্যপি বোধ্যম্ ॥৪॥ প্রানামা ইতি। সহস্রদাঃ প্রকরণাৎ গ্রাং সহস্রদাতারঃ ॥৫॥

নবেতি। নবনীতমেব পছঃ কর্দ্ধমো যাসাং তাঃ, ক্ষীরমেব উদকং যাসাং তাঃ, অক্ষরাধিক্য-মার্বম্। দ্বীক্সেব শৈবলানি তৈঃ সম্ভুলা ব্যাপ্তাঃ ॥৬॥

গবামিতি। শতসহত্রং লক্ষ্। বৃদ্ধিং সম্পদস্ ॥१॥

দশেতি। পুজো গাং দৰেতি শেষং, মাতাপিজোকভয়ত উদ্ধাধঃস্থিতান্ দশ পুরুষান্, পিতামহান্ দত্তকপক্ষে জনবিতৃঃ পিতৃঃশ্চ, স্বকৃতান্ পুণ্যময়ান্ লোকান্ দধাতি নয়তি। কিং বহুনা, গোদাতা নরশ্চ কুলমেব পুনাতি ॥৮॥

মানুষ প্রত্যহ সাযংকালে ও প্রাতঃকালে আচমন করিয়া এই শ্লোক তিনটা পাঠ কবিবে; তাহা হইলে মানুষ দিনে ও বাত্রিতে যে সকল পাপ কবিবে, ভাহা হইতে মুক্ত হইবে ॥৪॥

বে স্থানে স্বর্ণময় অট্টালিকা বহিয়াছে, যে স্থানে সেই বস্থাবা পতিত হইতেছে এবং যে স্থানে গন্ধর্বগণ ও অন্সবাগণ বিচৰণ কবে; সহস্র গোদাতৃ-গণ সেইস্থানে গমন কবিয়া থাকেন ৮৫॥

নবনীত যেগুলিব কর্দ্দম এবং ছ্মা যে সকলেব জ্বলা, সেই দধি-শৈবলযুক্ত নদীসমূহ যে স্থানে বহিত হয়, সহস্র গোদাতা সেইস্থানে যাইয়া থাকেন ॥৬॥ যে মানুষ যথাবিধানে লক্ষ গোদান কবে, সেই মানুষ ইহলোকে পরম সম্পদ্ লাভ;কবিয়া স্বর্গে যাইয়া সম্মানিত হয়॥৭॥

পুত্র গোদান কবিয়া মাতৃকুল ও পিতৃকুলেব উপবের দিকে দশ পুক্ষ ও নীচের দিকে দশ পুরুষকে এবং দত্তকপুত্রেব পক্ষে জনয়িভার পিতৃগণকে পুণ্যময় ধেশ্বঃ প্রমাণেন সমপ্রমাণাং ধেনুং তিলানামপি চ প্রদায়।
পানীয়দাতা চ যমস্ত লোকে ন যাতনাং কাঞ্চিত্রপৈতি তত্র ॥৯॥
পবিত্রমগ্রাং জগতঃ প্রতিষ্ঠা দিবৌকসাং মাতরোহথাপ্রমেয়াঃ।
অস্বালভেদ্দিশিতো ব্রজেচ্চ দত্যাচ্চ পাত্রে প্রসমীক্ষ্য কালম্॥১০॥
ধেনুং সবৎসাং কপিলাং ভূরিশৃঙ্গীং কাংস্থোপদোহাং বসনোন্তরীয়াম্।
প্রদায় তাং গাহতি চুর্বিগাহাং যাম্যাং সভাং বীতভয়ো মনুষ্যঃ॥১১॥

স্থরূপা বহুরূপাশ্চ বিশ্বরূপাশ্চ মাতরঃ।
গাবো মামুপতিষ্ঠস্তামিতি নিত্যং প্রকীর্ত্তরেং ॥১২॥
নাতঃ পুণ্যতরং দানং নাতঃ পুণ্যতরং ফলম্।
নাতো বিশিষ্টং লোকেয়ু ভূতং ভবিতুমইতি ॥১৩॥

# ভাবতকোমুদী

ধেয়া ইতি। পানীয়ক্ত জনক্ত দাতা, উপৈতি প্রাপ্নোতি, এতেন দানে ধেহকপৈব তিল-ধেহং কর্ত্তব্যতি বোধ্যম্ ॥२॥

পবিত্রমিতি। গাবং অগ্রাং শ্রেষ্ঠং পবিত্রং দ্রবাস, জগতঃ প্রতিষ্ঠা আশ্রযন্থানম, দিবৌ-ক্সাং দেবানামণি মাতরং, মাহান্ম্যেইণি অপ্রমেষাক। অতথ্রব তা গা দক্ষিণতঃ অম্বানতেৎ স্পুশেৎ ব্রজেচ্চ, কালং পুণাহং প্রসমীক্ষ্য পাত্রে দ্যান্ত ॥১০॥

ধেস্মিতি। ভূরিশৃদীম্ অভয়শৃদাম্, বদনোত্তরীয়াং বন্ধার্তাম্, গাহতি প্রবিশতি, যাম্যাং যমাধিষ্টিতাম্, বীতভয়ো নির্ভয়: ॥১১॥

হ্বরণা ইতি। বিশ্বরণা লক্ষীরণহাৎ সর্বরণা: ॥১২॥ নেতি। অতো গোঁদানাৎ। অতো গোঃ, বিশিষ্টং শ্রেষ্ঠং বস্তু ॥১৩॥

লোকে প্রেরণ করে; এমন কি মানুষ গোদান কবিয়া নিজবংশকেই পবিত্র করিতে পাবে ॥৮॥

প্রকৃত খেলুব প্রমাণেব তুল্য প্রমাণ তিলখেলু দান করিয়া এবং জল দান কবিযা মানুষ সেই যমলোকে বাইয়াও কোন যাতনা ভোগ কবে না ॥৯॥

গো সকল শ্রেষ্ঠ পবিত্র দ্রব্য, জগতের আশ্রয়, দেবগণেবও মাতা এবং মাহাত্ম্যে অপরিমেয়া; অতএব মানুষ গোগণকে দক্ষিণ দিকে বাখিয়া স্পর্শ করিবে ও গমন কবিবে এবং পুণ্যকাল দেখিয়া সংপাত্রে দান করিবে ॥১০॥

স্বংসা, পূর্ণৃশৃঙ্গা, কাংস্থাদোহনা ও বস্তাবৃতা কপিলা ধেরু দান কবিয়া, মারুষ নির্ভয় চিত্তে হুর্গম সেই যমের সভায় বিচরণ কবিতে পাবে ॥১১॥

'সুৰূপা, বছৰপা ও বিশ্বৰূপা গোমাতাবা আমাব নিকট উপস্থিত থাকুন' এইরূপ মানুষ সর্বনা কীর্ত্তন কবিবে ॥১২॥ ছচা লোমাথ শৃকৈবন বালৈঃ ক্ষীরেণ মেদসা।

যজ্ঞং বহতি সন্তুয কিমস্তাভাধিকং ততঃ ॥১৪॥

যয়া শর্বনিদং ব্যাপ্তং জগৎ স্থাবরজঙ্গমন্।
তাং ধেনুং শিরসা বন্দে ভূতভব্যস্থ মাতরন্॥১৫॥
গুণবচনসমুচ্চযৈকদেশো নৃবর। ময়ৈষ গবাং প্রকীর্ত্তিতন্তে।
ন চ প্রমিহ দানমস্তি গোভ্যো ভবতি ন চাপি প্রাযণং তথাতাৎ ॥১৬॥
ভীম্ম উবাচ।

বরমিদমিতি ভূমিপো বিচিন্ত্য প্রবরষ্থের্বেচনং ততো মহাত্মা।
ব্যস্থজত নিয়তাত্মবান্ দ্বিজেভ্যঃ স্থবহু চ গোধনমাপ্রবাংশ্চ লোকান্ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামকুশাসন
পর্বিণি দানধর্ম্মে দানধর্ম্মকথনে পঞ্চষ্টিতমোহধ্যায়ঃ॥০॥ #

## ভাবতকোমূদী

ষ্চেতি। বালৈঃ পুঠছে:। বছতি সম্পাদযতি, সন্থ্য মিলিম্বা ॥১৪॥ ষ্যেতি। ভূতভন্যস্ত সন্দংশপাতক্তাবাৎ বর্তমানস্তাপি প্রাণিগণস্ত ॥১৫॥

গুণেভি। গোভ্যো গোদানেভ্যঃ, পরাষণং পরমোপকারকম্ ॥১৬॥

বরমিতি। ভূমিপ: সৌদাস:। ব্যক্তজভ গা দন্তবান্। লোকান্ স্বর্গান্॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাধ্যাযামস্থশাসনপর্ব্বণি

দান্ধশে-পঞ্ষষ্টিতমোহধ্যায়:ৢ॥৽॥

গোদান অপেক্ষা অধিক পুণ্যজনক দান নাই, গোদান-ফল অপেক্ষা অধিক পুণ্যময় ফল আব নাই এবং গো অপেক্ষা শ্রেষ্ঠ বস্তু ত্রিভ্বনে হয় নাই, হইতেও পাবে না ॥১৩॥

ছক্, লোম, শৃঙ্গ, পুচ্ছ, ত্থা ও মেদেব সহিত্ মিলিভ হইযা গোগণ যজ্ঞ সম্পাদন কৰে , স্মৃতবাং সেই গো হইতে শ্রেষ্ঠ বস্তু আব কি আছে ॥১৪॥

যে গো স্থাবৰ-জঙ্গমাত্মক এই সমস্ত জগৎ ব্যাপ্ত কবিয়া বহিয়াছে; ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান প্রাণিগণেৰ মাতৃত্বৰূপা সেই গোকে আমি সম্ভক্ষারা নমস্কাব কবি ॥১৫॥

নবশ্রেষ্ঠ ! আমি তোমাব নিকটে এই গোগণেৰ গুণ বাক্যসমূহেব একদেশ মাত্র বলিলাম । এই জগতে গোদান অপেক্ষা উৎকৃষ্ট দান আব নাই এবং গো অপেক্ষা উপকাবী বস্তু আব হইতেও পাবে না' ॥১৬॥

<sup>(</sup>১৭) ভূমিদো বিচিন্তা বন্ধ বৰ্দ্ধ। \* ' অশীতিতমোহধ্যায়ঃ'—বন্ধ বৃদ্ধ, ' পঞ্চদশা-ধিকশততমোহধ্যায়ঃ'—নি।

# ষট্ ষষ্টিতমো ২খ্যায়ঃ।

---:#:---

যুধিষ্ঠির উবাচ।

পবিত্রাণাং পবিত্রং যচ্ছিফ্টং লোকে চ যদ্ভবেৎ। পাবনং পরমঞ্চৈব তম্মে ক্রহি পিতামহ।॥১॥

ভীশ্ব উবাচ।

গাবো মহার্থাঃ পুণ্যাশ্চ তারয়ন্তি চ মানবান্। ধারয়ন্তি প্রজাশ্চেমা হবিষা পয়সা তথা ॥২॥ নহি পুণ্যতমং কিঞ্চিদ্গোভ্যো ভরতসত্তম।। এতাঃ পুণ্যাঃ পবিত্রাশ্চ তিষু লোকেষু সত্তমাঃ॥॥

#### ভারতকৌমুদী

পৰিত্রাণামিতি। ব্লিষ্টং পৰিত্রতন্ত্রান্থমোদিতন্ । ১॥ গাব ইতি। সহার্থাঃ প্রশন্তন্তব্যাণি। ধারমন্তি পুক্তি ॥২॥ ভাবতভাবদীপঃ

স্বতেতি। স্বতবোজো: স্বতবোনয: ॥১—৪॥ বলোধ বি মন্দাকিনী ॥৫—৮॥ পানীয়দাতা ক্রন্থেদাতা ॥৯—১৬॥ ভূমিদ: সৌদাসো নাম বাজা ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বাণি দানধর্ম্মে নৈলক্ষ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবষ্টিতমোহধ্যায়ঃ ১৬৫॥

\_:::\_

ভীম বলিলেন—'মহাম্মা বাজা সৌদাস বসিষ্ঠেব এই উত্তম বাক্যকে বর মনে করিয়া তদব্ধি সংযত চিত্ত হইয়া ব্রাহ্মণগণকে গোদান করিতে লাগিলেন; ভাহার ফলে বহুতর গোধন লাভ কবিতে থাকিলেন এবং অস্তিমে অনস্ত স্বর্গ লাভ করিলেন' ॥১৭॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ। যাহা পবিত্রের মধ্যেও পবিত্র এবং জগতেও যাহা পবিত্র বলিয়া অমুমোদিত; সেই পরম পবিত্র বস্তু আপনি আমার নিকট বলুন' ॥১॥

ভীশ্ম বলিলেন—'অতিপ্রশস্ত গোসকল পবিত্র, মহয়গণকে উদ্ধার করে এবং দ্বত ও ত্ব্যপ্রভৃতিদ্বারা এই সকল লোককে পোষণ কবিয়া থাকে ॥২॥ দেবানামুপরিফীচ্চ গাবং প্রতিবসন্তি বৈ।
দত্ত্বা চৈতান্তারয়ন্তে যান্তি স্বর্গং মনীষিণঃ ॥৪॥
মান্ধাতা থোবনাশ্বন্দ ষ্যাতির্নন্ত্যন্তথা।
গা বৈ দদন্তঃ সততং সহত্রশতসন্মিতাঃ ॥৫॥
গতাঃ পরমকং স্থানং দেবৈরপি স্মূর্লভ্য।
অপি চাত্র পুরা গীতাং কথয়িয়ামি তেহনব! ॥৬॥ (মুগ্মকম্)
ঋষীণামূত্রমং ধীমান্ কৃষ্ণদ্বৈপায়নং শুকঃ।
অভিবাতান্তিককৃতঃ শুচিঃ প্রযতমানসঃ ॥৭॥
পিতরং পরিপপ্রচহ দৃষ্টলোকপরাবরম্।
কো যজ্ঞঃ সর্ব্যক্তানাং বরিষ্ঠো হ্যপলক্ষ্যতে ॥৮॥ (যুগ্মকম্)
কিঞ্চ কৃষ্ণা পরং স্থানং প্রাপ্ত মনীষিণঃ।
কেন দেবাঃ পবিত্রেণ স্বর্গমগ্রন্তি বা বিভো! ॥৯॥

#### ভারতকৌমূদী

নহীতি। পুণ্যা বজার্থে স্বভদানাদিনা পুণ্যজনিকা:। সন্তয়া: শ্রেষ্ঠা: ॥৩॥
দেবানামিতি। ভারমুন্তে বংশং পাপাত্ত্বনিত ॥৪॥
মান্ধাতেতি। দদভো দদত:। পুরা সীতাং পুর্বোক্তাং কথাম্ ॥৫—৬॥
ঋষীণামিতি। ক্বতমাহ্নিকং সন্ধ্যাবন্দনাদিকং বেন স আহ্নিকক্বত:, অগ্নাহিতাদিবং
বিশেষণক্ত পরনিপাত:। দৃষ্টো লোকে জগতি পরাব্রো উৎকর্ষাপকর্বো বেন তম্। উপলক্ষ্যতে ভবতা দৃশ্বতে ॥৭—৮॥

কিমিতি। কেন কর্মণা অগ্নন্তি ভূঞ্জন্তি।

ভবতশ্রেষ্ঠ। গো হইতে অধিক পবিত্র কোন বস্তু নাই এবং এই গোসমূহ পুণ্যজনক, পবিত্র ও ত্রিভুবনেব মধ্যে শ্রেষ্ঠ ॥আ

গোসকল দেবগণেরও উপবে বাস কবে এবং জ্ঞানিগণ এই গো দান করিয়া বংশ উদ্ধাব কবেন, নিজেবাও স্বর্গে যান ॥৪॥

মান্ধাতা, যৌবনাশ্ব, যযাতি ও নহুষ বাঞা সর্বদা শত ও সহস্র পরিমিত গোদান কবিয়া দেবগণেবও অতি তুর্লভ পরম স্থান লাভ কবিয়াছেন। নিষ্পাপ যুধিষ্ঠিব। এই বিষয়ে আরও পূর্ব্বোক্ত কথা তোমাব নিকট বলিতেছি॥৫—৬॥

একদা জানী, সংযত চিন্ত ও পবিত্র শুকদেব আছিক কার্য্য সমাপন করিয়া ঋষিশ্রেষ্ঠ, জগতে উৎকর্ষাপকর্ষদর্শী পিতা কৃষ্ণদ্বৈপায়নকে অভিবাদন করিয়া জিজ্ঞাসা কবিলেন—'আপনি সমস্ত যজের মধ্যে কোন্ যজ্ঞকে শ্রেষ্ঠ বলিয়া জানেন ? ॥৭—৮॥ কিং চ যজ্ঞস্থ যজ্ঞস্থং ক চ যজ্ঞঃ প্রতিষ্ঠিতঃ।
দেবানামূত্রমং কিং চ কিং চ সন্ধ্রমিতঃ পরম্।
পবিত্রাণাং পবিত্রঞ্চ যন্তদ্ক্রহি পিতর্শ্বম ॥১০॥
এতচ্প্রুজ্ঞা তু বচনং ব্যাসঃ পরমধর্শ্ববিং।
পুত্রায়াকথয়ং সর্বং তত্ত্বন ভরতর্বভ!॥১১॥

ব্যাস উবাচ।

গাবং প্রতিষ্ঠা ভূতানাং তথা গাবং পরারণম্। গাবং পুণ্যাং পবিত্রাশ্চ গোধনং পাবনং তথা ॥১২॥ পূর্বমাদমশৃঙ্গা বৈ গাব ইত্যকুশুশ্রুম। শৃঙ্গার্থে দমুপাদন্ত তাং কিল প্রভূমব্যরম্ ॥১ ॥

# ভারতকৌমুদী

কিমিতি। সভ্যুৎকর্ব:। ষ্ট্পাদোহয়ং শ্লোকঃ ॥১ •॥

এতদিতি। তত্ত্বেন বথাযথভাবেন ॥১১॥

গাব ইতি। প্রতিষ্ঠা আত্রযন্থানম্, পরায়ণং প্রধানশরণ্যা: ॥১২॥

পূর্বমিতি। শৃকার্থে শৃকোৎপত্তিনিমিত্তম্, প্রভুং ব্রহ্মাণম্ ॥১৩॥

## ভাবতভাবদীপঃ

পৰিত্রাণামিতি। শিষ্টম্ উক্তাদক্তৎ ॥১—৫॥ পুরা পীতাং পৌরাণীং কথাম্ ॥৬॥ আহ্নিককৃতঃ কৃতাহ্নিকঃ ॥৭—১২॥ অশৃকা ইত্যথুরা ইত্যত্তাপ্যুপলক্ষণম্। "গাবো বৈ সত্ত্রমাসত শকান্

প্রভূ! বৃদ্ধিমান্ লোকেরা কোন্ কার্য্য কবিয়া পরম স্থান লাভ করেন এবং দেবগণই বা কোন্ পবিত্র কার্য্যেব ফলে স্বর্গ ভোগ করিতেছেন ? ॥৯॥

পিতা। যজ্ঞের যজ্ঞৰ কি ? যজ্ঞ কোথায় প্রতিষ্ঠিত আছে ? দেবগণের পক্ষে উন্নম কি ? ইহা হইতেই বা শ্রেষ্ঠ কোন্ বস্তু এবং পবিত্রের মধ্যে যাহা পবিত্র, তাহা আপনি আমাব নিকট বলুন'॥১০॥

ভবতশ্রেষ্ঠ ৷ এই বাক্য শুনিয়া পরম ধর্মজ্ঞ বেদব্যাস পুত্রের নিকটে যথা-যথভাবে সমস্ত বলিতে লাগিলেন ॥১১॥

বেদব্যাস বলিলেন—'গো সকল প্রাণিগণের আঞ্চয়স্থান, গো সকল প্রধান বক্ষাব কারণ, গো সমূহ পুণ্যজনক ও পবিত্র এবং গোধন পবিত্রভাজনক ॥১২॥

আমবা শুনিয়াছি যে, পূর্বকালে গোসকল শৃঙ্গশৃষ্থ ছিল; তাহাব পব তাহারা শৃলোৎপত্তির নিমিত্ত অবিনধর ও প্রভাবশালী ব্রহ্মাব উপাসনা ক্রিয়াছিল ॥১৩॥ ততো ব্ৰহ্মা তু গাঃ প্ৰায়মুপবিষ্টাঃ সমীক্ষ্য হ।

ঈন্দিতং প্ৰদদৌ তাভ্যো গোভ্যঃ প্ৰত্যেকশঃ প্ৰভুঃ ॥১৪॥

তাসাং শৃঙ্গাগ্ৰজায়ন্ত যত্যা যাদৃঙ্ মনোগতম্।

নানাবৰ্ণাঃ শৃঙ্গবত্যন্তা ব্যরোচন্ত পুত্রক! ॥১৫॥

ব্ৰহ্মণা বরদন্তান্তা হব্যকব্যপ্রদাঃ শুভাঃ।

পুণ্যাঃ পবিত্রাঃ হুগভা দিব্যসংস্থানলক্ষণাঃ ॥১৬॥

গাবন্তেজাে মহদ্বিয়ং গবাং দানং প্রশক্ততে।

যে বৈ তাঃ সম্প্রয়ছন্তি সাধবাে বীতমৎসরাঃ ॥১৭॥

তে বৈ স্কৃতিনঃ প্রোক্তাঃ সর্বদানপ্রদান্ত তে।

গবাং লােকং তথা পুণ্যমাপ্লুবন্তি চ তেহ্নঘ! ॥১৮॥ (মুগ্রকম্)

যত্র বৃক্ষা মধুফলা দিব্যপুক্ষফলােপগাঃ।

পুক্তাণি চ স্লগন্ধীনি দিব্যানি দিক্তান্ত্রম! ॥১৯॥

#### ভারতকৌমুদী

তত ইতি। প্রায়ম্ অন্তগমনং ধাবং ॥>৪॥ তাসামিতি। ব্যরোচন্ত অশোভন্ত ॥>৫॥

বন্ধণেতি। বরো দতো বাভ্যন্তা:। দিব্যানি অদৌকিকানি সংস্থানানি অদানি লক্ষণান্ত্রি চিহ্নানি বাসাং তাঃ ।১৬॥

গাব ইতি। বীতমংসরাত্যক্তবিষেষ:। গবাং লোকং গোলোকাধ্যং ছানম্ ॥১৭—১৮॥
তাহার পর প্রভাবশালী ব্রহ্মা গোদিগকে প্রায়োপর্বিষ্ট দেখিয়া সেই
গোগণেব প্রত্যেককে অভীষ্ট শৃঙ্গ দান কবিয়াছিলেন ॥১৪॥

'আমরাই স্থমিত্রেব সংকার অগ্রাহ্য করিয়া ভাগাকে বধ করিব; এবিবয়ে কোন সংশয় নাই; কিন্তু ভোমবা আমাদের কি মঙ্গল করিবে ?'॥৪৯॥

অক্সান্ত গোগণ বলিল—'কপিলাগণ! ভোমবা অক্সান্ত বর্ণ গোগণের মধ্যে প্রধানম্ব লাভ করিবে এবং ভোমাদের কপিলাদের মধ্যে একটা কপিলা দান করিয়া মামুষ শভ গোদানেব ফলভাগী-হইয়া গোলোক লাভ করিবে'॥৫০॥

ভীম বলিলেন—'কপিলাগণ অন্য গোগণের এই বাক্য শুনিয়া, সম্ভষ্ট চিন্তে সকলেই ভৃগুবংশীয় সুমিত্রের বধ বিষয়ে মতি স্থির করিল ॥৫১॥

আর কামচারিণী যে সকল গোমাতা আসিয়াছিলেন; তাঁহারা কৃতজ্ঞ হইয়া সেই সুমিত্রের নিকট উপস্থিত হইলেন ॥৫২॥

পুণ্যদর্শনা সেই গোমাতারা বিশেষ প্রশংসা করিয়া স্থমিত্রকে বলিলেন—
'মহর্ষি আপনি অবগত হউন যে, আমরা বৃষ ও গোগণের মাতা গোলোক
হইতে আসিয়াছি' ॥৫৩॥

<sup>(</sup>৫১) ইড: পরং ' একবিংশত্যধিকশততমোহধ্যায:। ভীন্ন উবাচ'—নি।

সুপ্রীতাঃ স্ম বরং গৃহু ষমিচ্ছদি মহামূনে!। যদ্ধি গোষু পরাং বুদ্ধিং কৃতবানদি নিত্যদা॥৫৪॥ স্থমিত্র ভবাচ।

প্রীতেহিস্মানুগৃহীতোহিস্মি বন্ধাং গোমাতরঃ শুভাঃ।
স্থূপ্রীতমনসঃ সর্বান্তিষ্ঠন্তে চ বরপ্রদাং ॥৫৫॥
ভবেদ্গোম্বেব মে ভক্তির্যথিবাত তথা সদা।
গোদ্ধান্তিববিসীদন্ত নরা ব্রহ্মদ্বিষ্ণ যে॥৫৬॥

গোমাতর উচুঃ।

এবমেতদ্যিশ্রেষ্ঠ ! হিতং বদসি নঃ প্রিয়ন্।

এহি গচ্ছ সহাস্মাভির্গোলোকমূষিসত্তম ! ॥৫৭॥
স্থামিত্র উবাচ।

যুয়মিষ্টাং গতিং বাস্ত ন ছহং গন্তমুৎসহে। ইমা গাবঃ সমুৎস্জ্য তপস্বিভো মম প্রিয়াঃ ॥৫৮॥

# ভারতকৌমূদী

স্থীতা ইতি। গৃহ গৃহাণ। পরাং প্রাস্থবিষয়ান্ ॥ ৫৪॥ থীত ইতি। তিঠন্তে বরদানাভিপ্রায়ং প্রকাশয়তি ॥ ৫৫॥ বরং প্রার্থয়তে ভবেদিতি। ব্রন্ধবিধো বেদবিষেবিণঃ ॥ ৫৬॥ এবমিতি। হতং প্রিয়ক্ষ বদসি সম্পাদেব ভক্তিকরণাদিতি ভাবঃ ॥ ৫ १॥

আমরা সম্ভষ্ট হইয়াছি। অতএব মহিষ। আপনি যাহা ইচ্ছা কবেন, সেই বর গ্রহণ ককন। যেহেতু আপনি সর্ব্বদাই গোগণেব উপবে পূজ্যম্ব জ্ঞান করিয়া আসিতেছেন' ॥৫৪॥

স্মত্র বলিলেন—'শুভলক্ষণা গোমাতৃগণ। যে হেতু আপনাবা সকলেই সম্বান্ত চিত্ত হইয়া আমাব নিকট ববদান কবিবাব ইচ্ছা প্রকাশ কবিতেছেন, সেইহেতু আমি সম্বান্ত ও অনুগৃহীত হইলাম।৫৫॥

আৰু আমাৰ গোগণেৰ প্ৰতি যেমন ভক্তি চলিতেছে; তেমন সৰ্ব্বদাই গোগণের প্ৰতি ভক্তি থাকুক এবং বাহাবা গোহত্যাকারী ও বেদবিছেষী সেই সকল মানুষ অবসন্ন হউক' ॥৫৬॥

গোমাতৃগণ বলিলেন—'শ্বিশ্রেষ্ঠ। আপনি ইহা আমাদের হিত ও প্রিয় বাক্য বলিলেন। অতএব শ্ববিশ্রেষ্ঠ। আসুন, আপনি আমাদের সহিত গোলোকে গমন করুন'॥৫৭॥

## ভীম্ম উবাচ।

তাস্ত তম্ম বচঃ শ্রুছা কপিলানাং গুদারুণম্।
নিম্যুস্তম্বিম্ৎক্ষিপ্য ভার্গবং নভ উদ্বহন্ ॥৫৯॥
কলেবরন্ত তত্ত্বৈব তম্ম সংস্থম্ম মাতরঃ।
নিষ্কৃষ্য করণং যোগাদানমন্ ভার্গবস্থা বৈ ॥৬০॥
সর্ববং চাম্ম তদাচখ্যুঃ কপিলানাং বিচেষ্টিতম্।
যদর্থং হরণং গোভির্গোলোকং লোকমাতরঃ ॥৬১॥
ততস্ত কপিলাস্তত্র তম্মা দৃষ্ট্যা কলেবরম্।
যথাপ্রতিজ্ঞং শৃক্ষেশ্চ্যুখুরৈশ্চাপ্যবহূর্ণমন্ ॥৬২॥
ততঃ সংছিত্য বহুধা ভার্গবং নৃপসত্তম!।
যযুর্যত্রেতরা গাবস্তচ্চ সর্বং স্থবেদমন্ ॥৬০॥

### ভাবতকোমুদী

যুষমিতি। গতিং গোলোকগৰনম্, তপখিকো দীনা: ॥৫৮॥

তা ইতি। তা গোমাতর: কপিলানাং স্থদাকণং স্থমিত্রবধরিষকত্বাদতিভয়ত্বং বচন্চ শ্রুতা তং ভার্গবমৃথিমুৎক্ষিপ্য উত্তবন উত্তহন্তঃ নভো গগনং নিম্য়ঃ ॥৫৯॥

কলেববসিতি। ক্বণমিন্দ্রিয়ং জানেন্দ্রিয়াধিটিতং লিক্দেহমিতার্থঃ, "সপ্তদশৈকং লিক্"-মিতি সাংখ্যস্তরোৎ ॥৬০॥

দর্বমিতি। গোলোকং প্রতি ষদর্থং গোভিঃ স্থমিত্রস্ত হবণম্ ॥৬১॥ তত ইতি। তত্র আপ্রমে, তস্ত স্থমিত্রস্ত। অবচূর্ণবন্ধিতি অড়াগমাভাব আর্থঃ ॥৬২॥

স্মিত্র বলিলেন—'গোমাতৃগণ! আপনাবা অভীষ্ট স্থানে গমন ককন; কিন্তু আমি ইহাদিগকে পরিত্যাগ কবিয়া যাইতে ইচ্ছা কবি না; কারণ, এই দীন গোগণ আমাব প্রিয়া ॥৫৮॥

ভীম্ম বলিলেন—'গোমাতৃগণ স্থমিত্তেব সেই বাক্য এবং কপিলাগণের সেই পুর্বোক্ত নিদারুণ বাক্য প্রবণ করিয়া, সেই স্থমিত্ত মুনিকে উত্তোলনপূর্ব্বক বহন করিয়া আকাশে লইয়া গেলেন ॥৫৯॥

গোসাতাবা যোগবলে সেই স্থানেই স্থমিত্রেব দেহটী বাখিয়া আকর্ষণপূর্ব্বক তাহার জীবাত্মাকে লইয়া গিয়াছিলেন ॥৬০॥

লোকমাতা সেই স্বর্গীয় গোগণ তখন কপিলাগণেব উদ্দেশ্য এবং গোলোকেব প্রতি যে নিমিত্ত গোগণকর্তৃক স্থমিত্তেব হরণ হইতেছেন, সে সমস্তই স্থমিত্তেব নিকট বলিলেন ॥৬১॥

তাহাব পব কপিলারা সেই আশ্রমে স্থমিত্রেব দেহটী দেখিয়া পূর্ব্ব প্রতিজ্ঞানুসারে শৃঙ্গ ও খুবদারা সেই দেহটীকে খণ্ড খণ্ড করিল ॥৬২॥ অথ গোমাতৃভিঃ শপ্তান্তা গাবঃ পৃথিবীচরাঃ।
অমেধ্যবদনাঃ ক্ষিপ্রং ভবধ্বং ব্রক্ষঘাতিকাঃ ॥৬৪॥
এবং কৃতজ্ঞা গাবো হি যথা গোমাতরো নৃপ !।
ঋষিশ্চ প্রাপ্তবাল্লোকং গাবশ্চ পরিমোক্ষিতাঃ ॥৬৫॥
তা গাবো রন্তিদেবস্ত গত্বা যজ্ঞং মনীষিণঃ।
আজানং জ্ঞাপয়ামাস্থর্ম হর্ষীণাং সমক্ষতঃ ॥৬৬॥
রন্তিদেবস্ততো রাজা প্রযতঃ প্রাঞ্জলিঃ শুচিঃ।
উবাচ গাবঃ প্রণতঃ কিমাগমনমিত্যপি ॥৬৭॥

#### ভাবতকোমুদী

ভত ইতি। অবেদয়ন্ ইউরাস্থ গোবু তা: কপিলা: ॥৬৩॥

অংথতি। অমেণ্যবদনা অপবিত্রবদনা:। অতএব স্বৃত্তি:—"মূথবর্জ্জঞ্চ গোঁ: শুদ্ধা।"
যতো মূবং ব্রহ্মণাতিকা: ॥৬৪॥

এবমিডি। গাবঃ কপিলাভিন্নাঃ। লোকং গোলোকম্, পবিমোক্ষিতা রস্তিদেব্যজ্ঞ-গমনোপদেশেন ॥৬৫॥

তা ইতি। তাঃ পৃথিবীচরা:। জ্ঞাগধামাত্মবাগতদেন ॥৬৬॥
বন্ধীতি। প্রণতঃ সন্ গা গোগণম্বাচ, বো বৃদ্ধাকং কিমাগমনম্ ।৬৭॥

বাজন্তেষ্ঠ। তাহাব পব কপিলাবা বহুপ্রকাবে স্থমিত্রকে ছিন্ন বিচ্ছিন্ন কবিয়া যে স্থানে অন্ত গো সকল ছিল, সেই স্থানে গেল এবং সেই সমস্ত তাহাদিগকে জানাইল ॥৬৩॥

তাহাৰ পৰ গোমাভাবা পৃথিবীস্থিত সেই গোগণকৈ অভিসম্পাত কবিলেন যে, 'ভোমৰা ব্ৰহ্মহণ্ড্যা কবিয়াছ বলিয়া সম্বৰ ভোমাদেৰ মূখ অপবিত্ৰ ইউক' ॥৬৪॥

বাজা। গোমাতৃগণ যে প্রকাব কৃতজ্ঞ, কপিলা ভিন্ন গোগণও সেইকপই কৃতজ্ঞ ছিল; স্থমিত্র মূনিও গোলোক প্রাপ্ত হইলেন এবং পৃথিবীস্থ গোগণও বস্তিদেবেব যজ্ঞে যাইয়া মুক্তি পাইল ॥৬৫॥

সেই পৃথিবীস্থিত গোগণ বিচক্ষণ বস্তিদেবেব যজ্ঞে যাইয়া মহর্ষিগণেব সমক্ষে
আপনাদেব আগমন জানাইল ॥৬৬॥

তাহাব পৰ সংযত ও পৰিত্ৰ বস্তিদেব ৰাজা অবনত ও কৃতাঞ্চলি হইযা গোগণকে বলিলেন্—'তোমাদেব আগমনেৰ কাৰণ কি ?' ॥৬৭॥

<sup>(</sup>৬৫) ইত: পর: ' দাবিংখত্যধিকশততমোহধ্যায:। ভীন্ন উবাচ।'--নি।

# গাব উচুঃ।

ইচ্ছামন্তব রাজেন্দ্র ! সত্তেংশ্মিন্ বিনিযোজনম্ । পশুস্বমুপসংপ্রাপ্তবুং প্রসাদং কর্ত্তু মর্হসি ॥৬৮॥

রম্ভিদেৰ উবাচ।

নান্মি শক্তো গবাং ঘাতং কর্ত্তুং শতসহত্রশঃ। ঘাতয়িত্বা ত্বহং যুম্মান্ কথমাত্মানমূত্তরে ॥৬৯॥ যঃ পশুত্বেন সংযোজ্য যুম্মান্ স্বর্গং নয়েদিহ। আত্মানকৈন্ত তপসা গাবঃ। সমুপগম্যতাম্॥৭০॥

গাব উচুঃ।

অস্মাকং তারণে যুক্তো ধর্মাত্মা তপসি স্থিতঃ। শ্রুতোহস্মান্তির্ভবান্ রাজন্। ততস্ত স্বয়মাগতাঃ॥৭১॥ রন্তিদেব উবাচ।

মন দত্তে পশুত্বং বো যদ্মেবং হি মনীধিতম্। সময়েনাহমেতেন জুহুয়াং বো হুতাশনে ॥৭২॥

# ভারতকোমুদী

ইচ্ছাম ইতি। বিনিষোধনং বিনিয়োগন্। উপসংপ্রাপ্তমুপপাদয়িতুম্ ॥৬৮॥
নিতি। ঘাতং বংম্। উত্তরে গোবংপাপাত্তারয়ামি ॥৬৯॥
য় ইতি। হে গাবং। মুগাভিং ল সমুপগম্যতাম্॥१०॥
জন্মাকমিতি। যুক্তঃ প্রবৃত্তঃ। জাগতান্তবান্তিকং বয়ম্॥१১॥

গোগণ বলিল—'বাজশ্রেষ্ঠ ! আমবা আপনাব এই যজ্ঞে আমাদের নিয়োগ ইচ্ছা করি; অতএব আপনি আমাদেব এই যজ্ঞেব পশুত্ব সম্পাদন করিবার জন্ম অমুগ্রহ করুন' ॥৬৮॥

বস্তিদেব বলিলেন—'আমি শত সহস্র গোবধ কবিতে পাবিব না। কারণ, আমি তোমাদিগকে বধ কবাইয়া কি প্রকাবে গোবধ পাপ হইতে আপনাকে উদ্ধার করিব ॥৬৯॥

গোগণ ৷ যিনি যজ্ঞীয় পশুৰূপে তোমাদিগকে নিয়োগ করিয়া স্বর্গে পাঠাইবেন এবং তপোবলে নিজেকে উদ্ধাব কবিবেন; তোমবা তাঁহাব নিকট গমন কব' ॥৭০॥

গোগণ বলিল—'বাজা! ধর্মাত্মা ও তপস্থায় ব্যাপৃত আপনি আমাদিগকে উদ্ধাব কবিতে প্রবৃত্ত হইয়াছেন ইহা শুনিয়া আমরা নিজেরাই আপনাব নিকট আসিয়াছি'॥৭১॥ কদাচিদ্যদি বঃ কাচিদকামা বিনিযুজ্যতে। তদা সমাপ্তিঃ সত্ৰস্থ গবাং স্থাদিতি নৈৰ্ছিকী॥৭৩॥ গাব উচুঃ।

এবমস্ত মহারাজ ! যথা স্থং প্রবরীষি নঃ। অকামাঃ স্মর্যদা গাবস্তদা সত্রং সমাপ্যতাম্॥৭৪॥

ভীশ্ব উবাচ।

ততঃ প্রন্তে গোসতে রন্তিদেবস্থ ধীমতঃ।
গোসহলাণ্যহরহনিযুজ্যন্তে শমীতৃভিঃ ॥৭৫॥
এবং বহুনি বর্ধাণি ব্যতীতানি নরাধিপ।।
গবাং বৈ বধ্যমানানাং ন চান্তঃ প্রত্যদৃষ্ঠত ॥৭৬॥
গবাং চর্ম্মসহলৈস্ক রাশয়ঃ পর্বতোপমাঃ।
বভূবুঃ কুরুশাদূল। বহুধা মেঘসিমভাঃ॥৭৭॥

## ভারতকোমূদী

मद्यक्ति। मनीविकमकीष्ठेम्। नमदन्तन मनद्यन ॥१२॥

ক্ষাচিদিতি। অকামা আত্মবধে অনিচ্ছঃ। নৈষ্টিকী নিপান্তিনিবন্ধনা সমাপ্তিঃ ॥৭৬॥

এব্যিতি। অকাষা আত্মবধে অনিচ্ছব: 1981

ভত ইতি। নিযুজান্তে হননায প্রবর্জান্তে, শমীভূভির্ঘাতকৈ:। আর্বোহয়ং শক্ষ: ॥৭৫॥

এবসিডি। এবসীদৃশেন বজাত্ঠানেন। অন্ত: শেব: ॥१७॥

গবামিভি। মেষসন্নিভা: রুফ্বর্ণা: ॥११॥

রম্ভিদেব বলিলেন—'গোগণ। আমাব যজে যদি ভোমাদের পশুত্ব প্রাপ্ত হওয়া অভীষ্ট হইয়া থাকে, তাহা হইলে আমি এই সর্ভে ডোমাদিগকে অগ্নিডে নিক্ষেপ করিতে পাবি ॥৭২॥

যদি কোন সময়ে ভোমাদের মধ্যে কোন গোকে অনিচ্ছাসত্ত্ব নিয়োগ কবা হয়; তাহা ভাহা হইলে তখনই আমাব গোযজেব নিষ্পত্তিনিবন্ধন সমাপ্তি হইবে'॥৭৩॥

গোগণ বলিল—'মহাবাজ। আপনি আমাদিগকে যেকপ বলিলেন, এই-কপই হউক। যখন গোগণ অনিচ্ছু হইবে, তখন যজ্ঞ সমাপ্ত কবিবেন' ॥৭৪॥

ভীম্ম বলিলেন—'ভাহার পর ধীমান্ বস্তিদেবেব গোযজ্ঞ আবস্ত হইলে প্রতিদিন ঘাতকেবা বহু সহস্র গো বধ কবিতে লাগিল ॥৭৫॥

নরনাথ। এইভাবে বহু বংসর অতীত হইল। তৎকালে নিহত গোগণের শেষ দেখা যাইত না ॥৭৬॥ মেদংক্রেদবহা চৈব প্রাবর্ত্ত মহানদী।
অন্তাপি ভূবি বিখ্যাতা নদী চর্ম্মহতী শুভাঃ ॥৭৮॥
ততঃ কদাচিৎ স্বং বৎসঃ গৌরুপামন্ত্র্য দুঃখিতা।
এহি বৎস! স্তমং পাহি মা দ্বং পশ্চাৎ ক্ষুধাদ্দিতঃ ॥৭৯॥
তক্ষ্যাসে বিমনা দুঃখং ঘাতিতায়াং মযি ধ্রুবম্।
এতে হ্যাযান্তি চণ্ডালাঃ সশস্ত্রা মাং জিঘাংসবঃ ॥৮০॥ (মুগ্মকম্)
অথ শুপ্রাবি তাং বাণীং মানুষীং সমুদাহতাম্।
রন্তিদেবো মহারাজ! ততন্তাং সমবারয়ৎ ॥৮১॥
স্থাপামাস গোসত্রমথ তং পার্থিবর্ষত!।
সত্রোৎস্ফীঃ পরিত্যক্তা গাবোহন্তাঃ সমুপাঞ্জিতাঃ ॥৮২॥
যান্তম্ম রাজ্ঞো নিহতা গাবো যজ্ঞে মহাত্মনঃ।
তা গোলোকমুপাজগাঃ প্রেক্ষিতা ব্রন্ধবাদিভিঃ ॥৮০॥

### ভাবতকোমূদী

মেদ ইতি ৷ মেদ এব ক্লেদন্তং বহতীতি সা ॥१৮॥ তত ইতি ৷ উপমন্ত্র সম্বোধ্য ৷ জিবাংসবো হস্কমিচ্ছবঃ ॥৭৯—৮০॥ অথেতি ৷ তাং গাং হস্কং চাণ্ডালান্ সমবারমং ॥৮১॥

স্থাপবেতি। স্থাপয়ামাস সমাপ্তং চকার পূর্বকৃতশপথামুসারাৎ ॥৮২॥

পর্বতপ্রমাণ গোচর্মের বহু রাশি হইয়া পড়িল। কৌববশ্রেষ্ঠ। সেই চর্ম্মবাশি মেঘের স্থায় কৃষ্ণবর্ণ দেখা যাইত ॥৭৭॥

গোসমূহের মেদবাহিনী একটা মহানদী উৎপন্ন হইল। অভাপি পৃথিবীতে সেই মঙ্গলম্যী নদী 'চৰ্ম্মণতী' নামে বিখ্যাত হইয়া রহিয়াছে ॥৭৮॥

তাহাব পর কোন সময়ে একটা গরু হৃ:খিত ইয়া নিজের বংসটাকে সম্বোধন কবিয়া বলিল—'বংস। এস, আমার স্থন পান কর; পবে তুমি ক্ষুধার্ত্ত হইও না; আমাকে বধ করিলে পর নিশ্চযই তুমি শোকার্ত্ত হইয়া হৃ:খে সম্বপ্ত হইবে। আমাকে বধ করিবাব ইচ্ছা কবিয়া এই চাণ্ডালেবা অন্ত্র লইয়া আসিতেছে' ॥৭৯—৮০॥

মহারাজ ! ভাহাব পব রস্তিদেব সেই গোকর্ত্বক উচ্চারিত মানুষেব ভাষ বাক্য শ্রবণ করিলেন ; তদনস্তব তিনি সেই গোটীকে হত্যা কবিতে বাবণ কবিলেন ॥৮১॥

রাজশ্রেষ্ঠ ! পবে বস্তিদেব সেই গোযজ্ঞ সমাপ্ত কবিলেন এবং সেই যজ্ঞে উৎস্পৃষ্ট অক্স গোদিগকে ছাড়িয়া দিলেন ॥৮২॥ রন্তিদেবোহপি র ে বিরিষ্ট্রা যজ্ঞং যথাবিধি।
ততঃ সখ্যং প্ররণ গ্রন্তিদিবং চাক্ষযং যযৌ ॥৮৪॥
ফেনপো দিবি গোলোকে মুমুদে শাশ্বতীঃ সমাঃ।
অবশিক্ষাশ্চ যা গাবস্তা বভূবুর্বনেচরাঃ॥৮৫॥
ফেনপাখ্যানমেতত্তে গবাং মাহাত্ম্যমেব চ ।
কথিতং পাবনং পুণ্যং কৃষ্ণদ্বৈপাযনেরিতম্॥৮৬॥
নারায়ণোহপি ভগবান্ দৃষ্ট্রা গোষু পরং যশঃ।
শুশ্রমাং পরমাং চক্রে ভক্তিঞ্চ ভরতর্বভ ।॥৮৭॥
তত্মাত্মপি রাজেক্র । গা বৈ পূজ্য ভারত ।।
ছিজেভাশ্চৈব সততং প্রয়চ্ছ কুরুসন্তম ।॥৮৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামমুশাসন-পর্বাণি দানধর্ম্মে দানধর্ম্মকথনে সপ্ততিতমোহধ্যায়ঃ ॥০॥ #

#### ভারতকোমুদী

ষা ইতি। ব্রহ্মবাদিভির্বেদ্বক্তিঃ, প্রেক্ষিতা দৃষ্টা: ॥৮৩॥ বন্ধীতি। ইষ্ট্রা বিধাষ। স্বপতেরিপ্রস্ত ॥৮৪॥

ফেনপ ইতি। ফেনপ: প্রাপ্তক্ত: স্থমিত্র:, শাখতী: সমা: বহুন্ বৎসরান্ ॥৮৫॥ ফেনপেতি। কুফবৈপায়নেন বেদব্যাসেন ঈরিতমুক্তম্ ॥৮৬॥

নারায়ণেতি। গোধু গোলোকমাগতাহ্ন, পরং যশঃ পরোপকারিত্বাদিনা জাত-বিত্যাশবঃ ॥৮৭॥

মহাত্মা রস্তিদেবের যজ্ঞে যে সকল গো নিহত হইযাছিল, ভাহাবা বেদ-বাদী বাহ্মণগণের দৃষ্টিগোচত অবস্থায় গোলোকে গমন কবিল ॥৮৩॥

বান্ধৰ্ষি বন্তিদেব যথাবিধানে যজ্ঞ কবিষা তদনস্তব ইন্দ্ৰেব সহিত সখিছ ও অক্ষয় স্বৰ্গ লাভ কবিলেন ॥৮৪॥

ক্ষেনপ স্মিত্র মুনিও গোলোক নামক স্বর্গে যাইয়া বহু বংসব স্থায়ী আমোদ অমুভব কবিতে লাগিলেন; আব সেই যজ্ঞে যে সকল গো অবশিষ্ঠ ছিল, তাহাবা বনচাবী হইল ॥৮৫॥

যুধিষ্ঠির। এই তোমাব নিকট বেদব্যাসোক্ত পুণ্য ও পবিত্রভাজনক ফেনপ মুনিব উপাখ্যান ও গোমাহাত্ম আমি বলিলাম ॥৮৬॥

ভবতশ্রেষ্ঠ ! গোলোকনাথ নাবায়ণ ও আগত গোগণের পরম যশ দেখিয়া তাহাদের বিশেষ পরিচর্য্যা এবং ভাহাদের উপরে ভক্তি করিভেন ॥৮৭॥

 <sup>&#</sup>x27;· · অয়েবিংশভাধিকশভতবোহধ্যাযঃ'—নি।

# একসপ্ততিত্বোহধ্যায়ঃ।

—8\*8—

যুধিষ্ঠির উবাচ। ময়া গবাং পুরীষং বৈ শ্রিয়া জুই্টমিতি শ্রুতম্। এতদিচ্ছান্যহং শ্রোতুং সংশয়োহত্ত পিতানহ!॥১॥

ভীম্ম উবাচ।

অত্রাপ্যদাহরন্তীসমিতিহাসং পুরাতনম্। গোভিনৃপেহ সংবাদং শ্রিয়া ভরতসত্তম। ॥২॥ শ্রীঃ কৃষ্ণেহ বপুঃ কান্তং গোমধ্যেষু বিবেশ হ। গাবোহধ বিশ্বিতাস্তত্তা দৃষ্ট্বা রূপত্ত সম্পদম্॥৩॥

### ভাবতকোমূদী

ভশাদিতি। ভশাং জগংপ্জ্যেন নারাযণেনাপি পৃজ্জিভদাং ॥৮৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীপভট্টাচার্য্যবিরচিতাযাং
মহাভারতটীকাষাং ভারতকোম্দীসমাধ্যাযামহুশাসনপর্ব্বণি
দানধর্মে সপ্ততিত্যোহধ্যায়ঃ ॥•॥

--:\*:--

মর্বোত। পুরীষং বিষ্ঠা, শ্রিয়া লক্ষ্যা, জুইং সেবিতম্। সংশয়: শ্রিয়া বিষ্ঠয়া সেবনা-সম্ভবাৎ ॥১॥

অত্তেতি। গোভি: দহ ॥২॥

শ্রীরিতি। কান্তং মনোরসম্। সম্পদং বাহলাম্।।

অতএব বাজশ্রেষ্ঠ কৌববপ্রধান ভবতনন্দন। তুমিও গোগণেব পূজা এবং সর্ববদা ব্রাহ্মণগণকে গোদান কবিতে থাক' ॥৮৮॥

যুধিষ্ঠিব বলিলেন—'পিতাসহ! আমি শুনিয়াছি যে, গোময় লক্ষ্মীকর্তৃক সেবিত; এবিষয়ে আমাব সংশয আছে; অতএব এবিষয় আমি শুনিতে ইচ্ছা কবি'॥১॥

ভীম্ম বলিলেন—'ভবতশ্রেষ্ঠ রাজা। এই বিষয়েও প্রাচীনেরা গোগণের সহিত লক্ষ্মীদেবীব সংবাদকপ প্রাচীন বতান্তেব উল্লেখ কবিয়া থাকেন ॥২॥

# গাব উচুঃ।

কাসি দেবি ! কুতো বা ছং রূপেণাপ্রতিমা ভুবি । বিশ্বিতাঃ স্ম মহাভাগে ! তব রূপস্থ সম্পদা ॥৪॥ ইচ্ছাম দ্বাং ব্য়ং জ্ঞাতুং কা ছং ক চ গমিয়সি । তত্ত্বেন বরবর্ণাভে ! সর্ব্ববেতদ্ব্রবীহি নঃ ॥৫॥

#### ঞ্জীরুবাচ।

লোককান্তান্মি ভদ্রং বঃ শ্রীনামাহং পরিশ্রুতা।

ময়া দৈত্যাঃ পরিত্যক্তা বিনফাঃ শাশ্বতীঃ সমাঃ॥৬॥
ময়াভিপনা দেবাশ্চ মোদন্তে শাশ্বতীঃ সমাঃ।
ইল্রো বিবস্থান্ সোমশ্চ বিষ্ণুরাপোহগ্রিরেব চ॥৭॥
ময়াভিপনাঃ সিধ্যন্তে শ্বাম্যা দেবতান্তথা।
যান্নাবিশাম্যহং গাবস্তে বিনশ্যন্তি সর্বশঃ॥৮॥

#### ভাবতকোমূদী

কেতি। কুডো বা আগতেতি শেষঃ ॥।॥

ইচ্ছামেডি। হে বরবর্ণান্ডে। উত্তমন্ত্রীরূপে। ॥৫॥

লোকেতি। লোককান্তা জনপ্রিয়া, বো যুমাকম্, ভত্তং মদলমন্ত। শাশ্বতীঃ সমা দীর্ঘকালঃ যাবং, বিনষ্টাঃ শ্রীজ্যাগেন নইসম্পদঃ ।৬।

মযেতি। অভিপন্না আশ্রিতা:। আপ: অপাং দেবতা বরুণশ্চ।।।

একদা লক্ষ্মীদেবী দেহটী মনোবথ কবিয়া গোমধ্যে প্রবেশ কবিযাছিলেন। তাহার পব গোগণ ভাঁহাব সেই কপসম্পদ্দ দেখিয়া বিস্মযাপন্ন হইয়াছিল।।৩॥

তখন গোগণ বলিল—'দেবি। আপনি কে? কোথা হইতেই বা আসিয়া-ছেন ? আপনি ত কপে নিকপমা। মহাভাগে। আমবা আপনাব কপসম্পদ দেখিয়া বিস্মাপন হইয়াছি॥৪॥

আমবা আপনাকে জানিতে ইচ্ছা কবি, আপনি কে ? কোথায়ই বা যাইবেন ? ব্ববর্ণিনি ! আপনি এই সমস্ত বিষয় আমাদেব নিকট যথার্থভাবে বলুন' ॥৫॥

লক্ষী বলিলেন—'গোগণ জোমাদেব মঙ্গল হউক; আমি লোকপ্রিয শ্রীনামে বিখ্যাতা। আমি পবিত্যাগ কবিয়াছি বলিয়া দৈত্যেবা দীর্ঘকাল যাবং সম্পত্তিশৃষ্ম হইয়া বহিয়াছে ॥৬॥

আব আমি আশ্রয় কবিয়াছি বলিয়া ইশ্র, সূর্ব্য, চন্দ্র, বিষ্ণু, বরুণ ও অগ্নি-প্রভৃতি দেবতাবাদীর্ঘকাল যাবং সম্পত্তিব গুণে আমোদ অনুভব কবিতেছেন ॥৭॥ ধর্ম-চার্থ-চ কাম-চ ময়া জুফীঃ স্থথান্বিতাঃ। এবং প্রভাবাং মাং গাবো বিজানীত স্থপ্রদাম ॥৯॥ ইচ্ছানি চাপি যুত্মান্ত বস্তুং সর্ববাস্থ নিত্যদা। আগত্য প্রার্থিয়ে যুত্মান্ শ্রীজুফী ভবতাথ বৈ ॥১০॥ গাব উচুঃ।

অধ্বন চপলা চ হং সাসান্তা বহুভিঃ সহ।
ন ত্বানিচ্ছাস ভদ্রং তে গস্যতাং ষত্র রংস্তসে ॥১১॥
বপুশ্বত্যো বয়ং সর্বাঃ কিমন্তাকং ত্বয়াত্ত বৈ।
যথেষ্টং গস্যতাং তত্র কৃতকার্য্যা বয়ং হ্বয়া ॥১২॥

# শ্রীরুবাচ।

কিমেতদ্বঃ ক্ষমং গাবো যন্মাং নেহাভিনন্দথ। ন মাং সম্প্রতি গৃহ্লীধ্বং কন্মাদৈ তুর্লভাং সতীম্ ॥১৫॥

# ভাবতকোসুদী

মযেতি। হে গাবং । বান্ জনান্ নাবিশামি নাশ্রয়মি ॥৮॥
ধর্ম ইতি। ধর্মাদিভিন্চাবিতাং, জুটাং সেবিতা জনাং ॥२॥
ইচ্ছামীতি। শ্রিষা মযা, জুটাং সেবিতা বৃষং ভবত ॥১০॥
অঞ্জবেতি। অঞ্জবা অচিবস্থাযিনী, সামান্তা সাধারণী। এতেন বেশ্রাজং ধ্বন্ততে ॥১১॥
বপ্মত্য ইতি। বপুমতাঃ স্থন্তরশ্রীবাং। ক্লতকার্যা সাক্ষাৎকারেণৈব ॥১২॥

এবং আমি আশ্রয় কবিয়া বহিয়াছি বলিয়া ঋষিগণ ও দেবগণ কার্য্যে সিদ্ধি লাভ কবিতেছেন। গোগণ! আমি যাহাদিগকে আশ্রয় না কবি, তাহারা সর্বব্যকাবে বিনষ্ট হইয়া যায় ॥৮॥

আমি যাহাদের সেশা করি, তাহাদের ধর্ম, অর্থ, কাম ও সুখহয়। গোগণ তোমবা আমাকে এইরূপ প্রভাবশালিনী ও সুখদায়িনী বলিয়া অবগত হও ॥৯॥

আমি সর্বাদা তোমাদেব সকলেব মধ্যে বাস কবিতে ইচ্ছা কবি; অতএব আমি নিজে আসিয়া তোমাদেব নিকট প্রার্থনা কবিতেছি যে, তোমবা শ্রীসম্পন্ন হও'॥১০॥

গোগণ বলিল—'ভূমি অচিরস্থায়িনী, চঞ্চলা এবং বহুজ্জনেব সহিত থাক বলিয়া সাধাবণী; অতএব আমবা ভোমাকে ইচ্ছা করি না; ভোমাব মঙ্গল হউক, ভূমি যে স্থানে আনন্দ পাইবে, সেইস্থানে যাও ॥১১॥

আমবা সকলেই সুন্দব শবীবা; অতএব আজ তোমাদ্বারা আমাদেব ক চ্বার তুমি আমাদেব কর্ত্বর কবিয়াছ, এখন ইচ্ছানুসাবে সভীষ্ট স্থানে চলিয়া যাও' ॥১২॥ সত্যঞ্চ লোকবাদোহয় লোকে চরতি স্বব্রতাঃ !।
স্বাং প্রাপ্তে পরিভবো ভবতীতি বিনিশ্চয়ঃ ॥১৪॥
মহতুগ্রং তপঃ কৃত্বা মাং নিষেবস্তি মানবাঃ।
দেবদানবগন্ধর্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ ॥১৫॥
প্রভাব এব বো গাবঃ ! প্রতিগৃহীত মামিহ।
নাবসন্থা হুহং সৌম্যাক্রৈলোক্যে সচরাচরে ॥১৬॥

গাব উচুঃ।

নাবসন্তামহে দেবি ! ন ত্বাং পরিভবামহে । অঞ্জবা চলচিত্তাসি ততস্থাং বর্জ্জবামহে ॥১৭॥ বহুনা চ কিমুক্তেন গম্যতাং যত্র বাঞ্চ্সি । বপুশ্বত্যো বয়ং সর্বাঃ কিমস্মাকং ত্বানহে ! ॥১৮॥

# ভাবতকোমূদী

কিনিতি। বো যুখাক্ম, ক্মমূচিতম্ ॥১৩।

শভানিতি। হে হ্বতা গাবং। লোকে জগতি অরং লোকবাদং শত্যমেব চরতি। কোহসৌ লোকবাদ ইত্যাহ স্বযমিতি। স্বযমাত্মনা প্রাপ্তে উপস্থিতে জনে, পরিভবং অবজ্ঞা ॥১৪॥

महिष्छ। निरम्विष्ठ निरम्वरस्थ व्याश्रूवस्थि॥>६॥

প্রভাব ইতি। মদ্গ্রহণমপি বো যুমাকং প্রভব এব ।১৬।

নেতি। পরিভবাসহে চপলস্বাদিবাদেন ন তিরস্থাঃ ॥১৭॥

লক্ষী বলিলেন—'গোগণ! ভোমবা যে আমাব এখন অভিনন্দন কবিলে না, ইহা কি ভোমাদেব উচিত হইল ? আমি সভী ও তুর্লভা; তথাপি ভোমবা আমাকে কেন এখন গ্রহণ কবিলে না ? ॥১৩॥

হে স্থনিয়মাগণ। জগতে এই লোকবাদ সত্যই চলিতেছে যে, মানুষ নিজে উপস্থিত হইলে, সকলেবই তাহাব উপবে অবজ্ঞা হয়, ইহা নিশ্চয় ॥১৪॥

দেবগণ, দানবগণ, গদ্ধর্ক্বগণ, পিশাচগণ, নাগগণ, বাক্ষসগণ ও মানবগণ ভীষণ ও গুক্তব তপস্থা কবিয়া আমাকে লাভ কবেন ॥১৫॥

গোগণ। তোমবা এখন আমাকে গ্রহণ কব, তাহা হইলে তোমাদেব প্রভাবই প্রকাশ পাইবে। হে সৌম্যগণ। স্থাবব-জঙ্গমাত্মক ত্রিভূবন মধ্যে আমি কাহাবও অবজ্ঞেয় নহি' । ১৬॥

গোগণ বলিল—'দেবি। আমবা আপনাকে অবজ্ঞ। বা তিবস্কাব কবিতেছি না। আপনি অচিবস্থায়িনী ও চঞ্চল চিত্তা—সেইজন্মই আমবা আপনাকে ত্যাগ কবিতেছি॥১৭॥

# শ্রীরুবাচ।

অবজ্ঞাতা ভবিক্যামি সর্বলোকস্থ মানদাঃ!।
প্রত্যাখ্যানেন যুম্মাকং প্রসাদঃ ক্রিয়তাং মম ॥১৯॥
মহাভাগা ভবত্যে বৈ শরণ্যাঃ শরণাগতাম্।
পরিত্রায়ন্ত মাং নিত্যং ভজমানামনিন্দিতাম্ ॥২০॥
মাননামহসিচ্ছামি ভবত্যঃ সততং শিবাঃ।
অপ্যেকাঙ্গেহপ্যধো বস্তুমিচ্ছামি চ সুকুৎসিতে!॥২১॥
ন বোহস্তি কুৎসিতং কিঞ্চিদঙ্গেম্বালক্ষ্যতেহনঘাঃ!।
পুণ্যাঃ পবিত্রাঃ স্মুভগা মমাদেশং প্রয়দ্ভথ।
বসেয়ং যত্র বো দেহে তন্মে ব্যাখ্যাতুমর্হথ॥২২॥

# ভারতকৌমূদী

বহুনেতি। বপুমত্য: স্থলবপরীরা:। অভএব শ্রিম: প্রযোজনং নান্তীতি ভাব: ॥১৮॥ অবেতি। হে মানদা: ! সর্বেষাং সম্মানকারিণ্য: ! ॥১৯॥

মহেতি। শরণ্যাঃ রক্ষকেরু মধ্যে প্রধানাঃ ॥২০॥

মাননামিতি। ভবত্য: সততমেব শিবা: শুভমষ্য:। অতএবাহুং ভবতাযু বাদেন মাননা-মাম্মগৌরবমিচ্ছামি। ভবতীনাম্ অধ: স্কুৎসিতেংপি একাকে বস্তমিচ্ছামি ॥২১॥

#### ভাবতভাবদীপঃ

মবেতি ॥১—২০॥ একা অহম, অকেষ্ মধ্যে কুৎসিতে ॥২১—২৭॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষ্মীয়ে বৈভাবদীপে ।
একসপ্ততিভমোহধ্যায়ঃ ॥৭১॥

বহু কথা বলিয়া কি হইবে, আপনাব যে স্থানে ইচ্ছা, সেইস্থানে চলিয়া যান। নিষ্পাপে! আমবা সকলেই স্থুন্দব শরীবা; অতএব আপনাদাবা আমাদের কি হইবে' ॥১৮॥

লক্ষী বলিলেন—'মানদায়িনী গো সকল। তোমবা আমাকে প্রত্যাখ্যান কবিলে; আমি সমস্ত লোকেবই অবজ্ঞাব পাত্র ইইব; অতএব তোমরা আমাব উপবে অমুগ্রহ কব ॥১৯॥

আমি অনিন্দিতা, সর্বদা তোমাদেক সেবা কবিব এবং শবণাগত হইষাছি; তোমবাও মহাভাগা ও শবণাগতবক্ষিকা; অতএব তোমবা আমাকে রক্ষা কব ॥২০॥

গোগণ! তোমবা সর্ববদাই মঙ্গলময়ী; স্থতবাং আমি তোমাদেব মধ্যে থাকিয়া গৌবব লাভ কবিবাৰ ইচ্ছা কবি; তোমাদেব নিয়দেশে অতি কুৎসিত; কোন অঙ্গেও আমি বাস কবিবাৰ আকাজ্ঞা কবি ॥২১॥

এবমুক্তান্ততো গাবঃ শুভাঃ করুণবৎসলাঃ। সংমন্ত্র্য সহিতাঃ সর্বাঃ শ্রেষমূচুর্নরাধিপ। ॥২০॥ অবশ্যং মাননা কার্য্যা তবাস্মাভির্যশন্ত্রিনি।। শকুমূত্রে নিবস ত্বং পুণ্যমেতদ্ধি নঃ শুভে॥২৪॥

# ঞীরুবাচ।

দিষ্ট্যা প্রশাদো যুখাভিঃ ক্বতো মেংকুগ্রহাত্মকঃ।
এবং ভবতু ভদ্রং বঃ পৃঞ্জিতান্মি স্বথপ্রদাঃ!॥২৫॥
এবং কৃষ্ণা তু সমযং শ্রীর্গোভিঃ সহ ভারত!।
পশ্যন্তীনাং ততন্তাসাং তত্ত্বৈবান্তর্ধীয়ত ॥২৬॥

# ভারতকৌমূদী

নেতি। হে অন্যাঃ! বো যুত্মাক্মকেয় কিঞ্চিদিপি কুৎসিতং নালক্ষ্যতে। ঘট্পাদোহয়ং লোক: ॥২২॥

এবমিতি। করুণা দয়াবিতাশ্চ তাঃ, বৎসলাঃ স্নেহ্বত্যশ্চেতি তাঃ ॥২৩।
অবশ্বমিতি। মাননা সম্মানম্। সকুল,ুত্রে বিষ্ঠাপ্রস্রাব্যোঃ ॥২৪॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। হে স্থপ্রধাঃ।॥২৫॥

এবমিতি। সময়ং শপথম্, তাসাং গবাম্।২৬॥

হে নিপাপ গোগণ। ভোমাদেব অঙ্গে কোন স্থানই কুৎসিত বলিয়া লক্ষ্য করি না; ভোমরা পুণ্যবতী, পবিত্র ও ভাগ্যবতী। ভোমরা আমাকে আদেশ কব, ভোমাদেব যে অঙ্গে বাস কবিব, ভাহা ভোমরা বল' ॥২২॥

নবনাথ! লক্ষ্মীদেবী একপ বলিলে, মঙ্গলময়ী, দয়ালু ও বাংসল্যবড়ী গো সকল মিলিত হইয়া পরামর্শ করিয়া লক্ষ্মীদেবীকে বলিল—॥২৩॥

'যশস্বিনি! আপনাব সম্মান কবা আমাদেব অবশ্য কর্তব্য; অতএব কল্যাণি! আপনি আমাদের বিষ্ঠা ও মৃত্রে বাস ককন। কাবণ, আমাদেব এই উভযুই পবিত্র'॥২৪॥

লক্ষী বলিলেন—'স্থদায়িনীগণ। সোভাগ্যবশতঃ আমাব উপবে তোমরা প্রসমতামূলক অনুগ্রহ কবিলে। এইবপই হউক। তোমবা আমাব সম্মান করিলে; স্মৃতরাং তোমাদের মঙ্গল হউক'॥২৫॥

ভরতনন্দন। লক্ষীদেবী গোগণেব সহিত এইৰূপ শপথ কবিযা ভাষাদেব সমক্ষে সেই স্থানেই অন্তবিত হটলেন॥২৬॥ এবং গোশকৃতঃ পুত্র ! সাহাত্ম্যং তেহনুবর্ণিতম্ । মাহাত্ম্যঞ্চ গবাং ভূষঃ শ্রেমতাং গদতো সম ॥২৭॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন পর্ববি দানধর্ম্মে দানধর্ম্মকথনে একসপ্ততিতমোহধ্যায়ঃ ॥০॥ #

# দ্বিসপ্ততিতমোহধ্যায়ঃ।

ভীম্ম উবাচ।
যে চ গাং সম্প্রয়চ্ছন্তি হুতশিক্টাশিনশ্চ যে।
তেষাং সত্রাণি যজ্ঞাশ্চ নিত্যমেব যুধিষ্ঠির।॥১॥
খাতে দধিম্বতেনেহ ন যজ্ঞঃ সম্প্রবর্ত্ততে।
তেন যজ্ঞস্থ যজ্ঞদ্বমতো মূলঞ্চ কথ্যতে॥২॥

#### ভাবতকৌমুদী

এব্মিতি। গোশকতো গোবিষ্ঠাযা:। ভূম: পুন: ॥২৭।
ইতি মহামহোপাধ্যাব-ভারভাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহা-ভারতটীকামাং ভারতকৌমুদীসমাখ্যাযামহশাসনপর্কণি দানধর্মে একসগুভিতমোহধ্যায়: ॥•॥

ষ ইতি। হতশিষ্টং ষজাবশেষগন্ধন্তি ভূঞ্চত ইতি তে। সত্ৰাণি দানষ্ক্ৰা: ৰ্জাশ্চ ডবন্ধীতি শেব: ।১॥

থত ইতি। থতে বিনা। তেন দধিন্বতসম্পাদিতত্বেন। মূলং দধিন্বতঞ্চ যজ্ঞ কারণম্ ॥২॥ বংস যুধিষ্ঠির। এই আমি তোমার নিকটে গোময়েব মাহাত্ম্য বলিলাম; এখন আমি পুনবায় গোমাহাত্ম্য বলিতেছি; তুমি প্রবণ কব ॥২৭॥

ভীম বলিলেন—'যুধিষ্ঠিব! বাঁহাবা গোদান কবেন এবং বাঁহাবা ছতাব-শিষ্ট ভোজন করিয়া থাকেন; তাঁহাদের দানযজ্ঞ ও সাধাবণ যজ্ঞ প্রত্যহই হইতে থাকে ॥১॥

দধি ও যুত ব্যতীত জগতে যজ্ঞ হয় না; সেই দধি ও যুতদারা সম্পাদন করিলেই যজেব যজ্ঞহ হয়; অতএব দধি ও যুতকেই যজেব মূল বলা হইয়া থাকে ॥২॥

 <sup>\* &#</sup>x27;… দ্বাশীভিতমোইণ্যায়:'—বঙ্গ বর্দ্ধ, ' · অষ্টাবিংশত্যদিকশততমোইধ্যায়:'—নি।

দানানামপি সর্কেষাং গবাং দানং প্রশান্ততে।
গাবং জেষ্ঠাং পবিত্রাশ্চ পাবনং হেতত্ত্তমম্ ॥৩॥
পুটার্থমেতাঃ সেবেত শান্তার্থমপি চৈব হ।
পযোদধিপ্পতং চাসাং সর্বপাপপ্রমোচনম্ ॥৪॥
গাবস্তেজঃ পরং প্রোক্তমিহ লোকে পরত্র চ।
ন গোভ্যঃ পরমং কিঞ্চিৎ পবিত্রং ভরতর্বভ!॥৫॥
অত্রাপ্যদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
পিতামহস্ম সংবাদমিক্তম্ম চ যুধিষ্ঠির!॥৬॥
পরাভ্তেরু দৈত্যেরু শক্রস্তিভ্বনেশ্বরঃ।
প্রজাঃ সমুদিতাঃ সর্বাঃ মত্যধর্মপরাযণাঃ॥৭॥
অথর্বয়ঃ সগন্ধর্বাঃ কিন্তরোরগরাক্ষসাঃ।
দেবাম্বরম্বপর্ণাশ্চ প্রজানাং পত্যন্তথা॥৮॥

# ভাবতকোমুদী

দানানামিতি। পাবনং পবিজ্ঞতাজনকম্, এতদ্গোরপং বস্থ । পা পুষীতি। পুটার্থং দেহাদিপুষ্টিজননার্থম্ ॥৪॥

গাব ইভি। ইহ লোকে ভেজো দ্বতাধিখায়া ভেজোদনিকাঃ, পরত্র লোকে চ প্রভাব-কারিণ্যঃ ॥৫॥

শতেতি। উদাহরম্ভি প্রাচীনা:। পিতামহস্ত ত্রদ্ধণঃ ।৬।

পবেতি। শক ইক্র: প্রজা জনাঃ, সমৃদিতাঃ সমাগভাগেরং প্রাপ্তাঃ । গা

সমস্ত দানেব মধ্যেই গোদান প্রশস্ত। কাবণ, গোগণ শ্রেষ্ঠ ও পবিত্র এবং এই গো-ই উত্তম পবিত্রভাক্ষনক ॥৩॥

মানুষ দৈহিক পৃষ্টির নিমিত্ত এবং অমঙ্গল শাস্তির জন্ম এই গোগণের সেবা কবিবে; আর এই গোগণেব হুশ্ব, দধি ও ঘৃত সমস্ত পাপ নাশ কবে ॥৪॥

ভবতশ্রেষ্ঠ। ইহলোকে ও পবলোকে গোকেই প্রম ভেজ বলা হইয়াছে এবং গো হইতে প্রম প্রিত্র কিছুই নাই ॥৫॥

বৃধিষ্ঠির! এই বিষয়েও প্রাচীনেবা ব্রহ্মা ও ইল্রের সংবাদরূপ প্রাচীন বৃত্তাস্থেব উল্লেখ করিয়া থাকেন ॥৬॥

দৈত্যগণ যুদ্ধে পরাভূত হইলে ত্রিভূবনের অধীশ্বর ইন্দ্র এবং সভ্যধর্মপ্রায়ণ সমস্ত লোক অভ্যুদয় লাভ করিলেন ॥৭॥ পর্গাসন্ত কোরবা! কদাচিদৈ পিতামহম্।
নারদপর্বতিশ্চেব বিশ্বাবস্থহিগ্ছহুঃ ॥৯॥
দিব্যতানের গায়ন্তঃ পর্গাসন্ত তং প্রভুম্।
তত্র দিব্যানি পুজাণি প্রাবহৎ পবনন্তদা ॥১০॥ (বিশেষকম্)
আজহ্র ঋ তবশ্চাপি স্থান্ধীনি পৃথক্ পৃথক্।
তিশ্মিন্ দেবসমাবায়ে সর্বভূতসমাগমে ॥১১॥
দিব্যবাদিত্রসংঘুষ্টে দিব্যস্ত্রীচারণারতে।
ইন্দ্রঃ পপ্রচ্ছ দেবেশমভিবাত্য প্রণম্য চ ॥১২॥ (যুগ্মকম্)
দেবানাং ভগবন্! কম্মালোকেশানাং পিতামহ!।
উপরিষ্টাদ্গবাং লোক এতদিচ্ছামি বেদিতুম্॥১৩॥
কিং তপো ব্রহ্মচর্য্যং বা গোভিঃ কৃতমিহেশ্বর!।
দেবানামুপরিষ্টাদ্যদ্বসন্ত্যরজসঃ হুখম্॥১৪॥

# ভারতকৌমুদী

অথেতি। স্বর্ণা গঞ্জবংশীয়া: পক্ষিণ:। পর্গোদন্ত পর্গোদত, পর্বতো নাম ম্নি-বিশেষ:। দিব্যতানের বর্গীযন্তরবৈচিত্র্যবিশেষের আবিস্কৃতেন্থিতি শেষ: ١৮—১০॥

আজহু বিভি। স্থানীনি পূসাণি। দেখানাং সমাবায়ে সম্মেলনে। দিবৈয়ব্বাদিজৈবিজিঃ
সংখুষ্টে সংশব্দিতে, দিবাস্ত্রাভিরন্সরোভিন্চারণৈন্চার্তে। দেবেশং ব্রহ্মাণম্, প্রণম্য অবন্যয় ॥১১—১২॥

দেবানামিতি। উপরিষ্টান্তিষ্ঠতি, গবাং লোকো গোলোক: ॥১৩॥

কৌরবন্দন। তাহার পর একদা ঋষিগণ, গন্ধর্বগণ, কিল্লবগণ, নাগগণ, রাক্ষ্যগণ, দেবগণ, অসুবগণ, গকড়বংশীয় পশিগণ ও প্রজাপতিগণ ব্রহ্মার উপাসনা করিতে লাগিলেন, আর নাবদ, পর্বত, বিশ্বাবস্থ এবং হাহা ও হত্ত্ব নামক গন্ধর্বগণ দিব্যতানে গান কবিতে থাকিয়া সেই প্রভাবশালী ব্রহ্মার আবাধনা কবিতে থাকিলেন; তৎকালে সেই স্থানে বায়ু স্বর্গীয় পুষ্প সকল বহন করিয়া আনয়ন করিতে লাগিলেন ॥৮—১০॥

ছয় ঋতু পৃথক্ পৃথক্ ভাবে সুগন্ধি পুষ্প সকল আহবণ কবিল এবং সেই দেব-সম্মেলনে সমস্ত প্রাণী আগমন কবিল, দিব্য বাভাধনি হুইভে লাগিল এবং অক্সবোগণ ও চাবণগণ আসিয়া উপস্থিত হুইল। এইবপ দেবসভায ইক্স অবনত হুইয়া অভিবাদন করিয়া ব্রহ্মাব নিকট জিজ্ঞাসা করিলেন—॥১১—১২॥

'ভগবন্ পিতামহ! দেবগণ ত্রিভ্বনেব অধীশ্ব ; তথাপি তাঁহাদের উপরে গোলোক রহিয়াছে কেন ? ইহা আমি জানিতে ইচ্ছা করি ॥১৩॥ ততঃ প্রোবাচ ব্রহ্মা তং শক্রং বলনিষ্দনম্।
অবজ্ঞাতাস্ত্র্যা নিত্যং গাবো বলনিষ্দন!॥১৫॥
তেন ত্বমাসাং মাহাত্ম্যং ন বেৎসি শূণু যৎ প্রভো!।
গবাং প্রভাবং পরমং মাহাত্ম্যক হ্বর্ষভ।॥১৬॥
যজ্ঞাঙ্কং কথিতা গাবো যজ্ঞ এব চ বাসব!।
এতাভিশ্চ বিনা যজ্ঞো ন বর্ত্তেত কথক্ষন॥১৭॥
ধারয়ন্তি প্রজাশৈচব পয়সা হবিষা তথা।
এতাসাং তনযাশ্চাপি কৃষিযোগমুপাসতে॥১৮॥
জনয়ন্তি চ ধান্যানি বীজানি বিবিধানি চ।
ততো যজ্ঞাঃ প্রবর্তন্তে হব্যং কব্যঞ্চ সর্বশঃ॥১৯॥

# ভাবতকোমুদী

কিমিতি। অরজনো বজোগুণজনিতত্ঃখশৃক্তা গাবঃ ॥১৪॥

ভত ইতি। বলনিষ্দনং বলনামকাস্বরহন্তারম্ ॥১৫॥

তেনেতি। আসাং গবাম, ন বেৎসি ন জানাসি ॥১৬॥

ষজেতি। গাবো ষজ্ঞান্ধং বক্ত এব চ কথিতাঃ, স্বতাদিনা ষজ্ঞসম্পাদনাৎ ॥১ গা

ধারযন্তীতি। ধারযন্তি পৃঞ্জি, তন্য। বৃষাঃ, কৃষিযোগং কৃষিকার্য্যন্ , উপাসতে ভূমি-কর্ষণাদিসাহায্যেন নিশাদযন্তি ॥১৮॥

জনযন্তীতি। হব্যং স্থতাদি, কব্যসন্নাদি ॥১৯॥

জগদীশ্বব! গোগণ কি তপস্থা বা কিবাপ ব্লহ্মচর্য্য কবিয়াছিল যে তাহারা ত্ঃথশৃত্য হইয়া দেবগণেব উপবে স্থাধ বাস কবিতেছে' ॥১৪॥

তাহাব পৰ ব্ৰহ্মা বলাস্বহস্থা ইক্ৰকে বলিলেন—'বলনিষুদন। ভূমি সৰ্ব্বদা গোগণকৈ অৰম্ভা কবিযা থাক' ॥১৫॥

প্রভাবশালী দেবশ্রেষ্ঠ। সেই জন্মই তুমি গোদিগেব মাহাত্ম্য জান না। গোগণেব যে প্রভাব ও প্রম মাহাত্ম আছে, তাহা তুমি শ্রবণ কর ॥১৬॥

ইন্দ্র ! গোগণকেই যজ্ঞাঙ্গ ও যজ্ঞ বলা হইযাছে। কাবণ, গোগণ ব্যভীভ কোন প্রকাবই যুক্ত হইডে পাবে না ॥১৭॥

গোগণ ত্ম ও ঘৃতদাবা সমুখ্যগণকে পোষণ কবে এবং ইহাদের সস্তান বুষগণ কৃষিকার্য্য নিষ্পাদন কবিষা থাকে ॥১৮॥

ইহাবা ধান্ত ও নানাবিধ বীজ উৎপাদন কৰে, তাহা হইতেই যজ্ঞ, হব্য ও কৰ্য সম্পন্ন হয় ॥১৯॥ পয়োদধি য়ৃতকৈব পুণ্যাদৈততাঃ স্থরাধিপ!।
বহন্তি বিবিধান্ ভারান্ স্কুত্ঞাপরিপীড়িতাঃ॥২০॥
মুনীংশ্চ ধারমন্তীহ প্রজাশ্চেবাপি কর্মাণা।
বাসবাকূটবাহিন্যঃ কর্মাণা স্কুতেন চ॥২১॥
উপরিফাততোহস্মাকং বসন্ত্যেতাঃ সদৈব হি।
এতৎ তে কারণং শক্র! নিবাসক্রতমন্ত বৈ॥২২॥
গবাং দেবোপরিফাদ্ধি সমাখ্যাতং শতক্রতো!।
এতা হি বরদত্তাশ্চ বরদাশ্চাপি বাসব।॥২০॥
স্মরভ্যঃ পুণ্যকন্মিণ্যঃ পাবনাঃ শুভলক্ষণাঃ।
যদর্থং গাং গতাশ্চেব স্থরভাঃ স্থরসন্তম!।
তচ্চ মে শৃণু কাং স্মোন বদতো বলস্দন!॥২৪॥

# ভাৰতকৌমুদী

भग हेि । भाषा पृक्षः पिश्वा क पाष्ठी कि त्या । १०॥

ম্নীনিতি। হে বাদব। ইন্দ্র। কর্মণা চ্থাদানেন, ম্নীন্, প্রজা অস্তাং জনাংশ্চ, ধারষত্তি পুঞ্জি। তথা স্কৃততেন সমাক্ কৃতেন কর্মণা প্রাযশ্চিতানস্তরপাপিদত্তঘাদগ্র, অক্টবাহিন্ত: অকপটকার্য্যকরিণ্যো ভবস্তি ॥২১॥

উপেতি। নিবাদে সর্ব্বোপরিস্থিতে ক্বতমুক্তম্ ।২২॥ গবামিতি। গবাং স্থানমিতি শেব:। বরো দক্তো যাভ্যন্তা: ॥২৩॥ স্থবভ্য ইতি। স্থবভা: স্থবভিসন্তানা গাব:। বট্পাদোহযং শ্লোক: ॥২৪॥

# ভাবতভাবদীপ:

যে চেভি ॥১—২৽॥ বাসব । অক্টবাহিত্তাহ্যাঘাব্যবহাবিণ্য: ॥২১॥ নিবাসার্থং কৃতং

দেববাজ ৷ এই পবিত্র গো সকল ছগ্ধ, দিধ ও ঘৃত দান কবে এবং ইহাদেব সস্তান বুষেবা ক্ষ্ধা-পিপাসায় পীড়িত হইয়াও নানাবিধ ভার বহন কবিয়া থাকে ॥২০॥

ইন্দ্ৰ ! গোগণ তৃষ্ধ দানাদি কাৰ্য্যদ্বাবা মুনিগণ ও অন্যান্ত লোকদিগকে বন্ধা কবিতেছে এবং প্ৰাযশ্চিত্ত কবাব পবে পাপিদন্ত ঘাস প্ৰভৃতি গ্ৰহণ কবায অকপট ব্যবহাৰই কবিয়া আসিতেছে ॥২১॥

সেই জন্মই গোগণ সর্ব্বদাই আমাদেব উপৰে বাস কৰে। ইন্দ্র! এই তোমাব নিকটে গোগণেব উপবি স্থিতিব প্রতি কাবণ আজ বলিলাম ॥২২॥

ইন্দ্র । শতক্রেতু । দেবগণেবও উপবে গোগণেব স্থান বলা হইয়াছে। কাবণ, আমি ইহাদিগকে বব দিয়াছি, ইহাবাও বব দিতে পাবে ॥২৩॥ পুবা দেবযুগে তাত ! দেবেন্দ্রেয়ু মহাত্মন্ত ।
ত্রীল্লে কানকুশাসংস্ক বিষ্ণে গর্ভত্বমাগতে ॥২৫॥
তালি প্রার্থসমরশ্রেষ্ঠ । পাদেনৈকেন নিত্যদা ॥২৬॥
তাল তু দৃষ্ট্বা মহাদেবীং তপ্যমানং মহাতপঃ।
দক্ষস্ত ত্রহিতা দেবী প্ররভী নাম নামতঃ ॥২৭॥
অতপ্যত তপো ঘোরং হুষ্টা ধর্মপরাষণা।
কৈলাসশিখরে রম্যে দেবগন্ধর্বসেবিতে ॥২৮॥ (কলাপকম্)
বাতিষ্ঠদেকপাদেন প্রমং যোগমান্থিতা।
দশ্বর্ষসহস্রাণি দশ্বর্ষশতানি চ ॥২৯॥
সন্তপ্তান্তপ্রসা তস্তা দেবাঃ স্বিমহোরগাঃ।
তত্র গত্বা ম্যা সার্দ্ধং প্র্যুপাসন্ত তাং শুভাম্॥৩০॥

#### ভাবভকৌমূদী

পুরেতি। দেবযুগে সত্যর্গে। বিষ্ণে গর্ভত্যুদরবাসিত্য, আগতে প্রাপ্তুমিচ্ছো।
গাদেনৈকেন তিষ্ঠন্ত্যা ইতি শেব:। দক্ষ প্রজাপতে: কৈলাসম্ম গিরে: শিগরে শৃদ্ধে ॥২৫—২৮॥
ব্যতিষ্ঠদিতি। ব্যতিষ্ঠৎ স্থবভী ইত্যুস্থ্বন্তি: ॥২৯॥
সম্বপ্তা ইতি। ঋষিভির্যহোবগৈশ্চ সহেতি তে ॥৩০॥

দেবশ্রেষ্ঠ। স্থাভিব তনযা, পুণ্যকর্মকাবিণী, পবিত্রতাসম্পাদিনী, শুভ-লক্ষণা ও স্বভিনামী গোসকল যে জন্ম পৃথিবীতে গিযাছে, তাহা সমস্তই আমি বলিতেছি, তুমি প্রবণ কব ॥২৪॥

দেবশ্রেষ্ঠ বংস। পূর্ব্বে সভাযুগে মহাত্মাদেবশ্রেষ্ঠগণ ত্রিভ্বন শাসন কবিতে থাকিলে, অদিভিদেবী সর্ব্বদা একপাদে দণ্ডাযমানা থাকিযা পুত্রেব নিমিন্ত অভি হন্ধব ভবস্থা কবিতে লাগিলে, ভগবান বিষ্ণু তাঁচাব গর্ভে প্রবেশ কবিবাব ইচ্ছা কবিলে, স্থবভিনামী দক্ষকন্তা সেই মহাদেবী অদিভিকে মহাত্রপস্থা কবিতে দেখিয়া স্থন্তী ও ধর্মপ্রবাযণা হইয়া দেবগদ্ধর্বস্বৈতি মনোহব কৈলাস পর্বব্রেব শৃঙ্গে ভযম্বব তপস্থায় প্রযুক্ত হইলেন ॥২৫—২৮॥

স্বভি গুক্তব যোগ অবলম্বন কবিষা একাদশ সহস্ৰ বংসব যাবং এক-পাদে দণ্ডাযমানা ছিলেন ॥২৯॥

তখন দেবগণ, ঋষিগণ ও নাগগণ সেই স্থ্ৰভিব তপস্থায় সম্ভপ্ত হইযা, আমাৰ সহিত সেই স্থানে যাইয়া সেই কল্যাণী স্থ্ৰভিব উপাসনায় প্ৰবৃত্ত ইইলেন ॥৩০॥ অথাহমক্রবং তত্র দেবীং তাং তপদান্বিতাম্।
কিমর্থং তপ্যদে দেবি। তপো বোরমনিন্দিতে।॥৩৯॥
শ্রীতস্তেইহং মহাভাগে। তপদানেন শোভনে।।
বর্ষম্ব বরং দেবি। দাতাম্মীতি পুরন্দর।॥৩২॥

# প্রবৃত্যবাচ।

বরেণ ভগবন্! মহাং কৃতং লোকপিতামহ।। এষ এব বরো মেহত যৎ প্রীতোহদি মমানঘ!॥৩৩॥

#### ব্ৰহ্মোবাচ।

তামেবং ব্রুবতীং দেবীং স্থরভীং ত্রিদশেশ্বর।। প্রত্যব্রুবং যদ্দেবেন্দ্র ! তন্ধিবোধ শচীপতে !॥৩৪॥ অলোভকাস্যয়া দেবি ! তপদা চ শুভাননে।। প্রদান্ধহং বরং তম্মাদসরত্বং দদাসি তে ॥৩৫॥

# ভাবতকোমুদী

অথেতি। তাং স্থ্যভিষ্ ॥৩১॥
প্রীতি ইতি। ব্রুয়স্থ গৃহাণ, দাভান্মি, তং বর্ষ্ ॥৩২॥
ব্রেণেতি। মহাং সম ব্রেণ ক্লুমলম্ ॥৩৩॥
ভামিতি। হে ত্রিদশেশর। দেবরাজ। নিবোধ শৃণু ॥৩৪॥
অলোভেতি। অলোভকামাধা লোভস্থ কামনাধাশাভাবেন ॥৩৫॥

তাহাব পব আমি সেই তপস্বিনী স্থ্বভিদেবীকে বলিলাম—'অনিন্দিতে দেবি। তুমি কি জন্ম ভযঙ্কব তপস্থা কবিতেছ ? ॥৩১॥

মহাভাগে শোভনে। তোমাব এই তপস্তায় আমি সন্তুষ্ট হইয়াছি; অতএব দেবি। তুমি বব গ্রহণ কব, আমি তোমাকে বব দান কবিব'॥৩২॥

সুদ্ধতি বলিলেন—'ভগবন্ লোকপিতামহ। আমাব অস্ত ববে প্রযোজন নাই, হে নিষ্পাপ। আপনি যে আমাব উপবে সম্ভষ্ট হইয়াছেন, ইহাই আমার আজ বব' ॥৩॥

বক্ষা বলিলেন—'দেবশ্রেষ্ঠ দেববাজ শচীপতি! স্বভিদেবী এইবপ বলিলে আমি প্রভ্যুত্তবে তাহাকে ধাহা বলিয়াছিলাম; তাহা তুমি প্রবণ কর ॥৩৪॥

শুভাননে দেবি ! তোমাব লোভ নাই, কামনা নাই, অথচ তপস্থা কবিতেছ, ইহাতে আমি সন্তুষ্ট হইয়াছি ; অতএব আমি তোমাকে অমৰত্ব বৰ দিলাম ॥৩৫॥ ত্রবাণামপি লোকানামুপরিফীন্নিবংশুসি।
মংপ্রসাদাচ্চ বিখ্যাতো গোলোকঃ সম্ভবিয়তি॥৩৬॥
মানুষের চ কুর্বাণাঃ প্রজাঃ কর্ম শুভান্তব।
নিবংশুন্তি মহাভাগে! দর্বা ছহিতবন্চ তে॥৩৭॥
মনসা চিন্তিতা ভোগান্ত্রযা বৈ দিব্যমানুষাঃ।
যচ্চ স্বর্গে স্থাং দেবি! তত্তে সম্পংশুতে শুভে।॥৬৮॥
তত্মা লোকাঃ সহস্রাক্ষ। সর্বকামসমন্নিতাঃ।
ন তত্ত্র ক্রমতে মৃত্যুর্ন জরা ন চ পাবকঃ।
ন দৈবং নাশুভং কিঞ্চিন্নিততে তত্ত্র বাসব।॥৩৯॥

#### ভাৰতকৌমুদী

জ্যাণামিতি। স চ তে নিবাস: দেশো গোলোকো নাস ॥৩৬॥
মামুষেদিতি। হে মহাভাগে। তব শুভা: সর্বা: প্রজা বুষা:, তে ছহিতরো
ধেনবশ্চ কর্ম হলকর্ষণাদিকং ছ্যাদানাদিকঞ্ কার্য্যং কুর্বাণা:, মাসুষেষ্ চ নিবংস্কস্কি ॥৩৭॥
মনস্তি। দিব্যমান্থযা: স্বর্গীয্যস্ত্যীয়া: ॥৩৮॥

#### ভাবতভাবদীপঃ

নিবাসক্বতম্ ॥২২—৩৫॥ অযাণাম্পবিষ্টাৎ বন্ধলোকে ইতাণঃ, ততঃ পরক্ত তপঃযলক্ষাভাবাৎ। তবৈব চ গোলোকঃ শ্রুমতে—"ভা বাং বান্ত ক্যুমাসি গমদাৈ যত্ত গাবে ভ্বিশৃদ্ধা অযাসঃ।" অত্তাহ—তত্ত্বপায়ক্ত বৃষ্ণঃ পরমং পরদার ভাতি ভ্বীতি তা তানি বাং যুবযোরিক্রাবিক্রোর্বনারায়ণযোঃ প্রসাদাঘান্ত,নি স্থানানি উশ্মিন কাম্যামহে, গমদাৈ গল্পঃ যত্ত বের্ স্থানের্ গাবঃ ভ্রিশৃদ্ধাঃ অত্যন্তং সানবত্যঃ স্বয়াসঃ গতবত্যঃ, অত্ত অস্মিন্ গোলোকে অহ এব তৎ প্রসিদ্ধম্ উদ্পাশক্ত বিক্ষো বৃষ্ণঃ কামপূর্কক্ত প্রসং পদং সর্কোৎকৃত্তং স্থানমবভাতি অল্পমিব ভাতি, ভ্রি অত্যন্তম্ । সর্ক্রেভ্যো লোকেভা উপরি গোলোকম্ ইতি সিদ্ধম্ অত্যথা চত্থো মহর্লোক এবাথাতি ন চ তক্ত প্রমণ্রস্বস্থীতি স্বাহ্নসারাদ্রন্ধলোক এব গাবঃ সন্তীতি ক্রেষ্ম্ ॥৩৬—৫০॥

ইতি শ্রীমহাভারতে অহশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষ্মীযে ভারতভাবদীপে দিসগুতিতমোহধ্যায়ঃ ॥१२॥

দেবি ! তুমি ত্রিভূবনেবও উপবে বাস কবিবে এবং আমাব অনুত্রহে তোমাব সেই বাসস্থান 'গোলোক' নামে বিখ্যাত হইবে ॥৩৬॥

মহাভাগে! ভোমাৰ মঙ্গলময় পুত্ৰ ব্যগণ এবং ভোমাৰ কল্পা ধেনুগণ নিজেব নিজেব উপযুক্ত কাৰ্য্য কবিতে থ। কিয়া মনুয়ালোকে বাস কবিবে ॥৩৭॥ কল্যাণি! দেবি। তুমি মনে মনে স্বৰ্গীয় বা মন্ত্ৰীয় যে সকল ভোগেব চিন্তা করিবে এবং স্বৰ্গে যে স্থুপ আছে, সে সমস্তই ভোমাৰ সম্পন্ন হইবে ॥৬৮॥

তত্র দিব্যান্যরণ্যানি দিব্যানি ভবনানি চ। বিমানানি স্বযুক্তানি কামগানি চ বাসব ! ॥৪০॥ ব্ৰহ্মচৰ্য্যেণ তপদা দত্যেন চ দমেন চ। मरिन क विविदेशः शूरेगुखश जीर्थाञ्चरमवनार ॥**३**১॥ তপদা মহতা চৈব স্কুতেন চ কর্মণা। শক্যঃ দমাদাদয়িতুং গোলোকঃ পুন্ধরেক্ষণ। ॥৪২॥ (যুগাক্ম) এতত্তে দর্বমাখ্যাতং ম্যা শক্তানুপূচ্ছতে। ন তে পরিভবঃ কার্য্যো গবামস্থরসূদন। ॥৪৩॥

ভীশ্ব উবাচ।

এতচ্শ্রত্ম সহস্রাক্ষঃ পূজ্যামাস নিত্যদা। গাশ্চক্তে বহুমানঞ্চ তাস্থ নিত্যং যুধিষ্ঠির। ॥৪৪॥

# ভাবতকৌমুদী

ডক্তা ইতি। ন চ পাবকঃ পাবকজনিত ইব শোকাদিসন্তাপঃ। দৈবং দেবজনিতং বছ্রপাতাদি। ষট্পাদেহিয়ং শ্লোক: ॥৩৯॥

তত্ত্ৰেতি। স্থুকানি হলরমন্ত্রসমন্বিতানি বিশ্বস্ত ইতি শেব: 18-॥

ব্রন্ধেতি। ব্রন্ধচর্ব্যেণ তপদা ব্রন্ধচর্ব্যান্থিক্যা তপস্থযা। এতেন পুনুম্বজিনিরান:। मरमन हे क्षियममरानन । शूनखभमा कालाखरत करभाभवाम। मिना, कथा। वक्षामिना। रह शूक्रतक्षा। **भण्नयम् । ॥८५—८२॥** 

এতদিতি। অহপৃচ্ছতে তুভ্যম্। পবিভবঃ অবজ্ঞা ॥৪৩। এতদিতি। বহুস্রাক ইন্দ্র:, গাঃ প্রয়ামাস ॥৪৪॥

ইন্দ্র ! সেই সুবভিব লোক (গোলোক) সর্বাভীষ্টসম্পন্ন , কিন্তু বাসব ! সে স্থানে মৃত্যু, জবা বা অহ্য কোন সস্তাপ আদিয়া আক্রমণ কবে না কিংবা সেন্থানে কোন দৈব উৎপাত বা কোন অমঙ্গল উপস্থিত হয় না ॥৩৯॥

দেববাজ ! সে স্থানে দিবা বন, দিবা ভবন এবং কামগামী স্থুন্দব স্থুন্দব বিমান বিভ্যমান সাংছ ॥১০॥

পদান্য়ন ইন্দ্র। ব্রহ্মচর্য্যক্রপ তপস্থা, মত্য প্রকাব গুরুত্ব তপস্থা, সত্যকথা, इलियानमन, পूगुङ्गनक नानाविध मान, जीर्थरमवा ও मगुक् अष्ट्र्षिष्ठ यख्वानि-কাৰ্য্যদ্বাবা গোলোক লাভ করা যায় ॥৪১---৪২॥

ইন্দ্র । তুমি জিজ্ঞাসা কবিয়াছিলে বলিয়া এই সামি তোমাব নিকট সমস্ত বলিলাম। অসুরহন্তা। তুমি গোগণেব উপবে কখনও অবজ্ঞা কবিবে না'॥৪০॥

ভীম্ম বলিলেন—'যুধিষ্ঠিব। ব্রহ্মাব এই কথা শুনিয়া ইন্দ্র সর্ববদাই গোগণের পূজা করেন এবং সকল সমযেই গোগণেব বিশেষ আদৰ কবিতে থাকেন ॥৪৪॥

এততে দর্বনাখ্যাতং পাবনঞ্চ মহাত্যুতে !।
পবিত্রং পরমঞ্চাপি গবাং মাহাত্মমুক্তমম্ ॥৪৫॥
কীর্ত্তিতং পুরুষব্যাত্র। দর্ববপাপবিমোচনম্ ।
য ইদং কথবেমিত্যং ত্রাহ্মণেভ্যঃ সমাহিতঃ ॥৪৬॥
হব্যকব্যেষু যজ্জেষু পিতৃকার্য্যেষু চৈব হ ।
দার্বকাসিকমক্ষয্যং পিতৃংস্তস্থোপতিষ্ঠতে ॥৪৭॥ (যুগ্মকম্)
গোষু ভক্তশ্চ লভতে যদ্যদিচ্ছতি মানবঃ ।
স্থ্রার্থী লভতে পুত্রং কন্যার্থী তামবাপ্লু যাং ॥৪৮॥
পুত্রার্থী লভতে পুত্রং কন্যার্থী তামবাপ্লু যাং ॥৪৮॥
ধনার্থী লভতে বিত্তং ধর্মার্থী ধর্মমাপ্লু যাং ॥৪৯॥

### ভাবতকোমূদী

এতদিতি। পাবনং পুণাজনকম্ ॥৪৫॥

কীর্ত্তিত্বিতি। সমাহিত একাগ্রচিত্ত:। হব্যসাধ্যের বজ্ঞের, কব্যসাধ্যের পিতৃকার্য্যের চেত্যর্থ:। সার্ব্যকামিকং সর্বাভীইপ্রদম্, অক্ষয়ম্ অক্ষয়বর্গাদিজনকঞ্চ, তভ তৎ সর্বাং কার্য্যম্, পিতৃনিত্যুপলকণং দেবাংশ্চ, উপতিষ্ঠতে প্রাপ্তোতি ॥৪৬—৪৭॥

গোৰিতি। সানবং প্ৰুষ:। কামমভীইং ফলম্ ॥৪৮॥ পুত্ৰেতি। তাং ক্যাম্। বিভং ধনম্ ॥৪৯॥

মহাতেজা যুধিষ্ঠিব। এই আমি তোমাব নিকট পুণ্যজনক ও প্রম প্রিত্র গোগণের সমস্ত উত্তম মাহাত্ম্য বলিলাম ॥৪৫॥

নবশ্রেষ্ঠ ! সর্ব্বপাপনাশক বৃত্তাস্ত তোমাব নিকট বলিলাম। যিনি একাগ্র-চিত্ত হইয়া প্রত্যহ হব্যসাধ্য যজ্ঞে এবং কব্যসাধ্য পিতৃকার্য্যে ব্রাহ্মণগণেব নিকটে এই গোমাহাত্ম্য বলিবেন, তাঁহাব সেই সর্ব্বাভীষ্টপ্রদ ও অক্ষয ফল-জনক কার্য্য দেবগণ ও পিতৃগণেব নিকটে উপস্থিত হইবে ॥৪৬—৪৭॥

গোভক্ত পুক্ষ যাহা যাহা ইচ্ছা কৰে, তাহা তাহাই লাভ কবিষা থাকে এবং সে সকল স্ত্ৰী গৰুৰ ভক্ত হয়, তাহাবাও অভীষ্ট লাভ কৰে ॥৪৮॥

পুত্রার্থী গোভক্ত পুত্র লাভ কবে, কক্সার্থী কক্সালাভ কবিয়া থাকে, ধনার্থী ধন পায এবং ধর্মার্থী ধর্ম পাইয়া থাকে ॥৪৯॥ বিত্যার্থী চাপ্নুযাদ্বিত্যাং স্থথার্থী প্রাপ্নুযাৎ স্থখন্।
ন কিঞ্চিদ্তুর্লভং চৈব গবাং ভক্তস্ত ভারত ! ॥৫০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ববিণ দানধর্ম্মে দানধর্ম্মকথনে দ্বিসপ্ততিত্যোহধ্যায়ঃ ॥০॥ #

---04F0---

# ত্রিসপ্ততিতমোহধ্যায়ঃ

---3\*8---

যুধিষ্ঠির উবাচ।
উক্তং পিতামহেনেদং গবাং দানসমুভ্যয়।
বিশেষেণ নরেন্দ্রাণায়িহ ধর্মমবেক্ষতায়॥১॥
রাজ্যং হি সততং ছঃখং ছর্দ্ধরং চাক্যতাত্মভিঃ।
ভূষিষ্ঠঞ্চ নরেন্দ্রাণাং বিহাতে ন শুভাগতিঃ॥২॥

# ভাৰতকৌমৃদী

বিজেতি। গ্ৰাং ভক্তপ্ত জনস্ত ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং

মহাভারতটিকাষাং ভারতকৌমুদীসমাধ্যাযামহশাসনপর্বাণি

দানধর্মে দিনপ্ততিত্যোহধ্যায়ঃ ॥০॥

--:\*:--

উক্তমিতি। ন বিছতে উত্তমং যশান্তং। অবেশতামালোচ্যতাম্ । । । রাজ্যমিতি। হংখং হংখকরম্, হর্জরং হংখেন রক্ষ্যম্, অক্কুতাত্মভিরশিক্ষিত্র্দ্ধিভিঃ । । ভবতনন্দন। বিছার্থী গোভক্ত বিছা প্রাপ্ত হয় এবং সুখার্থী সুখ প্রাপ্ত হইয়া থাকে। স্থুল কথা, গোভক্তেব কিছুই হ্র্লন্ড হয় না' ॥৫০॥

---°#°---

যুধিষ্ঠিব বলিলেন—'পিতামহ। আপনি এই গোদানকে সাধাবণেব পক্ষেট সর্বব্যেষ্ঠ বলিষাছেন, ধর্মালোচনাকাবী বাজাদেব পক্ষেও বিশেষভাবেট বলিয়াছেন ॥১॥

<sup>&#</sup>x27; · ত্রাশীতিতমোহধ্যায়ং' বন্ধ বর্দ্ধ, ' · একোনত্রিংশদণিকশততমোহন্যায়ং'—নি ।

পৃয়ন্তে তত্ত্ব নিযতং প্রযক্তন্ত্যে বস্তুর্রাম্। দর্বে চ কথিতা ধর্মাস্ত্রথা মে কুরুনন্দন । ॥৩॥
এবমেব গবামুক্তং প্রদানং তে নৃগেণ হ ।
ঋষিণা নাচিকেতেন পূর্বেমেব নিদর্শিতম্ ॥৪॥
বেদোপনিযদকৈব সর্বকর্ত্যায়্ দক্ষিণাঃ।
সর্বক্রতুষু চোদ্দিষ্টং ভূমির্গাবোহথ কাঞ্চনম্ ॥৫॥
তত্ত্ব প্রেমা স্ববর্ণং দক্ষিণেতি বৈ ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং পিতামহ । যথাতথম্ ॥৬॥
কিং স্বর্বং কথং জাতং কন্মিন্ কালে কিমাত্মকম্ ।
কিং দৈবং কিং কলং চৈব কন্মাচ্চ পরম্চ্যতে ॥৭॥
কন্মাদ্দানং স্বর্বস্থ পূজ্যন্তি মণীষিণঃ।
কন্মাচ্চ দক্ষিণার্থং তদ্যজ্ঞকর্মন্ত শস্মতে ॥৮॥

# ভাবতকৌমূদী

প্যস্ত ইতি। পৃয়ন্তে পবিত্রা ভবন্তি, বহুদ্ধরাং ভূমিম্। খা

এবমিতি। তে স্বযা, নুগেণ তদাখ্যেন রাজা ॥॥॥

বেদেতি। অতাদন্তত্বমার্থন। দক্ষিণান্তজ্ঞপম্॥ ॥

ভত্তেতি। পরমা স্বত প্রামাণ্যাৎ দৃচবিশ্বাসবোগ্যা।।।।

কিমিভি। কিমাত্মকং কিংখরগম, কিং দৈবং দেবভা বস্ত তৎ । গ।

বাজ্য সর্ববদাই ত্র:খজনক এবং তাহা বক্ষা কবা অশিক্ষিত বুদ্ধি বাজাব পক্ষে অতি ত্বন্ধব ; তাবপৰ বাজাদেৰ শুভগতিও হয় না ॥২॥

ভূমিদানকাবী লোকেব। নিশ্চয়ই পুণ্যবান্ হইযা থাকেন। কৌববনন্দন!
আপনি আমাব নিকট সমস্ত ধর্মই বলিষাছেন ॥৩॥

মুগবাজা যে গোদান কবিয়াছিলেন, আপনি তাহাও এইৰূপই বলিষাছেন এবং নাচিকেত ঋষিও পূৰ্ব্বেই তাহা দেখাইযাছেন ॥৪॥

বেদে ও উপনিষদে ভূমি, গো ও স্বর্ণকে সমস্ত কার্য্যে ও সমস্ত যজ্ঞে দক্ষিণারূপে অভিহিত হইয়াছে ॥৫॥

পিতামহ! 'বৈধ কাৰ্য্যে স্থবৰ্ণ দক্ষিণা হইবে' এইবাপ প্ৰাথান শ্ৰুতি বহিষাছে। আমি এই বিষয় যথায়থভাবে শুনিতে ইচ্ছা ক<sup>বি</sup>॥৬॥

স্বৰ্ণ কি ? কোন্ সমযে কি প্ৰকাবে স্বৰ্ণ উৎপন্ন হইয়াছিল, উহাব স্বৰূপ কি ? দেবতা কি ? ফলই বা কি ? কিজন্মই বা উহাকে শ্ৰেষ্ঠ বলা হয় ? ॥৭॥ কস্মাচ্চ পাবনং শ্রেষ্ঠং ভূমের্গোভ্যশ্চ কাঞ্চনম্। পরসং দক্ষিণার্থে চ তদ্ব্রবীহি পিতামহ।॥৯॥ ভীষ্ম উবাচ।

শূণু রাজন্ ! অবহিতো বহুকারণবিস্তরম্ ।
জাতরূপসমূৎপত্তিমসূভূতঞ্চ যন্ময়া ॥১০॥
পিতা মন মহাতেজাঃ শান্তমুর্নিধনং গতঃ ।
তত্ত্ব দিৎসুরহং জ্রাদ্ধং গঙ্গাদ্বারমুপাগমম্ ॥১১॥
তত্ত্বাগন্য পিতুঃ পুত্র ! জ্রাদ্ধকর্মসনারভন্ ।
নাতা মে জাহ্নবী চাত্র সাহায্যমকরোত্তদা ॥১২॥
তত্তোহগ্রতস্ততঃ সিদ্ধান্থপবেশ্য বহুনৃষীন্ ।
তোয়প্রদানাৎ প্রভৃতি কার্যাণ্যহমথারভন্ ॥১৩॥

# ভাবতকৌমুদী

কশাদিতি। প্ৰয়ন্তি প্ৰশংসন্তি। শশুতে প্ৰশশুতে ॥৮॥
কশাদিতি। পরমং শ্রেষ্ঠন্, ব্রীহি ক্রহি ॥৯॥
শৃথিতি। আতরপক্ত স্বর্ণক্ত সম্ৎপত্তিম্ ॥১০॥
পিতেতি। নিধনং মৃত্যুম্। দিংস্পাত্মিচ্ছু: ॥১১॥
তত্তেতি। সমারভম্ অহমারক্রবান্ ॥১২॥
তত্তে ইতি। তত্তদেনস্তর্ম, তত্তক্ত প্রাক্ত অগ্রতঃ সমূধে ॥১৩॥

কি জন্মই বা পণ্ডিতেবা স্বর্ণদানেব প্রশংসা করেন এবং কি নিমিত্তই বা যজ্ঞকার্য্যে স্বর্ণ দক্ষিণাতে প্রশস্ত বলা হয় ? ॥৮॥

কি জন্মই বা স্বৰ্ণ ভূমি ও গো অপেক্ষা পৰিত্ৰ ও শ্ৰেষ্ঠ এবং কি নিমিত্তই বা স্বৰ্ণ দক্ষিণা বিষয়ে প্ৰশস্ত ! পিতামহ! আপনি সেই সমস্ত বিষয় বলুন' ॥৯॥ ভীম্ম বলিলেন—'বাজা! স্বৰ্ণের উৎপত্তি, সে বিষয়ে বহু কাবণ এবং আমি যাহা অনুভব কবিযাছি, তাহা তুমি অবহিত হইয়া বিস্তবক্রমে শ্রবণ কব ॥১০॥ আমার পিতা তেজস্বী শাস্তমুব মৃত্যু হইল; আমি তাঁহার শ্রাদ্ধ কবিবাব জন্ম গঙ্গাহাবে গমন কবিলাম ॥১১॥

পুত্র ! আমি সে স্থানে যাইয়া পিতাব শ্রাদ্ধকার্য্য আরম্ভ করিলাম ; তখন আমাব মাতা গঙ্গাদেবী আসিয়া তাহাতে সাহায্য কবিতে লাগিলেন ॥১২॥

ভাহাব পৰ আমি সেই প্রান্ধীয় জব্যেব সম্মুখে বহুতব সিদ্ধ ঋষিকে উপ-বেশন ক্বাইয়া জলদান প্রভৃতি কার্য্য আবস্ত কবিলাম ॥১৩॥ তৎ সমাপ্য যথোদিফং পূর্বকর্ম্মমাহিতঃ।
দাতুং নির্বপণং সম্যগ্রথাবদহমারভম্॥১৪॥
ততন্তং দর্ভবিন্যাসং ভিত্তা স্থকচিরাঙ্গদঃ।
প্রলম্বাভরণো বাহুরুদ্ভিষ্ঠদিশাংপতে।॥১৫॥
তমুখিতমহং দৃষ্ট্বা পরং বিশ্বযমাগমম্।
প্রতিগ্রহীতা সাক্ষাম্মে পিতেতি ভবতর্বভ।॥১৬॥
ততো মে পুনরেবাসীৎ সংজ্ঞা সঞ্চিন্ত্য শাস্ত্রতঃ।
নাযং বেদেয় বিহিতো বিধিইস্ত ইতি প্রভো।।
পিণ্ডো দেয়ো নরেণেহ ততো মতিরভ্রমম॥১৭॥
সাক্ষামেহ মনুস্বাস্থ পিণ্ডং হি পিতরঃ কচিৎ।
গৃহন্তি বিহিতং চেখং পিণ্ডো দেয়ঃ কুশেষিতি॥১৮॥
ততোহহং তদনাদৃত্য পিতুর্হস্তনিদর্শনম্।
শাস্ত্রপ্রামাণ্যসূক্ষমন্ত বিধিং পিণ্ডস্থ সংশ্বরন্॥১৯॥

### ভারতকৌমৃদী

তদিতি। নির্বাপণং ভর্পণতোয়াদিকন্ ॥১৪॥

ভত ইতি। দর্ভবিক্যাসং পিগুদিদানায় আন্ত্তকুশসমূহম, স্ফটিরম্ অদদম্ অলহার-বিশেষো যশ্মিন্ সঃ, প্রলম্খ লম্বিতঞ্জাভরণং যশ্ম সঃ ॥১৫॥

তমিতি। তং বাছম, পরমত্যক্তম্ ॥১৬॥
তত ইতি। সংজ্ঞা জ্ঞানম্। বট্পালোহযং শোকং ॥১৭॥
সাকাদিতি। বিহিতং শাল্পেণ, দেষঃ স্থাপনীয়ঃ ॥১৮॥

জমে আমি একাগ্রচিত্ত হইযা শাস্ত্রোক্ত সেই পূর্বকর্ম সমাপ্ত করিয়া, সমীচীনভাবে তর্পণেব জলপ্রভৃতি দান কবিতে আবস্ত কবিলাম ॥১৪॥

নবনাথ। তাহাব পৰ অতি সুন্দবাঙ্গদযুক্ত ও লম্বিত ভূষণসমন্থিত একখানি বাহু সেই আন্তঃত দৰ্ভ ভেদ কবিয়া উত্থিত হইল ॥১৫॥

ভবতশ্রেষ্ঠ। উত্থিত সেই হস্ত দেখিয়া 'আমাব পিতা সাক্ষাং প্রতিগ্রহ কবিতেছেন' ইহা ভাবিয়া আমি অত্যস্ত বিস্মযাপন্ন হইলাম ॥১৬॥

বাজা। তাহাব পব শান্ত্রান্থসাবে ভাবিষা আবাব আমার এইবাপ বৃদ্ধি হইল যে, 'মানুষ পিতাব হস্তে পিও দান কবিবে' এইবাপ বিধি বেদে বিহিত হয় নাই। তাহার পব আমাব এইবাপ ধাবণা হইল—॥১৭॥

পিতৃগণ কখনও মানুষেব দত্তপিশু সাক্ষাৎ গ্রহণ কবেন না ; 'কুশেব উপবেই পিশুদান করিবে' এই কপেই বেদে বিহিত আছে ॥১৮॥ ততো দর্ভেষ্ তৎ সর্বমদদং ভরতর্ষভ!।
শাস্ত্রমার্গানুসারেণ তদিদ্ধি মনুদর্শত!॥২০॥ (যুগ্যকম্)
ততঃ সোহন্তহিতো বাহুঃ পিতুর্মম নরাধিপ!।
ততো মাং দর্শ্যামান্তঃ স্বপ্রান্তে পিতরন্তথা॥২১॥
প্রীযমাণাস্ত মামূচুঃ প্রীতাঃ স্ম ভরতর্বভ!।
বিজ্ঞানেন তবানেন যন্ন মূক্যুসি ধর্ম্মতঃ॥২২॥
স্বয়া হি কুর্বতা শাস্ত্রং প্রমাণমিহ পাথিব!।
আত্মা ধর্মাঃ শ্রুতং বেদাঃ পিতরশ্চর্ষিভিঃ সহ॥২০॥
সাক্ষাৎ পিতামহো ব্রহ্মা গুরবোহথ প্রজাপতিঃ।
প্রমাণমূপনীতা বৈ স্থিতাশ্চ ন বিচালিতাঃ॥২৪॥ (যুগ্মকম্)
তদিদং সম্যগারন্ধং স্বয়াগ্য ভরতর্বভ।।
কিন্তু ভূমের্গবাং চার্থে স্বর্গং দীয়তামিতি॥২৫॥

# ভাবতকৌযুদী

তত ইতি। হত্তত নিদর্শনং প্রদর্শনম্। শাল্পথাসাণ্যে স্ক্রং ছর্বোধম্। তৎ দর্কং পিগুজলাদিকম্॥১৯—২০॥

তত ইতি। দর্শবাসাম্বরাত্মানসিতি শেবঃ ॥২১॥

প্রীযেতি। বিজ্ঞানেন বিশিষ্টজ্ঞানেন শাস্ত্রক্তৈব প্রাধান্তবোধেনেত্যর্থ: ॥২২॥

ছ্যেতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্। প্রমাণং প্রামাণ্যম্, উপনীতাং প্রাপিতাং, স্থিতাণ্চ শিষ্ট-নিষমা ইতি শেষঃ ॥২৩—২৪॥

ভবতশ্রেষ্ঠ । তদনন্তব আমি পিতাব সেই হস্ত প্রদর্শনেব আদব না কবিষা পিগুদান সম্বন্ধে শাস্ত্রেব স্ক্ষা বিধি স্মবণ কবিতে থাকিয়া, পবে কুশেব উপবেই সেই সমস্ত সমর্পণ কবিলাম। নবশ্রেষ্ঠ । ইহা তুমি অবগত হও যে, তাহা আমি শাস্ত্রানুসাবেই কবিষাছিলাম ॥১৯—২০॥

নবনাথ। তাহাব পব সেই হস্ত অন্তহিত হইল। তদনস্তব পিতৃগণ স্বপ্ন মধ্যে আমাকে দর্শন দান কবিলেন ॥২১॥

এবং তাঁহাবা সন্তুষ্ট হইযা আমাকে বলিলেন—'ভবতশ্রেষ্ঠ ! তোমাব এই বিশিষ্ট জ্ঞানে এবং তুমি যে ধর্মে বিভ্রাস্ত হও নাই তাহাতে আমরা সন্তুষ্ট হইয়াছি ॥২২॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ। তুমি শাস্ত্রকে প্রমাণ কবিষা আজ আত্মা, ধর্ম, শাস্ত্রজ্ঞান, বেদ, পিতৃগণ, ঋষিগণেব সহিত সাক্ষাৎ পিতামহ ব্রহ্মা, গুকগণ ও প্রজা-পতিকে প্রামাণ্যে উপস্থিত কবিষাছ এবং শিষ্টনিষমও লজ্ফান কব নাই ॥২৩-২৪॥ এবং বযঞ্চ ধর্মজ্ঞ ! সর্বে চাম্মৎপিতামহাঃ ।
পাবিতা বৈ ভবিয়ন্তি পাবনং পরমং হি তৎ ॥২৬॥
দশপূর্বান্ দশৈবান্থাংস্তথা সন্তারয়ন্তি তে ।
স্থবর্গং যে প্রয়ক্তন্তি এবং মৎপিতরোহক্রবন্ ॥২৭॥
ততোহহং বিম্মিতো রাজন্ ! প্রতিবৃদ্ধা বিশাংপতে । ।
স্থবর্ণদানেহকরবং মতিঞ্চ ভরতর্যভ ! ॥২৮॥
ইতিহাসমিমং চাপি শৃণু রাজন্ ! পুরাতন্য ।
জামদগ্যাং প্রতি বিভো ! ধন্যমাযুগ্যমেব চ ॥২৯॥
জামদগ্যান বামেণ তীত্ররোষান্বিতেন বৈ ।
ক্রি:সপ্তরুত্বঃ পৃথিবী কৃতা নিঃক্ষত্রিয়া পুরা ॥০০॥

# ভাবতকোমূদী

তদিতি। আরক্ষমহাষ্টভম্। অর্থে প্রতিনিধিছবিববে ।২৫॥

এবমিভি। এবং স্থবর্ণদানে ক্বতে সভি। তৎ স্থবর্ণম্ ॥২৬॥

त्राणि । প्रतान् প्रतभूकवान्, अञ्चान् भत्रभूकवान् ॥२१॥

एफ ইভি। প্রতিবুদ্ধো লব্ধবৃদ্ধি:। অকরবং কুতবান্ ॥२৮॥

ইতীতি। ইতিহানং বৃত্তাস্তম্। এতচ্চ সমৃক্তিকং বহুশ এব প্রাপ্তকম্। জামদগ্নাং রাম; প্রতি তদিবয়কমিতার্থঃ ॥২৯॥

জাসদয়্যেনেতি। ত্রিঃসপ্তক্তম্ব একবিংশতিবারং ॥৩০॥

ভবতশ্রেষ্ঠ ! তুমি আজ সমীচীন কার্য্যেবই অমুষ্ঠান কবিযাছ, কিন্তু ভূমি ও ধেমুব নিমিত্ত স্বর্ণ দান কব ॥২৫॥

ধর্মজ্ঞ। স্বর্ণ দান কবিলে আমবা এবং আমাদেব পিতৃগণ ইহাবা সকলেই পবিত্রীকৃত হইবেন। কাবণ, স্বর্ণ অত্যন্ত পবিত্রতাজনক ॥২৬॥

যাঁহাবা স্বৰ্ণ দান কবেন, তাঁহাবা পূৰ্ববৰ্তী দশ পুৰুষ এবং পববৰ্তী দশ পুৰুষকে উদ্ধাব কবিয়া থাকেন, এইবাপ আমাব পিতৃগণ বলিযাছিলেন ॥২৭॥

ভবতশ্রেষ্ঠ নবনাথ বাজা! তাহাব পব আমি বিস্মিত হইলাম, জ্ঞান লাভ কবিলাম এবং স্বর্ণ দানে ইচ্ছা কবিলাম ॥২৮॥

প্রভাবশালী বাজা। পুণ্যজনক ও আযুদ্ধব পবশুবামের এই প্রাচীন রুত্তান্ত শ্রবণ কর ॥২৯॥

পূৰ্ববিশলে জমদগ্নিনন্দন বাস, অত্যম্ভ ক্ৰুদ্ধ হইযা পৃথিবীকে একবিংশতি-বাব নিক্ষত্ৰিয় কবিয়াছিলেন ॥৩০॥ ততো জিম্বা মহীং কুৎস্নাং রামো রাজীবলোচনঃ।
আজহার ক্রত্থ বীরো ব্রহ্মক্ষত্রেণ পূজিতম্।।০১॥
বাজিমেধং মহারাজ ! সর্বকামসমন্বিতম্।
পাবনং সর্বভূতানাং তেজোহ্যতিবিবর্দ্ধনম্।।০২॥ (যুগ্মকন্)
বিপাপা চ স তেজস্বা তেন ক্রত্ত্বলেন চ।
নৈবান্ধনোহথ লঘুতাং জামদগ্যোহধ্যগচ্ছত ।।০০॥
স তু ক্রত্বরেণেন্ট্র মহাত্মা দক্ষিণাবতা।
পপ্রচ্ছাগমসম্পন্নান্ধীন্ দেবাংশ্চ ভার্গব । ।।০৪॥
পাবনং যৎ পরং নুণামুগ্রে কর্মাণি বর্ত্তাম্।
তত্ত্বচ্যতাং মহাভাগা ইতি জাত্মণোহব্রবীৎ ।।০৫॥
ইত্যুক্তা বেদশাস্ত্রজ্ঞামূচুন্তে মহর্ষ্যঃ।
রাম ! বিপ্রাঃ সংক্রিষ্ক্তাং বেদপ্রামাণ্যদর্শনাৎ ॥০৬॥

# ভাবতকৌমুদী

তত ইতি। রাজীবলোচন: পদ্মনয়ন:। আজহার অস্কৃষ্টিতবান্। তেজো ছ্যতিং কান্তিগ বিবর্দ্ধকতীতি তম্ ॥৩১—৩২॥

বিপাপ্যেতি। লঘুতাং বহুক্ষ ত্রিয়বধেন পাপন্ধনিতন্যনত্বন্ ॥৩৩॥
স ইতি। ইষ্ট্রা যাগং ক্ষয়। আগমসম্পন্নান্ পাল্পজ্ঞান্ ॥৩৪॥
পাবনমিতি। উত্তে হিংসারূপে। জাতত্বণ আল্ময়ংপন্নজ্ঞপ্যং ॥৩৫॥
ইতীতি। সংক্রিযন্তাং দানসানাভ্যাসান্তিযন্তান্ ॥৩৬॥

মহাবাজ। তাহাব পব পদ্মনয়ন ও মহাবীব বাম সমগ্র পৃথিবী জয় কবিযা ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের আদ্বযুক্ত, সর্বাভীষ্টসমন্বিত, সকল প্রাণীব পবিত্রতা-জনক এবং তেজ ও কান্তিবৰ্দ্ধক অশ্বমেধ্যজ্ঞের অনুষ্ঠান কবিলেন॥৩১—৩২॥

তেজস্বী জমদগ্রিনন্দন বাম, সেই যজেব ফলে নিস্পাপ হইযা পাপনিবন্ধন নিজেব লঘুতা প্রাপ্ত হইলেন না ॥৩৩॥

ভৃগুবংশীয মহাত্মা প্রশুবাম, অশ্বমেধ্যজ্ঞ সমাপ্ত করিয়া তাহার দক্ষিণা বিষয়ে শাক্ষ্মজ্ঞ ঋষিগণ ও দেবগণের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৩৪॥

'মহাভাগগণ! হিংসাকপ ভযঙ্কৰ কাৰ্য্যে ব্যাপৃত মনুষ্যগণেৰ পদে যাহা প্ৰিত্ৰভাজনক, সেই জব্যেৰ নাম আপনাবা বলুন গ' ইহা তিনি নিজেব উপবে ঘুণাযুক্ত হইয়াই বলিযাছিলেন ॥৩৫॥ ভূম্ন বিপ্রবিগণাঃ প্রফিব্যাঃ পাবনং প্রতি।
তে ষদ্ব্যম্প হাপ্রাজ্ঞান্ত চৈত্র সমুদাচর ॥৩৭॥
ততো বসিষ্ঠং দেবর্ষিমগন্ত্যমথ কাশ্যপম্।
তমেবার্থং মহাতেজাঃ পপ্রচ্ছ ভৃগুনন্দনঃ ॥৩৮॥
জাতা মতিমে বিপ্রেক্তাঃ! কথং প্যেযমিত্যুত।
কেন বা কর্মযোগেন প্রদানেনেহ কেন বা ॥৩৯॥
যদি বোহন্ত্রহক্তা বৃদ্ধিম হৈ প্রতি সন্তমাঃ!।
প্রক্রত পাবনং কিং মে ভবেদিতি তপোধনাঃ!॥৪০॥

श्रमग्र छेट्टः।

গাশ্চ ভূমিঞ্চ বিত্তঞ্চ দত্ত্বেহ ভৃগুনন্দন!। পাপকুৎ পূযতে মৰ্ত্ত্য ইতি ভাৰ্গব! শুশ্ৰুম ॥৪১॥

# ভাবতকৌমুদী

ভূম ইতি। পাবনং প্রতি পবিত্রভাবিবরে, সমুদাচর বিধেহি ॥৩१॥

ডভ ইতি। তমেবার্থং পবিত্রভাক্তনকবিষয়ম্ ॥৩৮॥

জাতেতি। পূষেয়ং পবিত্রো ভবেয়ন্ ॥৩৯॥

বদীতি। বো যুমাকম্। হে সম্ভনাঃ! নাধুশ্রেষ্ঠাঃ। ॥৪०॥

গা ইভি। বিভং ধনম্। পৃষতে পবিত্রো নিস্পাপো ভবভি ॥৪১॥

বাম এইবাপ বলিলে সেই বেদশান্তজ্ঞ মহর্ষিবা বামকে বলিলেন—'রাম ! তুমি বেদেব প্রামাণ্য দেখিয়া ব্রাহ্মণগণেব সংকাব কব ॥৩৬॥

পবিত্রতা বিষয়ে পুনবাষ তুমি ব্রহ্মর্ষিগণেব নিকট জিজ্ঞাসা কর; সেই মহাপ্রাজ্ঞ ব্রহ্মর্ষিরা বাহা বলেন, তুমি তাহাই কব' ॥৩৭॥

তাহার পর মহাতেজা বাম দেবর্ষি বসিষ্ঠ, অগস্ত্য ও কাশ্যপের নিকট সেই বিষয়ই জিজ্ঞাসা কবিলেন—॥৩৮॥

'ব্ৰাহ্মণশ্ৰেষ্ঠগণ। আমি কিপ্ৰকাবে অৰ্থাৎ কোন্ কৰ্ম্ম বা কোন্ দানদ্বার। পবিত্ৰ হইব; এইকপ বৃদ্ধি আমার জন্মিয়াছে ॥৩৯॥

সাধুশ্রেষ্ঠ তপোধনগণ ৷ যদি আমার উপবে আপনাদেব অনুগ্রহবৃদ্ধি হয়, তাহা হইলে বলুন, আমাব পবিত্রতাজনক কি হইবে' ॥৪০॥

ঋষিবা বলিলেন—'ভৃগুনন্দন। আমরা শুনিযাছি যে, এই জগতে পাপকারী মামুষ গো, ভূমি ও ধন দান কবিয়া নিষ্পাপ হয় ॥৪১॥ অন্তদানং তু বিপ্রধে ! জায়তাং পাবনং মহৎ ।

দিব্যমত্যন্ত্তাকারমপত্যং জাতবেদসঃ ॥৪২॥

দঝ্য লোকান্ পুরা বীর্যাৎ সম্ভূতমিহ শুলাম ।

স্বর্ণমিতি বিখ্যাতং তদ্দদৎ সিদ্ধিমেয়াসি ॥৪০॥

ততোহত্তবীদ্দিষ্ঠিন্তং ভগবান্ সংশিতব্রতঃ ।

শৃণু রাম । যথোৎপন্নং স্বর্ণমনলপ্রভম্ ॥৪৪॥

ফলং দাস্ততি তে যন্ত্রু দানে পরমিহোচ্যতে ।

স্বর্ণং যচ্চ যন্মাচ্চ যথা চ গুণবত্তরম্ ॥৪৫॥

তন্নিবোধ মহাবাহো ! সর্বং নিগদতো মম ।

অগ্নীষোমাত্মকমিদং স্বর্ণং বিদ্ধি নিশ্চয়ম্ ॥৪৬॥ (য়্থাক্ম)

অজোহগ্রিবরুণো মেষঃ সূর্য্যাহশ্ব ইতি দর্শনম্ ।

কুঞ্জরাশ্চ মুগা নাগা মহিষাশ্চাম্মরা ইতি ॥৪৭॥

# ভাবতকোমুদী

অক্সদিভি। দানং দেয়ং দ্রযাম্। অপত্যং জাতম্, জাতবেদশো বছে: ॥৪২॥

सरस्रु जि। शृष्ट्रमू १ भन्द विख्यन् ॥ ८ था

ডড ইতি। সংশিতরতো দৃঢশাম্বোকনিয়ম: ॥৪৪॥

क्निमिछि। शत्रम्९कृष्टेम्। निर्वाध भृष्। निक्तयः कृष्विछ (गवः ॥८६—८७॥

অজ ইতি। অগ্নির্মিদৈবভঃ, অজস্ছাগঃ। এবময়তা। নাগা নাগদৈবভাঃ ॥৪ ।॥

ভারতভাবদীপ:

উক্তমিতি ৷>৷৷ ন শুভা অশুভা ৷২৷৷ পৃষত্তে শুধান্তি ৷৩—৩২৷ লঘুতাং নিশাপতাম্ ৷৷৩৩-৪৬৷

ব্রন্থার্য। অলোকিক, অন্তাকৃতি, অগ্নি হইতে উৎপন্ন এবং অত্যস্ত পবিত্রতাজনক অন্ত একটা দেয় দ্রব্যেব বিষয় আপনি প্রবণ ককন ॥৪২॥

আমরা শুনিয়াছি যে, পূর্বকালে স্থবর্ণনামে বিখ্যাত দ্রব্য আপন শক্তিব শুণে লোক দক্ষ কবিয়া উৎপন্ন হইয়াছিল; আপনি তাহা দান কবিয়া সিদ্ধি লাভ করিবেন ॥৪৩॥

তাহাব পর দৃঢ়নিয়মশালী ভগবান্ বসিঠ রামকে বলিলেন—'রাম। অগ্নির স্থায় প্রভাবশালী স্থবর্ণ যে ভাবে উৎপন্ন হইয়াছিল, তাহা তুমি শ্রবণ কর ॥৪৪॥

মহাবাহু রাম। যে বস্তু দান করিলে -তোমাব গুরুতর ফল দান করিবে।
সুবর্ণ যাহা যাহা হইতে উৎপন্ন হইয়াছে এবং যেরূপ গুণশালী, সে সমস্তই আমি
বলিতেছি; তুমি তাহা প্রবণ কর। তুমি এই সুবর্ণকে নিশ্চিতভাবে অগ্নীযোমস্বরূপ অবগত হও ॥৪৫—৪৬॥

কুকুটাশ্চ বরাহাশ্চ রাক্ষসা ভৃগুনন্দন !। ইড়া গাবঃ পয়ঃ সোমো ভূমিরিত্যেব চ স্মৃতিঃ ॥৪৮॥ জগৎ সর্ববঞ্চ নির্মাধ্য তেজোরাশিঃ সমুখিতঃ। স্বর্ণমেভ্যো বিপ্রর্ষে ! রক্ষ্ণ পরমমুক্তমম্ ॥৪৯॥ এতত্মাৎ কারণাদ্বের গন্ধর্বেরগরাক্ষসাঃ। মনুষ্যাশ্চ পিশাচাশ্চ প্রযতা ধারযন্তি তৎ ॥৫০॥ यूक्रे छेत्रक्रमयूरे छत्रनकारितः शृथन् विरेधः। স্বর্ণবিক্টতেস্তত্ত বিরাজন্তে ভৃগূত্রম। ॥৫১॥

# ভাবতকোমূদী

কুরুটা ইভি। ইড়া বাচঃ বাগ দৈবভা গাবঃ, পষো ছয়ঞ্চ বাগ দৈবভম্ ॥৪৮॥ क्रगंपिछि। न তেজোরাশিরেব হ্বর্ণম্। ভচ্চ হ্বর্ণম্ এভ্য: অজাদিভ্য: উদ্ভমং পরমং ब्रह्म क्षेट्रक

এতশাদিতি। প্রয়তাঃ সংয়তাঃ সস্তঃ, তৎ স্বর্ণং ধারুষস্তি ॥৫०॥ মুকুটৈরিভি। স্থর্ণেন বিক্বতৈর্বিশেষেণ ক্বতৈর্ঘটিভ: ॥৫১॥

#### ভাবতভাবদীপঃ

**अब है ि । अबारी नामग्रापिक पांखकानः जिल्लाक अस्म , अञ्चल कामणा अस्म जिल्लाकः** ॥৪ १॥ বরাছ । নিখ ডি:, অভ দানমরফলম্। ইভাদয়ো ভূমিরপা ইভি ভদানং মহাফলম্, ইডেতি। ইড়াবান্ যজ্ঞ: ॥৪৮॥ অগদিতি স্বর্ণদানং ব্রহ্মাগুদানতুল্যমিতি ভাব: ॥৪৯—৮২॥ ইতি শ্রীমহাভাবতে অফুশাসনপর্বাণি দানধর্ম্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে

#### ত্রিসপ্ততিভমোহধ্যায়: ॥৭৩॥

ছাগেব দেবতা অগ্নি, মেষেব দেবতা বৰুণ, অশ্বেব দেবতা সূৰ্য্য, হস্তী ও মূগেব দেবতা নাগ এবং মহিষেব দেবতা অসুব , ইহা শাস্ত্রে দেখা যায় ॥৪৭॥

ভৃত্যনন্দন ৷ কুকুট ও ববাহেব দেবতা বাক্ষস, গো-ছঞ্চেব দেবতা বাক্ এবং ভূমিব দেবতা চক্র—এইরূপই স্মৃতি বহিষাছে ॥৪৮॥

বন্দৰ্যি ৷ একদা একটা তেজবাশি সমগ্ৰ জগৎ মন্থন কবিয়া উত্থিত হইয়া-ছিল, তাহাই মুবর্ণ; সেই স্থবর্ণ এই ছাগপ্রভৃতি হইতে উত্তম এবং প্রম বছু ॥৪৯॥

এই কাবণেই দেবতা, গন্ধর্বে, নাগ, বাক্ষস, মন্ত্রয় ও পিশাচগণ সংযত হইযা সেই সুবর্ণ ধাবণ কবেন ॥৫০॥

ভৃত্তবংশশ্রেষ্ঠ ৷ সেই দেবতাপ্রভৃতি সকলেই স্থবর্ণঘটিত মুকুট, অঙ্গদ এবং অক্ত প্রকাব নানাবিধ অলম্ভাব দ্বাবা শোভা পাইয়া থাকেন ॥৫১॥

তস্মাৎ সর্ব্বপবিত্তেভ্যঃ পবিত্তং পরমং স্মৃতম্।
পিতেতি। প্রসবকর্মবিৎ সম্ভানকার্যাঞ্জঃ, স ভূগুঃ তদা বাকণো বল্পণাস্তবঃ খ্যাতঃ ॥১২৩॥ আয়ের ইভি। অয়েরপত্যম্ আয়েয়ঃ, ব্রহ্ণণোহপত্যং ব্রান্ধঃ, ভার্গবৈতি স্থার্থে অধ্। শোকানাং সম্ভানলক্ষণৌ প্রজাজননাৎ বিস্তারহেভূ ॥১২৪॥

এত ইতি। প্রদরা অগ্নাদীনাং পুজা:। জ্বাে ভৃষ্পির:কব্য: ॥১২৫॥

'ভগবন্। আমবা সকলে এবং স্থাবব-জন্ধসমূত গ্র জগৎ এই সকল সাপনাবই সন্তান, অতএব বিভাবস্থ অগ্নি এবং জল ধিপতি বকণদেব অভীষ্ট ফল লাভ ককন। কাবণ, আপনাব স্থাষ্টিব নিষমে বকণ জলজ্ঞগণেব অধিপতি হইযাছেন ॥১২০—১২১॥

মহাদেব প্রথমে সূর্য্যেব ভাষ তেজস্বী ভৃগুকে পুত্ররূপে গ্রহণ করিলেন , পবে সঙ্গিবাকে অগ্নিব পুত্র বলিষা স্থিব কবিলেন ॥১২২॥

ভবজ্ঞ ব্ৰহ্মা কবিকে পুত্ৰৰূপে গ্ৰহণ কবিলেন, আৰ ভখন পুত্ৰকাৰ্য্যক্ত সেই ভৃগু বাৰুণ বলিয়া বিখ্যাত হইলেন ॥১২৩॥

শ্রীমান্ অঙ্গিবা:অগ্নিব পুত্র, মহাযশা কবি ব্রহ্মাব পুত্র এবং জগতে ভৃগু ও অঙ্গিবা লোকবিস্তারেব কাবণ হইলেন ॥১২৪॥

শিব ব্রহ্মা ও অগ্নিব পুত্র, এই ভৃগু, কবি ও অঙ্গিবা ইগাবা তিনজন সকলেই প্রজাপতি নামে বিখ্যাত হইলেন। কাবণ, সমস্তই ইহাদের সস্তান। রাম! তুমি ইগা স্বধাবণ কব ॥১২৫॥ শুকো বরেণ্যশ্চ বিভূঃ পবনশ্চেতি সপ্ত তে।
ভার্গবা বারুণাঃ সর্বে যেষাং বংশে ভবানপি ॥১২৭॥ (যুগ্মকম্)
অফৌ চাঙ্গিরসঃ পুত্রা বারুণাস্তেহপুদাহৃতাঃ।
রহস্পতিরুত্বগুদ্দ পরস্তঃ শান্তিরেব চ ॥১২৮॥
ঘোরো বিরূপঃ সংবর্তঃ স্থধ্বা চাউমঃ স্মৃতঃ।
এতেহফৌ বহ্নজাঃ সর্বে জ্ঞাননিষ্ঠা নিরাময়াঃ ॥১২৯॥
ব্রহ্মণস্ত কবেঃ পুত্রা বারুণাস্তেহপুদাহৃতাঃ।
অফৌ প্রস্ববৈজযুক্তা গুণার্ব্রহ্মবিদঃ শুভাঃ॥১৩০॥
কবিঃ কাব্যশ্চ ধুফুল্চ বুদ্ধিমানুশনাস্তথা।
ভূগুল্চ বিরজাশ্চেব কাশী চোগ্রশ্চ ধর্ম্মবিৎ॥১৩১॥
অফৌ কবিস্থতা হেতে সর্বমেভির্জ্জগত্ততম্।
প্রজাপতয় এতে হি প্রজাভাগৈরিহ প্রজাঃ॥১৩২॥ (যুগ্মকম্)

## ভাবতকোমুদী

ভূগোরিতি। শুচিরপ্যেকং নাম। বারুণা বরুণোৎপর্কাৎ ॥১২৬—১২ १॥
আষ্টাবিতি। উতথ্য: পরক্তশ্চ নামুদ্বরুষ্। ঘোর ইত্যেব নাম ॥১২৮—১২৯॥
ব্রহ্মণ ইতি। ব্রহ্মণ: পুত্রক্তেতি শেবঃ, প্রস্ববৈদ্ধ: পুত্রজাতৈঃ, গুণৈ: পিতৃভক্ত্যাদিভিঃ ॥১৩০॥
ক্বিরিতি। বুদ্ধিমানিত্যুশনসো বিশেষণম্। ততং ব্যাপ্তর্। প্রজ্ঞাতগৈঃ ব্রহ্মাদির্ সন্তানস্বভাবপ্রকাশৈঃ, প্রদ্ধা অপ্যুচ্যন্ত ইতি শেবঃ ॥১৩১—১৩২॥

#### ভাবতভাবদীপঃ

আত্মা চিত্তং যন্ত্র সোহবশাত্মক: ভ্রান্ত ইত্যর্থ: ॥১১৬—১২১॥ কবে: পুত্রা বারুণা ইত্যনেন

ভৃগুর সাতজন পুত ছিল; তাঁহার। সকলেই গুণে ভৃগুর সমান ছিলেন। চ্যবন, বজ্বশীর্য, শুচি, ওর্ব, শুক্র, বরেণ্য এবং ব্যাপী পবন—এই ভাঁহাবা সাড-জন। ভৃগুবংশীয়েবা সকলেই 'বারুণ' বলিয়া বিখ্যাত। রাম। যাঁহাদের বংশে ভূমিও জন্মিরাছ ॥১২৬—১২৭॥

অঙ্গিরার আটজন পুত্র, তাঁহাবাও বারুণ বলিয়া কথিত হইয়া থাকেন; বৃহস্পতি, উতথ্য, পয়স্ত, শাস্তি, ঘোব, বিৰূপ, সংবর্ত এবং অষ্টম সুধ্যা—এই আটজন; ইহারা সকলে অগ্নিজাত, জ্ঞাননিষ্ঠ ও নিরাময় ॥১২৮—১২৯॥

ব্ৰহ্মা হইতে উৎপন্ন কবিব পুত্ৰেবাও বাৰুণ বলিয়া কথিত হইয়া থাকেন। তাহারা আটজনই পুত্ৰ গুণযুক্ত, বেদজ্ঞ এবং শুভস্বভাব ॥১৩০॥

ক্বি, কাব্য, ধৃষ্ণু, বৃদ্ধিমান্ উশনা, ছগু, বিরজা, কাশী ও ধর্মজ্ঞ উগ্র-এই

এবমঙ্গিরসনৈচব কবেশ্চ প্রদাবাহীয়ে।
ভূগোশ্চ ভৃগুশাদূল ! বংশজৈঃ সততং জগৎ ॥১৩৩॥
বকণশ্চাদিতো বিপ্র । জগ্রাহ প্রভুরীশ্বরঃ।
কবিং তাত ! ভৃগুঞ্চাপি তত্মাতো বারুগো শ্বতো ॥১৩৪॥
জগ্রাহাঙ্গিরসং দেবঃ শিখী তাদ্ধুশ্বতাশনঃ।
তত্মাদাঙ্গিরসা জ্বো সর্ব্ব এব তদম্বযাঃ ॥১৩৫॥
ব্রহ্মা পিতামহঃ পূর্বং দেবতাভিঃ প্রসাদিতঃ।
ইমে নঃ সন্তবিশ্বন্তি প্রজাভির্জ্জগতীশ্বরাঃ ॥১৩৬॥
সর্বে প্রজানাং পতয়ঃ সর্বে চাতিতপস্থিনঃ।
ছৎপ্রসাদাদিমং লোকং তাবিষ্যন্তি সাম্প্রতম্ ॥১৩৭॥

### ভাবতকোমূদী

এবমিতি। প্রস্বাধ্ধে: পুত্রবংশৈ:, জগন্যাগুমিতি শেব: ॥১০০॥
বরুণ ইতি। আদিতো জগ্রাহ, পরস্ক বন্ধাদয়ে। জগুহুরিতি ভাব: ॥১০৪॥
জগ্রাহেতি। তত্মাবরুণাং। তদবরা হতাশনবংশা:। অত্ত মরীচ্যাদীনামুংপত্তৌ পুরাণাস্কর
বিরোধ: অত্তত্য বচনানাং পরস্পরবিরোধশ্চ কল্লান্তরবৃত্তমাদীকারাং সমাধেষ: ॥১৩৫॥
বন্দেতি। প্রসাদিতো বক্ষ্যমাণোক্তিভি: সম্ভোষিত: ॥১০৬॥

#### ভাৰতভাৰদীপঃ

শীয়ভাগোহপি কবিব্ৰ ন্ধণা বৰুণায় সমৰ্গিত ইত্যুৱেষম্ ॥১৩০—১৩৫॥ নোহস্মান্, সম্ভৱিশ্বন্থি আটজন কবিব পুত্ৰ , এই আটজন কৰ্তৃক সমগ্ৰ জগৎ ব্যাপ্ত হইয়াছে এবং এই আটজন প্ৰজাপতিও বটেন এবং প্ৰজাব গুণে প্ৰজাও বটেন ॥১৩১—১৩২॥

ছগুবংশশ্রেষ্ঠ। এইভাবে অঙ্গিবা ও কবিব পুত্রগণেব বংশে এবং ভৃগুব বংশজাতগণে সর্ববদা জগৎ ব্যাপ্ত হইযাছে ॥১৩%।

বংস ব্রাহ্মণ! প্রভাবশালী ও জলাধিপতি বকণ প্রথমে কবি ও ভৃগুকে পুত্রব্বপে গ্রহণ কবিযাছিলেন। সেই জন্ম তাঁহাবা 'বাকণ' বলিযা প্রসিদ্ধ হইয়াছেন ॥১৩৪॥

শিখাশালী অগ্নিদেব বকণেব নিকট হইতে অঙ্গিবাকে পুত্রবপে গ্রহণ কবিযাছিলেন। সেই জন্ম অঙ্গিবাব বংশধব সকলকেই অগ্নিবংশ বলিয়া জানিবে ॥১৩৫॥

সেই পূর্বেকালে দেবতাবা এই সকল কথা বলিয়া পিতামহ ব্রহ্মাকে প্রসন্ন ক বিয়াছিলেন যে, 'এই জগতেব নিযম্ভবা সম্ভানদাবা আমাদিগকে তৃঃখ হইতে উদ্ধাব কবিবেন ॥১৩৬॥ তথৈব বংশকর্ভারন্তব তেজোবিবর্দ্ধনাঃ।
ভবেয়ুর্বেদবিতুষঃ সর্বে চ কৃতিনন্তথা ॥১৯৮॥
দেবপক্ষচরাঃ সোম্যাঃ প্রাজাপত্যা মহর্ষয়ঃ।
আপ্রুবন্তি তপশ্চেব ব্রক্ষচর্যাং পরং তথা ॥১৯৯॥
সর্বে হি বয়মেতে চ তবৈব প্রস্বাঃ প্রভো!।
দেবানাং ব্রাক্ষাণানাঞ্চ ছং হি কর্ত্তা পিতামহ!॥১৪০॥
মারীচমাদিতঃ কৃত্বা সর্বে চৈবাপ ভার্গবাঃ।
অপত্যানীহ সম্প্রেক্ষ্য ক্ষময়াম পিতামহ!॥১৪১॥
তে ছনেনেব রূপেণ প্রজনিয়্যন্তি বৈ প্রজাঃ।
স্থাপয়য়্যন্তি চাত্মানং মুগাদিনিধনে তথা ॥১৪২॥

## ভাবতকোমূদী

দর্ব্ব ইভি। তার্মিয়স্তি হ:খাভিভবাত্দ্রিয়স্তি ॥১৩৭॥

তথেতি। বেদবিত্ব ইত্যুত্বমার্বম্, ক্বতিনং কার্যানিপুণা: ॥১৩৮॥

দেবেভি। পৌম্যা: শাস্তমূর্ভন্ন:, প্রাহ্মপত্যা: প্রহ্মপতিপুত্রা: ১১৯৯

স্ব ইতি। প্রস্বা: সন্তানা: ॥১৪०॥

মারীচমিতি। মারীচং মরীচিপুত্রং কশ্রপন্। ক্ষমন্নাম পরস্পরং দোবং শহেমছি ॥১৪১॥ ত ইতি। তে মারাচাদয়ঃ, প্রজনিয়ন্তি প্রজনমিয়ন্তি। আত্মানং পর্মাত্মরূপং ভবস্তম্, যুগানামাদৌ নিধনে প্রলয়ে চ স্থাপন্নিয়ন্তি ॥১৪২॥

#### ভাবতভাবদীপঃ

সস্তার্মিয়ন্তি ॥১০৬—১৩৭॥ বিত্বো বিষাংস: ॥১৩৮—১৪০॥ ক্ষমরাম স্বোৎকর্বার্থম্ অন্তো-ন্তাভিভবায় ন যতামহ ইত্যর্থ: ॥১৪১॥তে অনেন ক্ষমাবভা, আদিনিধনে উৎপত্তিপ্রলয়মোরস্ত-

ইহাবা সকলেই প্রজাপতি এবং সকলেই অতিতপস্বী; স্থতরাং ইহারা বর্ত্তমান সময়েও আপনার অনুগ্রহে নানা হঃখ স্থতে এই জগৎকে উদ্ধাব কবিবেন ॥১৩৭॥

· এবং ইহারা সকলে বংশকর্তা, আপনাব তেজবৃদ্ধিকারী, বেদবিদ্বান্ ও সমস্ত কার্য্যে নিপুণ হইবেন ॥১৩৮॥

শাস্তমূর্ত্তি ও প্রজাপতি-সস্তান এই মহর্ষিরা দেবগণেব পক্ষে থাকিবেন, গুরুতব তপস্থা কবিবেন এবং প্রবম ব্রহ্মচাবী হইবেন ॥১৩৯॥

প্রভূ! এই আমবা সকলেও আপনাবই সস্তান এবং পিতামহ! আপান দেবগণ ও ব্রাহ্মণগণেব কর্তা ॥১৪০॥

পিতামহ! কশ্যপপ্রভৃতি ছগুবংশীয়গণ পর্যন্ত আমবা সকলেই এক আপনার সন্তান—ইহা পর্য্যালোচনা করিয়া পরস্পর ক্ষমা করিব ॥১৪১॥ ইত্যুক্তঃ স তদা তৈস্তু ব্রহ্মা লোকপিতামহঃ।
তথেতোবাব্রবীৎ প্রীতস্তেংপি জগ্মুর্যথাগতম্ ॥১৪০॥
এবমেতৎ পুরা রন্তঃ তক্স যজ্ঞে মহাত্মনঃ।
দেবশ্রেষ্ঠস্ত লোকাদো বারুণীং বিপ্রতন্তমুম্ ॥১৪৪॥
অগ্নিব্রহ্মা পশুপতিঃ শর্বো রুদ্রঃ প্রজাপতিঃ।
অগ্নেরপত্যমেতদৈ শুরুবর্ণমিতি ধারণা ॥১৪৫॥
অগ্নাভাবে চ কুরুতে বহ্নিস্থানেরু কাঞ্চনম্।
জামদগ্য়! প্রমাণজ্ঞো বেদশ্রুতিনিদর্শনাৎ ॥১৪৬॥
কুশস্তম্বে জুহোত্যগ্নিং স্থবর্ণে তত্ত্র চ স্থিতে।
বল্মীকস্য বপাযাঞ্চ কর্ণে চাজস্য দক্ষিণে ॥১৪৭॥
শকটোর্ব্যাং পরস্যাক্ষ্ম ব্রাহ্মাণস্ত করে তথা।
ছতে প্রীতিকবীমৃদ্ধিং ভগবাংস্তন্ত্র মন্যতে ॥১৪৮॥ (শৃগ্মক্ম)

#### ভাবতকৌমুদী

ইতীতি। তৈর্দেবৈঃ। ভগান্বিতি শেবঃ ॥১৪৩॥

এবমিতি। বৃত্তং জাতম্। দেবশ্রেষ্ঠস্ত মহাদেবস্ত ॥১৪৪॥

অগ্নিবিচি। বন্ধাদি: সর্ব্ব এবাগ্নিবিভার্থ: ॥১৪৫॥

ষয়ীতি। কুরুতে মুনিগণঃ স্থাপয়তি ॥১৪৬॥

#### ভাবতভাবদীপঃ

রালে ॥১৪২—১৪৩। দেবশ্রেষ্ঠক্ত করক্ত ॥১৪৪॥ ধারণা নিশ্চয়:॥১৪৫॥ বেদশ্রতিরিতি তাঁহারা সকলেই এইভাবে সস্তান উৎপাদন কবিবেন এবং জগতের স্থৃষ্টি হইতে আবস্ত কবিয়া প্রলয় পর্য্যস্ত পরমাত্মস্বরূপ আপনাকে কর্ত্ত্রূপে স্থাপন করিবেন'॥১৪২॥

দেবতাবা এইৰূপ বলিলে, তখন লোকপিডামহ ব্ৰহ্মা সন্তুষ্ট হইযা বলিলেন—'তাহাই হউক'। তাহার পব দেবতাবা যথাস্থানে চলিযা গেলেন ॥১৪৩॥

ব্রাহ্মণ। সেই পূর্বকালে জগৎ স্থান্টিব সময়ে বকণমূর্ত্তিধানী, দেবাঞ্চিও মহাত্মা মহাদেবের যজ্ঞে এই কপ এই ঘটনা ঘটিযাছিল ॥১৪৪॥

অগ্নিই ব্রহ্মা, পশুপতি, শর্কা, কন্ত ও প্রকাপতিস্বরূপ। সেই সগ্নির সন্তানই এই সুবর্ণ—ইহা আমাদেব ধারণা ॥১৪৫॥

জমদগ্নিনন্দন! মাণজ্ঞ লোকেরা বেদবিধান দেখিয়া অগ্নিব অভাবে অগ্নি-স্থানে স্কুবর্ণ স্থাপন কবিষ থাকেন ॥১৪৬॥ তন্মাদগ্রিপরাঃ দর্বে দেবতা ইতি শুশ্রুম।
ব্রহ্মণো হি প্রদূতোইগ্নিরগ্নেরপি চ কাঞ্চনম্ ॥১৪৯॥
তন্মাদ্যে বৈ প্রয়ছন্তি স্বর্ণং ধর্মাদর্শিনঃ।
দেবতান্তে প্রয়ছন্তি সমস্তা ইতি নঃ শ্রুতম্ ॥১৫০॥
তন্ম চাতমসো লোকান্ গচ্ছতঃ পরমাং গতিম্।
স্বর্লোকে রাজরাজ্যেন সোইভিষিচ্যেত ভার্গব! ॥১৫১॥
আদিত্যোদয়সম্প্রাপ্তে বিধিমন্ত্রপুরস্কৃতম্।
দদাতি কাঞ্চনং যো বৈ ত্রঃস্বপ্নং প্রতিহন্তি সঃ॥১৫২॥

## ভাবতকোমুদী

কুশেতি। তত্ত্ব কুশন্তব্বে, বন্মীকস্তোপরি, অজস্ত ছাগস্ত বপাষাং বশাষাম, দক্ষিণে কর্ণে চ শকটোর্ব্যাং শকটস্ত গমনাগমনভূমৌ পরস্তান্দ্র পরকীযজনে। ভগবানিয়িং মন্ততে ভবিতৃ-মহুমোদতে ॥১৪৭—১৪৮॥

তত্মাদিতি। দেবতাবিশেষণত্তেংগি সর্ব ইতি পুংস্বং "শ্বাভিধেয়ে নিবং স্থাৎ" ইত্যুক্তে: ॥১৪৯॥

তন্মাদিতি। শ্রুতং গুরুভাঃ শ্রুবণমাসীং ॥১৫০॥ তন্মেতি। অভমসো নিরন্ধকারান্। রাজরাজ্যেন কুবেররূপেণ ॥১৫১॥ আদিত্যেতি। তৃঃস্বপ্নং তৃঃস্বপ্নস্চিতসমঙ্গলম্ ॥১৫২॥

## ভাবতভাবদীপঃ

"অগ্নাবস্গতেহন্তরা আহতী হিবণা উত্তরাং জুহুষা''দিতি কল্পকারেণ দর্শিতা ॥১৪৬॥ বন্দীকবশাযাং সাল্লাযামিতি দধিপ্যসোঃ সহ হোম উক্তঃ। আহ্মণপাণ্যজকর্ণদর্ভন্তস্বাপ্ত্ কাঠে বিতোতানি শ্রুতৌ দৃশুন্তে ॥১৪৭॥ শক্টোর্কী তু শ্রুতান্তরাজ্জেষা, পরস্ত তীর্থাদেরপ্ত্ ॥১৪৮—

কুশগুচ্ছে, কুশগুচ্ছস্থিত স্বর্ণে, উয়ীমৃত্তিকায়, ছাগেব বশা ও দক্ষিণ কর্ণে, শকট গমনাগমনেব ভূমিতে, পবকীয় জলে এবং ব্রাহ্মণেব হস্তে মুনিবা অগ্নিতে কর্ত্তব্য হোম করিয়া থাকেন। সেই সকল স্থানে হোম কবিলে ভগবান্ অগ্নি হোতাব সম্ভোষকাবিণী সমৃদ্ধি হইবাব অনুমৃত্তি কবেন ॥১৪৭—১৪৮॥

আমবা শুনিয়াছি যে, সেই জন্ম সমস্ত দেবতাই অগ্নিস্থকণ এবং ব্ৰহ্মা হইতে অগ্নি জন্মিয়াছেন, আবাব অগ্নি হইতে সুবৰ্ণ জন্মিয়াছে ॥১৪৯॥

অতএব যে সকল ধর্মজ্ঞ লোক স্বর্ণ দান কবেন, তাঁহাবা সমস্ত দেবতাই দান কবেন; ইহাও আমাদেব শুনা আছে ॥১৫০॥

ভৃগুনন্দন। সেই স্বৰ্ণদাতা অন্ধকাবশৃত্য লোকে যাইয়া উত্তম স্থান লাভ কবেন এবং দেবতাবা তাঁহাকে স্বৰ্গলোকে কুবেবৰূপে অভিষিক্ত কবিয়া থাকেন ॥১৫১॥ দদাত্যদিতমাত্রে যস্তস্থ পাপানা বিধ্যুতে।
মধ্যাহ্দে দদতো রুক্সং হস্তি পাপমনাগতম্ ॥১৫৩॥
দদাতি পশ্চিমাং সন্ধ্যাং যঃ স্থবর্গং যতব্রতঃ।
ব্রহ্মবায় গ্রিসোমানাং সালোক্যমুপ্যাতি সঃ ॥১৫৪॥
সেল্রেষু চৈব লোকেষু প্রতিষ্ঠাং বিন্দতে শুভাম্।
ইহ লোকে ষশঃ প্রাপ্য শান্তপাপান চ মোদতে ॥১৫৫॥
ততঃ সম্পত্যতেহস্তেষু লোকেষপ্রতিমঃ সদা।
অনাব্রতগতিশ্চিব কামচারো ভবত্যুত ॥১৫৬॥
ন চ ক্ষরতি তেভাশ্চ যশশৈচবাপাতে মহৎ।
স্থবর্ণমক্ষযং দত্তা লোকাংশ্চাপ্যোতি প্র্কলান্ ॥১৫৭॥
যস্ত সংজন্যম্বাগ্রিমাদিত্যোদ্যুক্য প্রতি।
দত্তাহৈ ব্রত্যুদ্দিশ্য সর্বকামান্ সমশ্বতে ॥১৫৮॥

#### ভাবতকৌমুদী

দলাতীতি। উদিতমাত্রে স্থ্যে, বিধ্যতে দানেনৈর বিনাশুতে ॥১৫৩॥
দলাতীতি। পশ্চিমাং সন্ধ্যাং প্রাপ্যেতি শেবং। সালোক্যং সমানং লোকম্॥১৫৪॥
সেম্রেছিতি। লোকের্ স্থর্যের্। শান্তপাপাা নইপাপং স্থাদাতা ॥১৫৫॥
তত ইতি। অপ্রতিমো নিরুপমং, অনার্তগতিরনিবারিভগতিঃ ॥১৫৬॥
নেতি। করতি শুশুতি, ভেভ্যো লোকেভ্যঃ। পুরুলান্ প্রচুরান্ ॥১৫৭॥

যিনি সুর্য্যোদযকালে যথাবিধানে মন্ত্রপাঠপূর্বক স্বর্ণান করেন, তিনি ছঃস্বপ্নসূচিত দোষ নষ্ট কবিতে পারেন ॥১৫২॥

যিনি সুর্য্যোদযমাত্র স্বর্ণদান করেন, তাঁহাব পাপ নষ্ট হয়; আব যিনি মধ্যাক্তকালে স্বর্ণদান করেন, তাঁহার ভবিষ্যুৎ পাপ নিবৃদ্ধি পাইয়া থাকে ॥১৫৩॥

যিনি সংযত হইয়া সন্ধ্যাকালে স্থবর্ণ দান করেন, তিনি ব্রহ্মা, বাযু, অগ্নি ও চল্লের লোক লাভ করিয়া থাকেন ॥১৫৪॥

আর তিনি ইন্দ্রাধিষ্ঠিত লোকে মঙ্গলময প্রতিষ্ঠাও লাভ করেন এবং ইহ-লোকে ষশ লাভ করিয়া পাপশৃক্ত হইয়া আমোদ কবিতে থাকেন ॥১৫৫॥

মানুষ সেই স্বৰ্ণদানেৰ ফলে অক্সান্ত লোকেও অভুলনীয় হয় এবং সৰ্ব্বত্ত অবাবিত গতি ও কামচারী হইয়া থাকে ॥১৫৬॥

মামূষ স্থ্ৰৰ্ণ দান কবিয়া স্বৰ্গ হইতে ভ্ৰষ্ট হয় না, মহাযশ লাভ করে এবং অক্ষযভাবে বহু স্বৰ্গ লাভ করিয়া থাকে ॥১৫৭॥ অগ্নিমিত্যের তৎ প্রান্থঃ প্রদানঞ্চ স্থথাবহম্।
যথেইগুণসংবৃত্তং প্রবর্ত্তকমিতি স্মৃতম্ ॥১৫৯॥
এষা স্থবর্ণস্থোৎপত্তিঃ কথিতা তে ময়ানম।
কার্ত্তিকেয়স্থ চ বিভো। তদিদ্ধি ভৃগুনন্দন!॥১৬০॥
কার্ত্তিকেয়স্থ সংবৃদ্ধঃ কালেন মহতা তদা।
দেবৈঃ সেনাপতিত্বেন বৃতঃ সেক্তৈভূপ্বহং।॥১৬১॥

#### ভাবতকৌমুদী

ৰ ইতি। দতাৎ স্বৰ্ণম্, ব্ৰতং তলাননিয়মম্ ॥১৫৮॥
অসিমিকি। তেও স্বৰ্ণমা সম্প্ৰীঃ প্ৰয়োপা প্ৰধা প্ৰয়ানি সংক্ৰ

অগ্নিমিতি। তৎ স্বর্ণম্। যথেষ্টা: পর্য্যাপ্তা গুণা পুণ্যানি সংবৃত্তা: সম্ভাতা যেন তৎ, প্রবর্ত্তকং তম্ম দানাম্ভররোচকঞ্চ ॥১৫১॥

এবেতি। কার্ত্তিকেষক্ত চ উৎপত্তিবিত্যমূবৃদ্ধি: ॥১৬০॥ কার্ত্তিকেম ইতি। সংবৃদ্ধো বৃদ্ধিং প্রাপ্ত: ॥১৬১॥

#### ভাবতভাবদীপঃ

১৫০। রাজরাজ্যেন কুবেরছেন।।১৫১—১৫৬। তেভ্যো লোকেভ্যোন চ ক্ষরতি।।১৫৭। অয়িং শ্রেডিং মার্জং বা সংজনয়িজা প্রাতঃ প্রাত্ত্বভা উদযকালে দ্ব্যাৎ।।১৫৮। অয়িমিডি। অয়াদিত্যযোঃ প্রাত্ত্বভূতিযোরস্তরালে কালে স্বর্ণদানম্। ইটেন গুণেন ভূবি দিবি প্রকাশনানেন কপেণ মযা ক্ষেমিত্যেবং রূপেণ গুণেন অস্তরালকালেন চ গুণেন সংবৃত্তং সমানং জাতুম্, এতচ্চ গুণজ্ঞানং প্রবর্ত্তকম্। অয়িজ্যাদ্বিরণ্যময়িং, ইতিশব্ধঃ প্রকাববিদাদিরণামাদিতাছেনাপি দ্বামাম্বরেদিতি সাযমুদ্ধরণকালাতিক্রমে স্থ্যেশ্ব হিরণ্যপ্রকাববিদ্যাদিরণামাদিতাছেনাপি দ্বামারাং। অতন্তবোরস্তরালে স্বর্গং দদভাদৃশমেন ফলং প্রাপ্তেতিত্বং ।।১৫৯। এবেতি। বুণা কার্ত্তিকেয়ং সর্বাদেবামান্তেবং দৈতাং নিহতবান্ এবং তৎসাদরং স্বর্ণমণি সর্বেষাং ধর্মাণামজন্যং ত্রিতং নাশমতি লোকঞ্চ তাদৃশং জয়তীত্যর্থঃ ।।১৬০—১৬৬।।

ইতি শ্রীমহাভারতে অনুশাসনগর্বনি দানধর্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে চতু:সপ্ততিতমোহধ্যামঃ ॥ १৪॥

যে লোক স্র্য্যোদয়কালে হোমেব জগু অগ্নি উৎপাদন করিয়া স্বর্ণ-দান ব্রত সম্পাদনের উদ্দেশ্যে স্বর্ণদান কবে, সে লোক সমস্ত অভীষ্ট লাভ করিয়া থাকে ॥১৫৮॥

মুনিরা স্বর্ণকে অগ্নিই বলেন; স্কুতবাং সেই স্বর্ণদান সুখজনক, যথেষ্ট পুণ্যোৎপাদক এবং অশু দানেচ্ছার প্রবর্ত্তক ॥১৫৯॥

নিষ্পাপ প্রভাবশালী ভৃগুনন্দন! এই আমি তোমাব নিকট স্বর্ণেব ও কার্ত্তিকেয়েব উৎপত্তিব কথা বলিলাম; তুমিও তাহা মনে বাখ ॥১৬০॥

ভৃগুবংশশ্রেষ্ঠ। কার্ত্তিক বছকালেব পবে বৃদ্ধি লাভ কবিলেন, তখন ইন্দ্র-প্রভৃতি দেবতাবা তাঁহাকে দেবসেনাপতিকপে ববণ কবিলেন ॥১৬১॥ জ্বান তারকং চাপি দৈত্যসন্থাংশুখাসুরান্। ত্রিদশেন্দ্রাজ্ঞয়া ব্রহ্মক্লোকানাং হিতকাম্যয়া ॥১৬২॥ স্তবর্ণদানে চ ময়া কথিতান্তে গুণা বিভো!। তত্মাৎ স্থবর্ণং বিপ্রেভ্যঃ প্রয়চ্ছ দদতাংবর। ॥১৬৩॥

ভীম্ম উবাচ।

ইত্যুক্তঃ স বশিষ্ঠেন জামদগ্যঃ প্রতাপবান্।
দদৌ স্থবর্ণং বিপ্রেভ্যো ব্যমুচ্যত চ কিন্তিষাৎ ॥১৬৪॥
এতত্তে সর্বনাখ্যাতং স্থবর্ণস্থ মহীপতে।।
প্রদানস্থ ফলক্ষৈব জন্ম চাস্থ যুধিষ্ঠির।॥১৬৫॥
তন্মাত্বমপি বিপ্রেভ্যঃ প্রয়ন্থ কনকং বৃহ।
দদৎ স্থবর্ণং নৃপতে। কিন্তিষাদ্বিপ্রমোক্ষ্যসি॥১৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামসুশাদন পর্বাণি দানধর্মে স্থবর্ণোৎপত্তো চতুঃসপ্ততিতমোহধ্যায়ঃ॥।॥ \*

## ভাবতকোমূদী

জ্বানেতি। জিদশেকত দেবরাজত পারুয়া ॥১৬২॥

স্থবর্ণেডি। খণা: ফলানি। প্রযক্ত বিভর ।১৬৩।

ইতীতি। কিৰিবাৎ নিরপরাধক্ষত্তিমবর্ধপাপাৎ ॥১৬৪॥

এতদিতি। অন্ত হ্বৰ্ণস্ত জন্ম উৎপত্তিক ।১৬৫।

তসাদিতি। তসাৎ স্বর্ণদানে ফলাভিরেকাং ॥১৬৬॥

ইতি মহামহোণাধ্যার-ভারভাচার্য-শ্রহরিদাসনিদান্তবাগীশভট্টাচার্যবিরচিভায়াং মহা-ভারভটীকারাং ভারতকৌম্দীসমাধ্যাযামস্পাসনপর্কণি দানধর্মে চতু:সপ্তভিতমোহধ্যায়: 101

বাহ্মণ। সেই কার্ত্তিক দেবসেনাপতি হইযা, দেববাজেব আদেশে এবং জগতেব হিত্তকামনায তাবকাস্থ্রকে ও অক্তান্ত অস্ত্রকে বধ করেন ॥১৬২॥

প্রভাবশালী দাতৃশ্রেষ্ঠ ৷ আমি ভোমাব নিকট স্বর্ণদানের গুণ বলিলাম; অতএব তুমি ব্রাহ্মণগণকে স্বর্ণ দান কব' ॥১৬৩॥

ভীম বলিলেন,—'বশিষ্ঠ এইৰূপ বলিলে প্রতাপশালী প্রশুবাম ব্রাহ্মণ-গণকে স্বর্ণ দান কবিলেন এবং নিরপরাধ ক্ষত্রিয়বধের পাপ হইতে মুক্ত হইলেন ॥১৬৪॥

বৃাজা যুধিষ্ঠিব। এই আমি ডোমাব নিকটে স্বর্ণদানের কল এবং স্বর্ণের উৎপত্তিব বিষয় সমস্ত বলিলাম ॥১৬৫॥

 <sup>&#</sup>x27; পश्चामीिक्टिंग्सार्थः'—वद्य वर्षः, ' वािक्यामिक्यक्टिंग्सार्थ्यायः'—िसः

## পঞ্চসপ্ততিতমোহধ্যায়ঃ।

<del>----</del>0\*\*---

## যুধিষ্ঠির উবাচ।

উক্তাঃ পিতামহেনেহ স্থবর্ণস্থ বিধানতঃ।
বিস্তবেণ প্রদানস্থ যে গুণাঃ প্রুতিলক্ষণাঃ॥১॥
যতু কারণমূৎপত্তেঃ স্থবর্ণস্থ প্রকীর্ত্তিতম্।
স কথং তারকঃ প্রাপ্তো নিধনং তদ্ব্রবীহি মে॥২॥
উক্তং স দৈবতানাং হি অবধ্য ইতি পার্থিব!।
কথং তস্থাভবন্ম ত্যুব্বিস্তবেণ প্রকীর্ত্তম ॥৩॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং স্বতঃ কুরুকুলোদ্বত!।
কাৎ স্যেন তারকবধং পরং কোতৃহলং হি মে॥৪॥

## ভারতকোমুদী

উক্তা ইতি। শ্রুতির্বেদ এব লক্ষণং প্রদানিকা বেষাং তে ।।।
বিদিতি। স্বর্ণত উৎপত্তের্যভূ কারণং তদপি প্রকীর্ত্তিতম্। তারকো নামাস্থরঃ ।ং।
উক্তমিতি। উক্তং ভর্বতৈব, স তারকঃ ।।
এতদিতি। অতএব কাং স্থোন সাকলোন তারকবধং কার্ত্রেতি শেবঃ ।।।।

অতএব বাজা ! তুমিও ব্রাহ্মণগণকে প্রচুব স্বর্ণদান কর ; সেরপ স্বর্ণ-দান করিয়া তুমিও মিরপরাধ বিপক্ষ বধেব পাপ হইতে মুক্ত হইবে' ॥১৬৬॥

ষ্ধিষ্ঠির বলিলেন—'পিভামহ। স্বর্ণদানেব যে সকল গুণ বেদে কথিত হইয়াছে, সে সমস্তই আপনি বিস্তবক্রমে ও যথাবিধানে এখন বলিলেন ॥১॥

এবং সুবর্ণের উৎপত্তিব যে কারণ, তাহাও আপনি বলিয়াছেন ; কিন্তু সেই তারকাস্থ্ব কিপ্রকাবে নিধন প্রাপ্ত হইল, তাহা আপনি এখন আমাব নিক্ট বলুন ॥২॥

ক্ষত্তিয়শ্রেষ্ঠ ! আপনিই বলিয়াছেন যে, তারকাস্থর দেবগণের অবধ্য ; তবে তাহাব মৃত্যু কিপ্রকাবে হইল, তাহা বিস্তরক্রমে বলুন ॥৩॥

কৃষ্ণকুলপ্রেষ্ঠ। আমি আপনার নিকট ইহা শুনিতে ইচ্ছা করি; আমার অত্যস্ত কৌত্হল জনিয়াছে; অতএব আপনি তারকাস্থবেব সমস্ত বধ-বৃত্তাস্ত বলুন' ॥৪॥

#### ভীন্ম উবাচ।

বিপন্নকৃত্যা রাজেন্দ্র ! দেবতা খাষ্যস্তথা।
কৃত্তিকাশ্চোদ্যামান্তরপত্যভরণায় বৈ ॥৫॥
ন দেবতানাং কাচিদ্ধি সমর্থা জাতবেদসঃ।
এতা হি শক্তান্তং গর্ভং সন্ধারয়িতুমোজসা ॥৬॥
ষধাং তাসাং ততঃ প্রীতঃ পাবকো গর্ভধারণাৎ।
স্বেন তেজোবিসর্গেণ বীর্য্যেণ পরমেণ চ ॥৭॥
তাস্ত ষট্ কৃত্তিকা গর্ভং পুপূর্ক্জাতবেদসঃ।
ষট্ স্থ বর্জান্থ তেজোহগ্যেং সকলং নৈহিতং প্রভো।॥৮॥

#### ভাবতকোমুদী

বিপয়েতি। বিপন্নং গঙ্গনা গর্ভত্যাগেন ব্যাহতং ক্বত্যং কর্ত্ববাং তে, ক্বতিকা ভদাখ্যানি নক্ষত্রাণি অপত্যক্ত ভক্ত গর্ভক্ত ভবণায পোবণায় চোদয়ামান্থনিয়োজয়।মান্থ: ॥৫॥

নেতি। দেবতানাং মধ্যে কাচিৎ স্ত্রী জাতবেদদো বহুতেজঃ সন্ধার্মিতৃং ন সমর্থাঃ। বিদ্ধ এতাঃ কৃত্তিকা ওজ্পা তং গর্তং সংধার্মিতৃং শক্তাঃ। অতএব তাস্টোদ্যামাস্থরিতি ভাবঃ।।

ষণ্ণামিতি। তেজসো বিদর্গেণ নিধানেন তজ্ঞপগর্তধারণাদিত্যর্থ: ॥ ।।
তা ইতি। বন্ধান্থ বোনিপথের, নিহিত্য অয়িনৈব স্থাপিত্য ॥ ।।
ভাবতভাবদীপ:

উক্তা ইতি। শ্রুভির্বেদো লক্ষণং জ্ঞাপকং যেবাং তে শ্রুভিলক্ষণা: শ্রুভুজা ইডার্থঃ ॥১—॥ বিশন্নং ক্বভাং বেবাং তে গদনা গর্ভে ভাজে সতি নষ্টকার্ব্যা: ॥॥ চোদন্নামান্ত্রিভাজ হেতুমাহ—নেতি। গর্ভং সন্ধারমিভূমিভাপকুস্তাতে পূর্বার্দ্ধেংণি ॥৬॥ প্রীভন্তাভির্গকড়ীরূপেণ

ভীম্ম বলিলেন—'বাজশ্রেষ্ঠ। গঙ্গা সেই গর্ভ ত্যাগ কবিলে দেবগণ ও ঋষি-গণের কর্ত্তব্য ব্যাহত হইযা গিয়াছিল; স্কুতবাং তাঁহারা কুত্তিকানক্ষত্রদিগকে সেই গর্ভ পোষণ করিবাব জন্ম নিযুক্ত করিয়াছিলেন ॥৫॥

কারণ, দেবতাদেব মধ্যে কোন দেবীই অগ্নির তেজ ধাবণ করিতে সমর্থ ছিলেন না<sup>-</sup>; কিন্তু এই কৃতিকারা আপন আপন শক্তির গুণে সেই গর্ড ধারণ কবিতে সমর্থ ছিলেন ॥৬॥

তাহার পর নিজের তেজ স্থাপন এবং পরম বীর্য্য সমর্পণ হ**ইলে** এই উভয মিলিত গর্ভ ধাবণ করায়, অগ্নি সেই ষট্কুত্তিকার উপরে সম্ভষ্ট হইলেন ॥৭॥

রাজা। সেই ষট্কুত্তিকা অগ্নিনিহিত গর্ভ পোষণ করিতে লাগিলেন ; অগ্নির সমস্ত তেজ ষট্কুত্তিকার ছয়টা যোনিপথে নিহিত হইয়াছিল ॥৮॥ ততন্তা বর্দ্ধমানত কুমারত্ত মহাত্মনঃ।
তেজসাভিপরীতাঙ্গ্যোন কচিচ্ছর্মা লেভিরে ॥৯॥
ততন্তেজঃপরীতাঙ্গ্যঃ সর্বাঃ কাল উপস্থিতে।
সমং গর্ভং প্রমুবিরে কুভিকান্তং নরর্বভ!॥১০॥
ততন্তং ষড়ধিষ্ঠানং গর্ভমেকত্বমাগতম্।
পৃথিবী প্রতিজ্ঞাহ কার্ত্তম্বর্দমীপতঃ॥১১॥
স গর্ভো দিব্যসংস্থানো দীপ্তিমান্ পাবকপ্রভঃ।
দিব্যং শরবণং প্রাপ্য বরুধে প্রিযদর্শনঃ॥১২॥
দদৃশুঃ কৃত্তিকান্তং তু বালমর্কসমন্থাতিম্।
জাতস্বেহাচ্চ সৌহার্দ্দাৎ পুপৃষ্ণ ন্তন্তবিস্পবৈঃ॥১০॥
ভাতস্বেহাচ্চ সৌহার্দ্দাৎ পুপৃষ্ণ ন্তন্তবিস্পবৈঃ॥১০॥
ভাতবেহাচ্চ সৌহার্দ্দাৎ পুপৃষ্ণ ন্তন্তবিস্পবিশ্ব।
সমন্ত্রাৎ কৃদ্দতাং প্রাপ্তো গুহাবাসাদ্গুহোহ্ভবৎ॥১৪॥

#### ভারতকৌযুদী

তত ইতি। অভিপরীতাক্যো ব্যাপ্তগাত্তাঃ, শর্ম হুধম্।।।।

তত ইতি। সমং যুগপৎ, স্ব্বিরে প্রস্তবত্য: ॥১০॥

তত ইতি। ষট্ অধিষ্ঠানানি আশ্রয়া ষস্ত তম্ , একত্বমাগতং দেবত্বপ্রভাবাং। কার্তত্বর-সমীগতঃ অর্থসমীণে ॥১১॥

न हैकि। मिरामःश्वानः जाली किकावयवः ॥>२॥

দদ্ভরিতি। বালং শিশুম্। স্তক্তবিত্রবৈ: ন্তনজাতত্তিঃ ॥১৩॥

কুমারনায়াং হেতৃনাহ অভবদিতি। কুত্তিকানামণত্যমিতি কার্ত্তিকেয়া। স্বরুত্বাৎ তেজ্বা: স্থালিতত্বাৎ ॥১৪॥

তাহাব পব সেই কৃত্তিকাবা বৰ্দ্ধমান মহাবল কুমাবেব তেজে ব্যাপ্ত দেহ হইয়া কোন সময়েই শান্তি পাইতে লাগিলেন না ॥১॥

নরশ্রেষ্ঠ। তদনন্তর সেই তেজে ব্যাগুদেহা কুত্তিকাবা সকলেই কাল উপস্থিত হইলে একদাই সেই গর্ভ প্রসব কবিলেন ॥১০॥

তৎপরে ভিন্ন ছয়টী স্থানে স্থিত সেই গর্ভ দেবপ্রভাবে এক হইয়া গেল; তখন পৃথিবী স্বর্ণেব নিকটে সেই গর্ভ গ্রহণ করিলেন ॥১১॥

ক্রমে মনোহবাঙ্গ, দীপ্তিমান্, অধিছ্যতি ও প্রিয়দর্শন সেই গর্ভ স্বর্গীয় শব-নামক ভূণেব বনে উপস্থিত হইয়া বৃদ্ধি পাইতে লাগিল ॥১২॥

তখন কৃতিকাবা সূর্য্যের তুল্য তেজস্বী সেই বালকটাকে দেখিলেন এবং স্লেহ ও সৌহাদ্যিবশতঃ স্তম্ম হ্মহারা তাহাকে পোষণ করিতে লাগিলেন ॥১৩॥

ততো দেবাস্ত্রযক্তিংশদ্দিশশ্চ সদিগীশ্বরাঃ। রুদ্রো ধাতা চ বিষ্ণুশ্চ যমঃ পূষার্য্যমা ভগঃ ॥১৫॥ **जारमा विज्ञान माधाम्य वाम्यवा वम्यवाश्यामा ।** আপো বাযুর্নভশ্চন্দো নক্ষত্রাণি গ্রহা রবিঃ ॥১৬॥ পৃথগ্ ভূতানি চান্সানি যানি দেবার্পণানি বৈ।

আজগাুন্তেইদ্ভুতং দ্রফীুং কুমারং দ্বলনাত্মজম্ ॥১৭॥ (বিশেষকম্)

श्रमयंखके तूरेम्हन नम्पर्तनामः ज्राष्ट्रका। `ষড়াননং কুমারস্ত দ্বিষড়ক্ষং দ্বিজপ্রিযম্ ॥১৮॥ পীনাংসং দ্বাদশভুদ্ধং পাবকাদিত্যবর্চ্চসম্। শযানং শরগুলান্তং দৃষ্ট্ব। দেবা সহর্ষিভিঃ ॥১৯॥ লেভিরে পরমং হর্ষং মেনিবে চাস্থরং হত্য।

ততো দেবাঃ প্রিযাণ্য সর্বব এব সমাহরন্ ॥২০॥ (যুগাকম্)

#### ভারতকৌমদী

ভত ইতি। দিগীশবৈদিক্পালৈ: সহেতি ডাঃ। প্যাভগশ্চ দেববিশোষী। অংশোহণি দেৰবিশেষ:। আপো জলম্, তদ্বেবতা বৰুণ ইত্যৰ্থ:। অক্তানি দৈবতানি, ধানি, দেবেভ্য: অর্প্যতে বৈত্তানি দেবার্পণানি খগ্যজ্গাসানি। জলনাত্মজস্মিপুত্রস্থা১৫--১৭॥

सरम हेि । विवह वामन अकीनि नगनानि यण उत् ॥>ы

#### ভাবতভাবদীপঃ

ভদ্ৰেভ: পীম্বা বোচা গৰ্ভে ধৃতে সভীতি শেষ: ॥৭॥ বন্ধু স্থ গর্ভগমনমার্গেরু বোনিধিভার্থ: ॥৮—— ১৬৷ দেবেভ্যোহপ্যন্তে বৈস্তানি ঋগ্ৰজ্ংলামানি মূর্ত্তিমন্তি দেবার্পণানি ॥১৭—৩৫॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বাণি দানধর্ম্মে নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্ততিত্বোহ্ধ্যায়: 19৫॥

এইভাবে সেই বালক কৃত্তিকাগণেৰ পুত্ৰ বলিয়া সচৰাচৰ ত্ৰিভ্ৰনে 'কার্ত্তিকেয়', স্কন্ন (স্থালিড) বলিষা 'ক্ষন্দ' এবং সুমেক্ষপর্ববেডৰ গুহায বাস কবিষা-ছिল रनिया 'खर' नांग थारण कविया ছिन ॥১৪॥

তাহার পব ভেত্রিশ দেবতা, দিক্পালগণেব সহিত দিক্সকল, কল, ধাতা, বিষ্ণু, যম, পুষা, অর্থ্যমা, ভগ, অংশ, মিত্র, সাধ্যগণ, ইন্দ্র, বস্থগণ, অশ্বিনীকুমার-দ্বয়, বৰুণ, বাযু, আকাশ, চন্দ্ৰ, নক্ষত্ৰগণ, গ্ৰহগণ, ববি, অম্ভান্ত দেবভা এবং যে সকল বেদ সেই ঋক্, যজু ও সাম—ইহাবা সেই অন্তুত অগ্নিপুত্র কুমারকে দেখিবাৰ জন্ম আগমন কৰিলেন ॥১৫—১৭॥

ক্রমে ঝবিবা সেই ষড়ানন ও দাদশ নয়ন আশাণপ্রিয় কুমারেব স্তব করিতে লাগিলেন এবং গন্ধৰ্কেবা গান কবিভে থাকিল

জীড়তঃ জীড়নীয়ানি দত্যঃ পক্ষিগণাংশ্চ হ।
স্থপর্ণোহস্ত দদে পুত্রং ময়ুরং চিত্রবর্হিণম্ ॥২১॥
রাক্ষদান্চ দত্তস্তার বরাহমহিষাবুর্তো।
কুকুটং চাগ্রিসঙ্কাশং প্রদদাবরুণঃ স্বয়ম্ ॥২২॥
চন্দ্রমাঃ প্রদদে মেষমাদিত্যো রুচিরাং প্রভাম্।
গবাং মাতা চ গা দেবী দদে শতসহন্দ্রশঃ ॥২০॥
ছাগমগ্রিপ্ত ণোপেতমিলা পুষ্পফলং বহু।
স্থায়া শকটং চৈব রথং চামিতক্বরম্ ॥২৪॥
বরুণো বারুণান্ দিব্যান্ সগজান্ প্রদদে শুভান্।
সিংহান্ স্থরেন্দ্রো ব্যাঘ্রাংশ্চ দিপানভাংশ্চ পক্ষিণঃ ॥২৫॥

## ভাবতকোমূদী

পীনেতি। পীনাংসং স্থূলক্ষম্। অহুবং তারকম্ ।১৯—২০॥ ক্রীড়স্ত ইতি। ক্রীড়তঃ খেলতঃ কুমারশু, ক্রীডত্যেভিরিভি ক্রীড়নীয়ানি কন্কাদীনি, দতুর্দেবাঃ। স্থপর্ণো গরুড়ঃ, চিত্রবর্হিণং বিচিত্রপুচ্ছম্ ॥২১॥

दाक्ता हेि । अधिमकानमधिवर्गम्, अकृतः एर्यामात्रिशः ॥२२॥

চন্দ্রমা ইতি। দেবী হ্রভি: শতসহত্রশো গা দদৌ ॥২৩॥

ছাগমিতি। ইলা তদাখ্যা দেবী। অমিতক্বরং ক্বরাখ্যবহুদাক্ষ্তং দদৌ ॥२৪॥

वक्ष हैि । वाक्ष्पान् विमानान् । विभान् शक्षान् ॥२०॥

স্থূল ক্ষন্ধ, দ্বাদশ বাহু এবং অগ্নিও সূর্য্যেব স্থায় তেজস্থী শবস্তম্বে শযিত সেই বালকটীকে দেখিয়া দেবগণ ও ঋষিগণ অত্যস্ত আনন্দলাভ কবিলেন এবং তাবকাস্থ্বকে নিহত বলিয়া ভাবিলেন। তাহাব পর দেবতাবা সকলে সেই বালকটীব সমস্ত প্রিয় বস্তু আনয়ন করিলেন॥১৯—২০॥

কুমাব খেলা কবিতেন, স্থতবাং দেবতাবা তাঁহাকে বহুতর খেলাব জব্য ও পক্ষী দান.কবিলেন এবং গকড় কুমাবকে নিজ পুত্র বিচিত্রপুচ্ছ একটী মযুব দিলেন ॥২১॥

বাক্ষসেবা ভাহাকে শুকব ও মহিষ দান কবিল, আব সূর্য্যের সাবধি অকণ অগ্নিবর্ণ একটী কুকুট দিলেন ॥২২॥

চন্দ্র একটা মেষ দিলেন, সুর্য্য স্থান্দর প্রভা দান কবিলেন এবং গোমাতা সুবভিদেবী শতসহস্র গো বিভবণ কবিলেন ॥২৩॥

অগ্নি একটী শুণবান্ ছাগ, ইলা বহুতব পুষ্প ও ফল এবং সুধস্বা বহু কৃবর-যুক্ত একখানি রথ ও শকট দান কবিলেন ॥২৪॥ শাপদাংশ্চ বহুন্ ঘোরাংশ্ছত্তাণি বিবিধানি চ।
রাক্ষসাঃ স্থরসজ্ঞাশ্চ অনুজগ্মুস্তমীশ্বরম্ ॥২৬॥
বর্জমানস্ত তং দৃষ্ট্ব। প্রার্থয়ামাস তারকঃ।
উপাথৈর্বহুভির্ছস্তং নাশকচ্চাপি তং বিভূম্ ॥২৭॥
দৈনাপত্যেন তং দেবাঃ পৃজ্ঞান্থিত্বা গুহালযম্।
শশংশ্ববিপ্রকারং তং তথ্যৈ তারককারিতম্ ॥২৮॥
স বির্দ্ধো মহাবীর্য্যো দেবসেনাপতিঃ প্রভূঃ।
জন্মানামোঘ্যা শক্ত্যা দানবং তারকং গুহঃ ॥২৯॥
তেন তন্মিন্ কুমারেণ ক্রীড়তা নিহতেহস্থরে।
স্থরেক্তঃ স্থাপিতো রাজ্যে দেবানাং পুনরীশ্বরঃ ॥৩০॥

### ভাবতকোমূদী

খাপদানিতি। খাপদান্ হিংস্রান্ ভর্কাদীন্, হ্রেস্তঃ প্রদদাবিভাস্বৃতিঃ। ঈশরং প্রভাবসম্পান্ন্ ॥২৬॥

वर्षमानमिणि । श्रार्थमामान हैरयम । विज् श्राप्तानवस्त्रम् ॥२ ॥

সেনেতি। সৈনাপত্যেন দেবসেনাপতিস্বদানেন, গুহালয়ং গুহনামাশ্রয়ম্। বিপ্রকার-মত্যাচারম্ ॥২৮॥

न हेि । व्यत्माचना व्यवर्शना, भक्ता जनार्यानारवन ॥२॥। रज्यनि । कीज्ञा र्यनरज्य । क्रेन्द्रः मक्त्रान् ॥००॥

বৰণ হস্তিসমন্থিত শুভস্চক অলৌকিক বছতব বিমান দান কবিলেন আর দেবরান্ধ অনেক সিংহ, ব্যান্ত, অস্ত হস্তী ও পক্ষী বিতৰণ কবিলেন ॥২৫॥

এবং দেববাজ ভয়ত্বব বহুতব অশু হিংস্র জন্তু ও নানাবিধ ছত্র সমর্পণ কবিলেন। তাহাব পর দেবগণ ও বাক্ষসগণ সেই শক্তিশালী কুমাবেব অন্থ-সরণ কবিতে থাকিলেন॥২৬॥

কুমাব ক্রমে বৃদ্ধি পাইতেছেন দেখিয়া তাবক। স্ব বছবিধ উপায়ে তাহাকে বধ কবিবাব ইচ্ছা কবিল; কিন্তু কুমাব অসাধাবণ শক্তিশালী বলিয়া তাঁহাকে বধ কবিতে সমর্থ হইল না ॥২৭॥

জমে দেবগণ, দেবসেনাপতিব পদ প্রদানপূর্বক কুমাবকে সম্মানিত কবিয়া তাবকাস্থ্বকৃত অভ্যাচাব সকল ভাহাব নিকট বলিলেন ॥২৮॥

তাহাব পর বৃদ্ধিপ্রাপ্ত, মহাবীব ও শক্তিশালী দেবসেনাপতি কার্ত্তিক অব্যর্থ শক্তিদারা তাবকাস্থরকে বধ করিলেন ॥২৯॥ দ সেনাপতিরেবাথ বড়ে। স্কন্দঃ প্রতাপবান্।
জিশো গোপ্তা চ দেবানাং প্রিযক্তচ্ছস্করস্থ চ ॥৩১॥
হিরণ্যমূর্ত্তির্ভগবানেষ এব চ পাবকিঃ।
সদা কুমারো দেবানাং সৈনাপত্যমবাপ্তবান্॥৩২॥
তত্মাৎ স্থবর্ণং মঙ্গল্যং রত্ত্বমক্ষধ্যমূত্তমন্।
সহজং কার্ত্তিকেয়স্থ বহেস্তেজ্ঞঃ পরং মতম্॥৩০॥
এবং রামায় কোরব্য! বিদিষ্ঠোইকথয়ৎ পুরা।
তত্মাৎ স্থবর্ণদানায় প্রযত্ত্ব নরাধিপ!॥৩৪॥
রামঃ স্থবর্ণং দল্লা হি বিমৃক্তঃ সর্ব্বকিল্পিবৈঃ।
ত্তিবিষ্টপে মহৎ স্থানমবাপাস্থলভং নরৈঃ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামকুশাসন-পর্বাণি দানধর্ম্মে তারকবধোপাখ্যানে পঞ্চমগুতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

## ভাবতকৌমুদী

স ইতি। দেবানাষ্ ঈশো নিষস্তা গোগুা বক্ষিতা চ ॥৩১॥

হিরণ্যেতি। হিরণ্যমূর্ত্তি: স্বর্ণদেহ:, পাবকস্তাগ্নেরপত্যমিতি পাবকি: ॥৩২॥

তস্মাদিতি। তস্মাৎ বহ্লেরের জাততাৎ। অক্ষয়স্ অক্ষয়পুণাজনকম্। সহজং সহোদর-স্থানীয়ম্ ॥৩৩॥

এবমিতি। তন্মাৎ স্থবৰ্ণানস্ত অক্ষয়পুণ্যজনকত্বাৎ ॥७৪॥

সেই কার্ভিক খেল। কবিতে থাকিয়াই যেন ভাবকাস্থ্রকে বধ কবিলে, দেবভারা পুনবায় শক্তিশালী ইন্দ্রকে দেবগণেব রাজপদে স্থাপন করিলেন ॥৩০॥

তাহার পর প্রতাপশালী, দেবসেনাপতি, দেবগণের নিযস্তা ও বক্ষিতা এবং মহাদেবের প্রিয়কার্য্যকারী কার্ত্তিক সর্ব্বপ্রকাবে শোভা পাইতে লাগিলেন ॥৩১॥

স্বর্ণবৈদহ ও মাহাত্মশালী এই অগ্নিপুত্র কার্ত্তিকই তদবধি সর্ব্বদা দেব-গণেব সেনাপতিত্ব লাভ করিলেন ॥৩২॥

অতএব অগ্নিদেবেব পরম তেজঃস্বরূপ; সুতবাং কার্ত্তিকেব সহোদবস্থানীয় সুবর্ণ মঙ্গলজনক ও অক্ষয় পুণ্যোৎপাদক উত্তম রত্ম বলিয়া মুনিগণেব অভিমত ॥৩৩॥

কৌববনন্দন! দেবর্ষি বসিষ্ঠ পূর্ব্বকালে পবশুরামেব নিকট এইরূপ বলিয়া-ছিলেন; অতএব নরনাথ! তুমি সেই স্থ্বর্ণদানেব নিমিত্ত যত্মবান্ হও ॥৩৪॥

<sup>\* &#</sup>x27; - বড়শীভিতমোইধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'ত্রয়স্থিংশদ্ধিকশতভমোইধ্যায়ঃ'—নি।

# ষট্ সপ্ততিতমোহধ্যায়ঃ।

---0\*---

## যুধিষ্ঠির উবাচ।

চাতুর্বর্ণ্যস্থ ধর্মাত্মন্ ! ধর্মাঃ প্রোক্তা যথা ত্বযা । তথৈব মে গ্রাদ্ধবিধিং কুৎস্নং প্রক্রন্থি পার্থিব ! ॥১॥ বৈশম্পায়ন উবাচ ।

যুধিষ্ঠিরেণৈবমুক্তো ভীম্মঃ শান্তনবস্তদা। ইমং গ্রাদ্ধবিধিং কুৎস্নং বক্তৃং সমুপচক্রমে॥২॥ ভীম্ম উবাচ।

শৃণুম্বাবহিতো রাজন্ ! শ্রাদ্ধকর্মবিধিং শুভম্ । ধন্যং যশস্তাং পুত্রীযং পিতৃষজ্ঞং পরস্তপ ! ॥৩॥

## ভাবতকোমূদী

রাম ইতি। সর্বাকিবিবৈনিরপরাধক্ষত্তিববধজনিতপালৈ: ।৩৫॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকাবাং ভারতকৌমুদীসমাধ্যাবামস্থাসনপর্বাণি দানধর্মে পঞ্চসপ্ততিতমোহধ্যায়: ॥০॥

-:\*:--

চাত্রিতি। ভীমশু রাজ্যাভাবাৎ পার্থিবপদং ক্ষত্রিযঞ্জের্গপরম্ ॥১॥

যুধিষ্টিরেপেতি। শাস্তনোরপত্যমিতি শাস্তনবং ॥২॥

শৃণুষেতি। বশশুং বশস্করম্, পুত্রেভ্যো হিত্মিতি পুত্রীযম্ ॥৩॥

প্ৰশুবাম তখন স্বৰ্ণ দান কবিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া স্বৰ্গলোকে মান্তবেৰ তুৰ্লভ উত্তম স্থান লাভ কবিয়াছিলেন' ॥৩৫॥

#### \_\_\_\_°\*°\_\_\_

যুধিষ্ঠিব বলিলেন—'ধর্মাত্মন্! ক্ষত্রিযশ্রেষ্ঠ। আপনি যে প্রকাবে চাবি-বর্ণেব ধর্ম বলিযাছেন; সেই প্রকাবেই আমাব নিকট সমস্ত প্রাদ্ধবিষয বলুন'॥১॥

বৈশম্পায়ন বলিলেন—'যুধিষ্ঠিব এইকপ' বলিলে, তখন শাস্তমুনন্দন ভীম্ম এই শ্রাদ্ধ বিষয় সমস্ত বলিবাব উপক্রম কবিলেন ॥২॥

ভীশ্ব বলিলেন—'শক্রসন্তাপকবাজা ৷ তুমি অবহিত হইয়া মঙ্গলজনক,

দেবাস্থরসমুখাণাং গদ্ধর্কোরগরক্ষসাম্।
পিশাচকিন্নরাণাঞ্চ পূজ্যা বৈ পিতরঃ দদা ॥৪॥
পিতৃন্ পূজ্যাদিতঃ পশ্চাদেবতা ন্তর্পয়ন্তি বৈ।
তত্মান্তান্ সর্বযজ্ঞেন পুরুষঃ পূজ্যেৎ দদা ॥৫॥
অম্বাহার্যাং মহারাজ। পিতৃণাং প্রাদ্ধমুচ্যতে।
তত্মাদ্বিশেষবিধিনা বিধিঃ প্রথমকল্লিতঃ ॥৬॥
সর্বেষহঃপ্র প্রীয়ন্তে কতে প্রাদ্ধে পিতামহাঃ।
প্রবক্ষ্যামি তু তে সর্বাংক্তিথ্যাতিথ্যগুণাগুণান্॥৭॥

# ভাবতকোমুদী

**(एटिडि) शृक्याः धौक्षांकिना मट्डावनीयाः ॥॥** 

পিতৃনিতি। পূজা পূজ্যিষা। এতেন দেবেভ্যোহণি পিতৃণামভার্হিতমং স্টেডম্।।

অধাহার্যামিতি। "যজু কিং কর্মণামাদৌ যা চাল্ডে দক্ষিণা ভবেং। অমাবস্তাং বিতীয়ং

যদঘাহার্য্যং বিত্ত্র্যাঃ ।" ইতি কাত্যাযনবচনৈকবাক্যমাং আক্রপদং তাদৃশপ্রাদ্ধপরম্। বিশেষবিধিনা "সর্বাণ্যেবাধাহার্যবিভি" ইতি গোভিলাদিবাক্যেন, স বিধিঃ প্রথমক্রিত উপন্যনাদিকর্মণামাদৌ বিহিতঃ ।।

সর্কেষিতি। পিতামহা: পিতর:। তিথিষু ভবাতিথ্যাশ্চ অতিথিষু অপ্রশন্ততিথিয়ু ভবশ্চাতিথ্যা: তাদৃশা যে গুণা অগুণা দোষাশ্চ তান্ ॥৭॥

#### ভাবতভাবদীপঃ

চাতৃর্বর্ণাক্তেতি ॥১—৪॥ আদিত: অমাবাস্থাবাং পশ্চাৎ প্রতিপদি, ষদা ধণ্ডদর্শে পূর্বার্ছে ইষ্টি: পশ্চাৎ পিতৃপক্ষ: ॥৫॥ অন্বাহার্য্যং পশ্চাৎ কর্ত্তব্যমণি বন্ধানেবং তন্মাৎ প্রথমকরিতঃ সামান্তবিধি: অমাবাস্থায়াং বদহশুদ্রমসং ন পশ্চতি তদহবপরাহে পিণ্ডণিতৃষজ্ঞং কৃকত ইতি বিশেষবিধিনা বাধ্যত ইত্যন্বাহার্য্যত্বস্বিপি পিতৃষজ্ঞ ভবতীত্যর্থ: ॥৬॥ তিথীনামতিথীনাঞ্চ

ধন্ত, যশেব কারণ ও পুত্রগণেব হিতকব পিতৃযজ্ঞনামক আদ্ধবিষয় আবণ কর॥৩॥

দেবতা, অসুর, মনুষ্য, গন্ধর্ব, নাগ, রাক্ষ্য, পিশাচ ও কিররগণের সর্বদাই পিতৃলোকের পূজা কবা উচিত ॥৪॥

ঋষিবা প্রথমে পিভৃগণেব পূজা কবিয়া পবে দেবগণেব পূজা কবেন; অতএব মানুষ সর্বপ্রয়ত্ত্বে সর্ব্বদা পিভৃগণেব পূজা কবিবে ॥৫॥

মহাবাজ! পিতৃশ্রাদ্ধকে 'অন্বাহার্য্য' বলা হয়; সতএব বিশেষ বিধিদাবা তাহাব বিধান প্রথমে কবা হইয়াছে ॥৬॥

মকল তিথিতেই শ্রাদ্ধ করিলে পিতৃলোকেবা সন্তুষ্ট হন। রাজা। আমি

যেষহংশ্ কৃতিঃ প্রাদ্ধির্যৎ কলং প্রাপ্যতেইনঘ।।
তৎ সর্বাং কীর্ভিষিয়ামি যথাবত্তনিবাধ মে ॥৮॥
পিতৃনর্চ্চা প্রতিপদি প্রাপ্নু যাৎ শুগৃহে স্ত্রিয়ঃ।
অভিরপপ্রজায়িত্যা দর্শনীয়া বহুপ্রজাঃ ॥৯॥
স্ত্রিয়া দ্বিতীয়াং জায়ন্তে তৃতীয়ায়ান্ত বাজিনঃ।
চতুর্থ্যাং ক্লুপ্রপশবো ভবন্তি বহবো গৃহে ॥১০॥
পঞ্চ্যাং বহবঃ পুত্রা জায়ন্তে কুর্বতাং নৃপ।।
কুর্বাণান্ত নরাঃ ষষ্ঠ্যাং ভবন্তি চ্যুতিভাগিনঃ॥১১॥
কৃষিভাগী ভবেচ্ছু দ্বাং কুর্বাণঃ সপ্তমীং নৃপ।।
অফায়ান্ত প্রক্রাণো বাণিজ্যে লাভ্যাপ্রু যাৎ॥১২॥
নবম্যাং কুর্বতঃ প্রাদ্ধং ভবত্যকশকং বহু।
বিবর্দ্ধন্তে তু দশমীং গাবঃ প্রাদ্ধানি কুর্বতঃ॥১০॥

#### ভাবতকোমূদী

যেষিতি। অহঃস্থ তিথিষু "ডিথিশান্দ্রমসং দিন"মিতি শ্বতে: ।৮।

পিত্বনিতি। অর্চ্চ। প্রাকাদিনা অর্চ্চযিতা। ভাশ্চ প্রিয়ং অভিরপান্ সনোজ্ঞান্ সন্তানান্ প্রজনযন্তীতি অভিরপপ্রজাযিতা। অধিসিদং পদস্। দর্শনীযাঃ স্বন্ধাঃ বছপ্রজাশ্চ ভবন্তি ॥>॥

স্ত্ৰিয় ইতি। বিতীয়াং তিথিং প্ৰাণ্য আহে ক্বতে শ্লিয়ো জায়ন্তে ॥>•॥

পঞ্চম্যামিতি। কুর্বতাং কুর্বাণা ইত্যুভ্যত্তাপি শ্রাদ্ধমিতি শেবং ॥১১॥ ক্ববীতি। ক্ববিভাগী ক্বিকার্ব্যে লাভবান্। সপ্তমীং প্রাণ্যেতি শেবং ॥১২॥

জোমাব নিকটে প্রশস্ত তিথিব গুণ ও অপ্রশস্ত তিথিব দোষসকল বলিতেছি॥৭॥

নিষ্পাপ বাজা। যে তিথিতে শ্রাদ্ধ কবিলে যে ফল লাভ হয, সে সমস্তই আমি যথাযথভাবে বলিতেছি; তুমি আমাব নিকট শ্রবণ কর ॥৮॥

মানুষ, প্রতিপদে শ্রাদ্ধ কবিষা স্বকীয় স্থানৰ গৃহে বহু স্ত্রী লাভ কবে। সেই স্ত্রী সকল স্থানবী হয় এবং স্থানৰ স্থানৰ প্রসাব কবিষা বহু সন্তানশালিনী হইয়া থাকে ॥৯॥

দ্বিতীয়াতে প্রাদ্ধ করিলে, অনেক অশ্ব হইযা থাকে এবং চতুর্থীতে প্রাদ্ধ কবিলে গৃহে বহুতব ফুল্র পশু হয় ॥১০॥

বাজা! পঞ্চনীতে শ্রাদ্ধকাবী লোকদিগের বহুতব পুত্র হয় এবং যস্তীতে শ্রাদ্ধকাবী লোকেবা তেজস্বী হইয়া থাকে ॥১১॥

নবনাথ ৷ মানুষ সপ্তমীতে গ্রাদ্ধ কবিষা কৃষিকার্য্যে লাভবান্ হয় এবং অষ্ট্রমীতে গ্রাদ্ধকাবী বাণিজ্যে লাভ কবিষা থাকে ॥১২ কুপ্যভাগী ভবেমর্ত্যঃ কুর্বমেকাদশীং নৃপ !।
ব্রহ্মবর্চম্বিনঃ পুত্রা জায়ন্তে তস্ত বেশানি ॥১৪॥
বাদশ্যামীহ্যানস্থ নিত্যমেব প্রদৃশ্যতে।
রজতং বহুবিত্তঞ্চ স্বর্নঞ্চ মনোহরম্ ॥১৫॥
জ্ঞাতীনান্ত ভবেচ্ছে ঠঃ কুর্বন্ প্রাদ্ধং ত্রেরাদশীম্।
অবশ্যন্ত যুবানোহস্থ প্রমীয়ন্তে নরা গৃহে ॥১৬॥
যুদ্ধভাগী ভবেমর্ত্যঃ কুর্বন্ প্রাদ্ধং চতুর্দিশীম্।
অমাবাস্থান্ত নির্বাপাৎ সর্বকামানবাপ্নু য়াৎ ॥১৭॥
রক্ষপক্ষে দশয্যাদো বর্জয়িছা চতুর্দিশীম্।
প্রাদ্ধকর্মণি তিথ্যস্ত প্রশস্তা ন তথেতরাঃ ॥১৮॥

# ভারতকোমুদী

নবম্যামিতি। একশফং ঘোটকাদিধনম্। দশমীং প্রাপ্য শ্রানানি কুর্বতো জনক্ত গাবো বিবর্দ্ধস্কে ॥১৩॥

কুণ্যেতি। কুণ্যভাগী স্বর্ণরন্ধভিন্নধনযুক্ত:। "কুণ্যভ ইতি কুণান্, স্বর্ণরন্ধভাভ্যা-মক্সন্ত্যভ" ইতি তুর্গ: ॥১৪॥

বাদখামিতি। দিহ্যানক আদং কর্ত্তুং চেইগাণক আদং ক্র্বত ইত্যর্থ: 1261 আতীনামিতি। ত্রয়োদশীং প্রাপ্য। প্রমীয়ন্তে গ্রিয়ন্তে 1291 যুদ্ধেতি। নির্বাপাৎ পিতৃত্য: প্রাদ্ধিগুদিদানাৎ 11291 ক্রেতি। দশম্যাদৌ তিথিবট্কে। তিথা: পঞ্চ 1261

#### ভাবতভাবদীপ:

গুণানগুণাংশ্চ প্রবক্ষ্যামি ॥৭—৮॥ স্থগৃহে দ্বিযো ভার্ষ্যা: ॥२॥ স্থিযো ছহিতর: ॥১০—১৬॥ কুপ্যং বস্ত্রপাত্তাদি ॥১৪—১৫॥ চতুর্দ্দশীশ্রাদ্ধং নিন্দত্যবশ্রমিতি ॥১৬—১৭॥ দশম্যাদৌ

নবমীতে প্রাদ্ধকাবী লোকেব ঘোটকাদি বহুতব পশুধন হইয়া থাকে এবং দশমীতে প্রাদ্ধকাবী লোকের গোধন বৃদ্ধি পায় ॥১৩॥

রাজা! একাদশীতে প্রাদ্ধ কবিয়া মানুষ স্বর্ণ ও বৌপ্য ভিন্ন অস্থ ধন লাভ করে এবং তাহাব গৃহে ব্রহ্মতেজে তেজীয়ান্ পুত্র জন্মে ॥১৪॥

দাদশীতে প্রাদ্ধকাবী মানুষের গৃহে সর্ববদাই মনোহব স্থবর্ণ, রঞ্জত ও অগ্য বহু বিত্ত দেখা যায়॥১৫॥

মানুষ, ত্রয়োদশী তিথিতে শ্রাদ্ধ করিয়া জ্ঞাতিগণের মধ্যে শ্রেষ্ঠ হইতে পারে বটে; কিন্তু তাহার গৃতে নিশ্চয়ই যুবকেবা মবিয়া যায় ॥১৬॥

মানুষ চতুৰ্দ্দশীতে প্ৰান্ধ কবিয়া যুদ্ধভাগী হয় এবং অমাবাস্থায় প্ৰান্ধ করিয়া সমস্ত অভীষ্ট লাভ করে ॥২৭॥ যথা চৈবাপরঃ পক্ষঃ পূর্বপক্ষাদ্বিশিষ্যতে। তথা শ্রাদ্ধস্থ পূর্বাহ্লাদপরাহ্লো বিশিষ্যতে॥১৯॥ যুধিষ্ঠির উবাচ।

কিং স্বিদ্দন্তং পিতৃভ্যো বৈ ভবত্যক্ষধমীশ্বর !।
কিং হবিশ্চিররাত্রাথ কিমানস্ত্যাথ কল্পতে ॥২০॥
ভীষ্ম উবাচ।

হবীংষি প্রাদ্ধকল্পে তু যানি প্রাদ্ধবিদো বিছঃ।
তানি মে শৃণু কাম্যানি ফলকৈব যুধিষ্ঠির। ॥২১॥
তিলৈব্রীহিষবৈদ িষেরন্তিমূলফলৈন্তথা।
দত্তেন মাসং প্রীযন্তে প্রাদ্ধেন পিতবো নৃপ। ॥২২॥

#### ভাবতকোমদী

ববেতি। অপর: কৃষ্ণ:, পূর্বপকাৎ শুক্রপকাৎ। প্রাদ্ধতা পার্ববিশ্বত সপিগুলির চ, "একোদিষ্টম্ভ মধ্যাহে প্রাতর্কিনিমিভক্স্" ইতি বিশেষবিধানাৎ ॥১৯॥

কিমিতি। হে ঈশর। কুরুবংশনিযাসক। হবির্দেষজ্ঞবাস্, চিররাজায় চিরায় "চিরায় চির-রাজায় চিরার্থকা" ইত্যমর: ॥২০॥

হবীংবীতি। কাম্যানি কাম্যক্লজনকানি ॥২১॥ তিলৈরিতি। অন্তির্জনে:। মাসং বাবং ॥২২॥

কৃষ্ণপক্ষে দশমীপ্রভৃতি ছয তিথিব মধ্যে চতুর্দ্দশী বর্জন করিয়া অপব পাঁচ তিথি প্রাদ্ধে যেমন প্রশস্ত, অন্য তিথি তেমন প্রশস্ত নহে ॥১৮॥

পার্কণ জ্ঞান্দেব পক্ষে যেমন শুক্লপক্ষ হইতে কৃষ্ণপক্ষ প্রশস্ত, তেমন পূর্বাহু হইতে অপরাহু প্রশস্ত ॥১৯॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ। পিতৃলোকদিগকে কোন্ বস্তু দান কবিলে তাহা অক্ষয় হয় ? কোন্ বস্তুই বা চিবস্থায়ী ফল উৎপাদন করে এবং কোন্ জব্যই বা অস্তনামক স্বৰ্গ জন্মাইতে সমৰ্থ হয়'॥২ ॥

ভীম বলিলেন—'যুধিষ্ঠিব! শ্রারবিধিজ্ঞ লোকেবা শ্রাদ্ধে যে সকল জব্য দাতব্য বলিযা মনে কবেন, তুমি আমাব নিকট সেই সকল কাম্য জব্য ও ফল শ্রাবণ কর ॥২১॥

বাজা। তিল, ধান্ত, যব, মায, জল, ফল ও মূলদ্বাবা আদি কবিলে, পিতৃ-লোকেবা একমাস সম্ভষ্ট থাকেন ॥২২॥

<sup>(</sup>১৯) ইতঃ পরং ' শ্রাদ্ধকখনে সপ্তাশীতিতমোহধ্যায়ঃ'—বন্ধ বর্দ্ধ, ' চতু স্থিংশদ্ধিক-শততমোহধ্যায়ঃ'—নি

वर्षमानिकाः श्रीक्षमक्षः मञ्जाबवी ।

मर्दिष्यव जू ভाष्णिय जिनाः श्रीमाण्यः मृजाः ॥२०॥

प्ति गार्मा जू ज्रवर ज्रिमं रिकाः भिज्नने इ ।

वीमामानिकिनाक्ष मृज्यामः मर्मिन इ ॥२८॥

जार्षात मामान् श्रीयर भर्षक भिज्ञा नृभ ! ।

वाजारण जू यथामान् मश्र वि माकूलन जू ॥२८॥

यामानको भार्षात ज्रीज्ञात्व नव श्राचा ।

गवयम जू मार्मिन ज्रिशः स्राक्षममामिकी ॥२७॥

मार्मिनकोषम श्रीजिः भिज्नाः गाहिष्य जू ।

गवान पर्व श्रीप्त जू म्युर्मिन महिष्य जू ।

गवान पर्व श्रीप्त जू म्युर्मिन महिष्य जू ।

# ভাবতকোমুদী

বৰ্দ্ধেতি। বৰ্দ্ধসানাঃ পরিমাণাধিকান্তিলা ষত্র তৎ ॥২৩॥

দ্বাবিতি। আবিকেন মেৰমাংসেন "অবযঃ শৈলমেষার্কা" ইত্যমর:। শশেন হরিণবিশেষ-মাংসেন ॥२৪॥

আজেনেতি। আজেন ছাগ্যাংসেন। শাকুলেন শকুলমংস্থেন ॥২৫॥

মাসানিতি। পার্বতেন পৃষতাখ্যহরিণমাংসেন, রৌরবেণ ক্রফনামকহরিণমাংসেন ॥২৬॥

मारमरनि । এकाष्य मामान् । भरदान माश्यम ॥२ ॥

মনু বলিয়াছেন—প্রচুব তিলদ্বাবা শ্রাদ্ধ কবিলে তাহা অক্ষয় ফল উৎপাদন কবে। কাবণ, পিতৃভোগ্য সমস্ত জব্যেব মধ্যে তিলই প্রধান ॥২৩॥

সংস্তদ্বাবা প্রাদ্ধ কবিলে ছই মাস পিতৃগণেব তৃপ্তি থাকে এবং মেষমাংস দ্বাবা প্রাদ্ধ কবিলে তিন মাস ও শশমাংসদ্বাবা প্রাদ্ধ কবিলে চারিমাস পিতৃ-লোকেবা তৃপ্ত থাকেন ॥২৪॥

বাজা। ছাগমাংসদ্বাবা প্রান্ধ কবিলে পিতৃগণ পাঁচমাস সন্তুষ্ট থাকেন এবং ববাহমাংসদ্বাবা প্রান্ধ কবিলে ছয় মাস ও শকুলমংস্কদ্বাবা প্রান্ধ কবিলে সাত মাস যাবৎ তাহারা সন্তোযভাগী হন ॥২৫॥

প্রভাবশালী বাজা। পৃষতমূগমাংসদ্বাবা প্রাদ্ধ কবিলে আটমাস, ককমূগ-মাংসদ্বাবা প্রাদ্ধ কবিলে নয়মাস এবং গবয় মাংসদ্বাবা প্রাদ্ধ কবিলে দশমাস যাবং পিতৃগণেব তৃপ্তি থাকে ॥২৬॥

মহিষ্মাংসদ্ধাবা প্রাদ্ধ কবিলে পিতৃগণেব এগাব মাস প্রীতি থাকে এবং গোমাংসদ্ধারা প্রাদ্ধ করিলে তাঁহারা এক বংসব পর্যান্ত সন্তুষ্ট থাকেন ॥২৭॥ যথা গব্যং তথা যুক্তং পাষসং সপিষা সহ।
বাঞ্জীণসম্ভ মাংসেন তৃপ্তিদ্ধ দিশবায়িকী ॥২৮॥
আনন্ত্যায় ভবেদ্দত্তং খজামাংসং পিতৃক্ষয়ে।
কালশাকঞ্চ লোহং চাপ্যানন্ত্যং ছাগ উচ্যতে ॥২৯॥
গাথাশ্চাপ্যত্ৰ গাযন্তি পিতৃগীতা যুধিষ্ঠির!।
সনৎকুমারো ভগবান্ পুরা ময্যভ্যভাষত ॥৩০॥
অপি নঃ স্বকুলে জায়াদ্যো নো দভাত্ৰযোদশীয়।
মঘাস্থ সপিঃসংযুক্তং পাষসং দক্ষিণায়নে ॥৩১॥
আজেন বাপি লোহেন মহাস্থেব যতত্ৰতঃ।
ছস্তিচ্ছায়াম্ব বিধিবৎ কর্ণব্যন্তনবীজিতম্॥৩২॥

#### ভাবতকৌমূদী

ৰথেতি। ৰথা গব্যং মাংসম্, তথা দৰ্শিষা সহ যুক্ত পাষসং প্রমান্নমণি ভৃপ্তিকরমিতি শেষঃ। বাঙ্গীণসম্ভ বুষভক্ত ॥২৮॥

আনস্ত্যায়েতি। থড়ামাংসং গগুকমাংসম্, পিতৃক্ষযে পিতৃমরণতিথোঁ। লোহং শাক-বিশেবঃ, ছাগশ্ছাগমাংসম্॥২৯॥

গাণা ইতি। গাণা গানববাচঃ, গাযন্তি সাধবঃ ॥৩०॥

অপীতি। অপি: দন্তাবনাযাম্। জায়াৎ জায়েত, ন: অস্মভ্যম্, ত্রয়োদশীং প্রাপ্যেতি শেষ: ॥৩১॥

#### ভাৰতভাৰদীপঃ

তিথিষট্কে ॥১৮—২৫॥ পৃষতশিজমুগস্তদীয়ং পার্যতম্, করু: রুক্তমূগন্তদীয়ং রৌরবম্ ॥২৬-২৭॥ বাধীণসং বঞ্জা স্থাতনাসিকো মহোক্ষঃ, পক্ষিবিশেষোহন্দবিশেষশ্চেত্যন্তে ॥২৮॥ পিতৃক্ষে মৃত্তিথো, কালশাকং 'চুকা' ইতি ভাষমা প্রসিদ্ধম্, তৎসদৃশ্যেব তদভদিত্যন্তে। লোহং

গো-মাংস যেমন, তেমন মৃতেব সহিত সংযুক্ত পাযস আছে প্রশস্ত ; আব বুষমাংসদ্বাবা আছ কবিলে পিতৃলোকেব বাব বংসব প্রীতি থাকে ॥২৮॥

পিতার মৃত্যুতিথিতে পিতৃগণেব উদ্দেশে প্রান্ধে গণ্ডাবেব মাংস দিলে, তাহা অনস্তনামক স্বর্গজনক হয় এবং কালশাক, লৌহশাক ও ছাগমাংসও অনস্ত স্বর্গজনক বলিয়া কথিত হইবাছে ॥২৯॥

যুধিষ্ঠিব। এই বিষয়ে সজ্জনেবা পিতৃগণগীত গাথাও গাহিষা থাকেন এবং ভগবান্ সনংকুমাৰও পূৰ্কে আমাৰ নিকট সেই গাথ। বলিযাছেন ॥৩০॥

এমন কেহ আমাদেব বংশে জন্মিবে, যে আমাদিগকে দক্ষিণায়নে অযোদশী তিথিতে মঘানক্ষত্রে যুতসংযুক্ত পায়স দান করিবে ॥৩১॥ এইব্যা বহবঃ পুত্রা যগ্নপ্যেকো গরাং ব্রজেৎ।
যত্রাসোঁ প্রথিতো লোকেম্বক্ষয্যকরণো বটঃ ॥২০॥
আপো মূলং ফলং মাংসমন্ধং চাপি পিতৃক্ষয়ে।
যৎকিঞ্চিন্মধূসংমিশ্রং তদানস্ত্যায় কল্পতে ॥২৪॥
যমস্ত যানি শ্রোনানি প্রোবাচ শশবিন্দবে।
তানি মে শৃণু কাম্যানি নক্ষত্রেয় পৃথক্ পৃথক্ ॥২৫॥
শ্রানাধায় সাপত্যো যজেত বিগতজ্বঃ ॥২৬॥

# ভাবতকোমুদী

আজেনেতি। আজেন ছাগমাংসেন লৌহেন কাঞ্চনপূষ্পেণ। হস্তিচ্ছায়া নাম বোগবিশেষ:। তথা চ কুত্যচিস্তামণৌ প্রান্ধবিবেকে চ—"কুঞ্চণকে ত্রযোদখাং মঘাস্বিদ্যু করে
রবি:। যদা তদা গল্লছা প্রান্ধে পুনৈয়রবাপ্যতে।" হস্তিনঃ কর্ণ এব ব্যল্কনং তেন বীজিতং
সঞ্চালিতবাতম্, প্রান্ধং দখাদিত্যসূত্রভি:। এতেন গল্লছায়াপদং গল্পকৃতানাতপণরমণি
বোধ্যম্। এভচ্চ তত্ত্রিব স্তইবাম্। ৩২॥

এষ্টব্যা ইতি। অক্ষয়করণঃ অক্ষয়ফলজনকঃ ॥৩০॥ আপ ইতি। পিতৃক্ষয়ে পিতৃষরণতিথো ॥৩৪॥ যম ইতি। শশবিন্দবে শশবিন্দুনামকায় রাজ্ঞে ॥৩৫॥

সংযত থাকিয়া মঘানক্ষত্রে হস্তিচ্ছায়াযোগে যথাবিধানে হস্তীর কর্ণ সঞ্চালনে বায়ু সংস্পৃষ্টভাবে ছাগমাংস বা কাঞ্চনপুষ্পদ্বাবা আমাদের শ্রাদ্ধ করিবে ॥৩২॥

মানুষের বহু পুত্র ইচ্ছা কবা উচিত। কাবণ, যদি ভাহাদেব একজনও আমাদিগকে পিগুদান কবিবাব জন্ম গয়ায় যায়। যে গয়াতে অক্ষয়ফলজনক ঐ বটবুক্ষ জগতে প্রাসিদ বহিয়াছে ॥৩৩॥.

পিতাব মৃত্যুতিথিতে জল, ফলমূল, মাংস বা অন্ন—ইহার যে কোন জব্য মধুসংযুক্ত করিয়া দান কবা হয়, তাহা অনস্ত ফল জন্মাইতে সমর্থ হইয়া থাকে ॥৩৪॥

যুখিষ্ঠিব। যম শশবিন্দু বাজার নিকট যে সকল শ্রাণের কথা বলিযাছেন, ভিন্ন ভিন্ন নক্ষত্রে কর্ত্তব্য সেই সকল কাম্যশ্রাকের বিষয় আমাব নিকট শ্রবণ কর ॥৩৫॥

<sup>(</sup>৩৪) ইতঃ পরং ' শ্রাদ্ধকখনে অষ্টাশীভিতমোহধ্যায়:। ভীম্ম উবাচ'—বন্ধ বর্দ্ধ, '…পঞ্চত্রিংশদ্ধিকশততমোহধ্যায়:। ভীম্ম উবাচ'—নি ।

অপত্যকানো রোহিণ্যাং তেজস্বানো মুগোন্তমে।
ক্রকর্মা দদচ্ছ্রাদ্ধমান্ত্রাযাং মানবো ভবেৎ ॥৩৭॥
কৃষিভাগী ভবেমর্ত্ত্যঃ কুর্বঞ্জ্রাদ্ধং পুনর্বসো।
পুষ্টিকামোহথ পুষ্যেণ প্রাদ্ধমীহেত মানবং ॥৩৮॥
অশ্লেষায়াং দদচ্ছ্রাদ্ধং ধীরান্ পুত্রান্ প্রজাযতে।
জ্ঞাতীনাস্ত ভবেচ্ছ্রেষ্ঠো মঘাস্থ প্রাদ্ধমাবপন্ ॥৩৯॥
কল্পনীযু দদচ্ছ্রাদ্ধং স্মভগঃ প্রাদ্ধদো ভবেৎ।
অপত্যভাগুত্তরাস্থ হস্তেন ফলভাগ্ ভবেৎ ॥৪০॥
চিত্রাযাস্ত দদচ্ছ্রাদ্ধং লভেজপ্রবতঃ স্মৃতান্।
স্বাতীধোগে পিত্বচ্চ্য বাণিজ্যমুপজীবতি॥৪১॥

#### ভাবতকৌমূদী

শ্রান্ধনিতি। অগ্নীনাধায় স্থাপয়িতা যজেত, স নর: সাপত্যঃ পূতাদিসহিত এব বিগতজর-স্থিরোহিতসন্তাপো ভবেৎ মঙ্গা

অপত্যেতি। মুগোজনে মুগশিরণি। ক্রকর্মা নির্চূরকার্য্যকারী ॥৩৭॥
কুষীতি। ক্বিভাগী কৃষিকর্মফলভাগী। ঈহেত কর্ত্তুং চেষ্টেত ॥৩৮॥
আমেবায়ামিতি। প্রজায়তে প্রজন্মতি। আবপন্ দদং ॥৩৯॥

ফরনীবিতি। ফরনীর্ পূর্বেফরনীনকতে, স্বভগঃ সোভাগ্যশালী। উত্তরাস্থ উত্তরফর্তনী-নকতে, হতেন হতানকতেণ মুক্তো মানবং প্রাবং কুর্বন্ ফলভাক্ কাম্যফলভাগী ভবেৎ ॥৪০॥

চিজাবামিতি। অর্চ্চা প্রান্ধেনার্চ্চবিদ্ধা, বাণিজামূপজীবতি বাণিজ্যেন লাভবান্ ভবতি ॥৪১॥

যে লোক সর্বদা কৃত্তিকানক্ষত্রে প্রাদ্ধ কবে এবং অগ্নিস্থাপনপূর্বক যজ্ঞ করিয়া থাকে, সেই লোক পুত্রাদি সস্তানগণেব সহিতই সম্ভাপশৃক্ত হয় ॥৩৬॥

মান্থৰ সস্তান কামনা কবিয়া বোহিণীনক্ষত্তে এবং ভেজ কামনা করিয়া মৃগশিরানক্ষত্তে আদ কবিবে; কিন্তু আর্জনিক্ষত্তে আদ করিলে নিষ্ঠ্র কার্য্যকারী হইবে ॥৩৭॥

মানুষ পুনর্বস্থনক্ষত্রে আদ কবিয়া কৃষিফলভাগী হইবে এবং পুষ্টি কামনা করিয়া পুয়ানক্ষত্রে আদ্ধ কবিবে ॥৩৮॥

মানুষ অশ্লেষানক্ষত্ৰে প্ৰাদ্ধ কবিয়া বহুতব পণ্ডিত পুত্ৰ উৎপাদন কবিতে পাবে; আব মঘানক্ষত্ৰে প্ৰাদ্ধ কবিয়া জ্ঞাতিগণেৰ মধ্যে প্ৰেষ্ঠ হইতে সমৰ্থ হয় ১৯৯৪

পূর্ববিদন্তনী নক্ষত্রে প্রাদ্ধ কবিষা সৌভাগ্যশালী হয়, উত্তবফল্পনী নক্ষত্রে প্রাদ্ধ কবিষা সম্ভানভাগী হইষা থাকে এবং হস্তানক্ষত্রে প্রাদ্ধ কবিষা অভীষ্ট ফলভাগী হইতে পাবে ॥৪০॥ বহুপুত্রো বিশাখাস্থ পুত্রমীহন্ ভবেদ্নরঃ।
অনুরাধাস্থ কুর্বাণো রাজচক্রং প্রবর্তয়ে ॥৪২॥
আধিপত্যং ব্রজেন্মর্ত্তো জ্যেষ্ঠায়াসপবর্জ্জয়ন্।
নরঃ কুরুকুলপ্রেষ্ঠ ! ঝদ্ধোদনপুরঃসরঃ ॥৪এ॥
মূলে ছারোগ্যমুচ্ছেত যশোহ্ষাঢ়াস্থ চোত্তমম্।
উত্তরাস্থ ছষাঢ়াস্থ বীতশোকশ্চরেন্মহীন্ ॥৪৪॥
শ্রাদ্ধং ছভিজিতা কুর্বন্ বিচ্চাং প্রেষ্ঠামবাপ্থ য়াং।
শ্রবণেষ্ দদচছ াদ্ধং প্রেত্য গচ্ছেৎ স্নসদ্গতিষ্ ॥৪৫॥
রাজ্যভাগী ধনিষ্ঠায়াং ভবেত নিযতং নরঃ।
নক্ষত্রে বারুণে কুর্বন্ ভিষক্ সিদ্ধিমবাপ্থ য়াং ॥৪৬॥

### ভাৰতকৌমুদী

বহিবতি। পুত্রমীহন্ লব্ধু: চেষ্টমানো নর:, বিশাধাস্থ আদ্ধকরণেন বহুপুত্রো ভবেং।এ তথা অসুরাধাস্থ আদ্ধং কুর্বাণঃ রাজচক্রং রাজ্যং প্রবর্ত্তবেং অর্জ্জবেং ॥৪২॥

অধীতি। হে ক্রুক্লশ্রেষ্ঠ ! মর্ব্তো। মানব:, জ্যেষ্ঠায়ামপবর্জ্যন্ আরুং দদং, আধিপতাং প্রভূত্বং ব্রজেৎ লভেত, তথা স নর:, ঋদং বৃদ্ধিপ্রাপ্তম্ ওদনমরং প্র:সরং যক্ত স তাদৃশো ভবেৎ ॥৪৩॥

মৃন ইতি। মৃদে মৃনানকত্তে প্রান্ধং কৃর্বন্ আরোগ্যম্, অষাঢ়ার পূর্ববাষাচানকতে, আর্বোংয়ং প্রযোগঃ, প্রান্ধং কৃর্বন্ উত্তয়ং বশশ্চ ঋচ্ছেত লভেত; তথা উত্তরাস্থ অবাঢ়ার, উত্তরাধাঢ়ানকতে প্রান্ধং কৃর্বন্ বীতশোকো হীনশোকঃ সন্, মহাং চবেৎ ॥৪৪॥

আদ্বণিতি। অভিজিতা তদাধোন নক্ষত্রেণ। প্রেত্য পরলোকে ॥৪৫॥ বাজোতি। বারুণে শতভিষাধ্যে, ভিষক্ চিকিৎসকঃ ॥৪৬॥

মান্ন্ব চিত্রানক্ষত্রে প্রাদ্ধ কবিয়া বহুতর কপবান্ পুত্র লাভ কবে এবং স্বাডীনক্ষত্রে প্রাদ্ধ কবিয়া বাণিজ্যে লাভ কবিতে পাবে ॥৪১॥

মান্য পুত্ৰ কামনা কবিয়া বিশাখানক্ষত্ৰে প্ৰান্ধ কবিলে বহু পুত্ৰশালী হয় এবং সমুবাধানক্ষত্ৰে প্ৰান্ধ কবিলে রাজ্ছ ভাৰ্জন কবে ॥৪২॥

কুরুবংশশ্রেষ্ঠ। মানুষ জ্যোষ্ঠানক্ষত্রে প্রাদ্ধ করিয়া প্রভূত লাভ কবে এবং সেই মানুষ প্রচূব ধান্তসম্পত্তিব অধিকাবী হয়॥৪৩॥

মান্ত্ৰ মূলানক্ষত্ৰে প্ৰাদ্ধ কৰিয়া আবোগা লাভ করে, পূৰ্ববাদানক্ষত্ৰে প্ৰাদ্ধ কৰিয়া উত্তম যশ প্ৰাপ্ত হয় এবং উত্তৰাষাঢ়ানক্ষত্ৰে প্ৰাদ্ধ কৰিয়া শোক-বিহীন অবস্থায় পৃথিবী বিচৰণ কৰে ॥৪৪॥

মায়ুয় অভিজিনকত্তে প্রাদ্ধ কবিয়া প্রেষ্ঠ বিদ্যা লাভ কবিতে পাবে এবং প্রবণানকত্তে প্রাদ্ধ কবিয়া গবলোকে অতি সদ্গতি প্রাপ্ত হয় ॥৪৫॥ পূর্ববিশেষ্ঠপদাঃ কুর্বন্ বহুন্ বিন্দত্যজাবিকান্। উত্তরাস্থ প্রকুর্বাণো বিন্দতে গাঃ সহস্রশঃ ॥৪৭॥ বহুকুপ্যকৃতং বিত্তং বিন্দতে রেবতীং শ্রিতঃ। অখিনীম্বশ্বান্ বিন্দেত ভরণীম্বাযুক্তমন্ ॥৪৮॥ ইনং প্রাদ্ধবিধিং শ্রুত্বা শশবিন্দুস্তথাকরোৎ। অক্রেশেনাজ্যক্ষাপি মহাং সোহসুশশাস হ ॥৪৯॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামনুশাসন-পর্ববি দানধর্ম্মে শ্রাদ্ধকথনে ষট্সপ্ততিতমোহধ্যাযঃ॥॰॥ \*

#### ভাবতকোমুদী

পূর্বেতি। পূর্বপ্রোষ্ঠপদাঃ পূর্বভান্তপদং নক্ষত্রং প্রাপ্য। অজ্ঞাবিকান্ ছাগমেধান ॥৪৭॥ বহিবতি। বহুকুপ্যকৃতং স্বর্ণবিজ্ঞভভিন্নবছন্দ্রবাঘটিতম্ ॥৪৮॥

ইস্মিতি। শশ্বিদুর্নাম রাজা, তথা শ্রাদ্ধম্ ॥৪৯॥

ইতি মহামহোপাখ্যাৰ-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভাবতটীকাষাং ভারতকৌমূদীসমাখ্যাধামমূশাসনপর্কণি
দানধর্ষে ষটুসপ্রতিভমোহধ্যারঃ #•#

# ভাবতভাবদীপঃ

কাঞ্চনবৃক্ষধং পূষ্ণাদিশাকম্, ছাগোহপ্যানস্তাং তৎফলমিতি শেষ ॥২৯—৩১॥ তং পাষসাদিকং দন্ধাদিতি পূৰ্ব্বেণান্বয়; ॥৩২—৬৯॥ ফল ভাগিষ্টাৰ্থভাক্ ॥৪০—৪৫॥ বাৰুণে শতভি-বিদ্ধান্তভ—৪৯॥

> ইতি শ্রীমহাভারতে অফুশাসনপর্কণি দানধর্ণে নৈলক্ষীযে ভাবতভাবদীপে বটুসপ্ততিতযোহধ্যায়ঃ ॥৭৬॥

শান্থৰ ধনিষ্ঠাতে প্ৰাদ্ধ কবিষা নিশ্চয়ই বাজ্যভাগী হয় এবং চিকিৎসক শতভিষানক্ষত্ৰে প্ৰাদ্ধ কবিয়া সিদ্ধিলাভ কবেন ॥৪৬॥

পূর্বভাজপদনক্ষত্রে প্রাদ্ধ কবিয়া মানুষ বহুতব ছাগ ও মেয লাভ করে এবং উত্তবভাজপদনক্ষত্রে প্রাদ্ধ করিয়া সহস্র সহস্র গো লাভ কবিতে পাবে ॥৪৭॥

বেবভীনক্ষত্ৰ আশ্ৰয় কবিয়া শ্ৰাদ্ধ কবিলে মানুষ স্বৰ্ণ ও বৌপ্য ভিন্ন ধন লাভ করে, অধিনীনক্ষত্ৰে শ্ৰাদ্ধ কবিয়া বহুতব অশ্ব প্ৰাপ্ত হয় এবং ভবণী-নক্ষত্ৰে শ্ৰাদ্ধ কবিয়া উত্তম আযু লাভ কবিতে পারে ॥৪৮॥

শশবিন্দু বাজা যামেব নিকট এই প্রান্ধবিধি প্রবণপূর্বক সেই ভাবে প্রান্ধ কবিয়াছিলেন, ভাহাতে তিনি অনায়াসে পৃথিবী জয় করেন ও সেই পৃথিবী শাসন কবিতেন' ॥৪৯॥

 <sup>&</sup>quot;···একোননবভিতমোহধ্যায়'—বঙ্গ বর্দ্ধ, ' বট্জিংশদ্ধিকশভতমোহধ্যায়:'—নি।

# সপ্তসপ্ততিতমোহধ্যায়ঃ,

#### 

# যুধিষ্ঠির উবাচ।

কীদৃশেভ্যঃ প্রদাতব্যং ভবেচ্ছ্রাদ্ধং পিতামহ!।
দিজেভ্যঃ কুরুশাদূল! তন্মে ব্যাখ্যাতুমর্হসি॥১॥
ভীম্ম উবাচ।

ব্রাহ্মণান্ন পরীক্ষেত ক্ষত্রিয়ো দানধর্মবিং।
দৈবে কর্মণি পিত্রো তু স্থায্যমাহুঃ পরীক্ষণম্ ॥२॥
দেবতাঃ পূজয়ন্তীহ দৈবেনৈবেহ তেজসা।
উপেত্য তন্মাদেবেভ্যঃ সর্বেভ্যো দাপয়েরঃ ॥৩॥
শ্রোদ্ধে ত্বথ মহারাজ। পরীক্ষেদ্ব্রাহ্মণান্ বৃধঃ।
কুলশীলবয়োরূপৈর্বিস্থয়াভিজনেন চ ॥৪॥

# ভাবতকৌমুদী

কীদুশেভ্য ইতি। বিজেভ্যো বান্ধণেভ্য:, ব্যাখ্যাতৃং বজুম্ ॥১॥

ব্ৰাহ্মণানিতি। পিত্ৰ্যে কৰ্মণি তু ব্ৰাহ্মণানাং পরীহ্মণং স্থায্যমাহ্ম্ন্যং, দেবানাং ভজেঃ পিতৃণাভ ভদ্মেরাদৃত্থাদিতি ভাবঃ ॥২॥

দেবতা ইতি। মানবা দৈবেনৈর দেবদন্তেনৈর তেজ্বসা শক্ত্যা দেবতাঃ পূজ্যন্তি দেবদন্ত-শক্ত্যন্ত্রপমের পূজ্যন্তীতি ন তত্ত্ব সম্প্রদানগুণাপেক্ষেতি ভাবঃ। তত্মাদ্দেবেভ্যো দেবাহদিশ্র উপেত্য সর্বেভ্য এব ব্রাহ্মণেভ্যো দাপষেৎ দ্যাৎ ।গা

শ্রাদ্ধ ইতি। অভিজনেন জন্মভূম্যা, "অভিজন: কুলে খ্যাতৌ জন্মভূম্যাং কুলধ্বজে" ইতি বিশ্ব: ॥৪॥

যুধিষ্ঠিব বলিলেন—'কৌববশ্রেষ্ঠ পিতামহ। কি প্রকার ব্রাহ্মণগণকে প্রান্ধ দান কবিতে হয়, তাহা আপনি আমাব নিকট বলুন' ॥১॥

ভীম বলিলেন—'দান্ধর্মজ্ঞ ক্ষত্রিয়, দেবকার্য্যে ব্রাহ্মণগণের পবীক্ষা কবিবে না; কিন্তু পিতৃকার্য্যে ব্রাহ্মণগণের পবীক্ষা কবা উচিত, ইহা মুনিবা বলেন ॥২॥

এই জগতে মামুষ, দেবগণদন্ধ শক্তি অনুসাবেই দেবগণেব পূ্জা কবে; অতএব দেবগণেব প্রীতি উদ্দেশে উপস্থিত হইয়া সর্বপ্রকার ব্রাহ্মণকেই দান কবিবে ॥৩॥

তেষামন্তে পংক্তিদূষান্তথাত্যে পংক্তিপাবনাঃ। অপাংক্তেয়াস্ত যে রাজন্! কীর্ত্তযিয়ামি তান্ শৃণু ॥৫॥ কিতবো জ্রণহা যক্ষ্মী পশুপালো নিরাক্বতিঃ। আমপ্রেয়ো বার্দ্ধ্র বিকো গায়নঃ সর্ববিক্রয়ী 🕪 🛚 অগারদাহী গরদঃ কুণ্ডাশী সোমবিক্রযী। দামুদ্রিকো রাজভৃত্যন্তৈলিকঃ কৃটকারকঃ ॥৭॥ পিত্রা বিবদমান চ ষম্ভ চোপপতিগৃহে। অভিশস্তত্তথা স্তেনঃ শিল্পং যশ্চোপজীবতি ॥৮॥

#### ভাবতকৌমুদী

তেষামিতি। তেষাং ব্রাহ্মণানাং মধ্যে, শংকিং শ্রেণীং দ্বয়স্তীতি তে ॥৫॥ কিতব ইতি। কিতবো ধ্র্বঃ, নিরাক্রিবতে অধ্যয়নমনেনেতি নিরাক্তিঃ, গ্রামপ্রেক্সো वहरनाकारम्भानकः, बार्क् विरका वर्षनाय धनश्रासाका, शायत्मा शारनाशकीयो ॥॥

चनारत्जि। चनात्रनारी गृरलार्कः, भत्रामा मात्रनाय विवनाजा, क्छानी धनश्रद्यन ভগচোৰক:। সামুদ্রিকো দেহলক্ষণকথনোপঙ্গীবী, তৈলিকভৈলবিক্রয়োগজীবী, কুটকারক-फुरनमार्थशाही ॥१॥

ণিত্রেডি। অভিশন্তঃ অভিশন্তঃ, তেনশ্চৌর:নাচনা ভাবতভাবদীপঃ

কীদৃশেভ্য ইতি ॥১—২॥ দেবতা ইতি। অভাগ্যা দেবতাপুদ্দেনৰু শ্ৰদাং ন কুৰ্বস্তীভ্যৰ্থ:। বিপ্রান্ পুরুষম্ভি উপেত্যা উপস্থায়, নেবেভ্যো নেবাছদিকা, নর্বেভ্যো বিপ্রেভ্য: ১৩—৪৪ शःकिन्याः कानानग्रः, ज्ञारकित्रा वृक्त्रानः शःकारवात्राः ॥ । निताकृष्ठित्रश्यन्तिभृकः,

किन्छ মহাবাজ! वृषिमान् मासूय आदि कूल, बील, वयम, कल, विशा छ জশ্বভূমিদ্বাবা ব্রাহ্মণগণের পবীক্ষা করিবে ॥॥॥

সেই ত্রাহ্মণদের মধ্যে অনেকে পংক্তিদ্যক, আবাব অনেকে পংক্তিপাবন থাকেন। রাজা। যাঁহাবা পংক্তিদূষক, আমি তাঁহাদেব কথা বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৫॥

धृर्ख, ज्ञनश्जाकारी, यक्तरवानश्चल, পশুপালক, বেদাধ্যয়নবিমুখ, বছ লোকেব আদেশকারী, সুদখোব, গানোপজীবী এবং সর্বন্ধব্যবিক্রয়কারী ॥৬॥

গৃহদাহক, মাৰণোদ্দেশ্যে বিষদাতা, অর্থগ্রহণপূর্ব্বক ভগচোধক, সোমরস-বিক্রমী, সামুজিকভাবে হস্তবেখাদিবিচাবক, রাজার ভৃত্য, তৈলব্যবসাযী ও ছলকারী ॥৭॥

পিতার সহিত বিবাদকারী, স্ত্রীর ব্যভিচারবশতঃ যাহার গৃহে উপপতি

পর্বকারশ্চ সূচী চ মিত্রগ্রুক্ পারদারিকঃ।
অব্রতানামুপাধ্যায়ঃ কাণ্ডপৃষ্ঠস্তথৈব চ॥৯॥
শভিশ্চ যঃ পরিক্রামেদ্যঃ শুনা দফ্ট এব চ।
পরিবিত্তিশ্চ যশ্চ স্থাদ্দুশ্দশা গুরুতন্ত্রগঃ॥১০॥
কুশীলবে৷ দেবলকো নক্ষত্রৈর্যন্ধিন্তির!।
রক্ষাংসি গচ্ছতে হব্যমিত্যাহুর্ত্র ক্ষবাদিনঃ॥১১॥
শ্রোদ্ধং ভুক্তা দ্বধীয়ীত ব্র্যলীতন্ত্রগশ্চ যঃ।
পুরীষে তম্ম তে মাসং পিতরস্তম্ম শেরতে॥১২॥

#### ভারতকোমুদী

পর্বেতি। পর্বকারো বছরপী, স্চী খল:। অবতানাং শৃক্রাদীনাম্, উপার্ধ্যাযো বেদা-ধ্যাপক:, কাগুপৃষ্ঠ: শঙ্কোপজীবী ॥२॥

খভিরিতি। খভি: কৃষ্ রৈ:, পরিকামেৎ থেলাদর্শনায় বিচরেৎ। পরিবিভির্জোঠ-সহোদরপরিত্যাগেন বিবাহকারী পরিবেতা, হৃশ্চর্মা বভাবতোহনার্তমেদু: ১১০।

কুশীতি। কুশীলবশ্চারণো বেতনগ্রহণেন দেশান্তরে কীর্ত্তিঘোষয়িতা, দেবলকো বেতনা-দানেন দেবপুঞ্জকঃ, নক্ষত্রৈর্নক্ষত্রগণনাভির্জ্যোতিষব্যবসাষেনেত্যর্থঃ। ভূক্তং হ্ব্যং রক্ষাংগি গচ্ছতে। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥>>॥

### ভাবতভাবদীপঃ

वार्क शिक्त वृक्षार्थर धनश्रासां ॥ भा कृष्णां भा का क्रमः, दिन क्षण्य क्ष्मं कर ॥ १ — ৮॥ भर्तकार्त्रा दिना खना खना खना खना है जिल्ला । प्रति भिक्ताः, व्यवणानाः मृत्यागाम्, काष्ण्यकः मञ्जाबीते ॥ भा मिलः भविकारम् भ्रामः कृषीनयः कृषी कानत्थन कर्तनः क्ष्मार्थः कृषीयनः नवत्कारः क्ष्मार्थे कार्विष्ट प्रति कार्यकारम् क्ष्मार्थः कृषीयनः नवत्कारः क्ष्मार्थे कार्विष्ट क्ष्मार्थः क्ष्मार्यः कृषीयनः नवत्कारः क्ष्मार्थे कार्विष्ट क्ष्मार्थः क्ष्मार्यः क्ष्मार्थः क्ष्मार्थः क्ष्मार्यः क्ष्मार्यः क्ष्मार्थः क्ष्मार्थः क्ष्मार्थः क्ष्मार

বহুবাপী, খল, মিত্রজোহী, প্রদারগামী, শূজাদির বেদাধ্যাপক এবং অস্ত্রোপজীবী ॥৯॥

যে ব্রাহ্মণ কুকুর লইয়া পরিভ্রমণ করে, যে ব্রাহ্মণকে কুরুরে দংশন কবে সে, জ্যেষ্ঠ সহোদরকে পরিত্যাগ কবিয়া যে কনিষ্ঠ সহোদব অগ্রে বিবাহ করে, যে স্বভাবতঃ অনারত শিশ্ব ও গুকভার্যাগামী ॥১০॥

যুধিষ্ঠিব। বেদবক্তাবা বলেন—চাবণ, দেবল এবং যে ব্রাহ্মণ জ্যোতিষ ব্যবসায়দ্বাবা জীবিকানির্বাহ কবে, এই প্রকাব অপাংক্তেয় ব্রাহ্মণেবা যে হব্য ভোজন করে, তাহারা রাক্ষসগামী হয় ॥১১॥ সোমবিক্রয়িশে বিষ্ঠা ভিষজে পৃষশোণিতম্।
নক্ষং দেবলকে দন্তমপ্রতিষ্ঠঞ্চ বার্দ্ধ্রে ॥১৩॥
যন্ত, বাণিজকে দন্তং নেহ নামুত্র তন্তবেৎ।
ভন্মনীর হুতং হবাং তথা পৌনর্ভবে দিজে ॥১৪॥
যে তু ধর্মব্যপেতেয় চারিত্রাপগতেয় চ।
হবাং কবাং প্রযাহন্তি তেষাং তৎ প্রেত্য নশাতি ॥১৫॥
জ্ঞানপূর্বস্ত যে তেভাঃ প্রযাহন্তাল্লবৃদ্ধয়ঃ।
পুরীষং ভুঞ্জতে তন্ত পিতরঃ প্রেত্য নিশ্চয়ঃ॥১৬॥

### ভাৰতকোমুদী

আদমিতি। গ্রামে আদামভোজনেনৈব স্থিদা অধীযীত, ৰক্ষ ব্যলীতলগঃ শুদ্রস্বীগামী, তত্ত্ব পুরীষে বিঠান্নান্, তত্ত্ব আদামদাতুং তে পিতরঃ যাসং শেরতে ॥১২॥

লোমেতি। সোমবিক্রশ্নিণে বান্ধণায় দত্তং বিষ্ঠা ততু লাম, ভিষকে চিকিৎসাব্যবসায়িনে বান্ধণায় দত্তং পুয়শোণিতম্, দেবলকে বান্ধণে দত্তং নষ্টং নিফলম্, বার্দ্ধ্যে বান্ধণে দত্তঞ্চ অপ্রতিষ্ঠাং লুপ্তম্ ।১৩।

ষদিতি। ইহ লোকে, অমূত্র পরলোকে, তম সফলং ভবেৎ। তথা আদাবেকেন পরঞ্চা-জেন পরিণীভা বা দ্বী সা পুনভূ: তত্তাঃ পরজাতঃ পুত্রঃ পৌনর্ভবন্তন্মিন্ দভমিত্যসূত্বিভঃ ॥>৪॥

ষ ইতি। প্রেক্ত্য পরলোকে, নম্ভতি নিক্ষলং ভরতি ॥>৫॥

আনেতি। তেভাঃ অপাংক্তেবেভ্যো বাশ্বণেভাঃ। প্রেত্য পরলোকে ॥১৬॥

যে ব্রাহ্মণ কেবল প্রান্ধান্ন ভোজন কবিয়া কবিয়াই অধ্যয়ন কবে এবং যে ব্রাহ্মণ শুজন্ত্রী গমন করে, তাহাদিগকে ভোজন করাইলে, তাহাদের বিষ্ঠায় সেই ভোজয়িতার পিতৃগণ একমাস যাবং শয়ন কবেন ॥১২॥

সোমবিক্রয়ী রাহ্মণকে দান করিলে, তাহা বিষ্ঠাব তুল্য হয়; চিকিৎসাব্যবসায়ী রাহ্মণকে দান কবিলে, তাহা প্রশোণিতেব সমান; দেবল রাহ্মণকে
দান করিলে, তাহা নিক্ষল এবং স্কুদখোব রাহ্মণকে দান কবিলে, তাহা লুপ্ত
হয় ॥১৩॥

বাণিজ্যব্যবসায়ী বান্ধাণকে যাহা দান কৰা হয়, তাহা ইহলোকে ও পরলোকে সফল হয় না এবং পৌনর্ভব বান্ধাণকে দান কবিলে, তাহা ভন্মাহুতির স্থায় নিক্ষল হইয়া যায় ॥১৪॥

যাঁহাবা ধর্মভ্রন্ত ও চবিত্রহীন ব্রাহ্মণকে হব্য ও কব্য দান করেন, তাঁহাদের সে দান পরলোকে নিক্ষল হয় ॥১৫॥ এতানিমান্ বিজানীযাদপাংক্তেয়ান্ দ্বিজাধমান্।
শ্রোণামুপদেশঞ্চ যে কুর্বন্তাল্পচেতসঃ ॥১৭॥
ষষ্টিং কাণঃ শতং ষণ্ডঃ শ্বিত্রী যাবৎ প্রপশ্যতি।
পংক্ত্যাং সমুপবিফায়াং তাবদৃদ্ধযতে নৃপ!॥১৮॥
যদেষ্টিতশিরা ভুঙ্কে খদৃভুংক্তে দক্ষিণামুখঃ।
সোপানৎকশ্চ যদৃভুঙ্কে সর্বং বিভাত্তদান্তরম্।।১৯।।
অসূয়তা চ যদ্দতং যচ্চ শ্রেদাবিবর্দ্দিতম্।
সর্বং তদন্তরেক্রায় ব্রক্ষা ভাগমকল্লয়ৎ।।২০।।
শ্বানশ্চ পংক্তিদ্যাশ্চ নাবেক্রেরন্ কথঞ্চন।
তন্মাৎ পরিব্বতে দ্যাতিলাংশ্চান্তবকীরয়েৎ॥২১॥

#### ভাবতকোমুদী

এতানিতি। উপদেশং বেদাখ্যাপনম্॥১৭।

বৃষ্টিমিতি। কাণ একনয়নশৃত্যা, বৃষ্টিম্, বৃণ্টা ক্লীব্য, বিত্তী বিত্তরোগী বাবৎ প্রপশ্রতি, ভোক্তুং সম্পবিষ্টায়াং পংক্ত্যাং ব্রাহ্মণশ্রেণ্যাং তাবদৃদ্ধবতে ॥১৮॥

ষদিতি। দক্ষিণামুখো জীবংপিতৃক: "অসাস্থানং গযাঞ্চাদ্ধং দক্ষিণামুখভোজনম্। ন জীবংপিতৃক: কুর্য্যাৎ ক্লতে চ পিতৃহা ভবেং ॥" ইতি স্থৃত্যস্তবৈক্বাক্যখাং ॥১৯॥ অস্মতেতি। অস্থতা গ্রহীতুর্দোব্যাবিষ্ক্রতা ॥২০॥

যে দকল অল্পবুদ্ধি লোক দেই অপাংক্তেয় ব্রাহ্মণগণকে দান কবে, নিশ্চয়ই তাহাদের পিতৃগণ দেই গ্রহীতাব বিষ্ঠা ভোজন করেন ॥১৬॥

এই সকল অধম ব্রাহ্মণদিগকে অপাংক্তেয় বলিয়া জানিবে এবং যে সকল অল্লবুদ্ধি ব্রাহ্মণ শূব্দিগকে বেদ অধ্যয়ন কবায়, তাহারাও অপাংক্তেয় ॥১৭॥

রাজা। কাণ ব্রাহ্মণ উপবিষ্ট পংক্তিস্থিত যাট জন ব্রাহ্মণতে, নপুংসক ব্রাহ্মণ একশত ব্রাহ্মণকে এবং শ্বিত্রবোগগ্রস্ত ব্রাহ্মণ যত দূব দর্শন কবে, তত দূব দূষিত করিয়া থাকে ॥১৮॥

মানুষ বস্ত্রবেষ্টিত মস্তক হইয়া যে ভোজন কবে, পিতা জীবিত থাকিতে দক্ষিণমুখ হইয়া যে ভোজন কবে এবং জুতা পায়ে দিয়া যে ভক্ষণ কবে, সেই সমস্ত ভক্ষণই আসুর বলিয়া জানিবে ॥১৯॥

গ্রহীতার দোষ আবিষ্ণাব কবিয়া যে দান কবা হয় এবং শ্রদ্ধাশূত হইযা যে বিতবণ করা হয়, ব্রহ্মা সেই সমস্ত দানই অসুবেক্র বলিব ভাগ বলিয়া কল্পনা করিয়াছেন ॥২০॥

<sup>(</sup>২১) তশ্মাৎ পরিস্থতে দভাৎ ··বন্ধ বর্দ্ধ।

তিলৈবিরহিতং প্রাদ্ধং কৃতং ক্রোধবশেন চ।

যাতুধানাঃ পিশাচাশ্চ বিপ্রলুম্পন্তি তদ্ধবিঃ ॥২২॥

আপাংক্রো যাবতঃ পাংক্রান্ ভুঞ্জানাননুপশুতি।

তাবৎ ফলাদ্জংশয়তি দাতারং তন্ম বালিশম্ ॥২৩॥

ইমে তু ভরতপ্রেষ্ঠ ! বিজেষাঃ পংক্রিপাবনাঃ ।

যে ত্বত্তান্ প্রবক্ষ্যামি পরীক্ষম্বেহ তান্ দ্বিজান্ ॥২৪॥

বিভাবেদত্রতন্মাতা ত্রাহ্মণাঃ সর্বব এব হি।

সদাচারপরাশ্চেব বিজ্ঞেয়াঃ সর্ববপাবনাঃ ॥২৫॥

পাংক্রেয়াংস্ত প্রবক্ষ্যামি জ্ঞেয়ান্তে পংক্রিপাবনাঃ ।

ত্রিণাচিকেতঃ পঞ্চামিক্রিস্কপর্ণঃ ষড়ঙ্গবিৎ ॥২৬॥

#### ভারতকৌমূদী

খান ইতি। খান: কুরুরা:, নাবেন্দেরন্ প্রাদ্ধন্। পরিবৃতে আবৃতে স্থানে, দছাৎ প্রান্ধন্য, অন্তবকীরয়েৎ তদর্শনদোধনিবারণায় বিকিরেৎ ।২১।

তিলৈরিতি। ক্রোধবশেন জনেন। যাতুর্ধানা রাক্ষ্যাঃ ॥২২॥ জাপাংক্ত ইতি। আপাংক্ত: অপাংক্তয়ো ত্রান্ধণঃ, পাংক্তান্ পংক্তিপাবনান্ ত্রান্ধণান্ ॥২৩॥

ইম ইতি। পংক্তিং শ্রেণীং পাবয়ন্তীতি তে ॥২৪॥ বিজেতি। বিভাবেদত্ততেঃ স্নাভাঃ পবিত্রীকৃতাঃ ॥২৫॥

#### ভাবতভাবদীপঃ

মেদিনী ॥১১—১২।। তত্ত্বৈৰ প্রীবে ডক্স পিতর: শেরতে, ন বক্তক্ত প্রীবে ॥১৩—১৭॥ ষ্টিং শতং প্রুযানিতি শেষ: ॥১৮—১৯॥ অহ্নেক্সায় বলষে॥২০॥ পরিস্ততে আর্তদেশে॥২১—২৫॥

কুৰুর ও অপাংক্তেয় বান্ধণেবা কোন প্রকাবে দেখিতে না পাবে, সেই জন্ম কোন আবৃত স্থানে আদ্ধ কবিবে এবং তিল বিকীর্ণ কবিবে ॥২১॥

তিলশৃত্য যে আদ্ধ এবং ক্রুদ্ধলোককৃত যে আদ্ধ, তাহাব জব্য রাক্ষ্পেবা ও পিশাচেরা বিলুপ্ত কবে ॥২২॥

অপাংক্তেয় বাহ্মণ ভোজনপ্রবৃত্ত যত পংক্তিপাবন ব্রাহ্মণকে দর্শন করে, তত ফল হইতে সেই মূর্থ প্রাদ্ধকর্তাকে পবিভ্রন্ত কবে ॥২৩॥

ভবতশ্রেষ্ঠ ! ইহাব পৰ বাঁহাদেব কথা বলিব ; উাহাদিগকে ভূমি পংক্তি-পাবন বান্ধণ বলিযা জানিবে ; এই শ্রাদ্ধে সেই বাক্ষণগণকে পরীক্ষা কবিয়া লইবে ॥২৪॥

অন্ত বিভা, বেদবিভা এবং ব্রহ্মচর্য্যাদি ব্রভেব গুণে সুপবিত্র আব সদাচাব-পরায়ণ সমস্ত ব্রাহ্মণকেই তুমি সর্ব্বপাবন বলিয়া জানিবে ॥২৫॥ ব্রন্দিয়ানুসন্তানশ্ছন্দোগো জ্যেষ্ঠসামগঃ।
মাতাপিত্রোর্যন্দ বশ্যঃ শ্রোত্রিয়াঃ পুরুষা দশ ॥২ १॥
ঋতুকালাভিগামী চ ধর্মপত্নীযু যঃ সদা।
বেদবিভাব্রতস্নাতো বিপ্রঃ পংক্তিং পুনাত্যুত ॥২৮॥
অথর্বশিরসোহধ্যেতা ব্রন্মচারী যতব্রতঃ।
সত্যবাদী ধর্মশীলঃ শ্বকর্মনিরতশ্চ যঃ॥২৯॥
যে চ পুণ্যেযু তীর্থেযু অভিষেক্ত্রভ্রামাঃ।
মথেযু চ সমন্ত্রেযু ভবন্তাবভ্রথপ্রতাঃ॥৩০॥

# ভাৰতকোমুদী

পাংক্রেযানিতি। ত্রিণাচিকেত: তদাখ্যমন্ত্রসাধক:, দক্ষিণাগ্ন-গাইপত্যাহ্বনীয়-সভ্যাবসধ্য-নামকা: পঞ্চ অগ্নয়ো বস্তু স পঞ্চাগ্নি:, ত্রিস্থপর্ণ: ঝথেদীয়মন্ত্রবিশেষবেতা, বডঙ্গবিৎ শিক্ষা-ক্রিয়ালকণাত্রবেতা ॥২৬॥

ব্ৰন্ধেতি। ব্ৰন্ধ বেদং দেষসখ্যাপ্যং যেষাং তেষাং ব্ৰন্ধদেযানান্, অহুসন্তানো বংশদাতঃ, ছন্দোগো বেদৰেতা ভ্ৰোষ্ঠশাম গাষ্তীতি সং। দুশ প্ৰস্পুৰা জাতাঃ ॥২৭॥

ঋষিতি। বেদবিভাষা রঠেঃ পরাকাদিভিক্ষ স্বাভঃ পবিত্রীকৃতঃ ॥২৮॥ স্বথর্কেতি। স্বথর্কশিরসো বেদাস্কক্ষ স্বথর্কবেদশেষক্ষ বা ॥২৯॥

#### ভাৰতভাৰদীপঃ

বিণাচিকেত দ্বিণাচিকেতাখ্যমন্ত্রাধ্যেতা, পঞ্চ গার্হপত্যাদয় আবদখ্যান্তা অগ্নয়ো যশু। বিস্তুপূর্ণং "চতুষ্কপদ্দা যুবতিঃ স্থপেশা" ইতি বহুক্চানাং মন্ত্রন্তয়ং "ব্রহ্মমেতুমা"মিত্যাদি-তৈন্তিরীয়প্রসিদ্ধং বা। বছঙ্গানি শিক্ষাদীনি ॥২৬॥ ব্রহ্মদেয় ইতি। ব্রহ্ম বেদঃ পরবিদ্যা বা তদেব দেয়ং যেবাং তেবামহুসন্তানঃ পরম্পরায়ামৃৎপন্নঃ স্বযঞ্চ ব্রহ্মবিদ্যাপকো বা

যুধিষ্ঠিব। আমি পাংক্তেয় ব্রাহ্মণদিগের কথা বলিতেছি; তুমি তাহাদিগকে পংক্তিপাবন ব্রাহ্মণ বলিয়া জানিবে। ত্রিণাচিকেতনামক মন্ত্রসাধক. পঞ্চাগ্রি-হোতা, ত্রিস্থপর্ণনামক মন্ত্রবেন্তা এবং বেদের বড়ঙ্গাভিজ্ঞ ॥২৬॥

বেদাধ্যাপকের সন্তান, বেদবিৎ, জ্যেষ্ঠ সামগায়ী, যিনি মাভা ও পিতাব বশীভূত এবং যাঁহাবা পব পব দশ পুক্ষই শ্রোত্রিয় ॥২৭॥

বেদবিভাযুক্ত ও ব্রভান্থষ্ঠায়ী যে ব্রাহ্মণ সর্বদা ঋতুকালে ধর্মপদ্দীই গমন করেন, তিনি পংক্তি পবিত্র কবিয়া থাকেন ॥২৮॥

যিনি বেদাপ্তাধ্যায়ী, ব্ৰহ্মচাৰী, ব্ৰতাহ্নষ্ঠাষী, সভ্যবাদী, ধৰ্মশীল ও স্বকৰ্ম-নিবত, তাহাৰা প্ৰত্যেকেই পংক্তিপাৰন ॥২৯॥

<sup>(</sup>२१) त्थां जित्या मण श्रुवः -- वक वर्क।

অজ্যেধনা ছচপলাঃ ক্ষান্তা দান্তা জিতেন্দ্রিযাঃ।
সর্বভূতহিতা যে চ প্রাদ্ধেষ্টের নিমন্ত্র্যেৎ ॥৩১॥
এতেয়ু দত্তমক্ষয়মেতে বৈ পংক্তিপাবনাঃ।
ইমেহপরে মহাভাগা বিজ্ঞেষাঃ পংক্তিপাবনাঃ ॥৩২॥
থতযো মোক্ষধর্মজ্ঞা যোগাঃ স্কচরিতত্রতাঃ।
যে চেতিহাসং প্রযতাঃ প্রাব্যন্তি দিজোত্রমান্ ॥৩৯॥
যে চ ভাষ্যবিদঃ কেচিদ্যে চ ব্যাকরণে বতাঃ।
অধীয়তে পুরাণং যে ধর্মশাস্ত্রাণ্যথাপি চ ॥৩৪॥
অধীত্য চ যথান্থাযং বিধিবক্তম্ম কারিণঃ।
উপপন্নো গুরুকুলে সত্যবাদী সহস্রশঃ ॥৩৫॥

#### ভারতকৌমূদী

ষ ইতি। অভিষেকেণ সানেন কৃতঃ শ্রমো বৈস্তে। সংধ্যু বজ্ঞেয়্, অবভূথপুর্তাঃ শেষ-স্থাতাঃ ॥৩-॥

অক্রোধনা ইডি। ক্ষাস্তা: ক্ষমাশীলাঃ, দাস্তা লোভদমনকারিণঃ ॥৩১॥

এতে বিভি। অক্ষ্যমক্ষ্যফলজনকম্। ইমে পর্যুচ্যমানা: ॥৩২॥

যতম ইতি। যোগ এবামন্তীতি বোগা:। অর্শ আদিত্বাদং ॥৩০॥

य ইতি। "পদানি অগভার্থানি পলৈ স্ক্রান্ত্সারিভি:। স্থপদানি চ বর্ণান্তে ভাষাং ভাষাবিদো বিদ্য: ॥" ইতি মহাস্তঃ ॥ ৩৪॥

প্রধীত্যেতি। তক্ত প্রধীতশাল্পবোধিতকার্য্যন্ত। উপপন্ন: কৃতবাস: ॥৩৫॥

যাঁহারা পবিত্র তীর্থে স্নান কবিয়াছেন কিংবা মন্ত্রসমন্বিত যজ্ঞেব অস্তে স্নান করিয়া থাকেন, তাঁহাবা পংক্তিপাবন ॥৩০॥

বাঁহারা ক্রোধশৃন্য, চাপল্যবিসীন, ক্ষমাশীল, লোভদমনকারী, জিতেন্দ্রিয় এবং সর্বভূতের হিতসাধনে নিবত, তাঁহাদিগকে প্রাদ্ধে নিমন্ত্রণ করিবে ॥৩১॥

ইহাদিগকে দান কবিলে, তাহা অক্ষয ফলজনক হয এবং ইহাবাই পংক্তি-পাবন ব্রাহ্মণ; আর এই, অপব মহাভাগ ব্রাহ্মণগণকে পংক্তিপাবন বলিযা জানিবে ॥৩২॥

ষাহাবা জিতেন্দ্রিষ অথচ মোক্ষধর্ম জানেন, যোগী অথচ সমীচীনভাবে ব্রভানুষ্ঠান করেন এবং ধাঁহাবা সংযত হইযা ব্রাহ্মণগণকে ইভিহাস শুনান ॥৩৩॥

যাঁহারা ভাষ্য জানেন, যাঁহাবা ব্যাকবণশাল্রে নিবত থাকেন এবং যাঁহার। পুরাণ কিংবা ধর্মশান্ত্র অধ্যয়ন কবেন ॥৩৪॥

यांहाता यथानियरम धर्माख अधायन कविया यथाविधारन स्मर्थ धर्मागारखाक

অগ্রাঃ সর্বেষ্ বেদেষু সর্বপ্রবচনেষু চ।

যাবদেতে প্রপশ্যন্তি পংজ্যান্তাবং পুনস্ত্যত ॥৩৬॥
ততো হি পাবনাং পংজ্যাঃ পংজ্ঞিপাবন উচ্যতে।
ক্রোশাদর্জত্তীয়াচ্চ পাবয়েদেক এব হি ॥৩৭॥
ব্রহ্মদেযানুসন্তান ইতি ব্রহ্মবিদো বিছঃ।
অনুদ্বিগরুপাধ্যায়ঃ স চেদগ্র্যাসনং ব্রজেং ॥৩৮॥
ঋষ্বিগ্ ভিরভ্যনুজ্ঞাতঃ পংজ্যা হরতি হৃদ্ধতম্।
অথ চেদ্বেদ্বিং সর্বৈঃ পংজ্ঞিদোধৈর্বিব্র্জিভঃ ॥৩৯॥

# ভাৰতকৌমূদী

অগ্রা ইতি। অগ্রা অভিজ্ঞতাষাং প্রধানাঃ, সর্বপ্রবচনের্ সমস্তভাষ্টীকাদির্ ।৩৯॥
তত ইতি। ক্রোশাৎ ক্রোশপরিমিতদ্রাৎ, তদর্ধাৎ তৃতীয়ভাগাচ্চ ॥৩৭॥
ব্রন্ধেতি। ব্রশ্ন বেদো দেয়মধ্যাপ্যং যন্ত তন্ত বেদাধ্যাপকত্য অন্তসন্তানঃ পুত্রঃ পংক্তিপাবনঃ। অগ্রাসনং শ্রেষ্ঠস্থানস্ ।৩৮॥

ঋষিগ্ ভিরিতি। অভ্যন্তজ্ঞাতঃ শ্রেষ্ঠিজেনাহ্মতঃ। পংক্তিদোবৈঃ প্রাঞ্জিজঃ ॥৩৯॥ ভারতভারদীপঃ

ব্রন্দেয়ান্ত দস্তান: ॥২৭—৩৭॥ অযম্ ঋষিজ্যাদিগুণহীনোহপি পংক্তিপাবন এবেডাাছ—
অনুদ্বিগিতি ॥৩৮॥ ঋদিগ্ভিরভাত্তাত ইতি ঋষিগ্ভিরভাত্তাত এব দ ন ঘনুদ্বিজ্যেন্দ্রপাধ্যায়ত্বেনোপেক্ষণীয়া, যতঃ দ পংক্তা। তৃত্বভং হরতি, অনহজ্ঞাত ইতি পাঠেইভিমান-

কার্য্য কবেন এবং যিনি গুরুকুলে বাস কবিয়াছেন আব যিনি সহস্র সহস্র স্থানে সভ্যবাসী বলিয়া প্রমাণিত হইয়াছেন ॥৩৫॥

যাঁহাবা সমস্ত বেদে এবং সকল ব্যাখ্যাগ্রন্থে অভিজ্ঞতায় শ্রেষ্ঠ, তাঁহারা পংক্তিব যত দূব দর্শন কবেন, তত দূবই পবিত্র কবিয়া থাকেন ॥৩৬॥

সেই পংক্তিকে পবিত্র কবাব জন্মই তাঁহাদিগকে পংক্তিপাবন বলা হয়। তাঁহাদেব একজনই ক্রোশ, ক্রোশেব অর্দ্ধ এবং ক্রোশেব তৃতীয় ভাগ হইছে পংক্তিকে পবিত্র কবিয়া থাকেন ॥৩৭॥

বেদাধ্যাপকেব পুত্র যদি ঋষিক্ বা অধ্যাপক নাও হন, অথচ ব্রাহ্মণদের মধ্যে শ্রেষ্ঠ স্থান লাভ করেন; তবে তিনিও পংক্তিপাবন, ইহা বেদবিং লোক-দিগের অভিমত ॥৩৮॥

ব্রাহ্মণ যদি বেদবিং ও সমস্ত পংক্রিদোযশূত হন, তাহা হইলে ডিদি ঋত্বিগ্ গণের অভিমত বলিয়া পংক্তির পাপ নষ্ট করিয়া থাকেন ॥৩৯॥ ন চ স্থাৎ পতিতো রাজন্! পংক্তিপাবন এব সঃ।
তশ্মাৎ সর্বপ্রয়েত্বন পরীক্ষ্যামন্ত্রযেদ্দ্বিজান্।
স্বকর্মনিরতানন্তান্ কুলে জাতান্ বহু প্রুতান্ ॥৪০॥
যক্ত মিত্রপ্রধানানি প্রাদ্ধানি চ হবীংষি চ।
ন প্রীণস্তি পিতৃন্ দেবান্ স্বর্গঞ্চ ন স গচ্ছতি ॥৪১॥
যত প্রাদ্ধে কুরুতে সঙ্গতানি ন দেব্যানেন পথা স যাতি।
স বৈ মুক্তঃ পিপ্ললো বন্ধনাদ্ধা স্বর্গালোকাচ্চ্যবতে প্রাদ্ধমিত্রঃ ॥৪২॥
তশ্মান্মিত্রং প্রাদ্ধেরুকান্তিযেত দল্পান্মিত্রেভ্যঃ সংগ্রহার্থং ধনানি।
যক্ষান্তিরে প্রাদ্ধের ন মিত্রং তং মধ্যস্থং ভোজয়েদ্ধব্যক্রেয়া ৪০॥

#### ভাবতকৌমুদী

নেতি। পতিতঃ স্থরাপানাদিভি:, কুলে সন্ধশো। বটুপাদোহয়ং শ্লোক: ॥৪০॥

যুক্তেতি। মিত্তমেব প্রধানং বেষু তানি। বোগ্যন্তাভাবে কেবলসৌহার্দ্যেন নিমন্ত্রণং ন
কার্য্যমিত্যাশবঃ ॥৪১॥

য ইতি। যোজনঃ প্রাক্তে সক্তানি মিত্রাণাং সংসর্গান্ কুকতে, স জনো দেববানেন পথা ন যাতি স্বর্গং ন গচ্ছতি। বন্ধনাৎ মৃক্তঃ পিপ্ললো বা পকীব, প্রান্ধে মিত্রং যত স প্রান্ধিত্রঃ, স জনঃ স্বর্গাল্লোকাচ্যবতে প্রত্যতি ॥৪২॥

জনাদিতি। সংগ্রহার্থমাযত্তীকবণার্থম্। মধ্যস্থম্লাসীনম্ ॥৪৩॥ ভাবতভাবদীপঃ

বশাদমুক্তাতোহণীতি জেষম্ ॥৩৯—৪০॥ মিত্রমেব প্রধানং ন বোগ্যছাদিকং বেষু তানি। মিত্রেছপি বোগ্যতা চেশ্বংপরিত্যাগে দোষ এবেতি ভাবং ॥৪১॥ প্রাক্ষেন নিমিত্তেন সঙ্গতান সংগ্যানি পিপ্লবং বন্ধনাদা বন্ধনাদিব কর্মফলোপনিবন্ধনভূতাৎ স্বর্গাচ্চাবতে তত্ত্ব ন গচ্ছতী-

বাজা। তিনি যদি পতিত না হন, তাহা হইলে তিনি পংক্তিপাবনই বটেন , অতএব সর্বপ্রয়ম্বে পবীক্ষা কবিয়া স্বক্ষনিবত, সদ্বংশজাত ও বছঞ্জত ব্রাহ্মণ-গণকে নিমন্ত্রণ করিবে ॥৪০॥

যাহাব প্রাদ্ধে বা খাছজব্যে বন্ধুগণই প্রধান হয, তাহাব সেই সকল প্রাদ্ধ বা খাছজব্য পিতৃগণ ও দেবগণকে সম্ভষ্ট কবে না এবং সেও স্বর্গে ঘাইতে পাবে না ॥৪১॥

যে লোক আৰে বন্ধুগণেৰ সহিত সম্মেলন কৰে, সে লোক দেবযানমাৰ্গে যাইতে পাৰে না এবং বন্ধনমূক্ত পক্ষীৰ স্থায় সেই লোক স্বৰ্গ হইতে ভ্ৰষ্ট হয় ॥৪২॥

অতএব প্রাদ্ধকর্ত্তা প্রাদ্ধে বন্ধুগণেব আদব কবিবে না; কিন্তু সেই বন্ধু 🗸 কে

যথোষরে বীজমুপ্তং ন রোহেন চাবপ্তা প্রাপ্ন যান্বীজভাগম। এবং প্রাদ্ধান্ধ ভূক্তমনর্হমাণৈর্ন চেহ নামুত্র ফলং দদাতি ॥৪৪॥

ব্রাহ্মণো হ্নধীয়ানস্থ পাগ্নিরিব শাস্যতি।
তথ্য প্রাদ্ধং ন দাতব্যং নহি ভ্যানি হুয়তে ॥৪৫॥
সন্তোজনী নাম পিশাচদক্ষিণা সা নৈব দেবান্ন পিত্ মুপৈতি।
ইতৈব সা প্রাস্যতি হীনপুণ্য। শালান্তরে গৌরিব নফবৎসা ॥৪৬॥
যথাগ্রো শান্তে স্বত্যাজুহোতি তথৈব দেবান্ন পিত্ মুপৈতি।
তথা দক্তং নর্ত্রনে গায়নে চ যাং চানুতে দক্ষিণামারণোতি।।৪৭॥

### ভারতকোমুদী

ষথেতি। উষরে ক্ষারমৃত্তিকায়াম্। বীজভাগং ফলম্, অর্থাণেরবোগ্যের ক্ষানে:, অমূত্র পরলোকে ॥৪৪॥

ব্রাহ্মণ ইতি। শাম্যতি ফলজননান্নিবর্জতে ॥৪৫॥

সম্ভোজনীতি। ইয়ং খলু পিশাচানাং বীতি:—য়: খৰাত্মানং ভোজয়তি, তমেব পিশাচো ভোজয়তি। তেন চ পিশাচত দক্ষিণাদানম, সজোজনী নাম পরস্পরভোজনসংক্রিকা। সাদ্দিণা ন দেবান্ ন বা পিতৃন্ উপেতি স্বার্থোদেশ্রক্ষাৎ। শালান্তরে গৃহমধ্যে। তথা চ পরস্পরস্থার্থনায় দানং ন কর্ত্ব্যমিতি ভাবঃ ॥৪৬॥

যথেতি। শাস্তে নির্বাণে। নর্ত্তনে নৃত্যব্যবসায়িনি, গায়নে গানোপজীবিনি চ, অনুডে মিথ্যাবাদিনি, দক্ষিণাং দানম্, আর্ণোতি সম্পাদয়তি ॥৪৭॥

#### ভারতভাবদীপ:

ত্যর্থ: ॥৪২—৪৫॥ সম্ভোদ্ধনী অন্তোক্তং দীয়সানা সা পিশাচদক্ষিণা পিশাচদানত্ব্যা, পিশাচাঃ আয়ত্ত রাখিবাব জন্ম সময়ান্তবে তাহাদিগকে খন দান করিবে; আর যাহাকে শক্ত বা মিত্র মনে কবে না, সেইনপে লোককে দেবকার্য্যেও পিতৃকার্য্যে ভোজন করাইবে॥৪৩॥

যেমন ক্ষারমৃত্তিকায় বীজ রোপণ করিলে, তাহা অঙ্ক্রিত হয় না বা সেই রোপণকারী কোন ফল পায় না; তেমন অযোগ্য লোক আছে ভোজন করিলে, সেই আদ্ধ ইহলোকে বা পরলোকে কোন ফল দান করে না ॥৪৪॥

অবেদাধ্যায়ী ব্রাহ্মণ তৃণাগ্নির স্থায় ব্রহ্মণেই শাস্ত হইয়া থাকেন; অতএব তাঁহাকে শ্রাদ্ধ দান কবিবে না। কাবণ, কেহই ভস্মে হোম করে না॥৪৫॥

পিশাচদেব বীতি আছে যে, যে যাহাকে খাওয়ায়, সে তাহাকে খাওয়ায়। সেই পিশাচ দক্ষিণাব (দানেব) নাম সম্ভোজনী। তাদৃশ পরস্পব দান দেবগণ ও পিতৃগণেব নিকট উপস্থিত হয় না; কিন্তু নষ্টবৎসা গো যেমন গৃহের ভিতরে ভ্রমণ করে, অপুণ্যজনক সেই দানও তেমন ইহলোকেই ভ্রমণ করে॥৪৬॥

উভো হিনন্তি ন ভুনক্তি চৈষা যা চানৃতে দক্ষিণা দীয়তে বৈ। আঘাতিনী গহিতৈযা পতন্তী তেষাং প্রেতান্ পাত্যেদ্দেবযানাৎ ॥৪৮॥ ঋষীণাং সময়ে নিত্যং যে চরন্তি যুধিষ্ঠির!।

শ্বাণাং সমধ্যে নেত্যং যে চরাস্ত যুধান্তর !।
নিশ্চিতাঃ সর্বধর্মজ্ঞান্তান্ দেবা আক্ষাণান্ বিছঃ ॥৪৯॥
স্বাধ্যাযনিষ্ঠা শ্বযো জ্ঞাননিষ্ঠান্তবৈব চ।
তপোনিষ্ঠাশ্চ বোদ্ধব্যাঃ কর্মনিষ্ঠান্চ ভারত !॥৫০॥

# ভারতকোমূদী

উভাবিতি। অনৃতে মিখ্যাবাদিনি, দক্ষিণা দানং দীযতে, এবা সা দক্ষিণা উঠো দাতৃঃ
পিতৃমাতৃবংশো হিনন্তি অপকরোতি, ন ভূনজি চ পুণ্যেন ন পালয়তি চ। আঘাতিনী
অপকারিণী গহিতা চ এবা দক্ষিণা পতন্তী ফলকর্ত্তবাৎ অশ্বন্তী গতী, ডেষাং দাতৃণাং প্রেতান্
পিতৃনু দেববানাৎ তদাখ্যামার্গাৎ পাতবেৎ ॥৪৮॥

থাবীণামিতি। সময়ে আচাবে। নিশ্চিতা নিশ্চবেন ক্তথর্মবিশাদা: ॥৪৯॥ শাধ্যায়েতি। স্বাধ্যায়ে বেদণাঠে নিষ্ঠা স্থিতির্বেবাং তে ॥৫০॥

#### ভাবতভাবদীপঃ

ষশ্য ভোজকায ভোজয়ন্তি-তবং 18৬॥ বাঞ্চ দক্ষিণামন্তে অপাত্তে আবৃণোতি প্রাথহিতি, আপৃ ইতি স্থাঠম্ 18৭॥ ন ভ্নাক্ত ন পালয়তি, আঘাতিনী হন্ত্রী 18৮—28॥ ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীরে ভারতভাবদীপে সপ্তসপ্ততিভ্যোহধায়ঃ 1191

নির্বাণ অগ্নিতে মৃতেব আছতি দিলে তাহা যেমন দেবগণ ও পিতৃগণের নিকট উপস্থিত হয় না, তেমন নৃত্যব্যবসায়ী ও গানব্যবসায়ীকে দান করিলে, তাহাও দেবগণ ও পিতৃগণেব নিকট উপস্থিত হয় না এবং মিধ্যাবাদীকে যে দান করা হয়, তাহাও কোন ফল উৎপাদন কবে না ॥৪৭॥

মিথ্যাবাদীকে যাহা দান কবা হয়, তাহা দাতাব পিতৃবংশ ও মাতৃবংশের অপকাবই কবে; কিন্তু কোন উপকাবই কবে না এবং গহিত ও অনিষ্টকারী সেই দান স্বস্থান ভ্রষ্ট হইয়া দাতাব পিতৃগণকে দেবযানমার্গ হইতে পাতিত করে ॥৪৮॥

যুধিষ্ঠিব! যাঁহারা সর্বদা ঋষিগণেব আচাবে চলেন, ধর্মে বিশ্বাস করেন এবং সমস্ত ধর্ম জানেন; দেবভারা উাহাদিগকে ব্রাহ্মণ বলিয়া মনে কবেন ॥৪৯॥

ভবতনন্দন! বাঁহারা বেদপাঠে, জ্ঞানার্জনে, তপস্থায় ও সংকর্মামুষ্ঠানে নিরত থাকেন, তুমি তাঁহাদিগকে ঋষি বলিয়া জানিবে ॥৫০॥

705

#### ভাবতকৌমূদী

কব্যানীতি। কব্যানি পিতৃদেষদ্রব্যাণ, প্রতিষ্ঠাপ্যানি সমর্পনীয়ানি ॥৫১॥
ব ইতি। জল্লেষ্ পরস্পরালাণেষ্। ত্রৈপুরুষম্ উদ্ধাধস্থিপুরুষপর্যস্তম্ ॥৫২॥
বৈথেতি। বৈথানসানাং বনবাসিনাম্, বচনমিদং বাক্যম্, আবপেং। বটুপাদোহয়ং
শ্লোকঃ॥৫৩॥

য ইতি। যো নর:, সহস্রাণাং সহস্রং তৎসংখ্যকান্, অনুতান্ মিণ্যাবাদিনো জনান্, ভোজয়েৎ তক্ত সহজে, মন্ত্রবিদেকো ত্রাহ্মণো ভোজনেন প্রীতঃ সন্, তান্ সর্বানইতি তেবাং সর্বেষাং যোগ্যস্তল্যা ভবতি। অভতাদৃশান্ বহুনপি বিহাব তাদৃশমেকমেব ভোজয়েদিতি ভাবঃ ॥৫৪॥

ইতি মহামহোপাখ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসিকান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকাযাং ভারতকৌমূদীসমাখ্যাযামস্থশাসনপর্ব্বণি
দানধর্মে সপ্তসপ্ততিতমোহধ্যায়ঃ ॥•॥

ভরতনন্দন। জ্ঞাননিষ্ঠ লোকদিগকে পিতৃদেয় দ্রব্য সমর্পণ কবিবে। তাহাতে যে কোন লোকেরা ব্রাহ্মণদেব নিন্দা না কবে, তাহাবাই সেই জ্ঞাননিষ্ঠ মান্নুষ ॥৫১॥

আর যাহাবা কথোপকখনের সমযে বাহ্মণদেব নিন্দা কবে, তাহাদিগকে শ্রান্ধে ভোজন কবাইবে না। কাবণ, রাজা। বাহ্মণগণকে নিন্দা করিলে, নিন্দাকাবীব বংশেব উপবেব তিন পুক্ষ ও নীচের তিন পুরুষ পতিত হয় ॥৫২॥

রাজা! বনবাসী ঋষিগণেব এই বাক্য শুনা যায় যে, বেদপাবদর্শী ব্রাহ্মণ-গণকে দূর হইতেই পবীক্ষা করিবে; ব্রাহ্মণ প্রিয়ই হউন বা অপ্রিয়ই হউন, ভাঁহাকেই প্রাদ্ধ দান করিবে ॥৫৩॥

 <sup>\* &#</sup>x27;...न्वििष्ठां स्थानः'—वक् वर्षः, '...नश्चिः नत्रिक्नेष्ठां स्थानः'—नि ।

# অষ্ট্রসপ্ততিতমোহধ্যায়ঃ।

# ষুধিষ্ঠির উবাচ।

কেন সঙ্কল্পিতং গ্রাদ্ধং কস্মিন্ কালে কিমাত্মকম্।
ভূখন্সিরসকে কালে মুনিনা কতরেণ বা ॥১॥
কানি গ্রাদ্ধানি বর্জ্জানি কানি মূলফলানি চ।
ধান্যজাত্যশ্চ কা বর্জ্জ্যান্তন্মে জহি পিতামহ। ॥২॥

#### ভীম্ম উবাচ।

যথা প্রান্ধং সম্প্রয়ন্তং যশ্মিন্ কালে যদাত্মকম্। যেন সঙ্কল্লিতথ্ণৈব তদ্মে শৃণু জনাধিপ। ॥৩॥ স্বায়স্তুবোহত্রিঃ কোরব্য। পরমর্ষিঃ প্রতাপবান্। তস্ত বংশে মহারাজ। দন্তাত্রেয় ইতি স্মৃতঃ ॥৪॥

#### ভাবতকৌমূদী

কেনেতি। সম্বন্ধিতং চিন্তিতম্। ভ্যকিরসকে কেবলভ্যকিরোযুক্তে ॥১॥ কানীতি। প্রান্ধের্ কানি মূলফলানি বর্জ্জানি, ধাক্তজাতাঃ শক্তজাতয়ঃ ॥২॥ যথেতি। যদাত্মকং বংশরপম্॥৩॥ স্বায়েতি। সমভূবো ব্রন্ধণোইপত্যমিতি স্বায়ন্ত্বং, স্ত্রিনাম ॥৪॥

যে মানুষ সহস্র সহস্র মিখ্যাবাদীকে ভোজন কবাৰ, তাহার পক্ষে মন্ত্রবিৎ একজন ব্রাহ্মণ ভোজনে প্রীতি লাভ কবিষা তাহাদেব সকলেব তুল্য হইয়া থাকেন' ॥৫৪॥

#### ---:#:---

যুখিষ্ঠিব বলিলেন—'কোন্ সময়ে কোন্ ব্যক্তি প্রথমে প্রাদ্ধেব চিস্তা কবিয়া-ছিলেন ? প্রাদ্ধ কিংস্থকপ ? যে সমযে কেবল ভৃগু ও অঙ্গিবা বিভ্যমান্ ছিলেন, সেই সমযে কোন্ মুনি প্রথমে প্রাদ্ধ প্রবর্তিত কবেন ? ॥১॥

পিতামহ ৷ প্ৰাদ্ধ কি ? কোন্ কোন্ ফল ও মূল প্ৰাদ্ধে বৰ্জনীয় এবং কোন্ কোন্ শস্তাই বা প্ৰাদ্ধে পবিভাজা, ভাষা আপনি আমাৰ নিকট বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'নবনাথ! বে সমযে যে ভাবে বং স্বৰূপে আছি প্ৰবৰ্ত্তিত হইয়াছিল এবং যিনি প্ৰথমে আদ্বেব চিম্ভা কবেন, ভাহা ভূমি আমাব নিকট প্ৰবণ কর ॥৩॥ দত্তাত্তেয়য় পুত্রোহভূমিনিনাম তপোধনঃ।
নিমেশ্চাপ্যভবৎ পুত্রঃ শ্রীমান্নাম শ্রিয়া রতঃ॥৫॥
পূর্ণে বর্ষসহস্রান্তে স রুত্বা হুক্ষরং তপঃ।
কালধর্মপরীতাত্মা নিধনং সমুপাগতঃ॥৬॥
নিমিস্ত রুত্বা শোচানি বিধিদৃষ্টেন কর্মণা।
সন্তাপমগমতীত্রং পুত্রশোকপরায়ণঃ॥৭॥
অথ রুত্বোপহার্য্যাণি চতুর্দিশ্যাং মহামতিঃ।
তমেব গণয়ন্ শোকং বিরাত্রে প্রত্যবুধ্যত॥৮॥
তম্যাসীৎ প্রতিবৃদ্ধন্য শোকেন ব্যথিতাত্মনঃ।
মনঃ সংহত্য বিষ্ধে বৃদ্ধিবিস্তারগামিনী॥৯॥

#### ভাবতকৌয়দী

দত্তেতি। শ্রিয়া কাস্ত্যা বৃতঃ পূর্ণদেহ: ॥ ॥

পূর্ণ ইতি। কালধর্মেণ কালস্বভাবেন পরীতাত্মা আক্রান্তদেহ: ।৬।

নিমিরিভি। শোচানি অশোচান্তক্ত্যানি ॥৭॥

অংপতি। উপহার্গ্যাণি কুশতিলাদীনি, কৃষা আহ্বত্য বিবাত্তে প্রভাতকালে, প্রত্যব্ধ্যত জাগরিতবান্ ॥৮॥

তত্মেতি। প্রতিবৃদ্ধশ্য জাগরিতস্থ শোকেন ব্যথিতাত্মন: তত্ম নিমেবৃদ্ধি: মন: শংশ্বত্য বিষয়ান্তরাদাক্ষয়, বিষয়ে কর্তব্যকার্য্যে বিন্তারগামিনী বাহুল্যেন ধাবিতা আসীৎ ॥२॥

#### ভাবতভাবদীপঃ

কেনেতি। ভূষদিরসকে যদা ভূগবোহদিরসক বর্ত্তকে নাত্যে ॥১॥ প্রাদ্ধানি প্রাদ্ধের্
কার্বে।বু কানি কর্মাণি বর্জ্যানি ॥২—- १॥ ক্লমা উপকল্লা, উপহার্য্যাণি মুষ্টান্নকশিপ্পবর্হণাদীনি,

কৌববনন্দন মহাবাজ ! ব্ৰহ্মাব পুত্ৰ প্ৰতাপশালী অত্তি নামে এক মহৰ্ষি আছেন ; তাঁহাব বংশে দন্তাত্ৰেয় মূনি জন্মগ্ৰহণ কবেন ॥৪॥

দত্তাত্তেয়েব নিমি নামে এক তপোধন পুত্র হয়; নিমিব আবাব কান্তি-সম্পন্ন শ্রীমান্ নামে এক পুত্র হইয়াছিল ॥৫॥

সেই শ্রীমান্ তৃষ্ণৰ তপস্থা কবিয়া সহস্র বংসৰ পরে কালধর্মাক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হন ॥৬॥

পরে নিমি শাস্ত্রোক্ত কর্মঘাবা অশৌচাস্ত কার্য্য করিয়া, পুত্রশোকে গুক্তব সস্তাপ অনুভব কবিতে লাগিলেন ॥৭॥

তাহাব পর মহামতি নিমি চতুর্দশী তিথিতে অহবণীয় দ্রব্য সকল আহবণ কবিয়া সেই শোক বিষয়ই চিন্তা কবিতে থাকিয়া প্রাতঃকালে জাগবিত হইলেন ॥৮॥ ততঃ দক্ষিন্তবাসাস শ্রাদ্ধকরং সমাহিতঃ।

যানি তত্ত্বৈব ভোজ্ঞানি মূলানি চ কলানি চ ॥১০॥

উক্তানি যানি চানানি যানি চেফানি তত্ত্ব হ ।

তানি সর্বাণি মনসা বিনিশ্চিত্য তপোধনঃ ॥১১॥

অমাবাত্তাং মহাপ্রাজ্ঞা বিপ্রানানায্য পূজিতান্ ।

দক্ষিণাবর্ত্তিকাঃ সর্ব্বা রুষীঃ স্বযমধাকরোৎ ॥১২॥ (বিশেষকম্)

সপ্রবিপ্রাংস্ততোহভ্যেত্য যুগপৎ সমুপানয়ৎ ।

ঋতে চ লবণং ভোজ্যং স্থামাকানং দদৌ প্রভুঃ।১০॥

দক্ষিণাগ্রাস্ততো দর্ভা বিফরেরু নিবেশিতাঃ।

পাদযোকৈর বিপ্রাণাং যে জ্নমুপভূঞ্জতে ॥১৪॥

#### ভাবতকোমূদী

ভত ইতি। আদকল্পং আদ্বশারম্। ইটানি স্রব্যাণি। অসাবস্তাং প্রাপ্য। দক্ষিণাবর্তিকাঃ প্রদক্ষিণভাবেন স্থিতাঃ, বৃধীরাসনানি। "ম্নীনামাসনং বৃধী"রিত্যমবঃ ॥১০—১২॥ সপ্তেতি। লবণম্ ঋতে বিনা, স্থামাকালম্ উতীধাক্তালম্ ॥১৩॥ দক্ষিণেতি। বিষ্টরের্ আসনের্। পাদবোরধশ্চ দর্ভা নিবেশিতাঃ ॥১৪॥

#### ভাবতভাবদীপঃ

বিরাত্তে প্রভাতে ॥৮॥ বিববে অভ্যন্তবন্ধকে শোকে বিষয়ে মন: সংস্কৃত্য শোকং ভ্যক্তে,ভার্থ:। ভক্ত বুদ্ধিবিভারগামিনী আসীৎ ইতি সম্বন্ধ: ॥>—>>॥ দক্ষিণাবর্তিকা: প্রদক্ষিণবর্তিভা:, রুষী:

শোকার্ত্ত জাগবিত সেই নিমিব বুদ্ধি তখন মনকে অস্ত বিষয় হইতে আকর্ষণ ক্রিয়া কর্ত্তব্য বিষয়ে ধাবিত হইল ॥৯॥

তাহাব পৰ নিমি একাগ্ৰ চিন্ত হইযা প্ৰান্ধশান্ত চিন্তা কৰিলেন; ক্ৰমে যে সকল ফল-মূল ও ভোজ্য এবং ষেৰূপ অন্ন ও অক্সান্ত অভীষ্ট জব্য প্ৰাদ্ধ সম্বন্ধে উক্ত আছে, মনে মনে সেই সমস্তেব নিশ্চয করিয়া, মহাপ্রাক্ত নিমি সন্মানিত ব্যান্ধাণ্যকে আনাইয়া নিজেই প্রদক্ষিণক্রমে তাহাদেব সমস্ত আসন সংস্থাপিত কবিলেন ॥১০—১২॥

ভাহাৰ পৰ প্ৰভাবশালী নিমি উপস্থিত হইষা একদা সাত জন বাহ্মণকে আনয়ন কবিলেন এবং ভাঁহাদিগকে লবণ ব্যতীত খাছাৰূপে উড়ীধান্তের অন্ন দান করিলেন ॥১৩॥

ভদনস্তব নিমি আসনেব উপবে দক্ষিণাগ্র কুশসমূহ স্থাপন কবিলেন এবং বাঁহাবা অন্ন ভোজন কবিভেছিলেন, সেই ব্রাহ্মণগণের চবণেব ভলেও কুশ দান করিলেন ॥১৪॥ কৃষা চ দক্ষিণাপ্রান্ বৈ দর্ভান্ স প্রয়তঃ শুচিঃ।
প্রদর্দো শ্রীমতঃ পিণ্ডান্ নামগোত্রমূদাহরন্॥১৫॥
তৎকৃষা স মুনিশ্রেষ্ঠো. ধর্মসঙ্করমাত্মনঃ।
পশ্চাত্তাপেন মহতা তপ্যমানোহভ্যচিন্তয়ৎ ॥১৬॥
অকৃতং মুনিভিঃ পূর্বং কিং ময়েদমপুর্চিতম্।
কথন্ত শাপেন ন মাং দহেয়ুর্ত্রাহ্মণা ইতি ॥১৭॥
ততঃ স চিন্তয়ামাস বংশকর্তারমাত্মনঃ।
ধ্যাতমাত্রন্তথা চাত্রিরাজগাম তপোধনঃ ॥১৮॥
অথাত্রিন্তং তথা দৃষ্ট্রা পুত্রশোকেন কর্মিতম্।
ভূশমাশ্বাস্থামাস বাগ্ ভিরিষ্টাভিরব্যয়ঃ ॥১৯॥
নিমে! সঙ্কল্লিতন্তেহ্যং পিতৃষক্তন্তপোধন!।
মা তে ভূদ্ভীঃ পূর্বিদ্ষ্টো ধর্ম্মোহয়ং ব্রহ্মণা স্বয্ম ॥২০॥

### ভারতকোমুদী

রুষেতি। স নিমি:। শ্রীমতন্তদাখাস্ত পুরুষ্ঠ উদেশে ॥১৫॥ তদিতি। ধর্মস্ত সম্বরং মিশ্রণম্, শিক্র্যুদ্দেশেন কর্ত্তব্যস্ত শ্রাদ্ধস্ত পুরোদ্দেশেন করণাদিতি ভাব:। পশ্চান্তাপেন অমৃতাপেন ॥১৬॥

পশ্চান্তাপ: কৃত ইত্যাহারতমিতি। ইনং পুত্রোদেশেন শ্রান্ধম্ ॥১ গা তত ইতি। স নিমি:। ধ্যাতমাত্রশ্চিম্ভিত এব ॥১৮॥ অথেতি। অব্যয: হৈর্ব্যাদ্রন্তঃ, পৌত্রমরণেনাল্মনোহিশি শোকসম্ভবেতদভাবাৎ ॥১৯॥ নিম ইতি। ভীর্ত্বম্। উক্তার্থে হেতুমাহ পূর্ব্বেতি ॥২০॥

তংপবে সংযতচিত্ত ও পবিত্র নিমি দক্ষিণাগ্র কুশসমূহ স্থাপন করিয়া নাম ও গোত্রের উল্লেখপূর্বক পুত্র শ্রীমানেব উদ্দেশে পিশু দান কবিলেন ॥১৫॥

মুনিশ্রেষ্ঠ নিমি, সেই আচাবেব মিশ্রণ কবিয়া, গুকতব অমুতাপে সম্ভণ্ড হইয়া চিস্তা কবিলেন—॥১৬॥

'মূনিবা পূর্বে যাহা কবেন নাই, আমি এই তাহা কি কবিলাম। হায়! ব্রাহ্মণেরা কেন আমাকে শাপদ্বাবা দক্ষ কবিবেন না'॥১৭॥

তাহার পব নিমি নিজেব বংশকর্তাকে স্মরণ কবিলেন। স্মবণ কবিবামাত্র তপোধন অত্তি সেই স্থানে আগমন কবিলেন ॥১৮॥

তাহাব পর ধৈর্য্যশালী অত্তি নিমিকে অত্যস্ত পুত্রশোকার্ত্ত দেখিয়া, অভীষ্ট বাক্যদারা আইস্ত করিতে লাগিলেন—॥১৯॥ সোহযং স্বয়ন্ত্ববিহিতো ধর্মঃ সঙ্কল্লিতস্ত্বযা।

ঋতে স্বয়ন্ত্ববং কোহন্তঃ আদ্বীয়ং বিধিমাহরেৎ ॥২১॥

অথাখ্যাস্থামি তে পুত্র! আদ্বীয়ং বিধিমূত্তমম্।

স্বয়ন্ত্ববিহিতং পুত্র! তৎ কুরুষ নিবোধ মে ॥২২॥

কৃষাগ্রোকরণং পূর্বং মন্ত্রপূর্বং তপোধন!।

ততোহগ্রয়েহথ সোমায বরুণায় চ নিত্যশঃ॥২০॥

বিশ্বেদেবাশ্চ যে নিত্যং পিতৃতিঃ সহ গোচরাঃ।

তেভ্যঃ সঙ্কল্লিতা ভাগাঃ স্বয়মেব স্বয়ন্ত্বুবা ॥২৪॥ (যুগ্মকম্)

তোভবা চেহ পৃথিবী নিবাপন্থেহ ধারিণী।

বৈষ্ণবী কাশ্যপী চেতি তথৈবেহাক্ষ্যেতি চ ॥২৫॥

উদকানয়নে চৈব স্তোতব্যো বরুণো বিভুঃ।

ততোহগ্রিশ্চেব সোমশ্চ আপায্যাবিহ তেহন্ম।॥২৬॥

#### ভারতকৌমুদী

স ইতি। স্বস্থ্ বিহিতো ব্ৰহ্মণাবিহিতঃ, ঝতে বিনা ॥২১॥
অথেতি। আখ্যান্তামি বক্ষামি। নিবোধ শৃগু ॥২২॥
কুম্বেতি। অয়ৌকরণং তদাখ্যং শ্রাদ্ধাক্বিশেষম্। গোচরা এবং তল বিভ্যমানাঃ ॥২৩—২৪॥
স্থোতব্যেতি। নিবাপশু পিতৃদানশু। ইতি ইঅম্ ॥২৫॥

'নিমি! তপোধন। তুমি সঙ্কল্পূর্বক এই পিতৃষজ্ঞ কবিয়াছ; ইহাতে যেন তোমাব ভয় হয় না। কাবণ, স্বয়ং ব্রহ্মাই এই ব্যবহাব পূর্বেব দেখিযা-ছেন॥২০॥

ব্ৰন্ধাৰ বিহিত সেই আচাবেবই তুমি এই অমুসৰণ করিয়াছ। ব্ৰন্ধা ব্যতীত অশু কোন্ ব্যক্তি শ্ৰাদ্ধেৰ বিধান কৰিতে পাবে ? ॥২১॥

পুত্ৰ। আমি ভোমাব নিকট উত্তম শ্রাদ্বিধি বলিতেছি। পুত্র। তুমি সেই ব্রশ্ববিহিত শ্রাদ্বেব অনুষ্ঠান কব এবং ভাহা আমাব নিকট শ্রবণ কব ॥২২॥

তপোধন। প্রথমে মন্ত্রপাঠপূর্বক অগ্নৌকবণ বিধান কবিযা, ভাহার পর স্বয়ং ব্রহ্মাই অগ্নি, সোম ও বকণেব উদ্দেশে এবং যে বিশ্বেদেবগণ সর্বাদা পিভূগণের সহিত অবস্থান করেন, ভাঁহাদেব উদ্দেশে আছ ভাগ দান কবিবার বিধান কবিয়াছেন ॥২৩—২৪॥

তৎপবে পিতৃদানেব আধাবভূতা পৃথিবীকে 'বৈষ্ণবী, কাশ্যপী ও অক্ষয়া' এইভাবে স্তব করিবে ॥২৫॥ দেবাস্ত পিতরো নাম নিশ্মিতা যে স্বয়স্ত্রুবা।
উষণা যে মহাভাগান্তেষাং ভাগঃ প্রকল্পিতঃ ॥২৭॥
যে প্রাদ্ধেনার্চ্যমানা বৈ বিমৃচ্যন্তেহ কিল্লিষাং।
সপ্তকঃ পিতৃবংশস্ত পূর্ববৃদ্ফীঃ স্বয়স্ত্রুবা ॥২৮॥
বিশ্বে চাগ্মিমুখা দেবাঃ সংখ্যাতাঃ পূর্বমেব তে।
তেষাং নামানি বক্ষ্যামি ভাগার্হাণাং মহাত্মনাম্ ॥২৯॥
বলং প্রতিবিপাপা। চ পুণ্যকুৎ পাবনস্তথা।
পার্ফিক্ষেমা সমৃহশ্চ দিব্যমানুস্তথৈব চ ॥৩০॥
বিবস্বান্ বীর্য্যবান্ হ্রীমান্ কীর্ত্তিমান্ কৃত এব চ।
জিতাত্মা মুনিবীর্যাশ্চ দীপ্তরোমা ভয়ঙ্করঃ।।৩১॥
অনুকর্মা প্রতীতশ্চ প্রদাতাপ্যং শুমাংস্তথা।
শৈলাভঃ পরমক্রোধী ধীরোফী ভূপতিস্তথা।।৩২॥

# ভাবতকোমূদী

উদক্তি। উদকানয়নে জলাহরণে। আপ্যায়ো স্তবেন সম্ভোগ্রে ॥২৬॥
দেবা ইতি। দেবাঃ আজোদ্দেশ্রাঃ। উষণা উন্মপাযিনঃ ॥২৭॥
ত ইতি। সপ্তকঃ সপ্তসংখ্যকঃ, পূর্ব্বদৃষ্টঃ আজ্বদেবছেন ॥২৮॥
বিশ্ব ইতি। অগ্নিম্থা অগ্নিপ্রভৃতবঃ। ভাগার্হাণাং আজভাগপ্রাপ্তিযোগ্যানাম্॥২৯॥
বলমিতি। পাঞ্চিক্ষেমা পার্যকুশলঃ। অক্রেষাং ব্যুৎপত্তিরহা॥৩০॥
বিব্যানিতি। ত্রীমান্ লজ্জাবান্। মুনেগ্রিব বীর্গ্যং যক্ত সঃ॥৩১॥

নিষ্পাপ নিমি! তুমি জল আনয়ন কবিবার সময়ে প্রভাবশালী বকণের স্তব কবিবে; তৎপরে অগ্নিও চন্দ্রের সস্টোষ জন্মাইবে ॥২৬॥

ব্ৰহ্মা পিতৃনামে যে সকল শ্রাদ্ধদেবতাকে স্বষ্টি কবিয়াছেন এবং যে সকল সহাত্মা উষ্ণপ নামে প্রসিদ্ধ আছেন, শ্রাদ্ধে তাঁহাদেব ভাগও তিনি কল্পনা কবিয়াছেন ॥২৭॥

আদ্ধাবা তাঁহাদেব পূজা কবিলে, তাঁহাবা পাপ হইতে মুক্ত হন; বন্ধা সপ্তসংখ্যক পিতৃপুক্ষকে আদ্ধেব দেবতাৰূপে পূৰ্ব্বে দেখিয়াছেন ॥২৮॥

এবং ব্রহ্মা পূর্বেই অগ্নিপ্রভৃতি সেই বিশ্বদেবগণেব সংখ্যা করিয়াছেন। প্রাদ্ধেব ভাগপ্রাণ্ডিযোগ্য সেই মহাত্মাদেব নাম আমি বলিভেছি॥২৯॥

বল, ধৃতি, বিপাপাা,, পুণাকৃৎ পাবন, পার্ফিক্ষেমা, সমূহ ও দিবাসার ॥৩০॥ বিবস্থান, বীর্যাবান, হ্রীমান, কীর্ত্তিমান, কৃত, জিতাত্মা, ম্নিবীর্যা, দীগু-রোমা ও ভয়ঙ্কর ॥৩১॥

প্রজো বজ্ঞী বরী চৈব বিশ্বেদেবাঃ সনাতনাঃ।
বিদ্যুদ্বর্চাঃ সোমবর্চাঃ সূর্য্যঞ্জীশ্চেতি নামতঃ ॥৩০॥
সোমপঃ সূর্য্যসাবিত্রো দন্তাত্মা পুঞ্জরীযকঃ।
উষ্ণীনাভো নভোদশ্চ বিশ্বাযুদীপ্তিরেব চ ॥৩৪॥
চমূহরঃ প্ররেশশ্চ ব্যোমারিঃ শঙ্করো ভবঃ।
ঈশঃ কর্ত্তা কৃতিদ ক্ষো ভ্রনো দিব্যকর্মার্কৃৎ ॥৩৫॥
গণিতঃ পঞ্চবীর্যাশ্চ আদিত্যো রশ্মিবাংস্তথা।
সপ্তরুৎ সোমবর্চাশ্চ বিশ্বরূৎ কবিরেব চ ॥৩৬॥
অনুগোপ্তা প্রগোপ্তা চ নপ্তা চেশ্বর এব চ।
কীর্ত্তিতান্তে মহাভাগাঃ কালশ্য গতিগোচরাঃ ॥৩৭॥

#### ভাবতকৌমুদী

অবিভি। ধারণচাসো উন্ধী উন্ধবাংশ্চেভি দঃ ॥৩২॥
অল ইভি। শ্রক্ অস্তান্তীভি শ্রক্ষ:। অর্শ আদিবাদং ॥৩৩॥
সোমপ ইভি। স্ব্যাসবিভূরপভামিতি স্ব্যাসবিজ্ঞ:। নভঃ শৃন্তং দদাভীতি নভোদঃ ॥৩৪॥
চিহিভি। চম্ং সেনাং হরভীভি চম্হরঃ, ব্যোমো গগনস্থারির্ব্যোমারিঃ ॥৩৫॥
গণিত ইভি। রশ্মিবান্ ইভি মোপধ্যাৎ অন্তার্থে বন্ধঃ ॥৩৬॥
অবিভি। তে বিখেদেবাঃ, গভেঃ পরিণভের্গোচরা বিষ্যাঃ ॥৩৭॥

অনুকর্মা, প্রতীত, প্রদাতা, অংশুমান্, শৈলাভ, প্রমক্রোধী, ধীবোক্ষী ও ভূপতি ॥৩২॥

প্রজ, বজ্লী-ও বরী—ইহাবা সনাতন বিশ্বদেব, আব বিছ্যুদ্বর্চা, সোমবর্চা ও সূর্য্যন্ত্রী এই নামেও অপব তিনজন বিশ্বদেব আছেন ॥৩৩॥

এবং সোমপ, সূর্য্য, সাবিত্র, দত্তাত্মা, পুগুবীযক, উফীনাভ, নভোদ, বিশ্বাযুও দীপ্তি ॥৩৪॥

চমূহব, স্থবেশ, ব্যোমাবি, শঙ্কব, ভব, ঈ্শকর্ত্তা, কৃতি, দক্ষ, ভূবন ও দিব্য-কর্মকং ॥৩৫॥

গণিত, পঞ্চবীর্য্য, আদিত্য, বশ্মিবান, সপ্তকৃৎ, সোমবর্চ্চা, বিশ্বকৃৎ ও কবি ॥৩৬॥

অনুগোপ্তা, সুগোপ্তা, নপ্তা এবং ঈশ্বব। নিমি ! এই তোমার নিকট কালের পরিণতির বিষয়ীভূজ সেই বিশ্বদেবগণের নাম কীর্ত্তন কবিলাম ॥৩৭॥ অপ্রানেরানি ধান্তানি কোদ্রবাঃ পুলকান্তথা।
হিঙ্গুদ্রব্যেরু শাকেরু পলাণ্ডুং লশুনং তথা ॥৩৮॥
শোভাঞ্জনঃ কোবিদারস্তথা গৃঞ্জনকাদয়ঃ।
কুষ্মাণ্ডজাত্যলাবুঞ্চ কৃষ্ণং লবণমেব চ ॥৩৯॥
গ্রান্তারাহ্মাংসঞ্চ যুক্তেবাপ্রোক্ষিতং ভবেৎ।
কৃষ্ণাজাজী বিড়শ্চৈব শীতপাকী তথৈব চ।
অঙ্কুরাত্যাস্তথা বর্জ্জ্যা ইহ শৃঙ্গাটকানি চ ॥৪০॥
বর্জ্জ্যেল্লবণং সর্বাং তথা জন্মুফলানি চ।
অবক্ষুতাবরুদিতং তথা প্রাদ্ধে চ বর্জ্জ্য়েৎ ॥৪১॥

### ভাবতকৌমুদী

অপ্রান্ধেযানীতি। অপ্রান্ধেযানি প্রান্ধে অদেযানি, ধান্তানি শস্তানি উচ্যস্ত ইতি শেষ:।
কোত্রবা ধান্তবিশেষা:, পূলকা: অপকবান্তানি। পলাণ্ড্ং লন্তনঞ্চ বর্জ্জযেদিতি শেষ:॥৩৮॥

শোভেতি। শোভাধন: স্থনামপ্রসিদ্ধর্ক্ষ:, কোবিদাবো রক্তকাঞ্চনপূস্পম্, গৃধনকাদযে বিবাক্তবাণহতপশুসাংসাদয: প্রাদ্ধে বর্জ্জ্যা ইতি শেব:। পরার্দ্ধে চ বর্জ্জ্যেদিতি শেব: ১০১৪

গ্রাম্যেতি। কৃষ্ণান্ধান্ধী কৃষ্ণন্ধীবকৃষ্, বিড়োবিট্লবণৃষ্, শীতপাকী শাকবিশেষঃ, অন্ধ্রান্থা বংশক্বীরাদয়ঃ, শৃন্ধাটকানি শাকবিশেষাঃ। ষট্পাদে।২যং শ্লোকঃ ॥৪০॥

#### ভারতভাবদীপঃ

আসনানি ॥১২—১৫॥ শ্রেতি পিত্রাগ্যদেশেন দৃষ্টো ধর্ণ্যে লোকে পুত্রোদেশেনাপি স্বেচ্ছয়া করিত ইতি সঙ্কর: ॥১৬—২৭॥ তে প্রসিদ্ধা: পিত্রাদ্য:, বিমৃচ্যস্তে কি বিষাৎ নরকাদিরপাৎ ॥২৮—৩৭॥ পুলকা: অসম্পূর্বতভূলযুক্তধান্তানি, হিন্তুত্ব্যেয়্ শাকাদিসংস্কারক্ত্রব্যেয়্, পলাভূং লশুনঞ্চ শাকেষ্ ॥৩৮॥ শৌভাঞ্জনাদীন্ বর্জ্বতি—শৌভাঞ্জন: শিগ্কঃ, গৃঞ্জনং বিষদিশ্বশস্ত্রহত পশুমাংসম্, "অথ গৃঞ্জনং বিষদিশ্বপশোর্মাংস" ইতি মেদিনী। ক্বফং লবণং গদ্ধবিভম্ ॥৩৯॥ কৃষ্ণাজাজী ক্বফজীরকম্, বিড়ঃ বিড্লবণম্, শীতপাকী শাকবিশেষঃ, অন্ধ্রাভা বংশকরীরাদ্যঃ,

এখন প্রান্ধে অদেয় শস্তেব কথা বলিতেছি—কোদ্রব ধান্যও অপক ধান্য প্রান্ধে অদেয় এবং ব্যঞ্জনাদি সংস্কাব জ্বব্যেব ও শাকেব মধ্যে পলাভূ ও লশুন প্রান্ধে বর্জন কবিবে ॥৩৮॥

শজনেব শাক ও ফল, বক্তকাঞ্চনপূষ্প, বিষাক্ত বাণহত পশুৰ মাংস-প্ৰভৃতি প্ৰাদ্ধে অদেয় এবং সৰ্বব্ৰেকাৰ কুষাণ্ড, অলাবু ও কৃষ্ণবৰ্ণ লবণ প্ৰাদ্ধে বৰ্জন কৰিবে ॥৩৯॥

গ্রাম্য শৃকরেব মাংস এবং যে মাংস অপ্রোক্ষিত, তাহা প্রাদ্ধে বর্জন করিবে এবং কৃষ্ণজীবক, বিট্লবণ, শীতপাকী শাক, বংশকবীব প্রভৃতি অঙ্কুর ও শৃঙ্গাটক শাক প্রাদ্ধে বর্জনীয় ॥৪০॥ নিবাপে হব্যকব্যে বা গহিতঞ্চ সুদর্শন্য।
পিতরশ্চ হি দেবাশ্চ নাভিনন্দন্তি ভদ্ধবিঃ ॥৪২॥
চাণ্ডালশ্বপচো বর্জ্জো নিবাপে সমুপস্থিতে।
কাষায়বাসাঃ কৃষ্ঠী বা পতিতো ব্রহ্মহাপি বা ॥৪০॥
সঙ্গীর্ণযোনির্বিপ্রশ্চ সম্বন্ধী পতিতশ্চ ষঃ।
বর্জ্জনীয়া বুধৈরেতে নিবাপে সমুপস্থিতে ॥৪৪॥
ইত্যেবমুক্ত্রা ভগবান্ স্ববংশ্যং তমুষিং পুরা।
পিতামহসভাং দিব্যাং জগামাত্রিস্তপোধনঃ ॥৪৫॥
তথা নিমো প্রব্রে তু সর্ব এব মহর্ষ্যঃ।
পিতৃযজ্জন্ত কুর্বনন্তি বিধিদৃষ্টেন কর্মণা ॥৪৬॥

#### ভাবতকৌমুদী

বর্জনেদিতি। অবক্তং বহুপরি ক্তং ক্তং তদ্তব্যস্ অবক্দিতং যহুপরি রোদনং কৃতং তদ্তব্যক ॥৪১।

निवां रें हिं । निवां ि निवां निवां

চাণ্ডালেতি। কুষ্ঠী কুষ্ঠবোগী, পতিতঃ স্বরাপানাদিনা ॥৪৩॥

স্কীর্ণেতি। ত্রাহ্মণাৎ শুত্রোৎপক্ষ স্কীর্ণবোনিং, সম্বন্ধিত্বন স্বার্থসম্বন্ধাৎ সম্বন্ধী বর্জ্যঃ, পুনঃ পতিতপদম্ অস্তান্ত্রমাত্রপরিগ্রহার্থম্ ॥৪৪॥

ইতীতি। স্ববংশে ভবং স্ববংশন্তম্। পিতাসহস্ত ব্রহ্মণঃ সভাম্ ॥৪৫॥

সর্বপ্রকাব লবণ ও জযুকল প্রাদ্ধে বর্জন কবিবে এবং যাহাব উপবে হেঁচি দেওয়া হয় কিংবা যাহার উপবে বোদন কবা হয়, সেই সকল জব্য প্রাঞ্জে পরিত্যাগ কবিবে ॥৪১॥

পিতৃকার্য্যে বা সাধাবণ হব্যকব্যে স্থদর্শন শাক গহিতে। কাবণ, দেবগণ ও পিতৃগণ সেই শাকের আদব কবেন না ॥৪২॥

উপস্থিত শ্রাদ্ধকার্য্যে চাণ্ডাল, স্বপাক, কাষায়বসনপবিধায়ী, কুর্চবোগী, ব্রন্মহত্যাকারী বা অক্ত প্রকাব পভিত ব্যক্তিকে বর্জন কবিবে ॥৪৩॥

পিতৃকার্য্য উপস্থিত হইলে সঙ্কীর্ণযোনি ব্রাহ্মণ, সম্বন্ধী ও অস্থ্যজনাত্র ইহা-দিগকে পশ্তিতগণ বর্জন কবিবেন ॥৪৪॥

তপোধন ভগবান্ অত্রি সেই পূর্বকালে নিজবংশজাত নিমি ঋষিকে এইবাপ বলিয়া, বন্ধার অলৌকিক সভায় গমন কবিলেন ॥৪৫॥

<sup>(</sup>৪৫) ইতঃ পরং…'একনবভিতমো২গ্যায়:। ভীম উবাচ' বন্ধ বর্দ্ধ, ' ··'অষ্টব্রিংশদধিক-শততমো২গ্যায়:। ভীম উবাচ'—নি।

খাষযো ধর্মনিত্যাস্ত কৃত্বা নিবপনান্যত।
তর্পণং চাপ্যকৃর্বস্ত তীর্থাস্তোভির্যভব্রতাঃ ॥৪৭॥
নিবাপৈদীয়মানৈশ্চ চাতুর্ব্বণ্যেন ভারত!।
তপিতাঃ পিতরো দেবাস্তব্রান্নং জরয়ন্তি বৈ ॥৪৮॥
অজীর্ণেরভিহ্মস্তে তে দেবাঃ পিতৃভিঃ সহ।
সোমমেবাভ্যপত্ত তদা হুন্নাভিপীড়িতাঃ ॥৪৯॥
তেহক্রবন্ সোমমাসাত্ত পিতরো জীর্ণপীড়িতাঃ।
নিবাপান্নেন পীড্যামঃ জ্রেয়ো নোহত্র বিধীয়তাম্ ॥৫০॥
তান্ সোমঃ প্রত্যুবাচাথ প্রেয়শ্চেদীন্সিতং হুরাঃ!।
স্বয়স্কুসদনং যাত স বং জ্রেযোহভিধাস্ততি ॥৫১॥

# ভাৰতকৌমূদী

জপেতি। তথা অত্রিক্থিতপ্রকারেণ। পিতৃষজ্ঞং শ্রাদ্ধন্ ॥৪৬॥ ঋষয ইতি। নিবপনানি পিতৃদানানি ॥৪৭॥

নিবাগৈরিতি। নিবাগৈ: পিত্দেষজব্য:, চাতৃর্বর্ণ্যেন বান্ধণাদিভিশ্চতৃর্ভিবর্ণৈ। জরয়ন্তি জীণীকুর্বন্তি ॥৪৮॥

অজীপৈরিতি। অভিহন্ততে গুরুপাক্তাৎ পীডাতে শ্ব ॥৪৯॥ ত ইতি। অজীর্ণেন ভূকান্নানামপরিপাকেন পীডিত:। ন: অস্মাক্ষ্ ॥৫০॥ তানিতি। তে স্বা দেবা:।। স্বযজুসদনং ব্রন্ধতবন্ম্ ॥৫১॥

নিমি অত্রিক্থিত প্রকারে প্রান্ধে প্রবৃত্ত হইলে, মহর্ষিবা সকলেই শাস্ত্রদৃষ্ট কর্মদ্বাবা সেই প্রাদ্ধ নিপায় কবিতে লাগিলেন ॥৪৬॥

ধাশ্মিক ও সংযতচিত্ত ঋষিবা প্রাদ্ধ সম্পাদন কবিয়া ভীর্থজলদ্বাবা তর্পণ কবিলেন ॥৪৭॥

ভরতনন্দন ! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শৃত্ত প্রান্ধীয় দ্রব্য দান কবেন এবং তর্পণ কবেন ; তাহাতে দেবগণ ও পিতৃগণ অন্ন ভক্ষণ কবিয়া তাহা জীর্ণ ই কবেন ॥৪৮॥

কিন্তু সেই শ্রাদ্ধে পিতৃগণের সহিত দেবগণ অন্ন ভোজন কবিয়া তাহা জীর্ণ কবিতে না পাবায়, গীড়া অমুভব কবিতে লাগিলেন; তখন তাঁহাবা সেই পীড়িত অবস্থাতেই চল্রেব নিকট গমন কবিলেন ১৭৯১

অজীর্ণপীড়িত সেই দেবগণ ও পিতৃগণ চন্দ্রেব নিকটে যাইয়া বলিলেন— 'দ্বিজরাজ! আমবা শ্রাদ্ধান্ন ভোজন কবিয়া পীড়া অনুভব করিতেছি; অতএব আপনি আমাদেব এই বিষয়ে মঙ্গল বিধান ককন' ॥৫০॥ তে সোমবচনাদ্দেবাঃ পিতৃভিঃ সহ ভারত !। মেরুশৃঙ্গে সমাসীনং পিতামহমুপাগমন্ ॥৫২॥ পিতর উচুঃ।

নিবাপান্নেন ভগবন্ ! ভূশং পীড়ামহে বযস্ । প্রসাদং কুরু নো দেব ! শ্রেযো নঃ সংবিধীয়তাম্ ॥৫৩॥ ইতি তেষাং বচঃ শ্রুত্বা স্বয়ন্তুরিদমত্রবীৎ । এষ মে পার্শ্বতো বহ্নিযুপাচেছ্র য়োহভিধাস্থতি ॥৫৪॥

অগ্নিরুবাচ।

সহিতান্তাত। ভোক্ষ্যামো নিবাপে সমুপস্থিতে। জরবিয়াথ চাপ্যন্নং ময়া সার্দ্ধং ন সংশযঃ ॥৫৫॥ এতচ্ছ দ্বা তু পিতরস্ততন্তে বিদ্ধরা তবন্। এতস্থাৎ কারণাচ্চাগ্রেঃ প্রাকৃ তাবদ্দীয়তে নৃপা!॥৫৬॥

#### ভাবতকোমুদী

ত ইতি। সমাসীনমবন্ধিতম্, পিতামহং বন্ধাণম্ ॥৫২॥
নিবাপেতি। নিবাপান্ধেন শ্রাদ্ধান্ধভালনেন, পীড্যামহে অলীর্ণত্যা ॥৫৩॥
ইতীতি। স্বস্কৃত্র দ্বা। পার্যতঃ পার্যে স্থিতঃ ॥৫৪॥
সহিতা ইতি। নিবাপে শ্রাদ্ধান্তরে। জরবিত্রপ জীর্ণীকরিত্রপ ॥৫৫॥

এতদিতি। বিজ্ঞরা অজীর্ণরোগাণগমাৎ সন্তাপশ্রাঃ। বিদর্গলোপেহণি সন্ধিরার্থঃ ॥ ১৬॥ তথন চন্দ্র তাঁহাদেব কথাব প্রত্যুত্তব কবিলেন, 'দেবগণ। আপনাদেব বদি

ভখন চক্র ভাহাদেব কথাব প্রভ্যুত্তব কবিলেন, 'দেবগণ! আপনাদেব যাদ মঙ্গল অভীষ্ট হয়, ভবে আপনাবা ব্রহ্মাব গৃহে গমন ককন; তিনি আপনাদের মঙ্গলের বিষয় বলিয়া দিবেন ॥৫১॥

ভরতনন্দন ৷ তখন দেবগণ পিতৃগণেব সহিত মিলিত ইইয়া চন্দ্রেব বাক্য অনুসারে সুমেক্পর্বতের শৃঙ্গে অবস্থিত ব্রহ্মাব নিকট গমন কবিলেন ॥৫২॥

পিতৃগণ বলিলেন—'ভগবন্। আমবা প্রাদ্ধার ভোজন কবিয়া অজীর্ণরোগে অত্যন্ত পীড়া অনুভব কবিতেছি; - অতএব দেব। আপনি আমাদের উপরে অনুগ্রহ ককন; আপনি আমাদেব মঙ্গল বিধান ককন' ॥৫৩॥

দেবগণের এইকাপ বাক্য শুনিয়া ব্রহ্মা এই কথা বলিলেন—'আমার পার্যস্থিত এই অগ্নি তোমাদেব মঙ্গলেব কথা বলিবেন' ॥৫৪॥

অগ্নি বলিলেন—'বংসগণ। অস্ত শ্রাদ্ধ উপস্থিত হইলে আমবা সন্মিলিত হইযা তাহাতে ভোজন করিব, তখন তোসবাও আমাব সহিত অন্ন জীর্ণ কবিতে পারিবে, এবিষয়ে কোন সন্দেহ নাই'॥৫৫॥ নিবপ্তে চাগ্নিপূর্বং বৈ নিবাপে পুরুষর্বভ!।
ন ব্রহ্মরাক্ষসাস্তং বৈ নিবাপং ধর্মস্তাত।
রক্ষাংসি চাপবর্ত্তম্ভে স্থিতে দেবে হুতাশনে ॥৫৭॥
পূর্বং পিণ্ডং পিতুর্দ্দভাততো দভাৎ পিতামহে।
প্রপিতামহার চ তত এষ প্রাদ্ধবিধিঃ স্মৃতঃ ॥৫৮॥
ক্রয়াৎ প্রাদ্ধে চ সাবিত্রীং পিণ্ডে পিণ্ডে সমাহিতঃ।
সোমারেতি চ বক্তব্যং তথা পিতৃমতেতি চ ॥৫৯॥
রক্তম্বলা চ যা নারী ব্যঙ্গিতা কর্ণয়োশ্চ যা।
নিবাপে নোপতিষ্ঠেত সংগ্রাহ্যা নান্যবংশজা॥৬০॥

# ভাৰতকোমুদী

নিবপ্ত ইতি। অগ্নিপূর্ব্বম্ অগ্নযে দানপূর্ব্বকম্, নিবপ্তে পিতৃদানে ক্বডে, নিবাপে পিতৃদানে আঁচে, অপবর্ত্তন্তে পলায়ন্তে। বটুপাদোহয়ং শ্লোক: ॥৫१॥

পূর্বনিতি। আক্স বিধিদানপ্রকার:।।৫৮।।

জ্বযাদিতি। সাবিত্তীং গাবতীমৃ, জন্নাৎ পঠেৎ ॥৫১॥

রজন্বলেতি। কর্ণযোব্যঞ্চিতা বিঘটিতা বধিরেত্যর্থ: যা ব্যক্তি:। সম্মন্ধানারী পাকার ন সংগ্রাহা॥৬০॥

#### ভারতভাবদীপঃ

শৃলাটকং 'শিজ্ঞাড়া' ইতি প্রসিদ্ধন্ 18 ০ — ৪১॥ স্থাৰ্শনং শাক্বিশেষ: 18২ — ৪৫॥ এবং প্রান্থেশিক প্রিমৃক্ত্রা ভদকত্তভাগ্নৌকবণভোৎপত্তিমাহ—তবেত্যাদিনা 18৬—৫৬॥ নিবপ্তে দতে, শস্তামারণাভাব আর্থ: , উণাদিকস্তন্প্রত্যয়ো বা ॥৫৭ — ৫১॥ ব্যক্তিতা ক্রটিতা, নোপতিঠেত

বাজা। অগ্নির এই কথা শুনিয়া দেবগণ ও পিতৃগণ তদন্ত্রপ কার্য্য কবিরা তাহার পব সন্তাপশৃত হইলেন। এই কাবণে আদ্ধে প্রথমে অগ্নিকে দেওরা হয় ॥৫৬॥

নবশ্রেষ্ঠ । প্রান্ধে প্রথমে অগ্নিকে দান কবিয়া পবে অক্সকে দান করিলে ব্রহ্মরাক্ষসেরা সেই প্রাদ্ধ হবণ করে না। কাবণ, অগ্নি উপস্থিত থাকিলে বাক্ষসেরা পলায়ন করে ॥৫৭॥

প্রথম পিতাকে, তৎপবে পিতামহকে এবং তাহার পরে প্র**পিতামহকে** পিশুদান করিবে; ইহাই শ্রাদ্ধে পিশুদানের ক্রম ॥৫৮॥

একাগ্রচিত্ত হইয়া শ্রাদ্ধে প্রত্যেক পিণ্ডে গায়ত্রী পাঠ করিবে এবং 'দোমায় পিতৃমতে স্বাহা' এইরূপ বলিবে ॥৫৯॥

যে নারী রজস্বলা এবং যে ব্যক্তি বধির, ভাহাবা প্রাদ্ধে উপস্থিত হইবে না এবং পাকের জন্ম অন্ম গোত্রজা নারীকে নিযুক্ত করিবে না ॥৬০॥ জলং প্রতরমাণশ্চ কীর্ত্তয়েত পিতামহান্!
নদীমাদাত্য কুর্বীত পিতৃণাং পিগুতপ্ণম্ ॥৬১॥
পূর্বং স্ববংশজানাস্ত কৃত্বান্তিস্তর্পণং পুনঃ।
স্থাৎসম্বন্ধিবর্গাণাং ততো দতাজ্জলাঞ্জলিম্ ॥৬২॥
কল্মাষ্ণোযুগেনাথ যুক্তেন তরতো জলম্।
পিতরোহভিলষত্তে বৈ নাবং চাপ্যধিরোহিতাঃ॥৬০॥
দদা নাবি জলং তজ্জাঃ প্রয়ামর্বপণানি বৈ ॥৬৪॥
মাদার্দ্ধে কৃষ্ণপক্ষস্ত কুর্য্যামির্বপণানি বৈ ॥৬৪॥

#### ভারতকোমুদী

জ্লমিতি। প্রভরমাণঃ অবতরন্। পিঙে পিজোপরি ভর্পণম্ ॥৬১॥ পূর্বমিতি। অন্তির্জনেন। স্ববংশকানাং পিত্রাদীনাং ভর্পণং কৃষা ॥৬২॥

কল্মাবেতি। বুক্তেন মিলিভেন, কল্মাবগোষ্ণেন বিচিত্তবর্ণগোষ্যেন সহ তরতো নদী-মবতরতো জনাৎ পিতরো জলমভিলবন্তে, বে চ নাবমধিরোহিতা আকচাঃ, তেভ্যুদ্চ পিতরো জলমভিলবত্তে। অতত্তদ্গোপ্ত্রগলিভললেন নৌকারোহণপূর্বকদন্তজলেন চ পিতরত্তপ্নীয়া ইতি ভাবঃ॥৬৩॥

নদেতি। তজ্ঞাঃ প্রাদ্ধবিধানফাঃ। কৃষ্ণসক্ত মানার্দ্ধে সমাবভাষাম্। এতত্তু গৌণ-চান্তমানাভিপ্রায়েণোক্তম্ ॥৬৪॥

#### ভারতভাবদীপঃ

ভয়া নিবাপো ন এইব্য ইভার্থ:। তথা অন্তবংশজাপি পাকার্থং ন সংগ্রাহা।।৩০—৬২। ক্লাবেডি। চিত্রবর্ণং বলীবর্দ্দপুচ্ছমাশ্রিভা নদীং ভরতঃ সকাশাৎ ভংপুচ্ছেন ভর্পণং পিভরো-হভিনয়ন্তে, যুক্তেন শকটেন।৬৩। সাসার্দ্ধে অসাবাস্থাযাস্, কৃষ্ণপক্ষেত্যুক্তেনাত্র শুক্লাদিমাসো বিবক্ষিতঃ।৬৪—৬৮।

> ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্বাণি দানধর্মে নৈলকণ্ঠীবে ভারতভাবদীপে অষ্টসপ্ততিভয়োহধ্যায়ঃ ॥৭৮॥

দ্ধলে অবজনণ করিতে থাকিয়া পিতৃগণের নাম কীর্ত্তন কবিবে এবং নদীতে উপস্থিত হইয়া পিশ্বেন উপরে পিতৃতর্পণ করিবে ॥৬১॥

প্রথমে জলধারা শ্বংশক্ষাত লোকদিগের তর্পণ করিয়া, পরে আবাব পুস্থং-সম্বন্ধিগণেব উদ্দেশে জলাঞ্চলি দিবে ॥৬২॥

পিতৃলোকেরা সম্মিলিত বিচিত্র বর্ণ গোষুগলের সহিত জলে অবতরণকাবী লোকের নিকট হইতে জলপ্রাপ্তিব অভিলাষ করেন এবং তাঁহারা নৌকার্কা লোকের জলও প্রার্থনা কবিয়া থাকেন ॥৬৩॥

অভএব আদ্ধবিধিজ্ঞ লোকেরা একাগ্রচিত্ত হইয়া নৌকায় উঠিয়া সর্বন্দা

পুষ্টিরায়ুস্তথা বীর্য্যং ঐতিশ্চৰ পিতৃভক্তিতঃ।
পিতাসহঃ পুলস্ত্যশ্চ বসিষ্ঠঃ পুলহন্তথা ॥৬৫॥
অঙ্গিরাশ্চ ক্রতুশ্চেব কশ্যপশ্চ মহানৃষিঃ।
এতে কুরুকুলশ্রেষ্ঠ ! মহাযোগেশ্বরাঃ স্মৃতাঃ ॥৬৬॥ (যুগাকম্)
এতে চ পিতরো রাজন্ ! এষ প্রাদ্ধবিধিঃ পরঃ।
প্রেতাস্ত পিশুসম্বন্ধান্মচ্যতে তেন কর্মণা ॥৬৭॥
ইত্যেষা পুরুষপ্রেষ্ঠ ! প্রাদ্ধোৎপত্তির্যথাগমম্।
ব্যাখ্যাতা পূর্বনির্দ্দিন্টা দানং বক্ষ্যাম্যতঃ পরম্।।৬৮॥
ইতি প্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্বণি দানধর্মে প্রাদ্ধকল্লেইন্ট্রসপ্রতিতমোইধ্যায়ঃ॥০॥ #

### ভাবতকৌমুদী

পৃষ্টিবিতি। শ্রী: সম্পৎ পিতৃত্তকিতো ভবতীতি শেষ:। পিতাসহো ব্রন্ধা ।।৬৫—৬৬॥
এত ইতি। প্রেতা মৃতা জনাস্ক ভেন প্রান্ধেন কর্মণা পিগুসম্বন্ধাৎ পাপাম্মূচান্তে। এতেন
বন্ধাদীনাং পিতৃণাং শ্রান্ধেন তৃপ্তি: ফলম্, মৃতানাস্ক পাপাম্মুক্তিরিতি স্টিতম্ ।।৬৭॥
ইতীতি। যথাগমং যথাশাশ্রম্, ব্যাখ্যাতা উক্তা ।।৬৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌম্দীসমাখ্যাযামহুশাসনপর্ব্বণি দানধর্মে অষ্টসপ্ততিতমোহধ্যায়ঃ ॥০॥

পিতৃলোকদিগকে জলদান কবেন। মানুষ কৃঞ্পক্ষে অমাবস্থায় **প্রাদ্ধ** কবিবে ॥৬৪॥

মানুষ এক পিতৃভক্তিদ্বাবা পুষ্টি, আয়ু, বল ও সম্পদ্ লাভ করিতে পাবে। কৌববশ্রেষ্ঠ। পুলস্ক্য, বসিষ্ঠ, পুলহ, অঙ্গিবা,ক্রতু ও মহর্ষি কশ্যপ—ইহাদিগকে তুমি মহাযোগিশ্রেষ্ঠ বলিয়া মনে কবিবে ॥৬৫—৬৬॥

রাজ।! ইহারাই পিতৃলোক এবং ইহাই পবম প্রান্ধবিধি; কিন্তু মৃতব্যক্তিগণ সেই প্রান্ধকর্মদাবা পিগুসম্বন্ধনিবন্ধন পাপ হইতে মৃক্ত হন ॥৬৭॥

নবশ্রেষ্ঠ ! পূর্ব্বনির্দিষ্ট শ্রাদ্বোৎপত্তি শাস্ত্রান্ত্সাবে এই বলা হইল ; ইহাব পব দান বলিব' ॥৬৮॥

<sup>\* &#</sup>x27; · · দ্বিনবতিতমোহধ্যায়ং' বঙ্গ বর্দ্ধ, ' · · উনচন্ধারিং শদধিকশততমোহধ্যায়ং'—নি ।

# উনাশীতিতমোহধ্যায়ঃ।

--0\*0-

# যুধিষ্ঠির উবাচ।

দিজাতয়ো ব্রতোপেতা হবিস্তে যদি ভূঞ্জতে।
আমং ব্রাহ্মণকামায় কথমেতৎ পিতামহ।॥১॥
ভীষ্ম উবাচ।
আবেদোক্তব্রতাশ্চৈব ভূঞ্জানাঃ কামকারণে।
বেদোক্তের্ তু ভূঞ্জানা ব্রতনুপ্তা যুধিষ্ঠির!॥২॥

#### ভাবতকৌমুদা

বিদাত্য ইতি। হে পিতামহ। ব্ৰতোপেতাশ্চাক্ৰায়নাদিবত্যুক্তা:, তে বিদাত্যো ব্ৰাদ্মণা যদি, ব্ৰাদ্মণকামায় ভ্ৰান্ ভূঙ্কে চেং, তদাহং সম্ভ্ৰামীতি ব্ৰাদ্মণাভ্ৰায়পূৰ্ণায়, হবিদেবদন্তক্ৰয়ম্ অলং বা ভূঞ্জে, তদেতং কথং সকচ্ছত ইতি শেষঃ। ভোজনে ব্ৰতভ্ৰঃ, অভোজনে চ ব্ৰাদ্মণকামনাশ্বিহাৰ ইতি ভাষঃ ॥১॥

ব্বনেতি। কামকারণে রান্ধণকামনারূপে হেতৌ গভি, ভূঞানা অবেদোক্তরতা রান্ধণা ন বভভক্দোরভাব্দ ইতি শেষ:, বেদোকের্ ভূ রতের্ ভূঞানা বতন্থা ভগবতা ভবস্তি, বেদোক্তবতানাং প্রাধাক্যাদিভিভাব:। বতন্থা ইতি মগ্যাহিত।দিবদিশেষণত্ত পরনিপাত: ॥২॥

### ভাবতভাবদীপঃ

ষিল্লাত্য ইতি। দশাহাদৌ ব্রভোণেতা ব্রাহ্মণা ব্রাহ্মণকামায় ব্রহ্মনস্থার্থং যদি ভূঞ্জে তৎ কথম্ ? স্বস্ত ব্রতলোণো বা গরীযায়ত ব্রাহ্মণক্ত কামভলো বেতি প্রশ্নার্থ: ॥১॥ বেদোকং যাগান্ধভূতং ব্রতং তেন বহিতা: কামকারেণ ইচ্ছন্না হেতুনা ভূঞানা ভোজনং কুর্বস্ত নাম। বে তু ব্রভোণেতা ভূঞ্জতে তে লুগুব্রতা ভবস্তি। ভেষাং ব্রভলোগপ্রান্মন্টিতং ব্রাতপতীষ্টি-রূপং কর্তব্যং ভবতি। ইতর্ম্পালাভে ব্রতবস্তোহণি ভূক্বা প্রাথশ্চিতং কুর্বীরয় তু প্রাহ্ম

ষ্থিষ্ঠিব বলিলেন—'পিতাসহ। চাক্রাখণ।দিএত্যুক্ত প্রাহ্মণেবা যদি অস্ত ব্রাহ্মণেব কামনা প্রণেব জন্ম দেবতাব প্রসাদ বা সন্ন ভোজন কবেন, তাহা হইলে তাহা কি প্রকাব হয় ? অর্থাৎ প্রভজ্জ কবা ভাল ? না, প্রাহ্মণকামনা অগ্রাহ্য কবা ভাল ?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'্যুধিষ্ঠিব! বাঁহাবা বেদোক্ত ভিন্ন অহা এত কবেন, তাঁহারা বাহ্মণেব কামনা পুবণেব জহা ভোজন কবিলেও এতভঙ্গদোষে দোষী

# যুধিষ্ঠির উবাচ।

যদিদং তপ ইত্যাহুরুপবাসং পৃথগ্জনাঃ।
তপঃ স্থাদেতদেবেহ তপোহগুদ্বাপি কিং ভবেৎ॥আ
ভীম্ম উবাচ।

যাসার্দ্ধমাসোপবাসাদ্যত্তপো মন্ততে জনঃ।
আত্মতন্ত্রোপঘাতী যো ন তপস্বী ন ধর্মবিৎ ॥৪॥
ত্যাগস্ত চাপি সম্পত্তিঃ শিশ্যতে তপ উত্তমম্।
সদোপবাসী চ ভবেদ্ত্রক্ষচারী তথৈব চ ॥৫॥
মুনিশ্চ স্থাৎ সদা বিপ্রো বেদাংশ্চৈব সদা জপেৎ।
কুটুন্বিকো ধর্মকামঃ সদাস্বপ্রশ্চ মানবঃ॥৬॥

# ভাবতকৌমূদী

যদিতি। জনা উপবাসং তপো যদাহঃ তদিদং কিং সত্যম্ উতবা পৃথগসত্যম্ ; এতদেব তপঃ স্থাৎ অথবা অন্তৎ কিমপি তপো ভবেৎ ।।আ

মানেতি। বস্তপো মন্ততে তৎ সত্যম, বস্ত আত্মতদ্ৰোপঘাতী তপসা পুত্ৰকলতাদি-কেশদায়ী, স ন তপন্থী ন বা ধৰ্মবিৎ ॥৪॥

ত্যাগন্মেতি। ত্যাগস্থ দানস্থ সম্পত্তির্নিশণ্ডিকাপি উত্তমং তপঃ শিক্সতে উচ্যতে। দান-মুপবানো ব্রহ্মচর্ব্যঞ্জেতি ত্রীণ্যেব তপাংসীতি ভাবঃ ॥৫॥

ম্নিরিতি। কুট্সিক: পরিজনপোষক:, অমপ্র: অনিত্র: ॥৬॥

### ভারতভাবদীপঃ

দুস্পের্ন্নিতি ভাব: ॥২॥ তপস্থিন: পাত্রত্বমুক্তম্, তত্ত্ব তপসো রূপং পৃচ্ছতি—যদিদ্যিতি ॥৩॥ আত্মতন্ত্রং শরীব্রপং কুটুম্বরূপং বা তত্ত্পঘাতী ॥৪॥ ত্যাগস্থেতি । দানং বেদ্জপশ্চ প্রমং

হন না; আব বেদোক্ত ব্ৰড করিবার সময়ে ভোজন কবিলে তাঁহারা ব্ৰডভঙ্গ-দোবে দোষী হন' ॥২॥

যুধিষ্ঠির বলিলেন—'লোকে যে উপবাসকে তপস্থা বলে, তাহা কি সত্য, না মিখ্যা ? আপনাব মতে উহাই তপস্থা ? না অন্ত কোন কাৰ্য্য তপস্থা ? ॥॥

ভীম্ম বলিলেন—'লোকে যে মাসোপবাস বা অৰ্দ্ধমাসোপবাসকে তপস্থা মনে কবে, তাহা সভ্য; কিন্তু যিনি পুত্ৰকলত্ৰাদিকে কষ্ট দিয়া উপবাস কবেন, তিনি তপস্থীও নহেন, ধৰ্মজ্ঞও নহেন ॥৪॥

মুনিরা দান করাকে উত্তম তপস্থা বলেন; আব সর্বাদা উপবাসী এবং ব্রহ্মচাবীও তপস্বী ॥৫॥

ব্রাহ্মণ সর্বদা মুনি হইবেন এবং সর্বদা বেদমন্ত্রজপ করিবেন; আর সক্স

অমাংসাশী সদা চ স্থাৎ পবিত্রঞ্চ সদা পঠেছ। ঋতবাদী সদা চ স্থানিযতশ্চ সদা ভবেৎ ॥৭॥ বিঘসাশী সদা চ স্থাৎ সদা চৈবাতিথিপ্রিয়ঃ। অমৃতাশী সদা চ স্থাৎ পবিত্রী চ সদা ভবেৎ ॥৮॥ যুধিষ্ঠির উবাচ।

কথং সদোপবাসী স্থাদ্ত্রক্ষচারী চ পার্থিব!। বিঘসাশী কথঞ্চ স্থাৎ কথং চৈবাতিথিপ্রিয়ঃ॥৯॥

ভীম্ম উবাচ।

অন্তরা সাযমাশঞ্চ প্রাতরাশঞ্চ যো নরঃ।
সদোপবাসী ভবতি যো ন ভূঙ্জেহন্তরা পুনঃ॥১০॥
ভার্য্যাং গচ্ছন্ ব্রহ্মচারী ঋতো ভবতি চৈব হ।
ঋতবাদী সদা চ স্থাদানশীলস্ত মানবঃ॥১১॥

### ভাবতকৌমূদী

অমাংসেডি। পবিত্তং গ্রন্থম্। ঋতবাদী সত্যভাষী, নিষতো ষৎকিঞ্চিন্নমযুক্তঃ ॥৭॥

বিঘদেতি। বিখ্যাশী শেষভোজী। অমৃতাশী পৰিত্ৰী ভটি: ॥৮॥

কথমিতি। হে পাণিব ক্তিয়প্রেষ্ঠ। ভীমস্ত রাজ্বাভাবাৎ ।।।।

অন্তরেতি। সাযমাশং রাত্রিভোজনম্, প্রাতরাশং দিনভোজনঞ্, অন্তরা তয়োর্মধ্য ইতার্থ:, যো ন ভূঙ্জে ।> ॥

ভার্যামিতি। দানশীলো মানবং সদা ঋতবাদী স্থাদিতি। পরিভাষা এবং সর্বজ ॥১১॥
মানুষই পবিজ্ঞন পোষণ করিবে, ধর্মাভিলাষী হইবে এবং সর্ববদা সতর্ক
থাকিবে ॥৬॥

সকলেই সর্বাদা অমাংসভোজী হইবে, পবিত্র গ্রন্থ পাঠ কবিবে, সভ্য কথা বলিবে এবং কোন নিয়মযুক্ত হইবে ॥৭॥

মানুষ সর্বদা যজ্ঞশেষ ভোজন কবিবে, অতিথিপ্রিয হইবে, স্বাচ্ জব্য খাইবে এবং পবিত্র থাকিবে' ॥৮॥

যুখিষ্ঠিব বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ। মানুষ কিপ্রকারে সর্বদা উপবাসী ও ব্রহ্মচাবী হইতে পাবে, যজ্ঞশেষভোদ্ধী বা কি প্রকারে হয এবং কিপ্রকারেই বা অতিথিপ্রিয় হইযা থাকে १'॥৯॥ `

ভীখ বলিলেন—'যে মানুষ দিনভোজন ও বাত্তিভোজনের মধ্যে আব কিছু ভোজন না কবে কিংবা যে লোক মধ্যে মধ্যে বাব বাব কিছু কিছু না খায়, তাহাবাই সর্বদা উপবাসী হইযা থাকে ॥১০॥ অভক্ষয়ন্ রুথ। সাংসমসাংসাশী ভবত্যত।
দানং দদৎ পবিত্রী স্থাদস্থান্ত দিবাইস্বপন্ ॥১২॥
ভত্যাতিথিয়ু যো ভূঙ্কে ভূক্তবংস্থ নরঃ সদা।
ময়তং কেবলং ভূঙ্কে ইতি বিদ্ধি যুধিষ্ঠির ! ॥১৩॥
অভ্কতবংস্থ নাগাতি ত্রাহ্মণেয়ু তু যো নরঃ।
অভোজনেন তেনাস্থ জিতঃ স্বর্গো ভবত্যত ॥১৪॥
দেবেভ্যন্ত পিতৃভ্যন্ত সংশ্রিতেভ্যস্তথৈব চ।
অবশিক্ষানি যো ভূঙ্কে তমাহুর্বিব্দসাশিন্যু ॥১৫॥
তেষাং লোকা হুপর্যান্তাঃ সদনে ত্রহ্মণঃ স্থৃতাঃ।
উপস্থিতা হুপ্সরুসো গন্ধবৈশ্চ জনাধিপ ! ॥১৬॥

# ভাবতকোমূদী

অভক্ষরিতি। বৃথা অপ্রোক্ষিত্য়। অন্তপন্ নিপ্রামগছন্ ॥১২॥
ভূত্যেতি। কেবলমমূতং ভূঙ্জে ভোজ্যত্ত পরমোপকারিত্বাং ॥১৬॥
অভূজেতি। জিতঃ বেচ্ছয়ৈবায়তীক্বতঃ ॥১৪॥
দেবেভ্য ইতি। অবশিষ্টানি ভোজনাৎ পরং স্থিতানি প্রব্যাণি ॥১৫॥
ভোষামিতি। লোকা বাসস্থানানি, অপর্যন্তা অসীমাঃ। গন্ধবৈশ্যে সেব্যন্ত ইতি শেবঃ ॥১৬॥
ভাষতভাষদীপঃ

তপ ইতি শ্লোকষয়ার্থ: ॥৫॥ অসপ: স্বধর্মে জাগরক: ॥৬—৯॥ বথোজভোজনষয়ব্যভিরেকেশ মধ্যে যো ন ভূঙ্জে স সদোপবাসীত্যাহ—অস্তরেতি ॥১০—১১॥ বুথা ষজ্ঞাদিনিমিতং

মানুষ কেবল ঋতুকালে ভাষ্যা গমন কবিষা সদা ব্ৰহ্মচাৰী হয় এবং দানশীল হইয়া সৰ্ববদা ঋতবাদী বলিয়া কথিত হইযা থাকে ॥১১॥

বুথা সাংস না খাইলেই অসাংসাশী হয় এবং দান কবিয়া পবিত্রী ও দিনে নিজা না গেলেই অস্থ্য হইয়া থাকে ॥১২॥

যুধিষ্ঠিব। যে সানুষ ভৃত্য ও অভিথি ভোজন কবিলে পব প্রত্যহ নিজে ভোজন কবে; সে কেবল অমৃভই ভোজন কবে, ইহা তুমি অবগত হও ॥১৩॥

ব্ৰাহ্মণগণ ভোজন না কবিলে যে লোক ভোজন কবে না, ভাহাব সেই অভোজনেই স্বৰ্গ জয় কবা হয় ॥১৪॥

দেবগণ, পিতৃগণ ও আশ্রিভগণেব ভোজনেব পবে অবশিষ্ট দ্রব্য যে ভোজন করে, মুনিরা ভাহাকে বিঘসাশী বলেন ॥১৫॥

নবনাথ! ব্রহ্মলোকে উাহাদেব অসীম বাসস্থান হইয়া থাকে এবং সে স্থানে গন্ধর্ববিগণ ও অঞ্সরাগণ অবস্থান কবে ॥১৬॥ দেবতাতিথিভিঃ সার্দ্ধং পিতৃতিশ্চোপভূঞ্জতে। রমস্তে পুত্রপোত্তেণ তেষাং গতিরকুত্তমা॥১৭॥ যুধিষ্ঠির উবাচ।

ত্রাহ্মণেভ্যঃ প্রয়ছন্তি দানানি বিবিধানি চ। দাতৃপ্রতিগ্রহীত্রোর্কৈ কো বিশেষঃ পিতামহ!॥১৮॥

ভীম্ম উবাচ।

সাধোর্যঃ প্রতিগৃহীযান্তথৈবাসাধুতো দিজঃ।
গুণবত্যঙ্গদোষঃ স্থান্নিগুণে তু নিমজ্জতি ॥১৯॥
অত্রাপ্যদাহরন্তীনমিতিহাসং পুবাতনম্।
বুষাদর্ভেশ্চ সংবাদং সপ্তর্মীণাঞ্চ ভারত।॥২০॥
কশ্যপোহত্রির্বসিষ্ঠশ্চ ভরদ্বাজ্ঞাহথ গৌতমঃ।
বিশ্বামিত্রো জমদ্বিঃ সাধ্বী চৈবাপ্যক্রন্ধতী॥২১॥

### ভাবভকৌমুদী

দেবতেতি। দেবণিত্ব প্জমিষা অতিথিভি: নার্দ্মপৃত্য়ত ইত্যর্থ: ॥১१॥ বান্ধণেভ্য ইতি। বিশেষ: পুণ্যপাপষোর্ট্রেষম্যম্ ॥১৮॥ সাধোরিতি। গুণবতি আত্মন: শ্রেষ্ঠে, নিমজ্জতি পাণে ॥১৯॥ অত্রেতি। বৃষাদর্ভেন বৃষাদর্ভিনামকশ্য রাজ্ঞ: ॥২০॥ কশ্যপ ইতি। সাধনী পতিব্রতা ॥২১॥

যাঁহাবা দেবগণ ও পিতৃগণেব পূজা কবিয়া অতিথিগণেব সহিত ভোজন করেন, তাঁহাবা পুত্রপৌত্রাদিব সহিত আমোদ কবেন এবং তাঁহাদের সর্ব্বোত্তম গতি হইষা থাকে'॥১৭॥

যুধিষ্ঠিব বলিলেন—'পিতামহ। মানুষ ব্রাহ্মণগণকে নানাবিধ দান কবে; সেই দাতা ও প্রতিগৃগীতাব পাপপুণ্য বিষয়ে কিবাপ বৈষম্য হয় ?' ॥১৮॥

ভীম বলিলেন—'যে ব্রাহ্মণ সাধু ও অসাধু ছই প্রকাব লোকেব নিকট হইতেই প্রতিগ্রহ কবেন, তাহাব মধ্যে আপনা অপেক্ষা গুণবানের নিকট প্রতিগ্রহ কবিলে অল্প দোষ হয়; আব নিশুণেব নিকট হইতে প্রতিগ্রহ কবিলে পাপেই নিমগ্ন হন ॥১৯॥

ভবতনন্দন। এই বিষয়েও মনস্বীবা রুষাদর্ভি বাজা ও সপ্তর্ষিগণের সংবাদ-বাপ প্রাচীন রুতাস্থেব উল্লেখ কবিয়া থাকেন ॥২০॥

কশ্যপ, অত্রি, বসিষ্ঠ, ভবদান্ত, গৌতম, বিশ্বামিত্র ও জমদগ্নি—এই সাত জন ঋষি এবং সাধ্বী অকন্ধতী একসঙ্গে ছিলেন ॥২১॥ সর্বেষামথ তেষান্ত গণ্ডাভূৎ কর্ম্মকারিকা।
শূদ্রঃ পশুসথনৈচব ভর্তা চাস্থা বভূব হ ॥২২॥
তে চ সর্বের তপস্থন্তঃ পুরা চেরুর্গাহীমিমামৃ।
সমাধিনোপশিক্ষন্তো ব্রহ্মলোকং সনাতনম্ ॥২০॥
অথাভবদনার্প্রির্গাহতী কুরুনন্দন।।
কুচ্ছ\_প্রাণোহভবদ্যত্র লোকোহযং বৈ ক্ষুধান্বিতঃ ॥২৪॥
কিম্মিংশ্চিচ্চ পুরা যজ্ঞে শৈব্যেন শিবিসূত্রনা।
দক্ষিণার্থেহথ ঋত্বিগ্র্যো দত্তঃ পুত্রঃ পুরা কিল ॥২৫॥
অন্মিন্ কালেহথ সোহল্লায়ুদিফীন্তমগমৎ প্রভূঃ।
তে তং ক্ষুধাভিসন্তপ্তাঃ পরিবার্য্যোপতন্থিরে ॥২৬॥
যাজ্যাত্মজমথো দৃষ্ট্বা গতান্তম্ব্যিসত্নমাঃ।
অপচন্ত তথা স্থাল্যাং ক্ষুধার্ভাঃ কিল ভারত!॥২৭॥

# ভাৰতকৌমুদী

সর্বেবামিতি। গণ্ডা নাম, কর্মকারিকা দাসী, গশুসংখা নাম ॥২২॥ ত ইতি। চেরুর্বিচরিতবন্ধ:। উপশিক্ষন্ত আদাতৃমিচ্ছন্ত:॥২৩॥ অথেতি। কৃচ্ছা: কষ্টরক্ষ্যা: প্রাণা মস্ত স:॥২৪॥ কন্মিংশ্চিদিতি। শব্যেন তদাখ্যেন বাজ্ঞা ॥২৫॥ অন্মিরিতি। দিষ্টান্ত: মৃত্যুম্। পরিবার্য্য পবিবেষ্ট্য ॥২৬॥ যাজ্যেতি। ষাজ্যাত্মজং যজ্মানপুত্রম্, গতান্ধং নির্গতপ্রাণম্ ॥২৭॥

গণ্ডানামী এক নাবী তাঁহাদেব সকলেব দাসী ছিল এবং পশুসখনামে এক শৃত্ত সেই গণ্ডার ভর্ত্তা ছিল ॥২২॥

তাঁহাবা সকলেই ধ্যানেব গুণে সনাতন ব্রহ্মলোক লাভ কবিবাব ইচ্ছা কবিয়া, তপস্থা কবিতে থাকিয়া পূর্বে এই পৃথিবীতে বিচবণ কবিতে-ছিলেন ॥২৩॥

কৌববনন্দন! সেই সময়ে গুৰুত্ব অনাবৃষ্টি হইয়াছিল; যে অনাবৃষ্টির সময়ে ক্ষুধার্ত্ত মানবগণের প্রাণবক্ষা কবা ছুম্ব হইয়া পড়িয়াছিল ॥২৪॥

সেই সময়ে শিবিরাজাব পুত্র শৈব্য কোন যজ্ঞে দক্ষিণার্থে পুরোহিতগণকে
নিজেব পুত্র দান কবিয়াছিলেন ॥২৫॥

এই সময়ে অল্লায়ু সেই বাজপুত্র মৃত্যুমুখে পতিত হইলেন; তাহার পব সেই ক্ষুধার্ত পুবোহিতেবা সেই মৃত বাজপুত্রকে পবিবেষ্টন কবিয়া অবস্থান করিতে লাগিলেন ॥২৬॥ নিরমে মর্ত্ত্যলোকেথ স্মিন্ধান্থানং তে পরীক্ষবঃ। কুচছ ্রামাপেদিরে বৃত্তিমন্দহেতোন্তপস্থিনঃ ॥২৮॥ অটমানোহথ তামার্গে পচমানামহীপতিঃ। রাজা শৈব্যো বৃষাদভিঃ ক্লিশ্যমানান্ দদর্শ হ ॥২৯॥

র্যাদভিক্লবাচ।

প্রতিগ্রহন্তার্যতি পুষ্টিবৈ প্রতিগৃহতাম্।
ময়ি বদিগতে বিতং তচ্শৃগুধাং তপোধনাঃ। ॥৩০॥
প্রিযো হি মে ব্রাহ্মণো যাচমানো দ্যাসহং বোহশ্বতরীসহস্রম্।
একৈকশঃ সর্যাঃ সংপ্রসূতাঃ সর্বেষাং বৈ শীস্ত্রগাঃ শেতরোমাঃ ॥৩১॥
কুলম্ভরাননভূহঃ শতং শতান্ ধুর্যান্ শ্বেতান্ সর্বাশেহহং দ্যামি।
প্রচৌহীনাং পীবরাণাঞ্চ তাবদ্ব্যা গৃষ্ট্যো ধেনবঃ স্ক্রভাশ্চ ॥৩২॥

## ভাবতকৌমূদী

নিরম ইতি। পরীক্ষবো রক্ষিত্সিচ্ছব:। বৃত্তিং ব্যবহারস্ ॥২৮॥ অটেডি। অটমানো গচ্ছন্। পচমানান্ শবং পচতঃ ॥২৯॥ প্রতীতি। তার্যতি দাতারস্, পৃষ্টিঃ পৃষ্টিহেতুভূতং ধনস্ ॥৩০॥ প্রিয় ইতি। সর্বেধাং যুদ্মাকং মধে। একৈকশো গা দম্ভামিতি পদদঃ ॥৩১॥

#### ভাবতভাবদীপঃ

বিনা ॥১২—১৮॥ গুণবৃতি দাতরি প্রতিগ্রহীতৃরঙ্গো দোষঃ ॥১৯—২১॥ গণ্ডেতি নামতঃ ॥২২॥ উপশিক্ষম্ভঃ অর্জ্জনতঃ ॥২৩—২৫॥ দিষ্টাভঃ মরণম্ ॥২৬—২৭॥ আত্মানং পরীক্ষবো রক্ষিতৃ-

ভরতনন্দন। তদনস্কর সেই ক্ষ্ণার্ড ঋষিশ্রেষ্ঠগণ বন্ধমান পুত্রটীকে মৃত দেখিয়া তাহাব শ্বটীকে স্থালীতে পাক কবিতে লাগিলেন ॥২৭॥

সেই তপস্বীবা অন্নবিহীন এই মর্ত্তালোকে আত্মবক্ষাব ইচ্ছা কবিয়াই খাছেব জন্ম সেই কষ্টকর ব্যবহাব কবিতেছিলেন ॥২৮॥

যাতৃধানী ছাতিক্রা কৃত্যৈয়া বো বধৈষিণী ॥১৪০॥
র্যাদভিপ্রযুক্তিয়া নিহতা মে তপোধনাঃ!।
হুষ্টা হিংস্থাদিয়ং পাপা মুদ্মান্ প্রত্যাগ্রসম্ভবা ॥১৪১॥
তন্মাদন্য্যাগতো বিপ্রাঃ! বাসবং মাং নিবোধত।
অলোভাদক্ষয়া লোকাঃ প্রাপ্তা বৈ সার্বকামিকাঃ।
উত্তিষ্ঠধ্বমিতঃ ক্ষিপ্রং তানবাপুত বৈ দ্বিজাঃ! ॥১৪২॥

#### ভারতকৌমূদী

ময়েভি। অস্তর্হিতানি গোপিতানি। ভগবতাং ভবতাম্ ॥১৩৯॥
নক্ষণেভি। বাতুধানী রাক্ষনীমূর্তিঃ, ক্বত্যা অভিচারদেবতা ॥১৪০॥
ব্ববেতি। মে মরা। প্রত্যারিসম্ভবা যজ্ঞে প্রতিষ্টিতবহ্নিজাতা ॥১৪১॥
তত্মাদিতি। বাসবমিক্রম্। তান্ লোকান্। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥১৪২॥

শুন: স্থ বলিলেন—'ঋষিগণ। আপনাবা মৃণাল উন্তোলন কবিয়া, এই তীরে স্থাপন কবিয়াছিলেন; পরে সেই খান্ত মৃণাল না দেখিয়া যাহা বলিলেন তাহা সত্য; ইহা মিখ্যা নহে। কাবণ, আমিই মৃণাল হরণ করিয়াছি ॥১৩৮॥

নিম্পাপ মূনিগণ। আমিই এই স্থানে সেই মৃণালগুলি গোপন করিয়া রাখিযাছিলাম; এই সেই সকল মৃণাল দর্শন করুন। আপনাদের পরীক্ষার জন্ম আমি ইহা করিয়াছি ॥১৩৯॥

আমি আপনাদেব সকলের রক্ষাব জন্ম আসিযাছি; কারণ, অভিনৃশংসা যাতুথানী এই অভিচারদেবতা, আপনাদিগকে বধ করিবাব ইচ্ছা করিয়া-ছিল ॥১৪০॥

তপোধনগণ। রাজা বৃষাদর্ভিব প্রেবিতা যজ্ঞাগ্নিজাতা এই পার্ণিষ্ঠা ও ছুষ্টা যাতুধানী আপনাদিগকে বধ কবিবে বলিয়াই আমি ইহাকে বধ করিয়াছি ॥১৪১॥

সেই জন্মই আমি আসিয়াছি। ব্রাহ্মণগণ। আপনারা আমাকে ইন্দ্র বলিয়া অবগত হউন। ব্রাহ্মণগণ। আপনাবা লোভ পরিত্যাগ করিতে পারায় সর্ব-কামপ্রদ ও অক্ষয় স্বর্গ সকল পাইবাব যোগ্য হইয়াছেন; অতএব সম্বর গাতোখান করুন, সেই স্বর্গ সকল লাভ করুন' ॥১৪২॥

### ভীম্ম উবাচ।

ততো মহর্ষয়ঃ প্রীতান্তথেত্যুক্ত্যা পুরন্দরম্।
সহিব জিদশেন্দ্রেণ সর্বে জগ্মু স্ত্রিবিষ্টপম্ ॥১৪০॥
এবমেতে মহাত্মানো ভোগৈর্বহুবিধরপি।
ক্ষুধা পরময়া যুক্তাশ্ছন্দ্যমানা মহাত্মভিঃ।
নৈব লোভং তদা চক্রুস্ততঃ স্বর্গমবাপ্লুবন্ ॥১৪৪॥
তত্মাৎ সর্বাস্থবস্থাস্থ নরো লোভং বিবর্জয়েৎ।
এব ধর্মঃ পরো রাজংক্তস্মাল্লোভং বিবর্জয়েৎ ॥১৪৫॥
ইদং নরঃ স্থচরিতং সমবাযেষু কীর্ত্তয়ন্।
অর্থভাগী চ ভবতি ন চ তুর্গাণ্যবাপ্লুতে ॥১৪৬॥
প্রীয়ন্তে পিতরশ্চাস্ত ঋষয়ে। দেবতান্তথা।
যশোধর্মার্থভাগী চ ভবতি প্রেত্য মানবঃ ॥১৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামমুশাসন-পর্বাণি দানধর্ম্মে বিদক্তৈন্যোপাখ্যানে উনাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

# ভারতকৌমুদী

ভত ইতি। ত্রিদশেক্রেন দেবরাজেন, ত্রিবিষ্টপং স্বর্গম্ ॥১৪৩॥

এবমিতি। মহাত্মভির্বাদভিমন্ত্রিভি:, ছন্দ্যমানা অভ্যর্থমানা অপি। ষ্ট্পানোংসং

তত্মাদিতি। পর: উত্তম: "দ্রানাঝোতমা: পরা" ইত্যমর: ॥>৪৫॥

ইদমিতি। সমবায়েষ্ লোকসমাজেষ্। তুর্গাণি বিপদঃ ॥১৪৬॥

ভীশ্ব বলিলেন—'তাহাব পব মহর্ষিবা সকলে ইন্দ্রকে 'তাহাই হউক' এই কথা বলিয়া ইন্দ্রেব সহিতই স্বর্গে চলিয়া গেলেন ॥১৪৩॥

এইভাবে এই মহাত্মাবা অত্যস্ত ক্ষ্পার্ত হইয়াও ব্যাদভি প্রভৃতি কর্তৃক নানাবিধ খাজদাবা প্রলোভিত হইতে থাকিয়াও তখন লোভ করেন নাই; ভাহাতেই তাঁহারা স্বর্গ লাভ কবিয়াছিলেন ॥১৪৪॥

অতএব মানুষ দমস্ত অবস্থাতেই লোভ পরিড্যাগ কবিবে, রাজা। ইহাই পরম ধর্ম; স্মৃতবাং লোভ ত্যাগ কবা উচিত ॥১৪৫॥

মানুষ লোকসমাজে এই স্ক্রিড, কীর্ত্তন করিয়া অর্থভাগী হয় এবং বিপদে পতিত হয় না ॥১৪৬॥

 <sup>&#</sup>x27;…ত্তিনবভিতমোইধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, ' · চন্দারিংশদধিকশততমোইধ্যায়ঃ'—নি ৷

# অশীতিতমোহধ্যায়ঃ।

ভীম্ম উবাচ।

অত্যৈবোদাহরন্তীমমিতিহাসং পুবাতনম্।

যদ্বত্তং তীর্থবাত্রাবাং শপথং প্রতি তচ্ছ ৃণু ॥১॥

পুক্ষরার্থং কৃতং স্তৈন্তং পুরা ভরতসত্তম !।

রাজবিভিম হারাজ ! তথৈব চ দ্বিজবিভিঃ ॥২॥

# ভাৰতকৌমুদী

প্রীযম্ভ ইতি। অশু কীর্ত্তরিত্:। প্রেত্য শরলোকে ॥১৪৭॥
ইতি মহামহোপাধ্যার-ভারভাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারভটীকারাং ভারতকৌমুদীসমাধ্যারামহশাসনপর্বণি দানধর্শে উনাশীতিতমোহধ্যার: ॥०॥

অত্তেতি। বৃত্তং যাতম্, শপথং প্রতি শপথবিষধে ॥১॥ পুন্ধরেতি। পুরা ইন্দ্রেণ পুন্ধবার্থং পদার্থং স্তৈত্তং চৌর্ব্য: কৃতম্ , তথৈব রাজবিতি-ঋষিভিত্র নির্বিভিশ্চ শপথা: কৃতা ইত্যর্থঃ। এতচ্চ পরস্তাৎ কৃটাভবিশ্বতি ॥২॥

#### ভাবতভাবদীপঃ

শন্তং ভক্ষাম, বত্তকং তম মিধ্যেতি সমন্ধঃ ॥১৩৮॥ শন্তহিতানি শন্তর্জানং প্রাণিতানি ॥১৩৯—
১৪০॥ শ্বর্থমিনিষ্ঠঃ কুপ্রতিগ্রহণরাশ্ব্যো নিবিদ্ধবিজ্ঞিতো মুখ্যং পাত্রমিত্যধ্যাযতাংপর্যাম্ ॥১৪৭॥
ইতি শ্রীমহাভারতে অহশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীযে ভারতভাবদীপে
উনাশীতিভমোহধ্যায়ঃ ॥৭৯॥

আর তাহাব পিতৃগণ, ঋষিগণ ও দেবতাগণ সম্ভষ্ট হন এবং সেই মানুষ পরলোকে যাইয়া যশ, ধর্ম ও অর্থভাগী হয'॥১৪৭॥

ভীম বলিলেন—'এই বিষয়ে মনস্বীবা আব একটা প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন। যুধিষ্ঠিব! অধিগণেব তীর্থযাত্রায় শপথ বিষয়ে যাহা ঘটিযা-ছিল, তাহা ভূমি শ্রবণ কর'॥১॥

ভরতশ্রেষ্ঠ ! মহাবাজ ! পূর্বকালে দেববাজ ইন্দ্র পদ্ম হবণ কবিয়াছিলেন এবং ব্রহ্মবি ও রাজবিবা তৎকালে শপথ কবেন ॥২॥ খাষয়ঃ সমেতাঃ পশ্চিমে বৈ প্রভাসে সমাগতা মন্ত্রমমন্ত্রয়ন্ত।
চরাম সর্বাং পৃথিবীং পুণ্যতীর্থাং তন্নঃ কামং হন্ত গচ্ছাম সর্বে ॥ ।॥
শুক্রেবিস্ঠাং কশ্যপো গোতমশ্চ বিশ্বামিত্রো জমদগ্রিশ্চ রাজন্ । ॥ ৪॥
খাষিত্তথা গালবোহথাইকশ্চ ভরদ্বাজোহরুদ্ধতী বালখিল্যাঃ।
শিবিদিলীপো নহুষোহন্দ্ররীষো রাজা য্যাতিধু ক্মারোহ্থ পূরুঃ॥ ৫॥
জগ্মঃ পুরস্কৃত্য মহানুভাবং শতক্রতুং ব্রত্তহণং নরেন্দ্রাঃ।
তীর্থানি সর্বাণি পরিভ্রমন্তে। মাঘ্যাং যুহু কোশিকীং পুণ্যতীর্থাম্॥ ৬॥
(বিশেষকম্)

সর্বেষু তীর্থেম্ববধৃতপাপা জগ্মুস্ততো ব্রহ্মসরঃ স্থপুণ্যম্। দেবস্থ তীর্থে জলমগ্রিকল্লা বিগাস্থ তে ভুক্তবিসপ্রসূনাঃ॥१॥

# ভারতকোমূদী

শ্বর ইতি। সমেতাঃ সমিলিতাঃ, প্রভাবে তীর্থে, মন্ত্রং মন্ত্রণাম্, অমন্ত্রমন্ত্রকন্। কামমতিলাবম্ ॥৩॥

শুক্র ইতি। কবি: পর্বতশ্চ ঋষিবিশেষৌ। প্ররুপি রাজভেদ:। পুরস্কৃত্য অগ্রবর্তী-কৃত্য। মাধ্যাং মাধপুর্ণিমায়াম্, পুণ্যানি পবিত্রাণি তীর্ধানি ঘট্টা ষম্মান্তাম্ ॥৪——৬॥

সর্বেধিতি। অবধৃতং নাশিতং পাপং থৈছে, ব্রহ্মদরো নাম তীর্থম্। ভূকানি বিদ-প্রস্নানি পদাম্ণালানি বৈছে ॥१॥

একদা সন্মিলিত ঋষিবা পশ্চিম দেশবর্তী প্রভাসতীর্থে উপস্থিত হইয়া এই মন্ত্রণা করিয়াছিলেন যে, 'আমবা পবিত্র তীর্থযুক্ত সমগ্র পৃথিবী বিচবণ কবিব, আমরা সকলে আমাদের সেই কামনা পূবণ করিব' ॥৩॥

রাজা। গুক্র, অঙ্গিরা, কবি, বিদ্যান্ অগস্ত্য, নাবদ, পর্বত, ভৃগু, বসিষ্ঠ, কশ্যুপ, গৌতম, বিশ্বামিত্র, জমদগ্নি, গালব, অষ্টক, ভবদ্বাজ ও বালখিল্য ঋষিগণ এবং অরুদ্ধতী, আব শিবি, দিলীপ, নহুব, অম্ববীব, য্যাতি, ধুদ্ধুমার ও প্রুরাজা—ইহারা মহাপ্রভাবশালী বৃত্রহন্তা ইব্রুকে অগ্রবর্তী কবিয়া সমস্ত তীর্থে বিচবণ করিতে থাকিয়া মাঘী পূ্ণিমাতে পবিত্র ঘটুযুক্ত কৌশিকী নদীতে গমন করিলেন ॥৪—৬॥

তাহাব পব অগ্নিব তুল্য তেজস্বী সেই ঋষিগণ, সমস্ত তীর্থে অবগাহন করিয়া, পাপশৃষ্ঠ হইয়া, দেবতীর্থে যাইয়া তাহাব জলে অবগাহনপূর্বক, তত্তত্য মুণাল ভক্ষণ করিয়া অতি পবিত্র ব্রহ্মসবোববে গমন কবিলেন ॥৭॥ কেচিদ্বিসাম্থনংস্তত্ত রাজন্মতে মৃণালাম্থনংস্তত্ত বিপ্রা:।

অথাপশ্যন্ পুক্রং তে ব্রিয়ন্তং হ্রদাদগন্ত্যেন সমৃদ্ধৃতং তৎ ॥৮॥

তানাহ সর্বান্ষিম্থ্যানগন্ত্যঃ কেনাদন্তং পুক্রং মে স্ক্রাতম্।

যুস্মান্ শক্ষে পুক্রং দীয়তাং মে ন বৈ ভবন্তো হর্তু মইন্তি পদ্মম্ ॥৯॥

শৃণোমি কালো হিংসতে ধর্মবীর্যাং সোহয়ং প্রাপ্তো বর্ত্তে ধর্মপীড়া।

পুরাধর্মো বর্ত্তে নেহ যাবতাবদগচ্ছামঃ স্বরলোকং চিরায় ॥১০॥

পুরা বেদান্ ত্রাহ্মণা গ্রামমধ্যে ঘুইস্বরা ব্যলান্ প্রাব্যন্তি।

পুরা রাজা ব্যবহারেণ ধর্মান্ পশ্যত্যহং পরলোকং ত্রজামি ॥১১॥

### ভাবতকোমূদী

द्वितिष्ठि । वित्रानि क्यूत्यूगानानि व्यथननः थननः कृषा छेत्राज्ञायन् । युगानानि भवानाम् । भूकतः भवाम्, द्वियखः द्वियमानम् ॥৮॥

তানিতি। আদত্তং গৃহীতম্, ক্ষাতম্ৎকটম্। শব্দে হর্ড্ছেন দলিহে । না শ্ণোমীতি। হিংসতে হিনন্তি, ধর্মত বীর্ঘ্যং শক্তিম্, সোহয়ং কালঃ প্রাপ্ত উপস্থিত:। অভএব ধর্মপীতা বর্ত্তে ॥>•॥

পুরেতি। পুরা আগামিনি কালে "নিকটাগামিকে পুরা" ইতামর:। ঘুটবরা মুক্তকণ্ঠা:।
ব্যবহারেণ বাণিজ্যাচারেণ অর্থগ্রহণেনেত্যর্থ:। শ্রাবয়িদ্ধ শশুতি ইত্যুভযুত্তাণি পুরাশব্দবোগান্ভবিশ্বংকালেহণি "প্রয়োগভক্ত" ইতি বর্ত্তমানা ॥১১॥

#### ভাবতভাবদীপঃ

অত্তেতি। অত শপথেনৈব নিষিকার্থপ্রকাশনে ॥১॥ পুরুরার্থম্ ইন্দ্রেণ কৈন্তং, মুনিভিঃ শপথা: কৃতা ইত্যর্থ: ॥২—- १॥ বিদমুণালযো: কমলকুমুদ্রদ্বাক্তরভেদো জ্বেয়: । ছিয়স্তং ছিম্মাণমূ

রাজা। কেহ কেহ সেই ব্রহ্মনবোববে খনন কবিয়া কুমুদেব মুগাল উপ্তোলন করিলেন, অপব ব্রাহ্মণেবা খনন কবিয়া ভত্ততা পদ্মেব মুগাল সংগ্রহ করিলেন। ভাহাব পব তাহাবা দেখিলেন—সগস্তা হ্রদ হইভে যে পদ্মটা উদ্যোলন করিয়াছিলেন, ভাহা যেন কে হবণ করিষা নিয়াছে ॥৮॥

তখন অগস্ত্য সেই ঋষিশ্রেষ্ঠগণকে বলিলেন— 'কে আমার উৎকৃষ্ট পদ্মটী হবণ করিয়াছেন; আমি আপনাদিগকেই পদাহবণকারী বলিয়া মনে করি; আমার পদ্মটী দিন, আমাব পদ্ম আপনাবা হবণ কবিতে পাবেন না ॥৯॥

আমি শুনিয়া থাকি যে, কাল ধর্মের শক্তি নষ্ট করে; এই সেই কালই উপস্থিত হইয়াছে; তাহাতেই ধর্মপীড়া চলিতেছে; অতএব প্রাচীন ধর্ম, এই পৃথিবীতে যাবং আবাব না চলিতেছে, তাবং আমি দীর্ঘকাল বাস করিবার জন্ম দেবলোকে যাইব॥১০॥ পুরা বরান্ প্রত্যবরান্ গরীয়সো যাবয়রা নাবমংশুন্তি সর্বে।.
তমোত্তরং যাবদিদং ন বর্ততে তাবদ্ব্রজামি পরলোকং চিরায়॥১২॥
পুরা প্রপশ্যামি পরেণ মর্ত্যান্ বলীয়সা তুর্বলান্ ভুজ্যমানান্।
তত্মাদ্যাশ্যামি পরলোকং চিরায় ন হ্যাৎসহে দ্রুষ্ট্র মিহ জীবলোকম্॥১৩॥
তমাহুরার্ত্তা ঋষয়ো মহর্ষিং ন তে বয়ং পুক্ষরং চোরয়ামঃ।
মিথ্যাভিষঙ্গো ভবতা ন কার্য্যঃ শপাম তীক্ষেঃ শপথৈম হর্ষে।॥১৪॥
তে নিশ্চিতান্তত্রে মহর্ষযন্ত সংপশ্যন্তো ধর্মমেতং নরেন্দ্রাঃ।
ততোহশপত্ত শপথান্ পর্যয়েণ সহৈব তে পার্থিবপুত্রপোত্রঃ॥১৫॥

#### ভারতকৌমূদী•

পুরেতি। পুরা আগামিনি কালে গরীষসো গরীয়াংসো নরাং, সর্বে বাবৎ বরান্ শ্রেষ্ঠান্ অবরান্ প্রতি নিরুষ্টানিব, নাবমংশুন্তি নাবজাশুন্তি, তথা ইদং জগদ্যাবৎ তমন্তমগুণজনিতমজ্জানম্ উত্তরমধিকং যত্ত তত্তাদৃশম্। বিসর্গলোপেহিপ সন্ধিরার্য:। তাবৎ চিরায় পরলোকং
ব্রজামি ॥১২॥

পুরেতি। মর্ত্তান্ মাম্যান্, ভূজ্যমানান্ অত্যাচারেণ সর্বথা খিত্যমানান্ ॥১০॥
তমিতি। আর্ত্তা মিথ্যাদোষারোপেণ পীড়িতাং। অভিষলো দোষারোপং ॥১৪॥
ত ইতি। নিশ্চিতা ন থলু বযং পদ্মহারিণ ইতি নিশ্চয়বস্তঃ, ধর্মং ফ্রায়ম্। অশপস্ত
অকুর্বন্, পর্যায়েণ ক্রমেণ ॥১৫॥

আগামী কালে গ্রামেব মধ্যে গ্রাহ্মণেবা মুক্ত কণ্ঠে শুক্রগণকে বেদ শুনাইবেন এবং পরবর্ত্তী সময়ে বাজা অর্থ গ্রহণ কবিয়া ধর্ম পর্যালোচনা কবিবেন; অতএব আমি দেবলোকে যাইব ॥১১॥

পরবর্তী কালে সকল প্রধান লোকেবাও যে পর্যান্ত নিকৃষ্ট লোকদিগের স্থায় উৎকৃষ্ট লোকদিগকেও অবজ্ঞা না কবেন এবং এই জগতে যে পর্যান্ত অজ্ঞানই অধিক না হয়, তাহার মধ্যেই আমি দীর্ঘকালেব জন্ম দেবলোকে যাইব ॥১২॥

আমি দেখিতেছি, আগামী সময়ে প্রবল লোকেরা ছর্বল লোকদিগকে অত্যাচাবে জর্জরিত করিবে; অতএব আমি দীর্ঘকালের জন্ম দেবলোকে যাইব; কিন্তু এই স্থানে থাকিয়া এই মর্ত্ত্যলোক আব দেখিতে ইচ্ছা করি না'॥১৩॥

তখন অস্থান্ত ঋষিরা তৃঃখিত হইয়া সেই মহর্ষি অগস্ত্যকে বলিলেন— 'আমবা আপনাব পদ্ম চুবি করি নাই; আপনি আমাদেব উপরে মিথ্যা দোষাবোপ করিবেন না। মহর্ষি। আমরা এবিষয়ে গুরুতর শপ্থ করিতেছি' ॥১৪॥

#### ভৃগুরুবাচ।

প্রত্যাক্রোশেদিহাকুষ্টস্তাড়িতঃ প্রতিতাড়্যেৎ। খাদেচ পৃষ্ঠমাংসানি যস্তে হরতি পুন্ধরম্ ॥১৬॥ বসিষ্ঠ উবাচ।

অস্বাধ্যাযপরো লোকে শ্বানঞ্চ পরিকর্যতু। পুরে চ ভিক্ষুর্ভবতু যন্তে হরতি পুকরম্॥১৭॥
, কশ্যপ উবাচ।

সর্বত্ত সর্বাং পণতু স্থানে লোভং করোতু চ। কূটসাক্ষিত্বমভ্যেতু যন্তে হরতি পুকরম্ ॥১৮॥

#### ভাবতকৌমুদী

প্রতীতি। পৃষ্ঠমাংসানি পলাষমানানামপি পৃষ্ঠমাংসানি খাদেদশেৎ ॥১৬॥

অবেতি। অস্বাধ্যায়পরঃ অবেদাধ্যয়নপরায়ণঃ, শানং কুর্কুরম্, পরিকর্বতু বিচরণকালে সহচরী করোতু। ভিক্তিকাকারী ॥১৭॥

সর্বত্রেতি। সর্বাম্ অবিক্রেষং মাংসাদিকমণি পণতু বিক্রীণাতু, স্থানে কেনাপি রক্ষিতে ধনাদী কৃটসান্ধিতং চ্ছলসাক্ষ্যম্, অভ্যেতু প্রাপ্নোতু ॥১৮॥

#### ভাবতভাবদীপঃ

ালা আদন্তমান্তম্ ॥ সা অধর্ম ইতি কেল: ॥১০---১১॥ প্রত্যবরামধ্যমান্, তম: অজ্ঞানম্ ॥১২--১৫॥ পৃষ্ঠমাংসানি পৃষ্ঠবাহানাং হষবৃষভোষ্ট্রাদীনাং মাংসানি ॥১৬॥ ভিক্ষু: সন্ন্যাসী ॥১৭॥ পণ্ডু

তখন সেই মহর্ষিবা সেই বিষয়ে মনে মনে নিশ্চম যুক্ত হইযা এবং 'বাজাবাও ইহাই স্থায্য' এইবাপ পর্য্যালোচনা কবিযা ভাহাব পব সেই রাজপুত্র ও বাজ-পৌত্রগণেব সহিত মিলিত হইযা ক্রমে শপথ কবিতে লাগিলেন ॥১৫॥

ভৃত্য বলিলেন—'যে লোক আপনার পদ্ম হবণ কবিয়াছে; সে লোক কেহ গালি দিলে, ফিরাইয়া তাহাকে গালি দিউক; কেহ ভাডন করিলে, তাহাকে প্রতিভাড়ন ককক এবং শত্রু পলাইতে লাগিলে পিছনে পিছনে যাইয়া তাহাব পিঠের মাংস কামড়াইয়া ধকক' ॥১৬॥

বসিষ্ঠ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদা হবণ কবিয়াছে; সে ব্যক্তি যেন বেদ পাঠ কবে না, একটা কুকুব সঙ্গে নিষা চলে এবং নিজেব গ্রামে ভিক্ষা কবে' ॥১৭॥

কশ্যপ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিয়াছে, সে লোক সকল স্থানে সকল বস্তু বিক্রেয় ককক, গচ্ছিত ধনে লোভ ককক এবং ছল সাক্ষী দিউক ॥১৮॥

# গোতম উবাচ।

জীবদ্বহঙ্কতো বৃদ্ধ্যা বিষমেণাসমেন সঃ। কর্মকো মৎসরী চাস্ত যস্তে হরতি পুক্ষরম্॥১৯॥

অঙ্গিরা উবাচ।

অশুচিত্র ন্মাক্টোহস্ত শানঞ্পরিকর্ষতু। ব্রহ্মহানিকৃতিশ্চাস্ত যন্তে হরতি পুকরম্॥২০॥

ধুকুমার উবাচ।

অকৃতজ্ঞস্ত মিত্রাণাং শুদ্রায়াঞ্চ প্রজায়তু। একঃ সম্পন্নমন্নাতু যন্তে হরতি পুকরম্॥২১॥

পুরুক্রবাচ 1

চিকিৎসায়াং প্রচরতু ভার্য্যা চৈব পুষ্যতু।
শশুরাত্বস্থ বৃত্তিঃ স্থাদ্যত্তে হরতি পুকরম্॥২২॥

# ভাবতকোমুদী

জীবন্ধিতি। সং অহঙ্কতো গৰ্কী সন্, বৃদ্ধা বৃদ্ধিপূৰ্বক্ষেব, বিষমেণ লোকবিৰুদ্ধভাবেন অসমেন পক্ষপাতেন চ জীবতু; কৰ্ষকঃ ক্ষবিকারী, মৎসরী লোকবিদ্বেণী চাস্ক ॥১৯॥

অন্তচিরিতি। ব্রহ্ম বাহ্মণেয় কৃট-ছলকারী, খানং কৃক্রঞ, পরিকর্বতু মুগযার্থং সহচরী-করোতু, ব্রাহ্মণো ব্রাহ্মণক্ষ হানিকৃতিঃ ক্তিক্রিয়া ধন্মাৎ সঃ ॥২০॥

অকৃতজ্ঞ ইতি। প্রজাষত্ মরণাৎ পরং জাষতাম্। সম্পারং স্বয়ং পকং স্বাত্ বস্তু বা ॥২১॥ চিকিৎসায়ামিতি। ভার্যায়া ভার্যাজ্জিতখনেন, স্বাত্মানং প্রত্ । বৃত্তিজীবনযাত্তা-নির্বাহঃ ॥২২॥

গৌতম বলিলেন—'যে লোক আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে লোক অহঙ্কাবী হইয়া বৃদ্ধিপূৰ্ব্বক লোকের বিকদ্ধ ভাবে ও পক্ষপাত সহকারে জীবন ধাবণ করুক এবং কৃষিকাবী ও লোকবিছেষী হউক' ॥১৯॥

অঙ্গিরা বলিলেন—'যে ব্যক্তি আপনার পদ্ম হরণ কবিয়াছে; সে ব্যক্তি অপবিত্র ও ব্রাহ্মণ-বিষয়ে ছলকারী হউক, মৃগয়া করিবাব জন্ম সক্ষুর লইয়া চলুক এবং ব্রাহ্মণের অনিষ্ট ককক'॥২০॥

ধুন্ধুমার বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হরণ করিয়াছে; সে ব্যক্তি মিত্রগণেব নিকটে অকৃতজ্ঞ হউক, শূজাব গর্ভে জন্মগ্রহণ ককক এবং একাকী স্বাত্তব্য ভোজন ককক'॥২১॥

পুक विलालन-'(य वाकि जाभनात भन्न इवन कविशाह ; तम वाकि

### দিলীপ উবাচ।

উদপানপ্লবে গ্রামে ব্রাহ্মণো ব্রফীপতিঃ। তস্ত্র লোকান্ স ব্রজতু যন্তে হরতি পুষরম্॥২০॥ শুক্র উবাচ।

র্থামাংসং সমশ্রাভু দিবা গচ্ছতু মৈথুনম্। প্রেয়ো ভবতু রাজ্ঞক যন্তে হরতি পুক্রম্॥২৪॥

জনদগ্রিরুবাচ।

অনধ্যাবেশ্বধীবীত মিত্রং প্রান্ধে চ ভোজ্বেং।
প্রান্ধিক হরতি পুক্ষরম্ ॥২৫॥
শিবিক্ষবাচ।

অনাহিতাগ্নিত্রিযতাং যজ্ঞে বিদ্বং করোতু চ। তপস্বিভির্বিরুধ্যেচ্চ যস্তে হরতি পুষ্করম্ ॥২৬॥

#### ভাবতকৌমুদী

উদেতি। উদপানস্ এক: কৃপ এব প্রবো জলদানে নোদারকর্তা বন্দিন্ তত্ত ॥২৩॥ বৃষ্ণেতি। বৃধামাংসমপ্রোকিতপশুমাংসম্। প্রেক্তো দাস: ॥২৪॥ অনধ্যায়েদিতি। প্রাদ্ধে মিত্রভোজনে বার্ধপ্রেষ্ক্তরা ফলাভাব ইতি ভাব: ॥২৫॥ অনাহিতেতি। পরস্ত বজ্ঞে ॥২৬॥

চিকিৎসাব নিমিত্ত গৃহে গৃহে বিচবণ কৰুক, ভাৰ্য্যাব অৰ্জ্জিত ধনদ্বাবা নিজেব ভবণপোৰণ কৰুক এবং শশুর হইতে তাহার জীবনযাত্রা নির্ব্বাহ হউক' ॥২২॥

দিলীপ বলিলেন—'কোন গ্রামে একটা মাত্র কুপ আছে; সেই গ্রামে এক ব্রাহ্মণ এক শূজা বিবাহ কবিয়া বহিষাছেন; সেই ব্রাহ্মণের যে লোকে গভি হয়, যে আপনাব পদ্ম হবণ কবিয়াছে, ভাহাবও সেই লোকে গভি হউক' ॥২৩॥

শুক্র বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হরণ কবিয়াছে; সে ব্যক্তি রুধা-মাংস ভক্ষণ ককক, দিনের বেলাষ মৈথুন ককক এবং বাজাব ভৃত্য হউক' ॥২৪॥ জমদগ্নি বলিলেন—'যে লোক আপনাব পদ্ম হরণ কবিয়াছে; সে লোক অনধ্যায়ে অধ্যয়ন করুক, প্রাদ্ধে মিত্রকে ভোজন করাউক এবং শুজের প্রাদ্ধে ভোজন করুক'॥২৫॥

শিবি বলিলেন—'যে লোক আপনাব পদ্ম হরণ কবিয়াছে, সে লোক অগ্নিহোত্তেব অগ্নি স্থাপন ন। কবিয়াই মৃত্যুমুখে পতিত হউক, পবের যজে বিশ্ন ককক এবং সে লোক তপস্থিগণেব সহিত বিরোধ করুক' ॥২৬॥ যযাতিরুবাচ।

অনৃতো চ ব্রতী চৈব ভার্য্যায়াং স প্রজায়তু। নিরাকরোতু বেদাংশ্চ যস্তে হরতি পুন্ধরম্॥২৭॥

নহুষ উবাচ।

অতিথিগৃহসংস্থোহস্ত কামরুত্তস্ত দীক্ষিতঃ। বিতাং প্রয়চ্ছতু ভূতো যস্তে হরতি পুন্ধরম্॥২৮॥

অম্বরীষ উবাচ।

নৃশংসন্ত্যক্তধর্মাস্ত স্ত্রীরু জ্ঞাতিষু গোষু চ। নিহস্ত ত্রাহ্মণঞাপি যন্তে হরতি পুরন্ধ্য ॥২৯॥

নারদ উবাচ।

গৃহজ্ঞানী বহিঃশাস্ত্রং পঠতাং বিস্বরং পদম্। গরীয়দোহবজানাতু যস্তে হরতি পুক্রম্॥৩০॥

# ভারতকৌমূদী

অনুতাবিতি। প্রজাযতু সক্তো ভবতু। নিরাকরোতু পরিতাঞ্চতু ॥২৭॥
অতিথিরিতি। গৃহসংস্থোংস্ত অভুক্ত এব গৃহে তিঠতু, দীন্দিতো যজাদৌ প্রয়ন্তাংশি
কামবৃত্তঃ স্বেচ্ছাচারী ভবতু, ভূতো বেতনগ্রাহী সন্ ॥২৮॥

নুশংস ইতি। নৃশংসো খাতুকঃ, ভ্যক্তধর্মা দ্যারপধর্মরহিতঃ ॥২১॥

গৃহেতি। গৃহজানী বহিশ্চ মূর্থো ভবতু, বহিশ্চ শাস্ত্রমন্থসরতু গৃহে চ শাস্ত্রতাগী ভবতু, গরীষলো জনান্ ॥৩০॥

### ভাবতভাবদীপঃ

ক্ষমবিক্রয়ং করোতু, সর্বমপণ্যমপি॥১৮॥ বিগতঃ সমভাবো ফ্যান্ডেনাসমেন কামকোধাদিনা॥১৯॥ অনিক্বতিঃ অক্বতপ্রাযশ্চিত্তঃ॥২০—২৭॥ অতিথির্গতিঃ, গৃহসংস্থো গৃহবাসী, কামর্তো যথেষ্ট-

যযাতি বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে ব্যক্তি ঋতু ভিন্ন কালে কিংবা ব্রভাচবণ কবিবাব সময়ে ভার্য্যা গমন কবক এবং অধীত বেদ পবিত্যাগ ককক'॥২৭॥

নহুষ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিয়াছে; ভাহার গৃহে অতিথি—অভুক্ত অবস্থায় থাকুক, যজ্ঞাদি কার্য্যে প্রবৃত্ত হইয়া স্বেচ্ছাচারী হউক এবং বেতন গ্রহণ করিয়া বিভাদান ককক' ॥২৮॥

অম্বীষ বলিলেন—'যে লোক, আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে লোক স্ত্রী, জ্ঞাতি ও গোগণেব প্রতি নৃশংস ও দয়াধর্মত্যাগী হউক এবং ব্রহ্মহত্যা করুক' ॥২৯॥ নাভাগ উবাচ। অনৃতং ভাষতু সদা সদ্ভিশ্চৈব বিরুধ্যতু। শুল্কেন কথ্যাং দদতু যস্তে হরতি পুঞ্রম্॥৩১॥

কবিক্লবাচ।

পদ্ভ্যাং দ গাং তাড়যতু দূর্য্যঞ্চ প্রতিমেহতু। শরণাগতং সংত্যজতু যতে হরতি পুন্ধরম্॥৩২॥

বিশ্বামিত্র উবাচ।

করোতু ভৃতকোহবর্ষাং রাজ্ঞশ্চাস্ত পুরোহিতঃ। ঋত্বিগস্ত হ্যাজ্যস্থ যন্তে হরতি পুষরম্॥৩৩॥

পর্বত উবাচ।

গ্রামে চাধিকৃতঃ সোহস্ত ধর্যানেন গচ্ছতু। শুনঃ কর্ষতু রুত্ত্যর্থে যস্তে হরতি পুষ্ণরম্॥১৪॥

### ভারতকৌমূদী

অনুভমিতি। অত্ত ভাষতৃ দদস্বিত্যুভয়তাপি পরক্ষৈপদমার্থন্। "দদ দানে" ইত্যক্ত প্রয়োগঃ 1958

পদ্যামিতি। মেহতু মূত্রপুরীবে বিস্তব্জু । ৩২।

করোম্বিতি। ভৃতকো বেতনগ্রাহী ভৃত্যঃ, স্বর্ধাং বৈশ্রস্ত ক্ষেত্রে পীনবদনাদিনা বৃষ্টি-নিরোধং করোড়ু ১০০॥

নারদ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ হবণ কবিয়াছে; সে ব্যক্তি গৃহে জ্ঞানীব স্থায আচরণ ককক, বাহিবে শান্তানুসারী হউক, বিকৃত স্বন্ধে বেদপাঠ ককক এবং প্রধান শুক্তনেব প্রতি অবজ্ঞাকাবী হউক' ॥৩০॥

নাভাগ বলিলেন—'যে আপনাব পশ্ম হরণ কবিয়াছে; সে সর্বাদা মিখ্যা কথা বলুক; সজ্জনেব সহিত বিবোধ ককক এবং শুল্ক গ্রহণ করিয়া কল্পা দান কর্কা ॥৩১॥

কবি বলিলেন—'যে লোক আপনার পদ্ম হবণ কবিয়াছে; সে লোক চরণযুগলদ্বারা গো তাড়ন ককক, ভূর্য্যেব অভিমুখে মলমূত্র ত্যাগ ককক এবং শরণাগত ব্যক্তিকে পবিভ্যাগ ককক'॥৩২॥

বিশ্বামিত্র বলিলেন—'যে আপনাব পদ্ম হবণ কবিষাছে, সে বৈশ্যের ভূত্য হইয়া, বৈশ্যেবই ক্ষেত্রে বৃষ্টিব বাধা উৎপাদন ককক, বাজাব পুরোহিত হউক এবং অযাজ্য যাজন ককক' ॥৩৩॥

<sup>(</sup>७১)...सद्यन जू मन्द कन्नाम्—वष वर्ष ।

ভরদাজ উবাচ।

দর্বপাপদমাদানং নৃশংদে চানৃতে চ যৎ। তত্তস্থাস্ত নদা পাপং যন্তে হরতি পুষরম্॥৩৫॥ অফক উবাচ।

স রাজাস্তব্যক্তপ্রজ্ঞঃ কামরত্তশ্চ পাপরুৎ। অধর্ম্মেণাভিশাস্ত্র্বীং যস্তে হরতি পুদ্দরম্॥৩৬॥ গালব উবাচ।

পাপিষ্ঠেভ্যো হ্বনর্যার্হঃ স নরোহস্ত স্থপাপকৃৎ। দত্তা দানং কীর্ত্তর্যু যস্তে হরতি পুদ্ধরম্॥৩৭॥

অরুশ্বত্যুবাচ।

শ্বশ্রাপবাদং বদতু ভর্তুর্ভবতু হুর্মনাঃ। একা স্বাহ্ন সমশ্বাতু যা তে হরতি পুক্রম্॥৩৮॥

# ভারতকৌমুদী

গ্রাম ইতি। অধিকৃতঃ পরাধীনঃ, ধরধানেন গর্মজশকটেন। শুনঃ কুর্কুরান্, র্জ্যর্থে পশুহিংসয়া জীবিকার্থে ॥৩৪॥

নর্বেতি। সর্বেবাং পাপানাং সমাদানং গ্রহণম্, অনুতে মিধ্যাবাদিনি ॥৩৫॥
স ইতি। অক্বতপ্রাক্তঃ অশিক্ষিতবৃদ্ধিং, কামবৃদ্ধঃ বেচ্ছাচারী। উর্ব্বীং পৃথিবীম্ ॥৩৬॥
পাণিঠ ইতি। পাণিঠেভ্যোহণি, অনর্বার্হঃ অপূজাযোগ্যঃ, স্বেন আত্মনৈব পাণক্বং ॥৩৭॥
ভাবতভাবদীপঃ

চেষ্টাবান্, ভূতো বিস্তেন ক্রীত: ॥২৮—৩২॥ ভূতকো ধান্তবিক্রীত:, বৈখ্যৈ ক্রীত: সন্ অবর্ধা বৃষ্টিনিবন্ধং করোতু ॥৩৩—৩৬॥ পাপিষ্ঠা এব অনর্ধার্হাঃ অপূজ্যাঃ অয়স্ক তভোহপ পুলোহস্ক

পর্বত বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্মহরণ করিয়াছে; সে ব্যক্তি গ্রামে পরাধীন হইয়াথাকুক, গর্দ্ধভ-যানে গমন করুক এবং জীবিকানির্বাহের জন্ম কুকুর লইয়া বিচবণ করুক' ॥৩৪॥

ভরদ্বাজ বলিলেন—'রশংস ও মিথ্যাবাদী লোকের যে সকল পাপ হয়; যে আপনার পদ্ম হরণ কবিয়াছে, তাহাব সর্বদা সেই সক্ল পাপ হউক'॥৩৫॥

অষ্ট্রক বলিলেন—'যে রাজা আপনার পদ্ধ হরণ কবিয়াছেন; সেই রাজা আশিক্ষিতবৃদ্ধি, স্বেচ্ছাচারী ও পাপকারী হউন এবং অধর্ম অমুসারে বাজ্য শাসন করুন' ॥৩৬॥

গালব বলিলেন—'যে মাত্মৰ আপনাব পদ্ধ হরণ কবিয়াছে; সেই মাত্মৰ পাপিষ্ঠগণ হইতেও অসম্মানের যোগ্য হউক, নিজেই পাপ করুক এবং দান করিয়া ভাহা কীর্ত্তন করিতে থাকুক' ॥৩৭॥ বালখিল্যা উচুঃ। একপাদেন বৃত্ত্যর্থং গ্রামদ্বারে দ তির্চ্চতু। ধর্মজ্ঞস্ত্যক্তধর্মাস্ত যস্তে হরতি পুক্ষরম্॥৩৯॥

শুনঃসথ উবাচ।

জ্মিহোত্তমনাদৃত্য স স্থাং স্থপতু দ্বিজঃ। পরিব্রাট কামরত্বোহস্ত যতে হরতি পুক্রম্॥৪০॥

স্থরভূ্যবাচ।

বালজেন নিদানেন কাংস্তং ভবতু দোহনম্। ছুছেত পরবৎসেন যা তে হরতি পুঞ্চরম্॥৪১॥

#### ভারতকৌমুদী

শব্দিত। শব্দা ভর্ত্মাতু: অপবাদং বদতু। বিদর্গলোপেংপি সন্ধিরার্য:। ছর্মনা ছষ্টচিত্তা ।৬৮॥

একেতি। প্রামস্ত গ্রামবাসিনো জনস্ত হারে। শাম্বেণ ধর্মজোহপি, ত্যক্তধর্মা ত্যক্তধর্ম-কর্মা ১০৯৪

শ্মীতি। স্বপতু স্বপিতু। কামবৃত্তঃ স্বেচ্ছাচারী ॥৪০॥

বালজেনেতি। যা গোঁঃ তে পুড়বং পদ্মং হরতি , তত্তা দোহনকালে কাংক্তং কাংক্তময়ন, দোহনং দোহনপাত্তং ভবতু, সা চ গোঁঃ, বালজেন কেশজাতেন, নিদানেন বজ্জা বদ্ধা সভীক্ষি শেবঃ, পরবংনেন চুছেত ॥৪১॥

# ভাবতভাবদীপঃ

ষতঃ ত্বাপকৃৎ তের্ জ্ঞাতির পাপকৃদ্গরায়িদানাদিনা বধকৃৎ ॥৩৭। তথা অপবাদমিতি চ্ছেদঃ ॥৩৮—৪০॥ বালজেন নুকেশজেন, ব্রজেনেতি পাঠে ব্রজঃ 'ব্গঈ' সংজ্ঞকত্পবিশেষ-

অকন্ধতী বলিলেন—'যে গ্রী আপনাব পদ হবণ করিয়াছে; সেই স্থী খাশুড়ীর নিন্দা ককক, স্বামীর সম্বন্ধে ছ্ষ্টচিতা হউক এবং একা স্থ্যান্থ জ্বা ভোজন কর্কা ॥৩৮॥

বালখিল্য মুনিবা বলিলেন—'যে লোক আপনার পদ্ম হরণ করিয়াছে; সেই লোক জীবিকানির্বাহের জন্ম নিজের গ্রামেব লোকের ছারে একপাদে দাড়াইয়া থাকুক এবং ধর্মজ্ঞ হইয়াও ধর্মকর্ম ত্যাগ করুক' ॥৩৯॥

শুনঃস্থ বলিলেন—'যে' ব্রাহ্মণ আপনার পদ্ম হরণ করিয়াছেন; তিনি অগ্নিহোত্রেব অনাদর কবিয়া সুখে নিজা যাউন এবং পরিবাজক চটয়াও স্বেচ্ছাচারী হউন'॥৪০॥

# ভীম্ম উবাচ।

ততত্তিঃ শপথেঃ শপ্যমানৈর্নানাবিধৈর্বছভিঃ কৌরবেন্দ্র !।
সহস্রাক্ষো দেবরাট্ সম্প্রাহ্মন্থ তং কোপনং বিপ্রমুখ্যম্ ॥৪২॥
অথাত্রবীন্মঘবা প্রত্যয়ং স্বং সমাভাষ্য তম্বিং জাতরোষম্।
ব্রহ্মবিদেবর্ষিনৃপর্ষিমধ্যে যং তং নিবোধেহ মমান্ত রাজন্ ! ॥৪৩॥
শক্র উবাচ।

অধ্বর্ধ্যবে ছুহিতরং দদাতু ছন্দোগে বা চরিতত্রন্ধাচর্য্যে।
অথর্ববণং বেদমধীতা বিপ্রঃ স্নায়ীত যঃ পুষ্ণরমাদদাতি ॥৪৪॥
সর্বান্ বেদানধীয়ীত পুণ্যশীলোহস্ত ধান্মিকঃ।
ভ্রন্ধাণঃ সদনং যাতু যত্তে হরতি পুষ্ণরম্ ॥৪৫॥

### ভাবতকোমূদী

তত ইতি। শণ্যমানৈঃ ক্রিয়মাণেঃ, তমগন্ত্যম্ ॥৪২॥

অবেতি। মঘবা ইক্স:, প্রত্যয়মভিপ্রায়ন, খং খকীয়ন, তন্ অগন্ত্যন্, নিবোধ নহান্ব ॥৪৩॥ অধ্বর্যাব ইতি। অধ্বর্যাবে ধজুর্ব্বেদবিদে, ছন্দোগে সামবেদক্ষে। অধ্বর্বাৎ তদাখ্যন্। অধ্ববিদে অভিচারবাছল্যসন্থাৎ তদধ্যয়নানস্করং স্নানং যুক্তমেবেডি ভাব: ॥৪৪॥

সর্বানিতি। ধার্মিকো স্থায়বান্ "ধর্মাঃ পুণ্যযক্ষসায়স্বভাবাচারসোমপাঃ" ইত্যমরঃ। সদনং লোকম্ ॥৪৫॥

স্থ্রতী বলিলেন — 'যে গরু আপনাব পদ্ম হরণ কবিয়াছে, ডাহাব দোহন-কালে কাংস্থনিন্দিত পাত্র দোহনপাত্র হউক এবং কেশজাত রজ্জ্বারা তাহার পাদযুগল বন্ধন করিয়া অক্ত গক্ব বংসদ্বাবা তাহাকে দোহন ককক' ॥৪১॥

ভীম বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ ৷ তাহাব পর ব্রাহ্মণশ্রেষ্ঠ অগস্ত্যকে কুদ দেখিয়া সেই ঋষিবা, নানাবিধ বছতব শপথ করিতে লাগিলে, দেবরাজ ইন্দ্র তাহাতে সম্ভষ্ট হইলেন ॥৪২॥

রাজা! তদন্ত্মর ইন্দ্র ক্রেদ্ধ অগস্তামুনিকে সম্বোধন করিয়া বলিলেন— 'দেববি, ব্রহ্মবি ও রাজবিগণের মধ্যে, এখন বাঁহাকে তাঁহাকে পদ্মহানী বলিয়া আপনি মনে কঙ্গন, ইহাই আমার নিজের অভিপ্রায় ॥৪৩॥

ইন্দ্র আরও বলিলেন—যিনি আপনার পদ্ম হবণ করিয়াছেন; সেই ব্রাহ্মণ সমাপ্তবেদ্মচর্য্য, যজুর্বেদজ্ঞ ব্রাহ্মণকে কিংবা সামবেদজ্ঞ ব্রাহ্মণকে কন্সা দান ককন অথবা অথবিবেদ অধ্যয়ন কবিয়া স্থান ককন ॥৪৪॥

যিনি আপনার পদ্ম হবণ কবিয়াছেন; তিনি সমস্ত বেদ অধ্যয়ন করুন, ধার্মিক ও স্থায়বান্ হউন এবং ব্রহ্মলোকে গমন ককন ।।৪৫॥

#### অগন্ত্য উবাচ।

আশীর্বাদস্ত্রয়া প্রোক্তঃ শপথো বলসূদন !। দীয়তাং পুৰুরং মহুমেষ ধর্মঃ সনাতনঃ ॥৪৬॥

### ইন্দ্ৰ উবাচ।

ন মথা ভগবন্! লোভাদ্দৃতং পুক্ষরমন্ত বৈ।
ধর্মাংস্ত শ্রোতৃকামেন হৃতং ন ক্রোদুমর্হসি ॥৪৭॥
ধর্মশ্রেভিসমুৎকর্ষো ধর্মসেতুরনাময়ঃ।
আর্ষো বৈ শাশ্বতো নিত্যমব্যযোহয়ং ময়া শ্রুভঃ ॥৪৮॥
তদিদং গৃহতাং বিদ্বন্! পুক্ষরং দ্বিজসত্তম!।
অতিক্রমং মে ভগবন্! ক্ষন্তমেইস্থনিন্দিত! ॥৪৯॥

# ভাবতকৌমুদী

আশীরিতি। আশীর্বাদন্তয়া প্রোক্তঃ সর্বেবামেব কাম্যত্বাৎ ॥৪৬॥ নেতি। পুরুরং ছদীরং পল্লম্ ॥৪৭॥

ধর্মেতি। ধর্মশ্রতা সমুৎকর্ম: প্রাধান্তং ভবতি, অনাময়ো নিরুপত্রবং, ধর্ম এব সেতৃঃ সংসারসাগবপারগমনোপয:। আর্বং ঋবিপ্রোক্তো ধর্ম: শাখতঃ স্থায়ী, অব্যবং অক্ষয় ॥৪৮॥
তদিতি। অভিক্রমং ভবদিচ্ছালক্ষনম্ ॥৪৯॥

#### ভাবভভাবদীপঃ

স্তব্দেন, নিদানং দোহনকালে গ্বাং পাদবন্ধনী রক্ত্তেন ॥৪১—৪২॥ প্রত্যাযমভিপ্রায়ম্ ॥৪৩— ৪৭॥ ধর্মজীনাং সম্যাধ্যকর্মঃ, ধর্ম এব সেতৃত্তরণোপায়ঃ র্টাচ—৫৪॥

ইতি শ্রীমহাভারতে অন্নশাসনপর্কণি দানধর্ম্মে নৈলক্ষীবে ভারতভাবদীপে অশীতিভমোহধ্যায়: ॥৮০॥

অগস্ত্য বলিলেন—'বলদৈত্যহস্তা ইন্দ্র । আপনি আশীর্কাদম্বরপই শপথ বলিয়াছেন। সে যাহা হউক, আপনি আমাকে পদ্মটী দিন, ইহাই সনাতন ধর্ম্ম' ॥৪৬॥

ইস্ত্র বলিলেন—'ভগবন্! আমি লোভবশতঃ আজ আপনাব পদ্ম হরণ করি নাই; ধর্ম শুনিবার জন্মই পদ্ম হবণ কবিয়াছিলাম; অভএব আপনি জ্যোগ করিতে পাবেন না ॥৪৭॥

ধর্ম প্রবণ কবায় লোকের উৎকর্ষ হয় এবং ধর্মই সংসাবসাগবেব পারগমনে নির্রুপজ্ঞব সেতু। আজ আমি অক্ষয় স্থায়ী ঋষিপ্রোক্ত এই সকল ধর্ম প্রবণ করিলাম ॥৪৮॥

জ্ঞানী ব্রাহ্মণশ্রেষ্ঠ। আপনি এই সেই পদ্ম গ্রহণ ককন। অনিন্দিত ভগবন্। আপনি আমার এই অপরাধ ক্ষমা ককন' ॥৪৯॥ ইত্যক্তঃ স মহেন্দ্রেণ তপস্বী কোপনো ভূশগ্।
জগ্রাহ পুজরং ধীমান্ প্রসমশ্চাভবন্মনিঃ ॥৫০॥
প্রযান্ত ততো ভূয়ন্তীর্থানি বনগোচরাঃ।
প্র্ণ্যেয় তীর্থেয় তথা গাত্রাণ্যাপ্লাবয়ন্ত তে ॥৫১॥
আখ্যানং য ইদং যুক্তঃ পঠেৎ পর্বণি পর্বণি।
ন মূর্থং জনয়েৎ পুত্রং ন ভবেচ্চ নিরাক্তিঃ ॥৫২॥
ন তমাপৎ স্পুশেৎ কাচিদ্বিজ্বরো ন জরাবহঃ।
বিরজাঃ শ্রেয়সা যুক্তঃ প্রেত্য স্বর্গমবাপ্লায়াৎ ॥৫০॥
যশ্চ শাস্ত্রমধীয়ীত শ্বামিভিঃ পরিপালিতম্।
স গচ্ছেদ্রেলাণো লোকমব্যয়ঞ্চ নরোত্তম। ॥৫৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যামকুশাসন-পর্বণি দানধর্ম্মে শপথবিধিকথনে অশীতিত্যোহধ্যায়ঃ ॥০॥ \*

# ভারতকোমূদী

ইতীতি। ধীমানগন্তাং, প্রসরো নিকোপচিত্তং ॥০।
প্রব্যবিতি। বনগোচরা বনবাসিনং। অপ্পাবয়স্তঃ অমজ্জয়ন্ ॥০১॥
আখ্যানমিতি। যুক্ত একাগ্রচিত্তং। নিবাক্ষতিং কাম্যলাভাদ্বিচ্যুতিং ॥০২॥
নেতি। কাচিদাপৎ তং ন স্প্শেৎ, বিজবং সন্তাপশ্লো ভবেৎ, জরাবহো জরাগ্রন্থো ন
ভবেৎ, বিরজা রজোগুণজনিতত্বশশ্রুং, প্রেয়সা মঙ্গলেন যুক্তশ্চ ভবেৎ, প্রেত্য পরলোকে
স্বর্গমবাপ্নয়াচ্চ ॥০০॥

ইন্দ্র এই কথা বলিলে তপস্বী ও জ্ঞানী অগস্ত্যমূনি সেই পদ্ম গ্রহণ কবিলেন এবং অত্যস্ত ক্রেম্ব হইয়াও তখন প্রসন্ন হইলেন ॥৫০॥

ভাহার পর সেই বনবাসীবা পুনরায় ভীর্থে গমন করিলেন এবং পুণ্যতীর্থে দেহ নিময় করিতে থাকিলেন ॥৫১॥

যে লোক একাগ্রচিত্ত হইয়া প্রত্যেক পর্বের এই উপাখ্যান পাঠ করে, সে
মূর্য পুত্র উৎপাদন করে না এবং কখনও তাহার অভীষ্ট লাভেব ব্যাঘাত হয়
না ॥৫২॥

আর কোন বিপদ ভাহাকে স্পর্শ কবে না, কোন সস্তাপ হয় না কিংবা জরা ভাহাকে আক্রমণ কবে না এবং ছংখশৃত্য ও মঙ্গলযুক্ত থাকিয়া পবলোকে স্বর্গ লাভ করে ॥৫৩॥

 <sup>&#</sup>x27;... हर्ज्नविज्ञित्राश्यायः'—वक वर्षः, ' अक्रक्षाविश्यमिक्याज्ञार्यः '—नि ।

# একাশীতিতমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

যদিদং শ্রাদ্ধকৃত্যের দীয়তে ভরতর্বত!।
ছব্রং চোপানগে চৈব কেনৈতৎ সম্প্রবর্ত্তিতম্ ॥১॥
কথং চৈতৎ সমূৎপন্ধং কিমর্থ ঞ্চেব দীয়তে।
ন কেবলং শ্রাদ্ধকৃত্যে পুণ্যকেম্বপি দীয়তে॥২॥
বছম্বপি নিমিত্তের পুণ্যমাশ্রেত্য দীয়তে।
এতবিস্তরতো রাজন্। শ্রোত্মিচ্ছামি তত্ত্তঃ॥৩॥

ভীগ্ম উবাচ।

শৃণু রাজন্বহিতশ্ছত্তোপানহবিস্তর্য । যথৈতৎ প্রথিতং লোকে যথা চৈতৎ প্রবর্ত্তিতম্ ॥৪॥

### ভাৰতকৌমুদী

ष ইতি। শাল্লং ধর্মবিষষকস্। অব্যয়সক্ষম্ ॥৫৪॥

ইজি মহামহোপাধ্যায়-ভারভাচার্ব্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্যবিরচিভায়াং মহা-ভারভটিকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়ামস্থাসনপর্বাণি দানধর্ণে অশীভিভমোহধ্যায়: ॥•॥

ৰদিতি। উপানহো চৰ্মপাছকাষ্ণলম্, এতদানম্ ॥>॥
কথমিতি। সম্ৎপন্নং প্ৰবৃত্তম্। পুণ্যকেষ্ ব্ৰতাদিকাৰ্ব্যেষণি ॥২॥
বহুষিতি। নিমিতেষ্ পৰ্মাদিষ্, আশ্ৰিত্য উদ্বিশ্ব ॥৩॥

নরশ্রেষ্ঠ ! যে লোক ঋষিগণের অফুস্ত ধর্মনাম্র অধ্যয়ন করে, সে লোক অক্ষয় ব্রহ্মলোক লাভ করিয়া থাকে' ॥৫৪॥

---:#:---

যুধিষ্ঠির বলিলেন—'ভরতাশ্রষ্ঠ। শ্রাদ্ধকার্য্যে এই যে ছত্র ও চর্মপাছ্কা দান করে; কোন্ ব্যক্তি ইহা প্রবর্ত্তিত কবিয়াছিলেন ?।॥১॥

কি জন্ম ইহা উৎপন্ন হইয়াছিল ? কি জন্মই বা দান কৰে ? কেবল আছি-কাৰ্য্যে নহে, পুণ্যকাৰ্য্য মাত্ৰেই ইহা দিয়া থাকে ॥২॥

অক্সান্স বস্তুতর নিমিত্তে ও পুণ্য উদ্দেশ্য কবিষা দিয়া থাকে। ক্ষত্তিয়শ্রেষ্ঠ। ইহা সামি বিস্তুবক্রমে ও যথায়থভাবে শুনিতে ইচ্ছা করি'॥থা যথা চাক্ষয্তাং প্রাপ্তং পুণ্যতাঞ্চ যথা গতম্।
সর্বমেতদশেষেণ প্রবক্ষ্যামি নরাধিপ ! ॥৫॥ (যুগ্মকম্)
ইতিহাসং পুরাবৃত্তমিমং শৃণু জনাধিপ ! ।
জমদগ্রেশ্চ সংবাদং সূর্যান্ত চ মহাত্মনঃ ॥৬॥
পুরা স ভগবান্ সাক্ষাদ্ধসুষাক্রীড়ত প্রভো ! ।
সন্ধায় সন্ধায় শরাংশিচক্ষেপ কিল ভার্গবঃ ॥৭॥
তান্ কিপ্তান্ রেণুকা সর্বাংস্তস্তেম্ন্ দীপ্ততেজসঃ ।
আনীয় সা তদা তাম্ম প্রাদাদসক্ষ্চ্যত ! ॥৮॥
অথ তেন স শব্দেন জ্যায়াশ্চিব শরস্ত চ ।
প্রহান্টঃ সম্প্রচিক্ষেপ সা চ প্রত্যাজহার তান্ ॥৯॥
ততো মধ্যাহ্নমারেটে জ্যেষ্ঠামূলে দিবাকরে ।
স সায়কান্ দ্বিজ্ঞা মুজ্বা রেণুকামিদমত্রবীৎ ॥১০॥

# ভারতকৌমূদী

मृथिजि। यथा (यत्नारम्यम् । अक्तराजामकत्रमनस्यम् ॥৪—८॥

ইভীতি। অত্তেতিহাসপদং বৃত্তাস্থমাত্রপরমিতি প্রাগপ্যসত্তক্ষ্ ।ঙা

পুরেতি। অক্রীডত খেলামকরোৎ। ভার্গবো জমদয়িঃ ॥१॥

তানিতি। রেণুকা ভদাখ্যা জ্মদণ্ণে: পত্নী, ইষ্ন্ বাণান্ ॥৮॥

অথেতি। জ্যামা ধহগু পস্তা, সা রেণুকা ।।।।

ভীম্ম বলিলেন—'নবনাথ বাজা! তুমি অবহিত হইয়া এই ছত্ত ও চর্মপাত্কা দানের বিষয় বিস্তরক্রমে শুবণ কর; জগতে ইহা যে কারণে প্রথিত
হইয়াছিল, যে জন্ম ইহা প্রবর্তিত হয়, যে ভাবে ইহা অক্ষয়ত্ব লাভ করে, যে
কাবণে ইহা পুণ্যজনকতা প্রাপ্ত হইয়াছিল; এই সমস্ত আমি অশেষ ভাবেই
বলিতেছি ॥৪—৫॥

নবনাথ! মহর্ষি জমদগ্নি মহাত্মা ও স্থেয়ের সংবাদরূপ এই প্রাচীন বৃত্তান্ত তুমি প্রবণ কর ॥৬॥

রাজা। পূর্বেকালে একদা ভৃগুবংশসম্ভূত ভগবান্ জনদগ্নি ধনুদারা খেলা করিতেছিলেন, সন্ধান করিয়া কবিয়া বাণ নিকেপ করিতেছিলেন ॥৭॥

धर्मवाङ । তৎকালে দীপ্ততেজা জমদগ্নিব পত্নী বেণুকাদেবী, তাঁহার নিক্ষিপ্ত সেই সকল বাণ বার বার আনয়ন কবিয়া জমদগ্নিকে দিতেছিলেন ॥৮॥

তাহার পর জমদগ্নি, ধরুব গুণ ও বাণের সেই শব্দে আনন্দিত হইয়া বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, বেণুকাও তাহা আনয়ন করিতে থাকিলেন ॥৯! গচ্ছানয় বিশালাকি! শরানেতান্ ধনুশ্চ্যুতান্।
যাবদেতান্ পুনঃ হুক্র! ক্ষিপামীতি জনাধিপ!॥১১॥
সা গচ্ছস্তান্তরা ছাযাং বৃক্ষমাশ্রিত্য ভামিনী।
তক্ষো তত্তা হি সন্তপ্তং শিরঃ পাদো তথৈব চ॥১২॥
ছিতা সা তু মুহুর্ত্তং বৈ ভর্ত্তঃ শাপভয়াচ্ছভা।
যযাবানয়িত্বং ভূয়ঃ সায়কানসিতেক্ষণা।
প্রত্যাজগাম চ শরাংস্তানাদায গুমশন্বিনী॥১৩॥
সা বৈ থিয়া স্কচার্বক্সী পদ্যাং ত্রংখং নিযচ্ছতী।
উপাজগাম ভর্তারং ভয়াত্তর্তুঃ প্রবেপতী॥১৪॥

### ভারতকৌমুদী

ভত ইতি। জ্যেষ্ঠা চ মূলংকতি জ্যেষ্ঠামূলং তশ্মিন্ স্থিতে সতি। সমাহারছদৈশ্বৰদ্ধাবঃ। এতেন সৌরাখিনপ্রথমভাগে ব্যাশ্যারোহ্যমাসীদিভি স্টিতম্। তথা চ তদানীং কাছাবান্মূদ্রাৎ মধ্যাক্ষকাল এব বৃশ্চিকরাশিঘটকং জ্যেষ্ঠানক্ষত্রং ধছ্বাশিঘটকং মূলানক্ষত্রক সভবভি। তৎকাল এব চ দার্ক্ষণ এবাভগভাগঃ ॥১০॥

গচ্ছেতি। বিশালে অক্ষিণী চকুষী ষস্তান্তৎসংখাধনম্ ॥১১॥
সেতি। অন্তরা পথিমধ্যে ছায়াং কুর্বস্থিমিতি শেষঃ ॥১২॥
ক্বিতেতি। অসিতেক্ষণা ক্বফনয়না। ষট্পাদোহষং শ্লোকঃ ॥১৬॥
সেতি। নিয়ন্ত্তী উষণ্ণবিকাতাশাং প্রাপ্নুবতী, প্রবেশতী কম্পমানা ॥১৪॥

তাহার পর স্থ্য, মধ্যাহ্নকালে যাইয়া চক্রভোগ্য জ্যেষ্ঠা বা মূলা নক্ষত্রে অবস্থান করিতে লাগিলে, জমদগ্নি কয়েকটা বাণ ক্ষেপ কবিয়া রেণুকাকে এই কথা বলিলেন—॥১০॥

'বিশালনয়নে। যাও, আমার ধরু হইতে নির্গত এই বাণগুলিকে আনয়ন কর। স্থা আমি পুনরায় এই বাণগুলি নিক্ষেপ কবিব।' নবনাথ। জমদ্মি এইরূপ বলিয়াছিলেন ॥১১॥

রেণুকা গমন করিতে থাকিয়া পথিমধ্যে ছায়াকাবী কোন বৃক্ষ অবলম্বন করিয়া কিছুকাল অবস্থান করিলেন। কাবণ, সুর্য্যেব কিবণে তাঁহার মন্তক ও চরণবুগল সম্ভগু হইয়াছিল ॥১২॥

গুভাননা রেণুক। মৃহুর্ত্ত কাল সেখানে থাকিয়া ভর্তার শাপেব ভয়ে পুনরায বাণ আনয়ন করিবার জন্ম গমন কবিলেন এবং কৃষ্ণবর্ণনয়না ও যশস্বিনী রেণুকা সেই বাণগুলি লইয়া ফিরিযা আসিলেন ॥১৩॥

স্বচারুদেহা রেণুকা ক্লাস্তা হইয়াও এবং পদদ্বযে ত্রংখ অমুভব করিতে থাকিয়াও ভর্তার ভয়ে কাঁপিতে কাঁপিতে ভর্তার নিকট উপস্থিত হইলেন ॥১৪॥ স তাম্বিস্তদা ক্রুদো বাক্যমাহ শুভাননাম। রেণুকে! কিং চিরেণ স্থমাগতেতি পুনঃ পুনঃ ॥১৫॥ রেণুকোবাচ।

শিরস্তাবৎ প্রদীপ্তং মে পাদৌ চৈব তপোধন!।
সূর্য্যতেজোনিরুদ্ধাহং রুক্ষচহায়াং সমাপ্রিতা ॥১৬॥
এতস্মাৎ কারণাদ্রেক্ষং শ্চিরাহৈতৎ কৃতং ময়া।
এতচ্প্রুদ্ধা মম বিভো! মা কুধস্বং তপোধন!॥১৭॥

क्रमिक्वीह ।

অত্যৈনং দীপ্তকিরণং রেণুকে । তব ছংখদম্। শরৈনিপাতয়িয়ামি সূর্য্যমন্ত্রাগ্নিতেজসা॥১৮॥ ভীষ্ম উবাচ।

স বিক্ষার্য্য ধনুর্দিব্যং গৃহীত্বা চ শরান্ বহুন্। অতিষ্ঠৎ সূর্য্যমভিতো যতো ঘাতি ততোমুখঃ ॥১৯॥

# ভারতকোমুদী

স ইতি। শুভং শুভলকণযুক্তমাননং বস্তান্তাম্ ॥১৫॥
শির ইতি। প্রদীপ্তং সম্বপ্তং পাদৌ চ প্রদীপ্তো স্ব্যক্তিরণতপ্তমৃত্তিকাতাপাৎ ॥১৬॥
এতসাদিতি। চিরায় বিলম্ব ইত্যর্ব:। মা কুম কোমং মা কুম ॥১৭॥
অতেতি। দীপ্তকিরণমুক্ত্বলর্গিম্ ॥১৮॥
স ইতি। দিব্যমুক্তমন্। অভিতঃ সমুখে স্থাপয়িদ্বা ॥১৯॥

তখন জমদগ্নি জুদ্ধ হইয়া শুভাননা রেণুকাকে বার বার এই কথা বলিলেন—'রেণুকে। তুমি বিলম্ব করিয়া আগমন করিলে কেন ?'॥১৫॥

রেণুকা বলিলেন—'তপোধন! আমার মস্তক ও চরণযুগল সম্ভপ্ত হইয়া-ছিল; স্তরাং আমি সুর্য্যের তেজে নিকন্ধ হইখা বৃক্ষের ছায়া আশ্রয় করিয়া-ছিলাম ॥১৬॥

ব্রাহ্মণ ৷ এই কারণে আমি এই বিলম্ব করিয়াছি ; অতএব প্রভু তপোধন ৷ আপনি ইহা শুনিয়া আমার উপরে ক্রোধ করিবেন না' ॥১৭॥

জমদগ্নি বলিলেন—'রেণুকা। আজ আমি বাণদাবা অর্থাৎ এই বাণের তেন্ধে তোমার হংখদাতা এই উজ্জলরশ্বি সূর্য্যকে আকাশ হইতে নিপাতিত ক্ষারব' ॥১৮॥ অথ তং প্রেক্ষ্য সমন্ধং সূর্য্যোহভোত্য তথাত্রবীৎ।
দিজরূপেণ কোন্ডেয় ! কিং তে সূর্য্যোহপরাধ্যতে ॥২০॥
আদত্তে রশ্মিভিঃ সূর্য্যো দিবি তিষ্ঠংস্ততন্ততঃ।
রসং হুতে বৈ বর্ষাস্থ প্রবর্ষতি দিবাকরঃ ॥২১॥
ততোহমং জায়তে বিপ্র ! মকুষ্যাণাং স্থাবহম্।
অমং প্রাণা ইতি যথা বেদেরু পরিপঠ্যতে ॥২২॥
অথাত্রেরু নিগুঢ়ক্ট রশ্মিভিঃ পরিবারিতঃ।
সপ্তদীপানিমান্ ব্রহ্মন্ ! বর্ষেণাভিপ্রবর্ষতি ॥২০॥
ততন্তদোষধীনাঞ্চ বীক্রধাং পুষ্পপত্রজম্।
সর্বাং বর্ষাভিনির্বভ্রমাং সম্ভবতি প্রভো!॥২৪॥

#### ভারতকোমুদী

অথেতি। সমন্ধং বন্ধকোপম্। বিজ্ঞ্জপোণাভ্যেতেতি সমন্ধঃ ॥২০॥
আদম্ভ ইতি। ব্যাগং জ্ঞানিকম্ আদন্ত ইতি সমন্ধঃ ॥২১॥
ভঙ ইতি। প্রাণাং প্রাণবক্ষকম্ ॥২২॥
অথেতি। অন্তেমু মেনেমু, নিগৃত আবৃতঃ ॥২৩॥

ভত ইভি। ধ্বধীনাং কলাদিজনিকানাম্, বীরুধাং লতানাম্। বর্ষেণ বৃষ্ট্যা অভিনির্বস্থং কর্মডোভাবেন নিশারম্, অরং থান্তম্ ॥২৪॥

ভীম বলিলেন—'তখন জমদগ্নি উৎকৃষ্ট ধন্ধ বিক্ষাবণপূর্বক বহুতর বাণ প্রহণ করিয়া সুর্ব্যের অভিমুখে অবস্থান করিলেন অর্থাৎ সূর্য্য যে দিকে যাইতে-ছিলেন, সেই দিকে যাইয়া তাঁহাব অভিমুখে দাঁড়াইলেন ॥১৯॥

কুন্তিনন্দন! তাহার পব জমদগ্নিকে জুদ্ধ দেখিয়া সূর্য্য বাক্ষণকপে আসিয়া বলিলেন—'সূর্য্য আপনার নিকট কি অপবাধ কবিয়াছেন ॥২০॥

পূর্য্য আকাশে থাকিয়া কিবণদাবা সেই সেই জব্য হইতে বস গ্রহণ করেন; সেই রস গ্রহণ হইলে, তিনি আবাব বর্ষাকালে তাহাই বর্ষণ করিয়া থাকেন ॥২১॥

ব্রাহ্মণ। সেই বর্ষণ হইতে সামুষেব সুখজনক অন উৎপন্ন হয়; সেই অন্ন যে বেদে প্রাণরক্ষক বলিয়া কথিত হইতেছে ॥২২॥

ব্রাহ্মণ ৷ তাহার পব বশ্মিপবিবেষ্টিভ সূর্য্য মেঘেব ভিতরে গুপ্ত থাকিয়া বৃষ্টিদ্বারা এই সপ্তদ্বীপকে প্লাবিভ কবিয়া থাকেন ॥২৩॥

প্রভাবশালী ব্রাহ্মণ। সেই বর্ষণ হইভেই ওষধি-লতার পুষ্প ও পত্রসঞ্চাত সর্ব্বপ্রকার খাদ্য নিষ্পন্ন হইয়া থাকে ॥২৪॥ জাতকর্মাণি সর্বাণি ব্রতোপনয়নানি চ।
গোদানানি বিবাহাশ্চ তথা যজ্ঞসমূদ্ধয়ঃ॥২৫॥
শাস্ত্রাণি দানানি তথা সংযোগা বিত্তসঞ্চয়ঃ।
অমতঃ সম্প্রবর্তন্তে যথা ছং বেখ ভার্গব!॥২৬॥ (য়ৄয়য়য়য়)
রমণীয়ানি যাবন্তি যাবদারস্তকানি চ।
সর্ব্রময়াৎ প্রভবতি বিদিতং কীর্ত্রয়াসি তে॥২৭॥
সর্ব্রং হি বেখ বিপ্র! ছং যদেতৎ কীর্ত্তিতং ময়া।
প্রসাদয়ে ছাং বিপ্রর্মে! কিং তে সূর্য্যং নিপাত্য বৈ॥২৮॥
মুধিষ্ঠির উবাচ।

এবং প্রযাচতি তদা ভাস্করে মুনিসত্তমঃ। জমদগ্রিম হাতেজাঃ কিং কার্য্যং প্রত্যপদ্মত ॥২৯॥ ভীম্ম উবাচ।

স তথা যাচমানস্থ মুনিরগ্নিসমপ্রভঃ। জমদগ্নিঃ শমং নৈব জগাম কুরুনন্দন।॥৩০॥

# ভারতকৌমুদী

জাতেতি। জাতকর্মাণ জাতকর্মাদয়ং সংস্থারাঃ। শান্তাণি শান্তাধ্যথনাদীনি, সংযোগাঃ দ্বীপুরুষসম্পর্কাঃ ॥২৫—২৬॥

त्रस्यि । वार्यस्थ वस्त्र्नि, व्यात्रस्थकानि शास्त्रामिनाम् ९ भाषकानि वीक्षत्राभगानीनि ॥ १ शास्त्रीमिक । दिश्य कानामि । किः कनः क्ष्यर ॥ १ ।।

এবমিতি। প্রযাচতি প্রসাদং প্রার্থয়মানে। প্রত্যপন্তত অক্রোৎ।।২৯॥

ভৃগুন্দন। জাতকর্মাদি সংস্কার, সমস্ত ত্রত, উপনয়ন, গোদান, বিবাহ, যজ্ঞ, শাস্ত্রালোচনা, অস্থান্য দান, স্ত্রী-পুক্ষ সংযোগ ও ধন সঞ্চয় অন্ন হইতেই যে সম্ভবপর হয়, তাহা আপনি জানেন ॥২৫—২৬॥

জগতে যে কিছু সুন্দব বস্তু আছে কিংবা যে কিছু উৎপাদক পদার্থ রহিয়াছে, সে সমস্তই অন্ন হইতে সম্ভবপব হয়। এই আপনার বিদিত বিষয়ই বলিলাম ॥২৭॥

ব্রাহ্মণ। আমি এই যাহা বলিলাম, সে সমস্তই আপনি জানেন। সে যাহা হউক, ব্রহ্মর্যি। আমি আপনাকে প্রসন্ন করিভেছি; সূর্য্যকে নিপাভিড করিয়া আপনার কি ফল হইবে ?'॥২৮॥

যুধিষ্ঠির বলিলেন—'তখন সূর্য্য একপ অনুগ্রহ প্রার্থনা করিলে, মহাতেজা মুনিশ্রেষ্ঠ জমদগ্নি কি কার্য্য করিলেন ?' ॥২৯॥

<sup>(</sup>২৮) ইতঃ পরং'---পঞ্চনবতিতমোহধ্যায়ঃ'বঙ্গ বর্দ্ধ, 'দিচত্বারিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ' নি।

ততঃ সূর্য্যো মধুরয়া বাচা তমিদমত্রবীৎ।
কৃতাঞ্চলির্বিপ্ররূপী প্রণমৈানং বিশাংপতে। ॥০১॥
চলং নিমিত্তং বিপ্ররে। সদা সূর্যান্ত গচ্ছতঃ।
কথং চলং ভেৎস্থাসি স্থং সদা যান্তং দিবাকরম ॥০২॥

জমদগ্রিরুবাচ।

স্থিরং চাপি চলং চাপি জানে ছাং জ্ঞানচক্ষুষা।
অবশ্যং বিনয়াধানং কার্য্যমন্ত ময়া তব ॥৩৩॥
মধ্যাক্ষে বৈ নিমেষার্দ্ধং তিষ্ঠিসি স্থং দিবাকর।।
তত্র ভেৎস্থামি সূর্য্য। স্থাং ন মেহত্রাস্তি বিচারণা ॥৩৪॥
সূর্য্য উবাচ।

অসংশয়ং মাং বিপ্রর্ষে! ভেৎস্তদে ধন্বিনাং বর !। অপকারিণং মাং বিদ্ধি ভগবন্! শরণাগতম্ ॥৩৫॥

### ভারতকৌমুদী

ন ইতি। বাচমানত ত্র্যত সহকে, শমং কোধনিবৃত্তিন্।।৩০॥ তত ইতি। তমেনং অসদমিদ্ ॥৩১॥

চলমিতি। সদা গচ্ছতঃ অুর্যান্ত নিমিত্তং লক্ষ্যং শরীবৃষ, চলং গমনশীলম্। অভএব নদা
বাত্তং চলং দিবাকরং কৃথং ছং ভেংক্তমি বাণৈবিদারয়িছানি ॥৩২॥

স্থিরমিতি। বিনয়াধানং শিক্ষাধানম্ ।৩৩। মধাক্ ইতি। বিচারণা নান্তি বিনযাধানভাবভকত্বাৎ ।৩৪।

ভীম বলিলেন—'সূর্য্য সেইবাগ অনুগ্রহ প্রার্থনা কবিলেও অগ্নির তুল্য তেমবী সেই জমদগ্নি মূনি শাস্ত হইলেন না ॥৩০॥

নরনাথ। তাহার পব আহ্মণকণী স্থ্য কৃতাঞ্চলি হইয়া প্রণাম করিয়া
মধুর বাক্যে সেই জমদগ্নি মুনিকে এই কথা বলিলেন—॥৩১॥

'ব্রন্ধার্য। সূর্য্য সর্ববদা গমন কবেন; স্মৃতবাং আপনাব লক্ষ্য সূর্য্যের শরীর অত্যন্ত গমনশীল; অতএব আপনি সর্ববদা গমনশীল সূর্য্যকে কি প্রকারে বিদারণ করিবেন ?' ॥৩২॥

জমদগ্নি বলিলেন—'নিবাকর। আমি জ্ঞানন্যন্দারা ভোমাকে স্থিবও জানি, আবার গমনশীলও জানি। সে যাহা হউক, আজ আমি ভোমাকে অবশ্রই শিক্ষা দান করিব॥৩৩॥

দিবাকর পূর্যা। তুমি মধ্যাক্ষকালে নিমেবার্দ্ধ সময় স্থির থাক; স্থতরাং আমি সেই সময়ে ভোমাকে বিদীর্ণ কবিব; এবিষয়ে আমার কোন বিচার নাই' ॥৩৪॥

# ভীশ্ম উবাচ।

ততঃ প্রহস্ত ভগবান্ জমদগ্রিরুবাচ তম্।
ন ভীঃ সূর্যা। ছয়া কার্যা প্রণিপাতগতো হুসি ॥৩৬॥
ব্রাক্ষণেষার্জবং যক্ত স্থৈয়ঞ্চ ধরণীতলে।
সৌম্যতাং চৈব সোমস্ত গান্তীর্য্যং বরুণস্ত চ ॥৩৭॥
দীপ্তিমগ্নেঃ প্রভাং মেরোঃ প্রভাপং তপনস্ত চ।
এতান্তত্তিক্রমেদ্যো বৈ স হল্যাচ্ছরণাগতম্ ॥৩৮॥ (য়ুয়য়ম্ম্)
ভবেৎ স গুরুতল্পী চ ব্রক্ষহা চ স বৈ ভবেৎ।
মুরাপানং স কুর্যাচ্চ যো হল্যাচ্ছরণাগতম্ ॥৩৯॥
এতস্ত ছপনীতস্ত সমাধিং তাত। চিন্তায়।
যথা মুখগমঃ পদ্বা ভবেত্বদ্রশিভাবিতঃ ॥৪০॥

#### ভাবতকৌমূদী

জনংশরমিতি। জগকারিণমণি মাং শরণাগতং বিদ্ধি ॥৩৫॥ ভড ইতি। প্রণিপাতমন্ত্রম্ম, গতঃ প্রাপ্তঃ ॥৩৬॥

বান্ধণতেতি। ভার্জবং সর্লতাম্। সৌস্যতাং শীতলক্ষ্, বৰুণত বৰুণালয়ত সমূকত।
ভগনত স্থাত । ভতঃ শর্ণাগতং কাং ন হয়ীতি ভাবঃ ॥৩৭—৩৮॥

ভবেদিভি। গুরুভন্নী গুরুভার্যাগামী। শরণাগতহত্যা মহাপাডকভূল্যেভি ভাবঃ শুঞা এতস্তেতি। অপনীতক্ত তুর্ব্যবহারক্ত, সমাধিং পরিহারম্, তব বশ্বিভিঃ কির্থেঃ ভাবিতঃ সংস্পৃষ্টঃ পদ্মঃ হুথেন গম্যত ইভি কুধগমো ভবেৎ ॥৪০॥

পূর্য্য বলিলেন—'ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ব্রহ্মবি। আপনি আমাকে বিদীর্ণ করিবেন, এ বিষয়ে সন্দেহ নাই; তবে ভগবন্। আপনি ইহা অবগত হউন যে, আমি আপনার অপকারী হইলেও এখন শরণাগত হইয়াছি'॥৩৫॥

ভীম বলিলেন—'ভাহার পর ভগবান্ জমদ্গ্নি হান্ত করিয়া প্র্যুকে বলিলেন—'প্র্যু। তুমি ভয় করিও না। কারণ, তুমি শরণাগভ হইয়াছ ॥৩৬॥

স্ত্রাহ্মণের যে সরলতা, পৃথিবীর যে স্থিবতা, চন্দ্রের যে শীতলতা, সমুদ্রের যে গভীরতা; অগ্নিব যে দীপ্তি, সুমেরুর যে প্রভা এবং স্থের যে প্রভাপ এই-শুলিকে যে অভিক্রম কবিতে পাবে, সেই লোকই শরণাগভকে হত্যা করিতে পারে ॥৩৭—৩৮॥

যে ব্যক্তি শবণাগতকে হত্যা কবে, সেই ব্যক্তি গুকভার্য্যাগামী, ব্রহ্মহত্যা, কারী ও সুরাপায়ী হয় ॥৩৯॥

সে যাহা হউক, বংস। তোমার এই ছ্র্ব্যবহারের সমাধানের চিস্তা কর; যাহাতে তোমার কিরণসংস্পৃষ্ট পথে সুখে গমন করা যায়'॥৪০॥

### ভীম্ম উবাচ।

এতাবছজ্বা স তদা ভৃষ্ণীমাসীদৃভৃগুত্তমঃ। অথ সূর্ব্যোহদদত্তকৈ ছত্তোপানহমাশু বৈ ॥৪১॥

সূৰ্য্য উবাচ।

মহর্ষে ! শিরসন্ত্রাণং ছত্রং মদ্রশ্যিবারণম্ । প্রতিগৃহ্লীম্ব পদ্যাঞ্চ ত্রাণার্থং চর্ম্মপাতুকে ॥৪২॥ অন্ত প্রভৃতি চৈবেহ লোকে সংপ্রচরিয়তি । পুণ্যকেষু চ সর্বেষু পরমক্ষয়মেব চ ॥৪৩॥

ভীম্ম উবাচ।

ছত্ত্রোপানহমেতভ ু সূর্য্যেণৈতৎ প্রকীর্ত্তিতম । পুণ্যমেতদভিখ্যাতং ত্রিষু লোকেষু ভারত ! ॥৪৪॥ তন্মাৎ প্রযাহ্য বিপ্রেষু ছত্ত্রোপানহমুত্তমম্ । ধর্মান্তেষু মহান্ ভাবী ন মেহত্রান্তি বিচারণা ॥৪৫॥

#### ভারতকোমুদী

এভাবদিভি। তৃফীং নীরব:, ছত্রোপানহমিভি রাজাদিছাদং ॥৪১॥ মহর্ব ইভি। ত্রাণং রক্ষকম্। পদ্যাং পাদরো: ॥৪২॥

শক্তেতি। সংপ্রচরিয়তি ছত্ত্রপাত্কাদানম্। পুণ্যকেষ্ ব্রতাদিকর্মস্থ, অক্ষ্যমক্ষ্যক জনকং ছত্ত্রপাত্কাদানমিতি শেষঃ ॥৪৩॥

ছজেতি। ছজোপানহং তয়োদানন্, এতৎ তয়োব্যবহরণন্, প্রকীর্তিতং স্থ্যতাপবারণায়। এতৎ ছজোপানহদানম্ ॥৪৪॥

ভকাদিতি। তেব্ ছজোপানহদানেব্ ॥৪৫॥

ভীম বলিলেন—'তখন ভৃগুবংশশ্রেষ্ঠ জমদগ্নি এই পর্যান্ত বলিযা নীরব হইলেন। তাহার পর স্থ্য তৎক্ষণাৎ জমদগ্নিকে একটা ছত্র এবং ছইখানি চর্ম-পাছকা দান করিলেন' ॥৪১॥

প্র্য্য বলিলেন—'মহর্ষি। আমার বশ্মিনিবাবক ও মস্তকরক্ষক এই ছত্তটী এবং চরণ রক্ষার জক্ত এই চর্মপাত্কা তুইখানি গ্রহণ করুন'॥৪২॥

আজ হইতে এই জগতে এই ছত্র ও চর্ম্মপাত্কা ব্যবহার প্রচলিত হইবে এবং সমস্ত ধর্মকার্য্যে এই ছত্র-পাত্কা দান অত্যস্ত অক্ষয় ফলজনক হইবে' ॥৪৩॥

ভীশ্ম বলিলেন—ভিরতনন্দন। স্বয়ং স্ব্যদেবই এই ছত্র ও চর্ম্মপাছ্ক। ব্যবহাবের কথা বলিয়াছেন; স্বতরাং ত্রিভ্বনেই এই ছত্র ও পাছ্কা দান পুণ্যজনক বলিয়া কথিত হইযা থাকে ॥৪৪॥ ছত্রং হি ভরতপ্রেষ্ঠ ! যঃ প্রদেষ্টাদ্রিক্সান্তরে।
ত্রাং শতশলাকং বৈ স প্রেত্য স্থংমেংতে ॥৪৬॥
ন শক্রনোকে বনতি পূজ্যমানা বিজ্ঞাতিভিঃ।
অক্সরোভিশ্চ সততং দেবৈশ্চ ভরতর্বভ ! ॥৪৭॥
দ্রুমানার বিপ্রার যঃ প্রযক্ত্যুপানহোঁ।
স্নাতকার মহাবাহো ! সংশিতার হিজাতয়ে ॥৪৮॥
সোহপি লোকানবাগ্নোতি দৈবতৈরপি পূজিতান্।
গোলাকে স মুন্য মুক্তো বনতি প্রেত্য ভারত ! ॥৪৯॥ (রুম্মক্ম্)
প্রত্তে ভরতপ্রেষ্ঠ ! মরা কার্ৎস্ন্যেন কীর্ত্তিত্য্ ।
ছত্রোপানহদানস্থ ফলং ভরতস্তম । ॥৫০॥
ইতি জ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতারাং বৈরাসিক্যামনুশাসন-পর্ববি দানধর্মে ছত্রোপানহোৎপত্রে একানীতিতমোহধ্যায়ঃ ॥০॥ \*

# ভারতকোমুদী

ছত্তমিতি। শতং শনাকা বস্ত তং। প্রেত্য পরনোকে, এখতে বর্ধতে । এখা স ইতি। শত্রুলাকে ইন্দ্রলোকে । ৪৭।

বেছেতি। ছাত্ৰাগ গৃহস্থাগ, সংশিতার দৃত্রতাগ। মুবা আনকেন ।৪৮—৪**ন** ভারতভাবদীপঃ

বিবিদিতি ॥১॥ পুণ্যকের স্থীপাং ব্রতোংসবের্॥২—১॥ জোর্চাম্নে দক্ষিণাবর্তে ব্যমাণে ভচক্রে জোর্চানাং সম্প্রে পতিতং রোহিন্দিকতং তরের জোর্চানাং মূলন্, বধাকতার্থগ্রহণং সু ন জোর্চাম্বস্থেংকে হ্যুক্ত শিবঃপাব্যাহজান্বসরাব ॥১০—৫০॥

> ইতি শ্রীনহাভারতে অনুশাদনপর্বাণি দানধর্মে নৈদকটিয়ে ভারতভাবদীশে একাশীভিতমোধ্যায়ঃ ১৮১৪

অতএব ষুধিছির। তুনি ব্রাহ্মণগণকে উত্তম ছত্ত ও পাছকা দান কর, তাহাতে গুরুতর পুণ্য হইবে; এবিবয়ে আমার তোন বিচার নাই ।৪৫॥

ভরতশ্রেষ্ঠ ৷ বে লোক বাহ্মণকে শুভরর্ণ ও শতশলাকাযুক্ত ছত্র দান করে, সে লোক পরলোকে যাইয়া স্থাধ মবস্থান করে ৪ে৬া

ভরতপ্রেষ্ঠ ! এবং দে ইন্সলোকে যাইয়া বাস করে; তৎকালে ব্রাহ্মণগণ অধ্বরগণ ও দেবগণ সর্ব্বদা তাহার সম্মান করিয়া থাকেন ৪েগা

মহাবাহ ! ভবতনন্দন ! যে লোক ক্ষ্যের তাপে দহুমান দৃঢ়বত ও গৃহস্থ বাহ্মণকে চর্ম্পাজ্বাযুগল দান কবে, সে লোকও পরলোকে যাইয়া দেবগণ-পৃঞ্জিত লোক লাভ করে এবং গোলোকে যাইয়া আনন্দিত হইয়া বাস করিতে থাকে ৪৪৮—৪৯৭

 <sup>\* &#</sup>x27;…বর্বতিভ্নোহ্ধায়:'—বঙ্গ বর্ছ, 'বিচ্ছারিংশদধিকশতভ্নোহ্ধায়:'—নি।

# ষ্যশীতিতমোহধ্যায়ঃ। #

#### ----:#:----

# যুধিষ্ঠির উবাচ।

শূদ্রাণামিহ শুশ্রাষা নিত্যমেবান্ত্বর্ণিতা। কৈঃ কারণৈঃ কতিবিধা শুশ্রুষা সমুদাহতা ॥১॥ কে চ শুশ্রময়া লোকা বিহিতা ভরতর্যভ!। শুদ্রোণাং ভরতশ্রেষ্ঠ। ক্রহি মে ধর্মলক্ষণম্ ॥২॥ ভীম্ম উবাচ। অত্রাপ্যদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।

শুদ্রোণামনুকম্পার্থং যত্নকং ব্রহ্মবাদিনা ॥৩॥

#### ভারতকৌমূদী

এডদিডি। ভরতেষু ভরতবংশীয়েষু সত্তম। প্রকৃষ্টদাধো। ॥৫०॥ ইভি মহামহোপাধ্যায়-ভারভাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিভায়াং মহা-ভারতটিকারাং ভারতকৌমুলীসমাখ্যাযামহশাসনপর্বাণ দানধর্মে একাশীভিতমোহধ্যায়: ॥०॥

শুক্রাণামিতি। শুক্রবা বিজ্ঞাতীনাং পরিচর্ব্যা। সমূদাক্তা উক্তা ॥১॥ क हेि । लाकाः चर्गाः, धर्मञ नक्तपः चक्रम् ॥२॥ অত্তেতি। ব্রহ্মবাদিনা বেদবজ্যা পরাশবেণ শ্রাণামস্কম্পার্থং দয়ার্থং ষত্তন, তাদৃশ মিভিহাসং বৃত্তান্তং বৃদ্ধা উদাহরন্তি ॥৩॥

ভরতশ্রেষ্ঠ ৷ সাধ্প্রধান ৷ এই আমি ভোমাব নিকটে ছত্র ও চর্ম্মপাত্তকা-यूशन पारनत ममञ्ज कन विनिनाम ॥६०॥

যুধিষ্ঠির বলিলেন—'পিভামহ। এই জগতে দ্বিজাতিগণেব সর্বাদা পরিচর্য্যা করাই শৃজদের ধর্ম বলিয়া কথিত হইযাছে। কোন্ কোন্ কারণে কভপ্রকার পরিচর্য্যা উক্ত আছে ?' ॥১॥

ভরতশ্রেষ্ঠ ! বিধাতা পরিচর্য্যাদাবা শুজগণের কোন্ কোন্ লোক বিধান করিয়াছেন ? ভবতবংশপ্রধান ! আপনি আমাব নিকট শুক্রগণের স্বরূপ वजून' ॥२॥

ইত্যাদিকমধ্যায়য়য়য় বদ বর্ছ পি নান্তি, দক্ষিণাত্যপুত্তক এব দৃশুতে।

র্দ্ধঃ পরাশরঃ প্রাহ্ ধর্মং শুল্রমনাময়য়ৄ।
অনুগ্রহার্থং বর্ণানাং শৌচাচারসমন্বিতম্ ॥৪॥
ধর্মোপদেশমথিলং যথাবদকুপূর্বনাঃ।
শিস্তানধ্যাপয়ামাস শাস্ত্রমর্থবদর্থবিৎ ॥৫॥
কান্তেন্ত্রিয়েরণ মানেন শুচিনাহচাপলেন বৈ।
অনুর্বলেন ধীরেণ শান্তেনোত্রবাদিনা ॥৬॥
অলুব্দেনানৃশংসেন ঋজুনা ব্রহ্মবাদিনা।
চারিত্রতৎপরেশেব সর্বপুতহিতাজ্মনা ॥৭॥
অরয়ঃ য়ড়্বিজেতব্যা নিত্যং স্বদেহমাপ্রিতাঃ।
কামক্রোধো চ লোভশ্চ মানমোহো মদস্তথা ॥৮॥ (বিশেষকম্)

# ভারতকোমূদী

वृष है छि । अबर निर्मनम्, जनामग्रर निक्शक्षवम् ।॥।

ধর্মেতি। ধন্মত উপদেশো যশ্মিন্ তৎ, অর্থবৎ প্রয়োজনযুক্তম্, অর্থবিৎ শাস্তার্থকঃ পরাশর: ॥৫॥

কান্তেতি। সানেন চিত্তসমূন্নত্যা, "মানশ্চিউসমূন্নতি"রিত্যমরঃ, কান্তাণি স্বস্থবিধনেজ্যো নির্ভানি ইন্দ্রিয়াণি মুক্ত তেন, ভচিনা পবিজেণ, অচাপলেন চাঞ্চল্যরহিতেন। শান্তেন সংঘতন্যনা, উত্তরবাদিনা উত্তমবাক্যবক্তা। ঋজুনা সরলেন, ক্রন্থবাদিনা সত্যবাদিনা, চারিজতংপরেণ সচ্চরিজতাপরায়ণেন, সর্বভৃতহিতাত্মনা চ জনেন, সং দেহমাপ্রিতাঃ, বট্ট অর্ন্নো নিতাং বিজেতবাঃ। কে তে ষড়িত্যাহ কামেতি ১৮—৮॥

ভীম বলিলেন—'বেদবাদী পবাশব শৃজগণের প্রতি দয়া প্রকাশ করিবার মাস্ত বাহা বলিয়াছেন, সেই প্রাচীন বৃত্তান্ত এই স্থানেও বৃদ্ধেবা উল্লেখ করিয়া থাকেন ॥আ

বৃদ্ধ মহর্ষি পরাশব ব্রাহ্মণাদি চারিবর্ণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিবার হুক্ত শৌচ ও আচারযুক্ত নির্মাল এবং নিরুপজ্রব ধর্ম বলিয়াছেন ॥৪॥

ভত্তক পরাশর আনুপূর্বীক ধর্মোপদেশযুক্ত ও প্রয়োজনসমন্বিত সকল শাস্ত্র যথাযথভাবে শিশ্বগণকে অধ্যয়ন করাইয়াছেন ॥৫॥

মানুষ মনের উন্নতির গণে জিতেন্দ্রিয়, পবিত্র, চাঞ্চল্যবিহীন, ছর্বলতাশৃত্য, ধৈর্মাশীল, শাস্তবভাব, মধুরভাষী, লোভশৃত্য, দয়।লু, সরল, সত্যবাদী, সচ্চরিত্র এবং সর্বভৃত্তের হিতৈষী হইয়া নিজদেহস্থিত ছয়টা শত্রুকে জয় করিবে। সেই ছয় শক্র এই—কাম, ক্রোধ, লোভ, অহন্ধার, মোহ ও মন্ততা ॥৬—৮॥

বিধিনা ধৃতিমান্থায় শুশ্রের্বনহন্ধতঃ।
বর্ণত্রয়ন্তান্ত্রমতো ষথাশক্তি যথাবলম্ ॥৯॥
কর্মণা মনসা বাচা চক্ষুষা চ চতুর্বিধম্।
আন্থায় নিয়মং ধীমান্! শান্তো দান্তো জিতেন্দ্রিয়ঃ ॥১০॥
রক্ষোযক্ষজনদ্বেষী শেষামক্তভোজনঃ।
বর্ণত্রয়ামাধ্ যথা ভ্রমরো ধর্মমাচরেৎ ॥১১॥ (বিশেষকম্)
যদি শৃত্রন্তপঃ কুর্য্যাদ্রেদদৃন্টেন কর্মণা।
ইহ চান্ত পরিক্রেশঃ প্রেত্য চান্তাশুভাগতিঃ ॥১২॥
অধর্ম্মমযশন্তক তপঃ শৃত্রে প্রতিষ্ঠিতম্।
অমার্মেণ তপন্তপ্ত্যা মেচ্ছেয়ু ফলমানুতে ॥১৩॥

# ভারতকৌমূদী

বিধিনেতি। প্রতিং ধৈর্যমৃ, শুশ্রম্প্র ক্ষনান্। বর্ণত্রস্থ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্বানামৃ, অন্নমতঃ নাপুতরা। চতুর্বিধং নিয়মমাস্থায়। কর্মনিয়মশ্চোর্যাদিনিবৃত্তিঃ, মনোনিষমঃ পরদারাদিচিন্তারাহিত্যমৃ, বাঙ্নিয়মঃ পরভং স্নবর্জনম্, চকুর্নিয়মশ্চ কামেন পরদারাদিদর্শনত্যাগঃ,
শান্তঃ সৌম্যাচিন্তঃ, দান্তঃ ক্ষমাবান্। রক্ষোধকা ইব বে জনাত্তেরু বেষী, শেবেণ আভিগ্যাদিভূক্তাবশিষ্টেন ক্রতং ভোজনং বেন সঃ, ভ্রমরো ষণা প্রশারাধু, তথা বর্ণত্রয়াং গুরুত্বযোগ্যবিজ্ঞাতিত্রয়াৎ ধর্মমাচরেৎ আহরেৎ ॥>—১১॥

ষদীতি। তপো হোমাদিসাধাং বৈধক্লেশম্। প্রেত্য পরলোকে ॥১২॥ অধর্শ্যমিতি। অমার্গেণ অশান্তনির্দিষ্টপথেন। সেচ্ছের্ স্থিতং নরকভোগাদিফলম্॥১৩॥

আব বুদ্ধিমান্ মান্ত্ৰ যথাবিধানে ধৈৰ্য্য অবলম্বন কবিষা গুৰুজনেব শুঞাষা-কারী ও অহঙ্কাবশৃত্য হইষা, বিজ্ঞাতিগণেব প্রীতিব পাত্র থাকিয়া, শক্তি ও যোগ্যতান্ত্রসাবে কর্ম, মন, বাক্য ও চক্ষ্—এই চাবিটীব চতুর্বিধ সংযম অবলম্বন কবিয়া, শাস্তম্বভাব, ক্ষমাশীল, জিভেন্সিয় ও হুর্জনবেষী হইয়া, অতিথিপ্রভৃতি ভোজন করিলে তদবশিষ্ট অন্ন ভোজন করিতে থাকিয়া, ভ্রমর যেমন পুষ্প হইতে মধু আহরণ কবে, সেইরূপ বিজ্ঞাতি গুরুজন হইতে শিক্ষাদ্ধাবা ধর্ম আহরণ কবিবে ॥৯—১১॥

শুদ্র যদি বেদবিধান অনুসারে তপস্থা কবে, ভাহা হইলে ইহলোকে ভাহাব গুরুতর কষ্টমাত্রই হয় এবং পরলোকেও অসদ্গতি হইযা থাকে ॥১২॥

শূদের তপস্থা অধর্ম ও অয়শ উৎপাদন করে এবং শৃদ্র অশাস্থবিহিত পথে তপস্থা করিয়া শ্লেচ্ছযোগ্য ফল ভোগ কবিয়া থাকে ॥১৩॥ অন্যথা বর্ত্তমানো হি ন শূদ্রে। ধর্মমর্হতি।
আমার্গেণ প্রযাতানাং প্রত্যক্ষাত্রপলভ্যতে।
চার্ত্বর্ণ্যব্যপেতানাং জাতিমূর্ত্তিপরিগ্রহঃ ॥১৪॥
তথা তে হি শকাশ্চীনা কাম্বোজাঃ পারদান্তথা।
শবরাঃ পপ্রবাশ্চেব তুষার্যবনান্তথা ॥১৫॥
দার্বাশ্চ দরদাশ্চেব উচ্জিহানান্তথেতরাঃ।
বেণাশ্চ কঙ্কণাশ্চেব সিংহলা মদ্রকান্তথা ॥১৬॥
কিন্ধিন্ধকাঃ প্রনিদ্দাশ্চ কহ্বাশ্চান্ধাঃ সনীরগাঃ।
গিন্ধকা দ্রবিড়াশ্চেব বর্বরাশ্চ চুকান্তথা ॥১৭॥
কিরাতাঃ পার্বতেয়াশ্চ কোলাশ্চোলাঃ স্থাযকাঃ।
আরকাশ্চেব দোহাশ্চ যাশ্চান্থা মেচ্ছজাতয়ঃ ॥১৮॥
বিক্বতা বিক্বতাচারা দৃশ্পন্তে ক্রুর্ব্দয়ঃ।
অমার্গোপ্রিভা ধর্মং ততো জাত্যন্তরং গতাঃ ॥১৯॥ (কুলকম্)
অমার্গোপ্রতিজ্বতীন্ততন্তপ্রো বিদিতং ফলম্।
ন নশ্যতি কৃতং কর্মা শুভং বা যদি বাশ্তভম্ ॥২০॥

#### ভাবতকোমদী

শন্তথেতি। তৎফলমেবাহ চাতুরিতি। চাতুর্বর্ণাব্যপেতানাং ক্লেছানাং ছাতিস্তি-পরিগ্রহ: শুদ্রশু প্রত্যক্ষাত্পলভ্যতে। ষট্পাদোহয়ং শ্লোক: ॥১৪॥

মেচ্ছানাই তথেতি। এই কেষাঞ্চিৎ জাতিগতানি, কেষাঞ্চিচ দেশগতানি চ নামানি।
তুষারাশ্চ ঘবনাশ্চেতি তে। ইতরো জাতয়ঃ, সনীরগাঃ সাগরতীরস্থাঃ। থাবৈঃ সহেতি
স্থাষকঃ। মেচ্ছলক্ষণমাই দেবলঃ—"গোমাংস্থাদকো ষশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। স্ব্রাচারবিহীনশ্চ মেচ্ছ ইত্যভিধীয়তে॥" বিরুতা বিরুতবেশাঃ॥১৫—১৯॥

শুর অক্স প্রকারে চলিতে থাকিয়া ধর্ম লাভ করিতে পারে না; প্রত্যুত অপথগামী চাতুর্ব্বর্ণ্যাচারবিহীন ফ্লেচ্ছগণের জাতি ও মূর্ত্তি গ্রহণ কবাই শ্রের হয়, ইহা প্রত্যক্ষতই জানা যায় ॥১৪॥

শক, চীন, কাম্বোজ, পাবদ, শবর, পপ্লব, ত্যার, যবন, দার্বর, দরদ, উজ্জিহান, বেণ, কঙ্কণ, সিংহল, মজক, কিছিদ্ধক, পুলিন্দ, কহব, অস্কু, সমূততীর-বাসিগণ, গন্ধিক, জবিড়, বর্বর, চূচুক, কিরাত, পার্বতেয়, কোল, চোল, খাব, আরুক, দোহ এবং অহ্য যে সকল মেছ জাতি আছে, তাহারা বিকৃত বেশ, বিকৃতাচার ও ক্রুর বৃদ্ধি ইহা দেখা যায়। ইহারা অশান্তনির্দিষ্ট পথে ধর্ম স্বলম্বন কবিয়াছিল বলিয়া জাত্যন্তর প্রাপ্ত হইয়াছে ॥১৫—১৯॥

অত্রাপ্যেতে বহু প্রাপ্য বিকর্ম তপসার্ভিজতম্।
পাষণ্ডানর্চয়যুস্তি ধর্মকামা রুধাশ্রমাঃ ॥২১॥
এবং চতুর্গাং বর্ণানামাশ্রমাণাঞ্চ পার্থিব!।
বিপরীতং বর্ত্তমানা ফ্লেছা জায়ন্ত্যবৃদ্ধয়ঃ ॥২২॥
অধ্যাযধনিনো বিপ্রাঃ ক্ষত্রিযাণাং বলং ধনম্।
বণিকৃক্ষফিচ বৈশ্যানাং শুদ্রাণাং পরিচারিকা ॥২০॥
ব্যুচ্ছেদান্তস্ত ধর্মস্ত নির্মাযোপপত্ততে।
ততো ফ্লেছা ভবন্ত্যেতে নির্মণা ধর্মবর্জ্জিতাঃ।
পুনশ্চ নিরয়ং তেষাং তির্মাণ্যনিশ্চ শাশ্বতী ॥২৪॥
যে তু সৎপথমাস্থায বর্ণাশ্রমকৃতং পুরা।
সর্বান্ বিমার্গানুৎস্ক্র স্বধর্মবিধিমাশ্রিতাঃ ॥২৫॥

### ভাবতকোমুদী

অমার্গেডি। অমার্গেণ অশান্তনির্দিষ্টপথেন অজিডন্ত কৃততা ॥২০॥
অত্তেতি। এতে মেচ্ছাঃ, বন্ধ ধনম্, তপসাজিতম্, বিকর্ম বিক্রম্বর্কণ্যকাং পাপঞ্চ প্রাপ্য ॥২১॥
অবনিতি। এবমনেন প্রকারেণ। জায়ন্তি জায়ন্তে ভবন্তি ॥২২॥
সম্বাদ্যক্তি। সম্বাদ্যক শালাধ্যমন্ত্রের ধন্যমেশ্রম্প্রীতি তে। প্রবিশ্বিকা বিক্রা

অধ্যাবেতি। অধ্যায়ঃ শাস্তাধ্যযনমেব ধনমেধাসন্তীতি তে। পরিচারিকা বিজাতি-পরিচর্যা ॥২৩॥

ব্ৰচ্ছেদাদিতি। তক্ত বেদোকত । নির্ধাধ নরকায় উপপ্ততে তদাচরণম্। নির্দ্ধা নির্দ্ধাং, নির্ধং নরকরপা, শাখতী অবশ্বভাবিনী। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৪॥

ইহাবা অপথে তপস্থা কবিয়াছিল, তাহাবই এই ফল ছানা গিযাছে। সং কর্ম্মই হউক বা অসং কর্মই হউক, তাহা কবিলে, তাহা ফল না জন্মাইয়া নষ্ট হয় না ॥২০॥

